অধ্যবসায়, আনন্দ, উদ্যোগ, প্রীতি, প্রকাশ, সুখ, পবিত্রতা, আরোগ্য, সন্তোষ, শ্রদ্ধা, উদারতা, অক্রোধ, ক্ষমা, ধৈর্য্য, অহিংসা, সমদর্শিতা, সত্য, অঋণতা, কোমলতা, লজ্জা, অচপলতা, শৌচ, সরলতা, সদাচার, অব্যগ্রতা, হৃদয়স্থিরতা, নিজের ইষ্ট, শত্রুর অনিষ্ট ও বিপক্ষবিচ্ছেদ—এইগুলি করিয়াও তাহাতে শ্লাঘা না করা,

রজোগুণানাং সঙ্ঘাতো রূপমৈশ্বর্য্যবিগ্রহৌ।
অত্যাগিত্বমকারুণ্যং সুখদুঃখোপসেবনম্ ॥২১॥
পরাপবাদেষু রতির্ব্বিবাদানাঞ্চ সেবনম্।
অহঙ্কারমসৎকারশ্চিন্তা বৈরোপসেবনম্ ॥২২॥
পরিতাপোঽভিহরণং হ্রীনাশোঽনার্জ্জবং তথা।
ভেদঃ পরুষতা চৈব কামঃ ক্রোধো মদস্তথা ॥২৩॥
দর্পো দ্বেষোঽতিবাদশ্চ এতে প্রোক্তা রজোগুণাঃ।
তামসানাস্তু সঙ্ঘাতং প্রবক্ষ্যাম্যপধার্য্যতাম্ ॥২৪॥ (কলাপকম্)
মোহোঽপ্রকাশং তামিস্রমন্ধতামিস্রসংজ্ঞিতম্।
মরণঞ্চান্ধতামিস্রং তামিস্রং ক্রোধ উচ্যতে ॥২৫॥
তমসো লক্ষণানীহ ভক্ষণাদ্যভিরোচনম্।
ভোজনানামপর্য্যাপ্তিস্তথা পেয়েষ্বতৃপ্ততা ॥২৬॥
গন্ধবাসো বিহারেষু শয়নেষ্বাসনেষু চ।
দিবাস্বপ্নেঽতিবাদে চ প্রমাদেষু চ বৈ রতিঃ ॥২৭॥

ভারতকৌমুদী

রজ ইতি। সঙ্ঘাতঃ কার্য্যসমূহ উচ্যত ইতি শেষঃ। ঐশ্বর্য্যং প্রভুত্বম্, বিগ্রহো যুদ্ধম্, রতি রনুরাগঃ। অভিহরণং বলেন পরদ্রব্যগ্রহণম্। অতিবাদো বহুভাষিতা। তামসানাং তমোগুণানাম্ ॥২১—২৪॥

মোহ ইতি। অপ্রকাশো বস্তুস্বরূপাজ্ঞানম্। তামিস্রাদিকং বিবৃণোতি মরণমিতি ॥২৫॥

দান করিয়াও ধৈর্য্য ধারণ করা, অস্পৃহতা, পরোপকার এবং সর্ব্বভূতে দয়া—এইগুলি সত্ত্বগুণজনিত পুরুষের গুণ ॥১৭—২০॥

রজোগুণের কার্য্য সকল বলিতেছি—রূপ, ঐশ্বর্য্য, যুদ্ধ, ত্যাগ না করা, দয়া না করা, সুখ ও দুঃখভোগ, পরের অপবাদে অনুরাগ, বিবাদ, অহঙ্কার, পরকে অনাদর করা, চিন্তা, পরের সহিত শত্রুতা করা, পরিতাপ, বলপূর্ব্বক পরদ্রব্য হরণ, নির্লজ্জতা, কুটিলতা, ভেদ, নিষ্ঠুরতা, কাম, ক্রোধ, মত্ততা, দর্প, বিদ্বেষ ও বহুভাষিতা—এইগুলি রজোগুণের কার্য্য বলিয়া বলা হইয়াছে। রাজা! এখন তমোগুণের কার্য্য বলিতেছি, আপনি শ্রবণ করুন ॥২১—২৪॥

মোহ, বস্তুস্বরূপ না জানা, তামিস্র ও অন্ধতামিস্র। মুনিরা বলেন—ক্রোধের নাম তামিস্র এবং মৃত্যুর নাম অন্ধতামিস্র ॥২৫॥

নৃত্যবাদিত্রগীতানামজ্ঞানাং শ্রদ্দধানতা।
দ্বেষো ধর্ম্মবিশেষাণামেতে বৈ তামসা গুণাঃ ॥২৮॥ (বিশেষকম্)
এতে প্রধানস্য গুণাস্ত্রয়ঃ পুরুষসত্তম।।
কৃৎস্নস্য চৈব জগতস্তিষ্ঠন্ত্যনপগাঃ সদা ॥২৯॥
অব্যক্তরূপো ভগবান্ শতধা চ সহস্রধা।
শতধা সহস্রধা চৈব তথা শতসহস্রধা।
কোটিশশ্চ করোত্যেষ প্রত্যগাত্মানমাত্মনা ॥৩০॥
সাত্ত্বিকস্যোত্তমং স্থানং রাজসস্যেহ মধ্যমম্।
তামসস্যাধমং স্থানং প্রাহুরধ্যাত্মচিন্তকাঃ ॥৩১॥

ভারতকৌমুদী

তমস ইতি। অপর্য্যাপ্তিঃ অপরিতৃপ্তিঃ। বাসো বস্ত্রম্, অতিবাদেষু পরাক্রমণবাক্যেষু, প্রমাদেষু অনবধানতাসু। শ্রদ্দধানতা আসক্তিঃ ॥২৬—২৮॥

এত ইতি। এতে সত্ত্বরজস্তমোরূপাঃ, প্রধানস্য প্রকৃতেঃ। ন অপগচ্ছন্তি ন নশ্যন্তীত্যনপগাঃ স্থায়িনঃ ॥২৯॥

অব্যক্তেতি। ভগবান্ মাহাত্ম্যবান্, এষঃ অব্যক্তরূপঃ প্রকৃতিরূপঃ পদার্থঃ, আত্মনা স্বয়মেব প্রত্যগাত্মানং জীবব্রহ্ম, সুরনরাদিরূপেণ শতাদিপ্রকারং করোতি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

সত্ত্বং ধৈর্য্যম্। উদ্রেক ঐশ্বর্য্যম্। শেষং স্পষ্টার্থম্ ॥১৭—২৮॥ এতৈর্গুণবিকারৈস্তৎপ্রকাশকঃ পুরুষোঽনেকধা বিক্রিয়ত ইব প্রকাশ ইবাঙ্গুল্যাদ্যুপাধিভিরাকাশ ইব কাহলকলশনলিকাদ্যুপাধিভির্দীর্ঘবর্ত্তুলদণ্ডাদ্যাকারতামিব প্রতিপদ্যতে তত্তত্তদাকারাণুরূপাণি চোত্তমমধ্যমাধমানি স্থানানি

এখন তমোগুণের লক্ষণ সকল বলিতেছি—ভক্ষপ্রভৃতিতে অভিরুচি, ভোজনে অপরিতৃপ্তি, পানে অপরিতৃপ্তি, গন্ধ, বস্ত্র, বিহার, শয়ন, আসন, দিবানিদ্রা, কটুকথা এবং প্রমাদ—এই সকল বিষয়ে অনুরাগ, অজ্ঞানবশতঃ নৃত্য, গীত ও বাদ্যে আসক্তি এবং ধর্ম্মবিশেষে বিদ্বেষ—এইগুলি তমোগুণের ফল ॥২৬—২৮॥

নরশ্রেষ্ঠ! প্রকৃতির এই তিনটী গুণ, সমগ্র জগতে সকল লোকে সর্ব্বদাই বিদ্যমান থাকে ॥২৯॥

মাহাত্ম্যশালী এই প্রকৃতি নিজের প্রভাবেই জীবকে শত, সহস্র, লক্ষ ও কোটি কোটি রূপে বিভক্ত করিয়া থাকেন ॥৩০॥

(২৮) শ্লোকাৎ পরং '...ত্রয়োদশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ। যাজ্ঞবল্ক্য উবাচ'—বধ বর্দ্ধ, '...অষ্টাদশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ। যাজ্ঞবল্ক্য উবাচ'—নি।

কেবলেনেহ পুণ্যেন গতিমূর্দ্ধামবাপ্নুয়াৎ।
পুণ্যপাপেন মানুষ্যমধর্ম্মেণাপ্যধোগতিম্ ॥৩২॥
দ্বন্দ্বমেষাং ত্রয়াণান্তু সন্নিপাতঞ্চ তত্ত্বতঃ।
সত্ত্বস্য রজসশ্চৈব তমসশ্চ শৃণুষ্ব মে ॥৩৩॥
সত্ত্বস্য তু রজো দৃষ্টং রজসশ্চ তমস্তথা।
তমসশ্চ তথা সত্ত্বং সত্ত্বস্যাব্যক্তমেব চ ॥৩৪॥
অব্যক্তঃ সত্ত্বসংযুক্তো দেবলোকমবাপ্নুয়াৎ।
রজঃসত্ত্বসমাযুক্তো মানুষেষু প্রপদ্যতে ॥৩৫॥
রজস্তমোভ্যাং সংযুক্তস্তির্য্যগ্‌যোনিষু জায়তে।
রাজসৈস্তামসৈঃ সত্ত্বৈর্যুক্তো মানুষ্যমাপ্নুয়াৎ ॥৩৬॥

ভারতকৌমুদী

সাত্ত্বিকস্যেতি। সাত্ত্বিকস্য আধিক্যেন সত্ত্বগুণযুক্তস্য। এবমন্যত্রাপি ॥৩১॥
কেবলেনেতি। ঊর্দ্ধাং গতিং দেবত্বম্। অধোগতিং তির্য্যক্ত্বম্ ॥৩২॥
দ্বন্দ্বমিতি। দ্বন্দ্বং যুগ্মম্, এষাং সত্ত্বাদীনাং সন্নিপাতং মেলনম্ ॥৩৩॥
সত্ত্বস্যেতি। দৃষ্টং মিলিতমিতি শেষঃ। অব্যক্তং জীবব্রহ্ম ॥৩৪॥
অব্যক্ত ইতি। অব্যক্তো জীবাত্মা। প্রপদ্যতে জন্ম লভতে ॥৩৫॥
রজ ইতি। রাজসৈস্তামসৈরিতি প্রজ্ঞাদিত্বাৎ স্বার্থে অণ ॥৩৬॥

অধ্যাত্মচিন্তাকারী লোকেরা বলেন—সাত্ত্বিক লোকের উত্তমস্থান, রাজসিক লোকের মধ্যম স্থান এবং তামসিক লোকের অধম স্থান হইয়া থাকে ॥৩১॥

মানুষ কেবল পুণ্যের ফলে ঊর্দ্ধ্বগতি, পুণ্য ও পাপ উভয়ের ফলে পুনরায় মনুষ্যত্ব এবং কেবল পাপের ফলে তির্য্যগ্‌যোনি লাভ করে ॥৩২॥

রাজা! আপনি আমার নিকট যথাযথভাবে সত্ত্ব, রজ ও তম এই তিনটী গুণের দ্বন্দ্ব ও সম্মেলন শ্রবণ করুন ॥৩৩॥

সত্ত্ব ও রজোগুণের, রজ ও তমোগুণের, তম ও সত্ত্বগুণের, সত্ত্ব ও জীবাত্মার মিলন দেখা যায় ॥৩৪॥

জীব সত্ত্বগুণযুক্ত হইয়া দেবলোকে গমন করে এবং সত্ত্ব ও রজোযুক্ত হইয়া মনুষ্যমধ্যে জন্মিয়া থাকে ॥৩৫॥

রজোগুণ ও তমোগুণযুক্ত মানুষ তির্য্যগ্‌যোনিতে জন্মগ্রহণ করে এবং সত্ত্ব, রজ ও তমোগুণযুক্ত মানুষ পুনরায় মনুষ্যজন্মই লাভ করিয়া থাকে ॥৩৬॥

পুণ্যপাপবিযুক্তানাং স্থানমাহুর্মহাত্মনাম্।
শাশ্বতঞ্চাব্যয়ঞ্চৈবমক্ষয়ঞ্চামৃতঞ্চ তৎ ॥৩৭॥
জ্ঞানিনাং সম্ভবং শ্রেষ্ঠং স্থানমব্রণমচ্যুতম্।
অতীন্দ্রিয়মবীজঞ্চ জন্মমৃত্যুতমোনুদম্ ॥৩৮॥
অব্যক্তস্থং পরং যত্তৎ পৃষ্টস্তেঽহং নরাধিপ!।
স এব প্রকৃতিস্থো হি তৎস্থ ইত্যভিধীয়তে ॥৩৯॥

ভারতকৌমুদী

পুণ্যেতি। পুণ্যপাপবিযুক্তানাং জ্ঞানাগ্নিনা দগ্ধপুণ্যপাপানাং "জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাণ"মিত্যুক্তেঃ। শাশ্বতমচলম্, অব্যয়ং হ্রাসহীনম্, অমৃতং মোক্ষাশ্রয়ম্ ॥৩৭॥

জ্ঞানিনামিতি। সম্ভবং যোগ্যম্, অব্রণং পীড়াশূন্যম্, ন বিদ্যতে চ্যুতং যস্মাত্তৎ, অতীন্দ্রিয়ং চক্ষুরাদিভিরগ্রাহ্যম্, অবীজং কর্ম্মরূপপুনর্জন্মাদিকারণহীনম্। অতএব জন্মমৃত্যুতমোনুদং জন্ম-মরণাজ্ঞাননিবর্ত্তকং স্থানং ভবতীতি শেষঃ ॥৩৮॥

অব্যক্তেতি। অব্যক্তে দেশে তিষ্ঠতীতি অব্যক্তস্থং তদ্যৎ পরং ব্রহ্ম তে ত্বয়াহং পৃষ্টঃ, স এব পরমাত্মা, প্রকৃতিস্থঃ দর্পণে প্রতিবিম্ব ইব প্রকৃতৌ প্রাকৃতে লিঙ্গদেহে প্রতিবিম্বরূপজীবভাবেন তিষ্ঠতীতি প্রকৃতিস্থঃ সন্, তৎস্থঃ শরীরস্থ ইত্যভিধীয়তে ॥৩৯॥

ভারতভাবদীপঃ

প্রাপ্নোতীত্যত্র প্রতিপাদ্যতে—এতে প্রধানস্য গুণা ইত্যাদিনা ॥২৯—৩৬॥ নিরূপণতাৎপর্য্যমাহ—পুণ্যেতি ॥৩৭॥ পুণ্যাদিবিয়োগে হেতু' জ্ঞানিনাং মধ্যে সম্ভবমাহ—জ্ঞানিনামিতি। তত্তজ্ঞসঙ্গত্যা তত্ত্ব' প্রাপ্য পুণ্যপাপবিমুক্তো ভবতীত্যর্থঃ। অবীজং নিরবিচ্ছন্নম্ ॥৩৮॥ অব্যক্তস্থমব্যক্তেঽমূর্ত্তে ব্রহ্মণি তিষ্ঠতীতি তথা অব্যক্তদ্বারা প্রাপ্যমিত্যর্থঃ। কিং মদুক্তারম্ভবন্নেত্যাহ—স এব ইতি। প্রকৃতিঃ স্বরূপং নিত্যং কূটস্থ এব স উপচারাৎ প্রকৃতিস্থ ইত্যুচ্যতে ঘটাকাশে গতিরিবাস্মিন্

মুনিরা বলেন—পুণ্যপাপশূন্য জ্ঞানী মহাত্মাদের ধ্রুব, হ্রাসশূন্য, নিত্য ও মোক্ষাশ্রয় সেই স্থান হইয়া থাকে ॥৩৭॥

জ্ঞানিগণের সেইরূপ শ্রেষ্ঠস্থানই যোগ্য। যাঁহাতে কোন পীড়া নাই, যাহা হইতে পতন হয় না, যাহা ইন্দ্রিয়ের অগ্রাহ্য, যাহাতে কোন কর্ম্ম থাকে না এবং যাহা জন্ম, মৃত্যু ও অজ্ঞাননিবর্ত্তক ॥৩৮॥

নরনাথ! আপনি যে আমাকে সেই যে অজ্ঞেয় স্থানস্থ পরমাত্মার কথা জিজ্ঞাসা করিয়াছিলেন, তাহার উত্তরে ইহাই বক্তব্য যে, তিনি প্রকৃতিনির্ম্মিত লিঙ্গদেহে থাকেন বলিয়া তাঁহাকে তৎস্থ বলা হয় ॥৩৯॥

অচেতনা চৈবমতা প্রকৃতিশ্চাপি পার্থিব ! ।
এতেনাধিষ্ঠিতা চৈব সৃজতে সংহরত্যপি ॥৪০॥

জনক উবাচ।

অনাদিনিধনাবেতাবুভাবেব মহামতে ! ।
অমূর্ত্তিমন্তাবচলাবপ্রকম্প্যগুণাগুণৌ ॥৪১॥
অগ্রাহ্যাবৃষিশার্দ্দূল ! কথমেকো হ্যচেতনঃ ।
চেতনাবাংস্তথা চৈকঃ ক্ষেত্রজ্ঞ ইতি ভাষিতঃ ॥৪২॥ (যুগ্মকম্)
ত্বং হি বিপ্রেন্দ্র ! কাৎস্ন্যেন মোক্ষধর্ম্মমুপাসসে।
সাকল্যং মোক্ষধর্ম্মস্য শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ ॥৪৩॥
অস্তিত্বং কেবলত্বঞ্চ বিনাভাবং তথৈব চ।
দৈবতানি চ মে ব্রূহি দেহং যান্যাশ্রিতানি বৈ ॥৪৪॥

ভারতকৌমুদী

অচেতনেতি। প্রকৃতিঃ অচেতনা মতা সত্ত্বাদিগুণময়ত্বাৎ সত্ত্বাদীনাঞ্চাচেতনত্বাৎ। এতেন ব্রহ্মণা অধিষ্ঠিতা সা প্রকৃতিঃ সৃজতে সংহরত্যপি জগৎ ॥৪০॥

অনাদীতি। এতৌ প্রকৃতিপুরুষৌ। অপ্রকম্প্যগুণা চ অগুণশ্চ তৌ। অগ্রাহ্যাবতীন্দ্রিয়ৌ। একঃ প্রকৃতিরূপপদার্থঃ। একোঽপরঃ ক্ষেত্রজ্ঞো জীবাত্মা ॥৪১—৪২॥

ত্বমিতি। উপাসসে উপাস্‌সে অভ্যস্যসি ॥ ৩॥

ভারতভাবদীপঃ

প্রকৃতিস্থত্বমারোপ্যতে ॥৩৯॥ এতেনাযস্কান্তকল্পেন প্রকৃতির্লোহতুল্যা ॥৪০॥ উভয়োরপি তুল্যবচ্চেতনত্বং মন্বানঃ প্রকৃতেরচেতনত্বমাক্ষিপতি—অনাদীত্যাদিনা। অমূর্ত্তত্বমদৃশ্যত্বম্, তচ্চ নিত্যানুমেয়ে প্রধানে পুরুষে চ তুল্যমতস্তয়োরনাদিনিধনত্বম্ ; ততশ্চাপ্রকম্প্যগুণাগুণত্বম্। অগুণঃ সাঙ্গত্বাদির্দোষঃ, গুণোঽসাঙ্গত্বাদিঃ, সংপ্রচ্যুতস্বভাবাবিত্যর্থঃ ॥৪১॥ অগ্রাহ্যত্বাচ্চ তয়োর্বৈলক্ষণ্যং

রাজা ! আমরা মনে করি যে, প্রকৃতি অচেতনা হইলেও পরব্রহ্মকর্তৃক অধিষ্ঠিত হইয়া তিনি জগতের সৃষ্টি ও সংহার করেন' ॥৪০॥

জনক বলিলেন—'মহামতি ঋষিশ্রেষ্ঠ ! এই প্রকৃতি ও পুরুষ উভয়েই অনাদি, অনন্ত, অমূর্ত্ত, অচল ও অতীন্দ্রিয় ; ইহাদের মধ্যে প্রকৃতির গুণ অক্ষুণ্ণ এবং পুরুষ নির্গুণ ; তবে আপনি কি করিয়া বলিলেন যে, প্রকৃতি অচেতনা এবং পুরুষ চেতন ॥৪১—৪২॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আপনি সমস্ত মোক্ষধর্ম্মের উপাসনা করেন ; অতএব আমি আপনার নিকট যথাযথভাবে সমস্ত মোক্ষধর্ম্ম শুনিতে ইচ্ছা করি ॥৪৩॥

তথৈবোৎক্রমিণঃ স্থানং দেহিনো বৈ বিপদ্যতঃ।
কালেন যদ্ধি প্রাপ্নোতি স্থানং তৎ প্রব্রবীহি মে ॥৪৫॥
সাংখ্যজ্ঞানঞ্চ তত্ত্বেন পৃথগ্‌যোগং তথৈব চ।
অরিষ্টানি চ তত্ত্বানি বক্তুমর্হসি সত্তম!।
বিদিতং সর্বমেতত্তে পাণাবামলকং যথা ॥৪৬॥

যাজ্ঞবল্ক্য উবাচ।

ন শক্যো নির্গুণস্তাত! গুণীকর্ত্তুং বিশাংপতে!।
গুণবাংশ্চাপ্যগুণবান্ যথাতত্ত্বং নিবোধ মে ॥৪৭॥

ভারতকৌমুদী

অস্তিত্বমিতি। অস্তিত্বং সর্ব্বদা বিদ্যমানত্বম্, কেবলত্বং একৈকত্বম্, বিনাভাবং পরস্পরভিন্নত্বম্, প্রকৃতিপুরুষয়োরিতি শেষঃ ॥৪৪॥

তথেতি। উৎক্রমিণঃ শরীরং বিহায় গচ্ছতঃ, বিপদ্যতো ম্রিয়মাণস্য দেহিনো জীবস্য ॥৪৫॥

সাংখ্যেতি। যোগং যোগজ্ঞানম্। অরিষ্টানি অমঙ্গলসূচকানি, তত্ত্বানি লক্ষণানি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৬॥

ভারতভাবদীপঃ

ন নিশ্চেতুং শক্যমিত্যাহাগ্রাহ্যমিতি ॥৪২—৪৩॥ এবং পুংসশ্চেতনত্বেঽপ্যস্তিত্বং কথং বহ্ন্যোষ্ণয়োরিব পুংপ্রকৃত্যোর্যুগপন্নাশাবশ্যম্ভাবাৎ, অস্তিত্বে বা কেবলত্বং প্রকৃত্যা বিযুক্তত্বং কথং পুংসো বিভুত্বেন প্রকৃতেরবিনাশেন চ তদসম্ভবাৎ? নম্বু তর্কমতে আত্মমনসোরিব পুংপ্রকৃত্যোর্নিত্যযোগেঽপি ফলোপহিতো বিলক্ষণঃ সংযোগোঽন্যঃ, স চ কদাচিৎক ইতি তদভাবান্মোক্ষে পুংসঃ কেবলত্বং যুজ্যত ইত্যাশঙ্ক্যাহ—বিনাভাবমিতি। নিরবয়বে পুংস্যব্যাপ্যাবর্ত্তিনঃ সংযোগস্যৈবাসম্ভাবাৎ অভ্যুপগমেঽপি তত্ত্বাদিবৎ প্রদেশভেদাভাবেন তদ্বৈলক্ষণ্যস্য সুতরামসম্ভবোচ্চ দৃষ্টান্তে দার্ষ্টান্তিকে চ তুল্যবৎ সংযোগাসিদ্ধৌ দৃশ্যমানস্য সংযোগস্য মিথ্যাত্বমন্তরেণ বিনাভাবো ন সম্ভবতি। মিথ্যাত্বঞ্চ প্রত্যক্ষাদিপ্রমাণবিরুদ্ধমিত্যাশয়ঃ ॥৪৪॥ উৎক্রামিণ উৎক্রান্তস্য, বিপদ্যতে ম্রিয়মাণস্য ॥৪৫॥

প্রকৃতি ও পুরুষের অস্তিত্ব, কৈবল্য ও পরস্পর ভেদ এবং যাঁহারা দেহ আশ্রয় করিয়া রহিয়াছেন, সেই দেবতাদের বিষয় আমার নিকট বলুন ॥৪৪॥

দেহী দেহ ত্যাগ করিয়া যখন নির্গত হয়, তখন তাহার কিরূপ স্থান হইয়া থাকে এবং কালক্রমে সে যে স্থান লাভ করে, তাহাও আপনি আমার নিকট বলুন ॥৪৫॥

সাধুশ্রেষ্ঠ! আপনি যথাযথভাবে আমার নিকটে সাংখ্যজ্ঞান, যোগজ্ঞান ও অরিষ্টসূচক লক্ষণসমূহ বলুন। কারণ, মানুষ যেমন হস্তস্থিত আমলকী ফলের সমস্ত অংশ দেখিতে পারে, তেমন আপনার এ সমস্ত বিষয়ই জানা আছে' ॥৪৬॥

(৪৬) শ্লোকাৎ পরং '…চতুর্দ্দশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বঙ্গ, '…একোনবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ'—নি।

গুণৈর্হি গুণবানেব নির্গুণশ্চাগুণস্তথা।
প্রাহুরেবং মহাত্মানো মুনয়স্তত্ত্বদর্শিনঃ ॥৪৮॥
গুণস্বভাবস্ত্বব্যক্তো গুণান্নৈবাতিবর্ত্ততে।
উপযুঙ্‌ক্তে চ তানেব স চৈবাজ্ঞঃ স্বভাবতঃ ॥৪৯॥
অব্যক্তস্তু ন জানীতে পুরুষো জ্ঞঃ স্বভাবতঃ।
ন মত্তঃ পরমোঽস্তীতি নিত্যমেবাভিমন্যতে ॥৫০॥

ভারতকৌমুদী

নেতি। নির্গুণঃ পুরুষঃ, গুণীকর্তুং গুণবান্ বিধাতুং ন শক্যঃ, দীপ ইব তমস্বীতি ভাবঃ। তথা গুণবান্ সত্ত্বাদিমান্ প্রকৃতিপদার্থোঽপি অগুণবান্ কর্তুং ন শক্যঃ। মুক্তেব নীলেত্যাশয়ঃ ॥৪৭॥

গুণৈরিতি। গুণৈরিতি ধাক্কেন ধনবান্ ইত্যাদিবদভেদে তৃতীয়া ॥৪৮॥

গুণেতি। গুণাঃ সত্ত্বাদয় এব স্বভাবা যস্য যস্য সঃ, অব্যক্তঃ প্রকৃতিপদার্থঃ, "সত্ত্বরজস্তমসাং সাম্যাবস্থা প্রকৃতিঃ" ইতি সাংখ্যসূত্রাৎ; গুণান্ সত্ত্বাদীন্ নাতিবর্ত্ততে নাতিক্রামতি; তান্ গুণান্ এব উপযুঙ্‌ক্তে আশ্রয়তি, সঃ অব্যক্তশ্চ স্বভাবত এব অজ্ঞঃ অচেতনঃ, সত্ত্বাদীনামচেতনত্বাৎ তস্য চ তন্ময়ত্বাৎ ॥৪৯॥

অব্যক্ত ইতি। অব্যক্তঃ স প্রকৃতিপদার্থঃ, স্বভাবত এব পুরুষো জ্ঞো জ্ঞানবান্ চেতন ইতি ন জানীতে, তস্যাচেতনত্বেনাজ্ঞত্বাৎ। কিন্তু পুরুষঃ, মত্তো মৎ, পরমঃ শ্রেষ্ঠো নাস্তীতি নিত্যমেবাভিমন্যতে। অতএবাসৌ চেতন ইত্যাশয়ঃ ॥৫০॥

ভারতভাবদীপঃ

অরিষ্টানি মৃত্যুসূচকানি ॥৪৬॥ কথমেকো হ্যচেতন ইতি চেতনাচেতনবিভাগমাক্ষিপতস্তয়োভাবপি কিং চেতনাবচেতনৌ বা সমতৌ? নাদ্যঃ, জগদান্ধ্যপ্রসঙ্গাৎ। নান্ত্যঃ, দৃশ্যমানস্য দৃগ্‌দৃশ্যবিভাগস্য দুরপহ্নবত্বাৎ অথ যথা মলয়ে চন্দনাচন্দনাবপি চন্দনাবেব ভবত এবমনাদিসংযোগাচ্চেতনাচেতনাবপি তৌ চেতনাবেব ভবত ইতি ব্রূষে তদপি ন, স্বভাবস্যাপরিহার্য্যত্বাদিত্যাহ—ন শক্য ইতি ॥৪৭—৪৮॥ স্বভাবতোঽজ্ঞোঽপ্যারোপিতেন জ্ঞত্বেনোপযুঙ্‌ক্তে ভুঙ্‌ক্তে তান্ গুণান্

যাজ্ঞবল্ক্য বলিলেন—'বৎস নরনাথ! কেহই নির্গুণকে গুণবান্ করিতে পারে না কিংবা গুণবানকেও নির্গুণ করিতে সমর্থ হয় না, এই বিষয় আপনি আমার নিকট যথাযথভাবে শ্রবণ করুন ॥৪৭॥

মহাত্মা তত্ত্বদর্শী মুনিরা এইরূপ বলেন যে, প্রকৃতি গুণদ্বারাই সগুণা এবং পুরুষ গুণ না থাকাতেই নির্গুণ ॥৪৮॥

প্রকৃতি গুণস্বরূপ বলিয়া গুণ অতিক্রম করিতে পারেন না এবং সেই গুণগুলিকেই আশ্রয় করিয়া থাকেন; অথচ তিনি স্বভাবতই অজ্ঞ অর্থাৎ অচেতন ॥৪৯॥

(৫০) পুরুষোঽজ্ঞঃ স্বভাবতঃ—বঙ্গ নি।

অনেন কারণেনৈতদব্যক্তং স্যাদচেতনম্।
নিত্যত্বাচ্চাক্ষরত্বাচ্চ ক্ষরত্বান্ন তদন্যথা ॥৫১॥
যদজ্ঞানেন কুর্ব্বীত গুণসর্গং পুনঃ পুনঃ।
যদাত্মানং ন জানীতে তদাত্মাপি ন মুচ্যতে ॥৫২॥
কর্ত্তৃত্বাচ্চাপি সর্গাণাং সর্গধর্ম্মা তথোচ্যতে।
কর্ত্তৃত্বাচ্চাপি যোগানাং যোগধর্ম্মা তথোচ্যতে ॥৫৩॥

ভারতকৌমুদী

অনেনেতি। অব্যক্তং প্রধানম্, নিত্যত্বাদিত্যক্ষরত্বং প্রতি হেতুঃ, ক্ষরত্বাৎ মহদাদিরূপেণ ক্ষয়িত্বাচ্চ, তদন্যথা অচেতনত্বান্যরূপং ন ভবিতুমর্হতি; যৎ ক্ষরং তদচেতনং ঘটবদিতি প্রয়োগাৎ ॥৫১॥

অথ নিত্যমুক্তোঽপি পুরুষঃ কথং বদ্ধো ভবতীত্যাহ যদিতি। যদ্যস্মাৎ, অজ্ঞানেন আত্মনো নির্গুণত্বাবোধেন, পুরুষঃ পুনঃ পুনঃ গুণানাং সুখদুঃখাদীনাং সর্গং সংসর্গং কুর্ব্বীত; যচ্চাত্মানং স্বং নির্গুণতয়া ন জানীতে; তত্তস্মাৎ আত্মা জীবো ন মুচ্যতেঽপি ॥৫২॥

কর্ত্তৃত্বাদিতি। সর্গাণাং বদ্ধাবস্থায়াং সুখদুঃখাদিগুণসংসর্গাণাম্ ॥৫৩॥

ভারতভাবদীপঃ

॥৪৯॥ তর্হি মুখ্যো ভোক্তা কিং পুরুষ ইত্যাশঙ্ক্য নেত্যাহ—অব্যক্ত ইতি। অব্যক্তোঽদৃশ্যো দৃগাত্মা ন জানীতে ন ভুঙ্ক্তে চ যতো মত্ত আত্মনোঽন্যং ভোগ্যমর্থং ন পশ্যতি। অভিমন্যত ইতি ব্যুত্থানাভিপ্রায়েণোক্তম্ ॥৫০॥ অনেন ভোক্তৃত্বাভোক্তৃত্ববৈলক্ষণ্যেন এতদব্যক্তং প্রধানং স্বভাবতোঽচেতনমপি তদন্যথা ততো ভোক্তুঃ সকাশাদন্যথা বিপরীতভোক্তৃ ন স্যাৎ। কথং জড়ে ভোক্তৃত্বমত আহ—অক্ষরত্বাৎ ক্ষরত্বাচ্চেতি। ক্ষরাক্ষরাত্মত্বাচ্চিদচিদাত্মকত্বাত্তস্য ভোক্তৃত্বং ন তু কষ্ঠকুড্যবদচেতনাংশমাত্রস্যেত্যর্থঃ। নিত্যত্বাচ্চ ভোগ্যভোক্তৃবিভাগস্য ন কশ্চিদ্দোষ ইত্যর্থঃ ॥৫১॥ নন্বয়স্কাষ্ঠয়োরিব তুল্যস্বভাবয়োঃ সংশ্লেষো দৃষ্টো ন তু কাষ্ঠাকাশয়োরিতি চিদচিতোঃ সম্বন্ধো দুর্নিরূপ ইত্যাশঙ্ক্যাহ—যদেতি। অজ্ঞানেনেতি চ্ছেদঃ। গুণসর্গং গুণসংসর্গম্। আদ্যো যদাশব্দো যস্মাদর্থে। যদিতি পাঠঃ স্বচ্ছঃ। যস্মাদাধ্যাসিকোঽয়মজ্ঞানকৃত আত্মনি গুণ

প্রকৃতি জানেন না যে, পুরুষ স্বভাবতই জ্ঞানবান্; আবার পুরুষ মনে করেন যে, আমা অপেক্ষা শ্রেষ্ঠ নাই ॥৫০॥

এই কারণেই প্রকৃতি অচেতনা, অথচ নিত্যত্বনিবন্ধন অক্ষরা এবং মহদাদিরূপে ক্ষরা, ইহার অন্যরূপ তিনি হইতে পারেন না ॥৫১॥

যেহেতু পুরুষ নিজের নির্গুণত্ব না জানিয়া বার বার সুখ-দুঃখাদিগুণের সংসর্গ করেন এবং যেহেতু আপনাকে নির্গুণ বলিয়া জানিতে পারেন না; সেই জন্যই তিনি মুক্তও হন না ॥৫২॥

কর্ত্তৃত্বাৎ প্রকৃতীনাঞ্চ তথা প্রকৃতিধর্ম্মিতা।
কর্ত্তৃত্ব চ্চাপি বীজানাং বীজধর্ম্মা তথোচ্যতে ॥৫৪॥
গুণানাং প্রসবত্বাচ্চ প্রলয়ত্বাত্তথৈব চ।
উপেক্ষত্বাদনন্যত্বাদভিমানাচ্চ কেবলম্ ॥৫৫॥
মন্যন্তে যতয়ঃ সিদ্ধা অধ্যাত্মজ্ঞা গতজ্বরাঃ।
অনিত্যং নিত্যমব্যক্তং ব্যক্তমেতদ্ধি শুশ্রুম ॥৫৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কর্ত্তৃত্বাদিতি। প্রকৃতীনাং রাগবিরাগাদিস্বভাবানাম্। বীজানাং সুখদুঃখাদিকারণীভূতানাং পুণ্যপাপাদিকর্ম্মণাম্ ॥৫৪॥

গুণানামিতি। বয়মেতদেব শুশ্রুম যৎ, অব্যক্তজ্ঞা অস্পষ্টপ্রকৃতিপুরুষোভয়াভিজ্ঞা, অতএব গতজ্বরাঃ তিরোহিতসাংসারিকসন্তাপাঃ, সিদ্ধা যতয়ঃ, কেবলং নির্গুণমপি পুরুষম, গুণানাং জন্মমরণাদীনাম, প্রসূয়তে অনেনেতি প্রসব উৎপাদকস্তস্য ভাবস্তস্মাৎ অনিত্যম্, প্রলীয়তে অনেনেতি প্রলয়স্তস্য ভাবস্তস্মাৎ নির্গুণত্বাৎ নিত্যম্, উপেক্ষত্বাৎ আকৃতিত্যাগিত্বাৎ অব্যক্তম্, অনন্যত্বাৎ নীরক্ষীরবৎ মিশ্রিততয়া মহদাদ্যভিন্নত্বাৎ অহং শুক্ল ইত্যাদ্যভিমানাচ্চ ব্যক্তং মন্যন্তে ॥৫৫—৫৬॥

ভারতভাবদীপঃ

সংসর্গস্তস্মাদ্যাবদাত্মানমসঙ্গং ন জানাতি তাবন্ন মুচ্যতে ইত্যর্থঃ ॥৫২॥ অমুক্তিহেতুমাহ—কর্ত্তৃত্বাদিত্যাদিনা। প্রাকৃতেন মহদাদিতত্ত্বকর্ত্তৃত্বেনায়মপি কর্ত্তা যতো ভবত্যতো ন মুচ্যত ইত্যর্থঃ ॥৫৩॥ প্রকৃতীনাং প্রজানাম্ ॥৫৪॥ বীজানাং স্থাবরাণাম্, গুণানাং কামশমাদীনাম ॥৫৫॥ নম্বেবংবিধস্য কথং কেবলত্বং স্যাদত আহ—উপেক্ষত্বাদিতি। উপ সমীপে স্থিত্বা ঈক্ষতে ইত্যুপেক্ষঃ সাক্ষী নহি সাক্ষ্যেণ সাক্ষী বিক্রিয়তে ঘটেনালোক ইবাতঃ, কেবলত্বমস্য যুজ্যতে। যথোক্তম—"নর্ত্তে স্যাদ্বিক্রিয়া দুঃখী সাক্ষিতা কাবিকারিণঃ। ধীবিক্রিয়াসহস্রাণাং সাক্ষ্যতোঽহমবিক্রিয়ঃ ॥" ইতি। নমু সাক্ষিত্বমস্ত মা বা, প্রতিকূলবেদনীয়ং দুঃখং অপরিহার্য্যমিত্যাশঙ্ক্যাহ—অনন্যত্বাদিতি। নান্যোঽস্মাদিত্যনন্যস্তত্বাৎ দুঃখাদেঃ স্বরূপেণাপ্যসত্ত্বান্নাত্মনি তৎসম্বন্ধঃ কদাচিদপ্যস্তীত্যর্থঃ। কুতস্তর্হি দুঃখভাণমত আহ—অভিমানাদিতি। যদা হি পুত্রমাত্মীয়ং মনুতে তদা তদ্দুঃখেন দুঃখী ভবতি নান্যথা; এবং ধীতাদাত্ম্যাদ্ধীদুঃখেনৈবাস্য দুঃখিত্বং ধীত্যাগে তু কেবলত্বং নিত্যসিদ্ধমিত্যেতেন অস্তিত্বকেবলত্ববিনাভানামাক্ষেপঃ পরিহৃতো জ্ঞেয়ঃ। অনিত্যমিতি। অনিত্যং পরিণামি,

বদ্ধ পুরুষ সুখদুঃখাদিগুণের সংসর্গ করেন বলিয়া, তাঁহাকে সংসর্গধর্ম্মা বলা হয় এবং তিনি প্রকৃতির সংযোগ করেন বলিয়া সংযোগধর্ম্মাও কথিত হন ॥৫৩॥

বদ্ধ পুরুষ নানাবিধ স্বভাব প্রকাশ করেন বলিয়া তিনি স্বভাবধর্ম্মী নামে অভিহিত হইয়া থাকেন ॥৫৪॥

অব্যক্তৈকত্বমিত্যাহুর্নানাত্বং পুরুষাস্তথা।
সর্ব্বভূতদয়াবন্তঃ কেবলং জ্ঞানমাস্থিতাঃ ॥৫৭॥
অন্যঃ স পুরুষোঽব্যক্তস্ত্বধ্রুবো ধ্রুবসংজ্ঞকঃ।
যথা মুঞ্জ ইষীকাণাং তথৈবৈতদ্ধি জায়তে ॥৫৮॥
অন্যচ্চ মশকং বিদ্যাদন্যচ্চোড়ুম্বরং তথা।
ন চোড়ুম্বর সংযোগৈর্মশকস্তত্র লিপ্যতে ॥৫৯॥

ভারতকৌমুদী

অব্যক্তেতি। অব্যক্তস্য প্রকৃতেরেকত্বম্, সর্ব্বভূতদয়াবন্তঃ তথা কেবলং জ্ঞানমাস্থিতাশ্চ পুরুষা নানাত্বং ভজন্ত ইত্যাহুঃ সাংখ্যাঃ ॥৫৭॥

অন্য ইতি। স পুরুষঃ প্রাকৃতশরীরাভ্যন্তরস্থোঽপি তস্মাদন্যঃ, নিরাকারত্বাদব্যক্তঃ, বদ্ধত্বাদধ্রুবঃ অনিত্যঃ, তথা নিত্যমুক্তত্বাৎ ধ্রুবসংজ্ঞকো নিত্যনামা চ ; যথা মুঞ্জে তৃণবিশেষে ইষীকাণাং তদভ্যন্তরস্থশলাকাকৃতীনামবয়বানামন্যত্বং জায়তে, তথা প্রাকৃতে শরীরে পুরুষাণামপি এতদন্যত্বং জায়তে বর্ত্ততে ॥৫৮॥

অন্যদিতি। সংযোগে স্থিতেঽপি মশকঞ্চান্যদ্বস্তু বিদ্যাৎ উড়ুম্বরং ফলঞ্চ অন্যৎ তথা বিদ্যাৎ। উড়ুম্বরসংযোগৈরপি মশকস্তত্র ন লিপ্যতে নীরক্ষীরবন্মিলিতো ভবতি ॥৫৯॥

ভারতভাবদীপঃ

অব্যক্তং কারণং ব্যক্তং কার্য্যমিতি ॥৫৬॥ তত্র মতান্তরমাহ অব্যক্তৈকত্বং পুরুষাঃ—ষষ্ঠ্যর্থে প্রথমা, পুরুষাণাং নানাত্বমিত্যাহুর্নিরীশ্বরসাংখ্যাঃ। তান্ বিশিনষ্টি—সর্ব্বেত্যদ্ধেন ॥৫৭॥ পুম্প্রকৃত্যোর্ভেদমনেকদৃষ্টান্তপূর্ব্বকমাহ—অন্য ইত্যাদিনা। অব্যক্ত ইতি চ্ছেদঃ। ইষীকাণাং বাহ্যো যথা মুঞ্জ এবং পুংসো বাহ্যা অব্যক্তাত্মা ইত্যর্থঃ। শ্রুতিশ্চ—"অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষোঽন্তরাত্মা সদা

মহারাজ! আমরা এইরূপ শুনিয়াছি যে, প্রকৃতি ও পুরুষ এই উভয়ের জ্ঞানশালী, সাংসারিক সন্তাপশূন্য ও জিতেন্দ্রিয় সিদ্ধপুরুষেরা এইরূপ মনে করেন যে, নিত্যমুক্ত পুরুষ পুণ্যপাপকর্ম্মবশতঃ জন্মমরণাদির হেতু হন বলিয়া তিনি অনিত্য ; তাঁহাতে জন্মমরণাদি না থাকায় তিনি নিত্য, আকৃতি ত্যাগ করেন বলিয়া অব্যক্ত এবং মহত্তত্ত্বাদি যুক্ত হন ও আমি শুক্ল ইত্যাদি অভিমান করেন বলিয়া ব্যক্তও হইয়া থাকেন ॥৫৫—৫৬॥

সংখ্যাচার্য্যেরা বলেন—প্রকৃতি এক, আর সর্ব্বভূতে দয়াশীল ও কেবল জ্ঞানময় পুরুষ বহু ॥৫৭॥

সেই পুরুষ প্রকৃতি হইতে ভিন্ন, নিরাকার বলিয়া অব্যক্ত, বদ্ধ বলিয়া অনিত্য এবং নিত্যমুক্ত বলিয়া নিত্য ; তারপর মুঞ্জে যেমন ইষীকা থাকে, তেমন প্রকৃতিঘটিত শরীরে পুরুষ রহিয়াছেন ॥৫৮॥

অন্য এব তথা মৎস্যস্তদন্যদুদকং স্মৃতম্।
ন চোদকস্য স্পর্শেন মৎস্যো লিপ্যতি সর্ব্বশঃ ॥৬০॥
অন্যো হ্যগ্নিরুখাপ্যন্যা নিত্যমেবমবেহি ভোঃ।।
ন চোপলিপ্যতে সোঽগ্নিরুখাসংস্পর্শনেন বৈ ॥৬১॥
পুষ্করস্ত্বন্যদেবাত্র তথান্যদুদকং স্মৃতম্।
ন চোদকস্য স্পর্শেন লিপ্যতে তত্র পুষ্করম্ ॥৬২॥
এতেষাং সহবাসঞ্চ নিবাসঞ্চৈব নিত্যশঃ।
যাথাতথ্যেন পশ্যন্তি ন নিত্যং প্রাকৃতা জনাঃ ॥৬৩॥
যে ত্বন্যথৈবং পশ্যন্তি ন সম্যক্ তেষু দর্শনম্।
তে ব্যক্তং নিরয়ং ঘোরং প্রবিশন্তি পুনঃ পুনঃ ॥৬৪॥

ভারতকৌমুদী

অন্য ইতি। লিপ্যতি লিপ্যতে নীরক্ষীরবন্মিলিতো ভবতি ॥৬০॥

অন্য ইতি। উখাপি অগ্ন্যধিকরণং মৃৎপাত্রমপি ॥৬১॥

পুষ্করমিতি। পুষ্করং পদ্মম্, অত্র আধার্য্যাধারভাবে ॥৬২॥

এতেষামিতি। এতেষাং জীবমহদহঙ্কারাদীনাম্, দেহে সহবাসং নিবাসঞ্চ। পশ্যন্তি জানন্তি ইতি শেষঃ ॥৬৩॥

য ইতি। অন্যথৈব মদুক্তাদন্যরূপেণ, পশ্যন্তি জানন্তি ॥৬৪॥

একটী ডুমুর ফলে মশক বসিয়াছে, সেই ক্ষেত্রে মশক ডুমুর হইতে ভিন্ন এবং ডুমুরও মশক হইতে ভিন্ন ; কিন্তু ডুমুরের সংযোগ রহিয়াছে বলিয়া তাহাতে মিশিয়া যায় না ॥৫৯॥

জলে মৎস্য রহিয়াছে, এ ক্ষেত্রে মৎস্য জল হইতে ভিন্ন, জলও মৎস্য হইতে ভিন্ন ; কিন্তু জলস্পর্শী মৎস্য জল হইয়া যায় না ॥৬০॥

রাজা! আপনি সর্ব্বদাই এইরূপ অবগত হউন যে, একটী শরাবে অগ্নি রহিয়াছে, সেই স্থলে অগ্নি শরাব হইতে ভিন্ন, শরাবও অগ্নি হইতে ভিন্ন ; কিন্তু শরাবের সংস্পর্শবশতই অগ্নি শরাব হইয়া যায় নাই ॥৬১॥

পদ্ম জলে থাকে, তাহাতেও পদ্ম জল হইতে ভিন্ন, জলও পদ্ম হইতে ভিন্ন ; কিন্তু জলস্পর্শে পদ্ম জলের সঙ্গে এক হইয়া যায় না ॥৬২॥

জ্ঞানীরা সর্ব্বদাই এক শরীরে জীব, বুদ্ধি ও অহঙ্কারপ্রভৃতির সহবাস এবং নিবাস যথাযথভাবেই জানেন ; কিন্তু সাধারণ লোকেরা তাহা জানে না ॥৬৩॥

আমি যেরূপ বলিলাম, ইহার অন্যরূপ যাহারা জানে, তাহাদের সেই জ্ঞান সমীচীন নহে ; সুতরাং তাহারা নিশ্চয়ই বার বার ঘোর নরকে প্রবেশ করে ॥৬৪॥

সাংখ্যদর্শনমেতত্তে পরিসংখ্যানমুত্তমম্ ।
এবং হি পরিসংখ্যায় সাংখ্যাঃ কেবলতাং গতাঃ ॥৬৫॥
যে ত্বন্যে তত্ত্বকুশলাস্তেষামেতন্নিদর্শনম্ ।
অতঃপরং প্রবক্ষ্যামি যোগানামনুদর্শনম্ ॥৬৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে যাজ্ঞবল্ক্যজনকসংবাদে পঞ্চাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

ষড়ধিকত্রিশততমোঽধ্যায়ঃ।

—::—

যাজ্ঞবল্ক্য উবাচ।
সাংখ্যজ্ঞানং ময়া প্রোক্তং যোগজ্ঞানং নিবোধ মে।
যথাশ্রুতং যথাদৃষ্টং তত্ত্বেন নৃপসত্তম ! ॥১॥

ভারতকৌমুদী

সাংখ্যেতি। হে রাজন্ ! তে তব সমীপে, পরিসংখ্যায়ন্তে তত্ত্বানি গণ্যন্তে অনেনেতি পরিসংখ্যানম্, উত্তমমেতৎ সাংখ্যদর্শনম্ উক্তমিতি শেষঃ। পরিসংখ্যায় জ্ঞাত্বা, কেবলতাং মুক্তিম্ ॥৬৫॥

য ইতি। নিদর্শনং তত্ত্বজ্ঞানম্। যোগানাং যোগিনাম্, অনুদর্শনং পদার্থপর্য্যালোচনম্ ॥৬৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে পঞ্চাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

জনানাং হৃদয়ে সন্নিবিষ্টঃ ॥ তং স্বাচ্ছরীরাৎ প্রবৃহেন্মুঞ্জাদিব ইষীকাং ধৈর্য্যেণ তং বিদ্যাচ্ছুক্রমমৃতম্॥" ইতি ॥৫৮—৬০॥ উখা মৃৎপাত্রবিশেষঃ ॥৬১—৬৬॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥৩০৫॥

রাজা ! এই আমি আপনার নিকটে তত্ত্বগণনাযুক্ত উত্তম সাংখ্যজ্ঞান বলিলাম। সাংখ্যমতাবলম্বীরা এইরূপে জ্ঞান অর্জ্জন করিয়া মুক্তি লাভ করিয়াছেন ॥৬৫॥

অন্য যে সকল তত্ত্বনিপুণ লোক আছেন, তাঁহাদেরও এইরূপই তত্ত্বজ্ঞান হইয়া থাকে। ইহার পরে আমি যোগিগণের জ্ঞানের বিষয় বলিব ॥৬৬॥

---

* '...পঞ্চদশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বং, '...বিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ'—নি।

নাস্তি সাংখ্যসমং জ্ঞানং নাস্তি যোগসমং বলম্ ।
তাবুভাবেকচর্য্যৌ চ উভাবনিধনৌ স্মৃতৌ ॥২॥
পৃথক্ পৃথক্ প্রপশ্যন্তি যেঽল্পবুদ্ধিরতা নরাঃ ।
বয়ন্তু রাজন্ ! পশ্যাম একমেব তু নিশ্চয়াৎ ॥৩॥
যদেব যোগাঃ পশ্যন্তি তৎ সাংখ্যৈরপি দৃশ্যতে ।
একং সাংখ্যঞ্চ যোগঞ্চ যঃ পশ্যতি স তত্ত্ববিৎ ॥৪॥
রুদ্রপ্রধানানপরান্ বিদ্ধি যোগানরিন্দম ! ।
তেনৈব চাথ দেহেন বিচরন্তি দিশো দশ ॥৫॥

ভারতকৌমুদী

সাংখ্যেতি । দৃষ্টং স্বয়মনুভূতম্, তত্ত্বেন যথাযথ্যেন ॥১॥

নেতি । বলং বন্ধনাশে সামর্থ্যম্ । একা অভিন্না চর্য্যা আচরণং শমদমাদ্যনুষ্ঠানং যয়োস্তৌ, ন বিদ্যতে নিধনং মৃত্যুর্যয়োস্তৌ, মুক্তিজনকত্বাৎ ॥২॥

পৃথগিতি । পৃথক্ পৃথক্ ভিন্নভিন্নৌ সাংখ্যযোগৌ ॥৩॥

যদিতি । যোগ এষামস্তীতি যোগাঃ, অর্শ আদিত্বাদৎ ॥৪॥

রুদ্রেতি । মৃত্যুকালে প্রাণিনং রোদয়ন্তীতি রুদ্রাঃ প্রাণাঃ প্রধানা যেষু তান্, প্রাণবায়ু-নিষ্পাদ্যান্ প্রাণায়ামানিত্যর্থঃ । তেনৈব প্রাণায়ামসিদ্ধিমতৈব, বিচরন্তি যোগিন ইতি শেষঃ ॥৫॥

ভারতভাবদীপঃ

সাংখ্যজ্ঞানমিতি ॥১॥ একৈব চর্য্যা শমাদ্যনুষ্ঠানং যয়োস্তৌ, অনিধনৌ মৃত্যুনাশকৌ ॥২॥ পৃথগিতি উভাবিতি দ্বিতীয়াস্তমনুকৃষ্যতে ॥৩—৪॥ উৎক্রমণকালে দেহিনং রোদয়ন্তীতি রুদ্রাঃ প্রাণা ইন্দ্রিয়াণি চ তান্যেব প্রধানভূতান্যালম্বনানি যেষু তান্ । তথা চ সূত্রম্—"প্রচ্ছর্দন-

---

যাজ্ঞবল্ক্য বলিলেন—'রাজশ্রেষ্ঠ ! আমি যেমন শুনিয়াছি এবং যেমন দেখিয়াছি, তেমনভাবে ও যথার্থরূপে সাংখ্যজ্ঞান বলিয়াছি ; এখন আমার নিকট যোগজ্ঞান শ্রবণ করুন ॥১॥

সাংখ্যের তুল্য জ্ঞান নাই এবং বন্ধনাশের বিষয়ে যোগের সমান শক্তি নাই। সাংখ্য ও যোগ উভয়েরই অনুষ্ঠান একরূপ এবং সেই উভয়েই মৃত্যু হয় না ॥২॥

রাজা ! যাহারা অজ্ঞানী, সেই লোকেরাই সাংখ্য ও যোগকে পৃথক্ পৃথক্ বলিয়া মনে করে ; কিন্তু আমরা নিশ্চিতভাবে সাংখ্য ও যোগকে এক বলিয়াই জানি ॥৩॥

যোগমতাবলম্বীরা যেরূপ জ্ঞান করেন, সাংখ্যমতাবলম্বীরাও সেইরূপ জ্ঞানই করিয়া থাকেন ; সুতরাং যিনি সাংখ্য ও যোগকে এক বলিয়া জানেন, তিনিই তত্ত্বজ্ঞানী ॥৪॥

---

(৩) তাবুভাবেকচর্য্যৌ তাবুভাবানিধনৌ স্মৃতৌ—বঙ্গ ।

যাবদ্ধি প্রলয়স্তাত ! সূক্ষ্মেণাষ্টগুণেন হ।
যোগেন লোকান্ বিচরন্ সুখং সংন্যস্য চানঘ ! ॥৬॥
বেদেষু চাষ্টগুণিনং যোগমাহুর্মনীষিণঃ।
সূক্ষ্মমষ্টগুণং প্রাহুর্নেতরং নৃপসত্তম ! ॥৭॥
দ্বিগুণং যোগকৃত্যন্তু যোগানাং প্রাহুরুত্তমম্।
সগুণং নির্গুণঞ্চৈব যথাশাস্ত্রনিদর্শনম্ ॥৮॥

ভারতকৌমুদী

যাবদিতি। হে অনঘ তাত ! যাবৎ প্রলয়ো মৃত্যুর্ভবতি, তাবৎ সাংসারিকং সুখং সংন্যস্য বিহায় সূক্ষ্মেণ অষ্টৌ গুণা যমনিয়মাদীনি অঙ্গানি যস্য তেন যোগেন জীবনেব লোকান্ বিচরন্ ভবিতুমর্হতীতি শেষঃ।৬॥

বেদেম্বিতি। অষ্টগুণিনমষ্টাঙ্গম্। ইতরম্ অঙ্গত্রিকম্। তথাচ যোগসূত্রম্—'যমনিয়মাসন-প্রাণায়ামপ্রত্যাহারধারণাধ্যানসমাধয়োঽষ্টাবঙ্গানি।" ।৭॥

দ্বিগুণমিতি। দ্বিগুণং দ্বিপ্রকারম্। তচ্চ স্বয়মেবাহ সগুণং নির্গুণঞ্চেতি।৮॥

ভারতভাবদীপঃ

বিধারণাভ্যাং বা প্রাণস্য বিষয়বতী চাপ্রবৃত্তিরুৎপন্না মনসঃ স্থিতিনিবন্ধিনী।" প্রচ্ছর্দনঃ রেচকঃ। বিধারণং পূরকপূর্ব্বকঃ কুম্ভকঃ। তথা নাসিকাগ্রে ধারয়তো গন্ধসংবিৎ। জিহ্বাগ্রে রসসংবিৎ। তালুনি রূপসংবিৎ। জিহ্বামধ্যে স্পর্শসংবিৎ। জিহ্বামূলে শব্দসংবিৎ। তত্র বায়ুধারণায়াঃ ফলম্—বিচরন্তি দিশো দশেত্যুক্তম্; খেচরত্বং প্রাপ্নুবন্তীত্যর্থঃ॥৫॥ অষ্টগুণেন পুর্য্যষ্টকময়েন সূক্ষ্মশরীরেণ সন্ন্যস্য সন্ন্যাসঞ্চ দেহস্য সুখং যথেচ্ছং কুরু, এতদদৃষ্টং ফলং মোক্ষান্তেষু যোগধর্ম্মেষু শ্রদ্ধোৎপাদনার্থমুক্তম্, ন তু যোগিনামবশ্যাদরণীয়ম্॥৬॥ বেদেম্বিতি। অষ্টগুণিনমণিমাদ্যষ্টগুণবত্ত্বং নিত্যযোগে মত্বর্থীয়ঃ। অষ্টগুণমষ্টাঙ্গম্, "প্রাণায়ামঃ প্রত্যাহারো ধ্যানং ধারণা তর্কঃ সমাধিঃ ষড়ঙ্গা" ইতি মৈত্রায়ণীয়োপনিষদি ষড়েবাঙ্গান্যুক্তানি, তথাপি যমনিয়মাভ্যাং শ্রুত্যন্তরোক্তাভ্যাং সহাষ্টসংখ্যা বোধ্যা। অত্র সূক্ষ্মমিত্যুক্তেঃ পূর্ব্বস্য স্থূলত্বং মন্দাধিকারিত্বং চোক্তম্। তর্কো যোগ-সিদ্ধিমুপস্থিতায় দোষোন্নয়নম্॥৭॥ দ্বিগুণং দ্বিপ্রকারং তদেবাহ—সগুণং সবীজম্, নির্গুণং

শত্রুদমনকারী রাজা ! আপনি ইহা অবগত হউন যে, যোগে প্রাণায়ামই প্রধান; সুতরাং যোগীরা সেই প্রাণায়ামসিদ্ধ দেহে দশদিকেই বিচরণ করিতে পারেন ॥৫॥

নিষ্পাপ বৎস ! যে পর্য্যন্ত মৃত্যু হয়, সেই পর্য্যন্তই যোগী সাংসারিক সুখ ত্যাগ করিয়া সূক্ষ্ম অষ্টাঙ্গ যোগ করিলে, তাহার ফলে তিনি ত্রিভুবনে বিচরণ করিতে পারেন ॥৬॥

রাজশ্রেষ্ঠ ! জ্ঞানীরা বেদে অষ্টাঙ্গ যোগ বলিয়াছেন এবং সেই অষ্টাঙ্গ যোগকেই সূক্ষ্মযোগ বলিয়াছেন; কিন্তু অন্য প্রকার যোগকে নহে ॥৭॥

ধারণঞ্চৈব মনসঃ প্রাণায়ামশ্চ পার্থিব ।।
একাগ্রতা চ মনসঃ প্রাণায়ামস্তথৈব চ ॥৯॥
প্রাণায়ামো হি সগুণো নির্গুণং ধারয়েন্মনঃ ।
যদ্যদৃশ্যতি মুঞ্চন্ বৈ প্রাণান্মৈথিলসত্তম ।।
বাতাধিক্যং ভবত্যেব তস্মাত্তং ন সমাচরেৎ ॥১০॥

ভারতকৌমুদী

ধারণমিতি। মনসো ধারণং বিষয়বিশেষে স্থাপনম্, সগুণো যোগঃ। "দেশবন্ধশ্চিত্তস্য ধারণা" ইতি যোগসূত্রাৎ। প্রাণায়ামশ্চ নির্গুণো যোগ ইতি পারিভাষিকী সংজ্ঞা "প্রচ্ছর্দনবিধারণাভ্যাং বা প্রাণস্য" ইতি যোগসূত্রং দ্রষ্টব্যম্ ; পক্ষান্তরমাহ একাগ্রতেতি ॥৯॥

ভারতভাবদীপঃ

নির্বীজম্ ॥৮॥ সগুণমাহ—ধারণমিতি। প্রাণায়ামঃ প্রাণনিগ্রহপূর্ব্বকং মনসঃ ষোড়শস্বাধারেষু ধারণম্। তে চ শিবযোগে প্রোক্তাঃ—"অথ তে ষোড়শাধারান্ কথয়ামি বিশেষতঃ" ইত্যাদিনা "পাদাঙ্গুষ্ঠপার্ষ্ণিমূলপ্রভৃতয়ো নেত্রাধারং ষোড়শস্ত" ইত্যন্তাঃ। যদ্বা যাজ্ঞবল্ক্যোক্তাঃ প্রাণস্যদাহৃতা অষ্টাদশস্থানাৎ স্থানং সমাকৃষ্যেত্যাদিনা দর্শিতা গ্রাহ্যাঃ। অথবা যাজ্ঞবল্ক্যোক্তা এব পঞ্চভূত ধারণা জ্ঞেয়াঃ—"পাদাদিজানুপর্য্যন্তং পৃথিবীস্থানমুচ্যতে। আ জানোঃ পায়ুপর্য্যন্তমপাং স্থানং প্রকীর্ত্তিতম্ ।। আ পায়োর্হৃদয়ান্তং যদ্বহ্নিস্থানং তদুচ্যতে। হৃন্মধ্যাত্তু ভ্রুবোর্মধ্যে যাবদ্বায়ুকুলং ভবেৎ ।। আ ভ্রূমধ্যাত্তু মূর্দ্ধান্তমাকাশস্থানমুচ্যতে। পৃথিব্যাং ধারয়েদ্‌যোগী ব্রহ্মাণং পরমেষ্ঠিনম্ ।। বিষ্ণুমপ্স্বনলে রুদ্রমীশ্বরং বায়ুমণ্ডলে। সদাশিবং তথা ব্যোম্নি ধারয়েৎ সুসমাহিতঃ ।। পৃথিব্যাং বায়ুমাস্থাপ্য লকারেণ সমন্বিতম্। ধ্যায়ংশ্চতুর্ম্মুখাকারং ব্রহ্মাণং সৃষ্টিকারণম্ ।। ধারয়েৎ পঞ্চ ঘটিকাঃ পৃথিবীজয়মাপ্নুয়াৎ। বারুণে বায়ুমারোপ্য বকারেণ সমন্বিতম ।। স্মরন্নারায়ণং দেবং চতুর্ব্বাহুং শুচিস্মিতম্। শুদ্ধস্ফটিকসঙ্কাশং পীতবাসসমচ্যুতম্ ।। ধারয়েৎ পঞ্চ ঘটিকাঃ সর্ব্বরোগৈঃ প্রমুচ্যতে ।। বহ্নাবনিলমারোপ্য রেফাক্ষরসমন্বিতম্। ত্র্যক্ষং বরপ্রদং রুদ্রং তরুণাদিত্যসন্নিভম্। ভস্মোদ্ধূলিত সর্ব্বাঙ্গং সুপ্রসন্নমনুস্মরন্। ধারয়েদ্‌ঘটিকাঃ পঞ্চ বহ্নিনাসৌ ন দহ্যতে ।। মারুতং মরুতাং স্থানে বর্ণদেবসমন্বিতে। ধারয়েৎ পঞ্চ ঘটিকা বায়ুবদ্ব্যোমগো ভবেৎ ।। আকাশে বায়ুমারোপ্য হকারোপরি শঙ্করম্। বিন্দুরূপং মহাদেবং সর্ব্বলোকৈককারণম্ ।। চিত্তেন চিন্তয়েৎ যদ্বং মুহূর্ত্তমপি ধারয়েৎ। স এব মুক্ত ইত্যুক্তস্তান্ত্রিকেষ্বপি শিক্ষিতৈঃ ।।" ইতি। নির্গুণমাহ—একাগ্রতেতি। একমেব ধ্যাতৃধ্যেয়ধ্যানবিভাগশূন্যং যদগ্রে যস্য যদেকাগ্রং নির্ব্বৃত্তিকং তস্য ভাবস্তত্তা, মনসো বুদ্ধেঃ প্রাণা ইন্দ্রিয়াণি সমনস্কানি তেষামায়ামো নিগ্রহঃ প্রাণায়ামঃ। তথা চ শ্রুতিঃ—"যদা পঞ্চাবতিষ্ঠন্তে

তাঁহারা শাস্ত্রদর্শন অনুসারে ইহাও বলিয়াছেন যে, যোগের মধ্যে সগুণ ও নির্গুণ—এই দুইপ্রকার যোগকার্য্যই উত্তম ॥৮॥

রাজা ! বিষয়বিশেষে মনস্থাপন সগুণ যোগ, আর প্রাণায়াম নির্গুণ যোগ। কেহ কেহ বলেন, মনের একাগ্রতা সগুণ যোগ, আর প্রাণায়াম নির্গুণ যোগ ॥৯॥

নিশায়াঃ প্রথমে যামে চোদনা দ্বাদশ স্মৃতাঃ।
মধ্যে স্বপ্নাৎ পরে যামে দ্বাদশৈব তু চোদনাঃ ॥১১॥

ভারতকৌমুদী

প্রাণায়ামোঽপি সগুণো ভবেদিতি মতান্তরমাহ প্রাণেতি। নির্গুণং নির্গুণব্রহ্মবিষয়কম্। কেবলমেব প্রাণান্ মুঞ্চন্ যদ্দৃশ্যতি যোগী পশ্যতি, তত্র তত্র মনো ধারয়েদিতি সম্বন্ধঃ, তথা সতি বাতাধিক্যং ভবত্যেব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ॥১০॥

প্রাণায়ামস্য সংখ্যাসমন্বয়াবাহ নিশায়া ইতি। নিশায়াঃ প্রথমে যামে দ্বাদশ চোদনা বায়োঃ প্রেরণা স্মৃতা; নিশায়া মধ্যে যামদ্বয়ে স্বপ্নাৎ নিদ্রাতঃ পরে যামে শেষঃ প্রহর ইত্যর্থঃ দ্বাদশৈব তু চোদনা বায়ুপ্রেরণাঃ স্মৃতাঃ। অত্রায়ং ভাবঃ—একস্মিন্ প্রাণায়ামে পূরণস্তম্ভনরেচনভেদাদ্বায়োস্তিস্রঃ প্রেরণা ভবন্তি, তাভিশ্চ তিসৃভির্ব্বায়ুপ্রেরণাভিরেকঃ প্রাণায়ামো জায়তে। এবঞ্চ প্রাণায়াম-চতুষ্টয়করণে বায়োর্দ্বাদশ প্রেরণা ভবন্তি। তেন চ রাত্রেঃ প্রথমেযামে প্রাণায়ামচতুষ্টয়ম্, শেষযামে চ তচ্চতুষ্টয়মুপদিষ্টমিতি ॥১১॥

ভারতভাবদীপঃ

জ্ঞানানি মনসা সহ। বুদ্ধিশ্চ ন বিচেষ্টতি তামাহুঃ পরমাং গতিম্ ॥" ইতি ॥৯॥ সগুণনির্গুণয়োরঙ্গাঙ্গিভাবমাহার্দ্ধেন—প্রাণায়ামো হীতি। নির্গুণং নির্বৃত্তিকং ধারয়েৎ স্থিরং কুর্য্যাৎ। যদীতি। অদৃশ্যতাদৃশ্যমানে মোচনস্থানে যদি বায়ুং মুঞ্চন্ ভবতি তর্হি বাতাধিক্যং ভবত্যেব। অয়মর্থঃ—পূরকাদীনাং মূলাধারাদীনাঞ্চ দেবতাদিকং ধ্যায়ন্ যো বায়ুধারণাং করোতি স সিধ্যতি ধ্যান-বর্জ্জিতং স্বভ্যস্তমপ্যশুং বাধত ইতি। যথোক্তং পবনযোগসংগ্রহে—"প্রাণায়ামেন যুক্তেন সর্ব্বরোগক্ষয়ো ভবেৎ। অযুক্তাভ্যাসযোগেন মহারোগসমুদ্ভবঃ॥" ইতি। যুক্তেন দেবতাধ্যান-যুক্তেন। দেবতাশ্চ যাজ্ঞবল্ক্যোক্তাঃ—"নীলোৎপলদলশ্যামং নাভিমধ্যে ব্যবস্থিতম্। চতুর্ভুজং মহাত্মানং পূরকেণ বিচিন্তয়েৎ॥ কুম্ভকেন হৃদি স্থানং ধ্যায়েত্তু কমলাসনম্। ব্রহ্মাণং রক্ত গৌরাঙ্গং চতুর্ব্বক্ত্রং পিতামহম্॥ রেচকেনেশ্বরং বিদ্যাল্ললাটস্থং মহেশ্বরম্। শুদ্ধস্ফটিকসঙ্কাশং নির্ম্মলং পাপনাশনম্॥" ইত্যাদিনা॥১০॥ নিশায়া ইতি। দ্বাদশ পূর্ব্বোক্তাঃ দ্বাবিংশতিচোদনা এবাত্র সংক্ষেপেণ দ্বাদশ গ্রন্থান্তরে গণিতাঃ। যথোক্তং শিবযোগে—"মূলধারে ত্রিধাবর্ত্তং ব্রহ্মচক্রং ভগোপমম্। তৎকন্দেঽগ্নিনিভে ধ্যায়েদধঃশক্তিমভীষ্টদাম্॥ স্বাধিষ্ঠানং ততশ্চক্রং তত্র চাতুর্দ্দলাম্বুজম্। তদেবোড্ডীয়নং ধ্যায়েৎ পশ্চিমাভিমুখং শিবম্॥ পঞ্চাবর্ত্তং নাভিচক্রে মেঘাকারং তড়িল্লিঙ্গম্। তত্র কুণ্ডলিনীং ধ্যায়েদধঃ শক্তিং সুসিদ্ধিদাম্॥ অধোমুখাষ্টপত্রাজযুক্তং হৃচ্চক্রমিষ্টদম্। তন্মধ্যকর্ণিকাং ধ্যায়েজ্জ্যোতির্লিঙ্গাকৃতিং বিমাম্॥ পঞ্চমং কণ্ঠচক্রন্তু তত্রাঙ্গুলচতুষ্টয়ম্। ইড়াপিঙ্গলয়োর্ধ্যায়েৎ

মৈথিলশ্রেষ্ঠ! কাহারও মতে প্রাণায়াম সগুণ। মনকে নির্গুণ ব্রহ্মবিষয়ে ধারণ করিবে; কিন্তু যোগী প্রাণায়াম কালে যাহা যাহা দেখেন, তাহা তাহা দেখিতে থাকিয়া বায়ু রেচন করিতে থাকিলে, বায়ুর আধিক্য হইবেই; অতএব তাদৃশ প্রাণায়াম করিবেন না॥১০॥

তদেবমুপশান্তেন দান্তেনৈকান্তশীলিনা।
আত্মারামেণ বুদ্ধেন যোক্তব্যোত্মা ন সংশয়ঃ ॥১২॥
পঞ্চানামিন্দ্রিয়াণান্তু দোষানাক্ষিপ্য পঞ্চধা।
শব্দং রূপং তথা স্পর্শং রসং গন্ধং তথৈব চ ॥১৩॥
প্রতিভামপবর্গঞ্চ প্রতিসংহৃত্য মৈথিল!।
ইন্দ্রিয়গ্রামমখিলং মনস্যভিনিবেশ্য হ ॥১৪॥
মনস্তথৈবাহঙ্কারে প্রতিষ্ঠাপ্য নরাধিপ!।
অহঙ্কারং তথা বুদ্ধৌ বুদ্ধিঞ্চ প্রকৃতাবপি ॥১৫॥
এবং হি পরিসংখ্যায় ততো ধ্যায়ন্তি কেবলম্।
বিরজস্কমলং নিত্যমনন্তং শুদ্ধমব্রণম্ ॥১৬॥

ভারতকৌমুদী

তদিতি। এবমনেন প্রকারেণ, উপশান্তেন নিবৃত্তবিষয়ভাবনেন, দান্তেন ইন্দ্রিয়দমনশীলেন, একান্তশীলিনা নির্জ্জনস্থানবাসিনা, আত্মন্যেবারমো নির্বৃত্তির্যস্য তেন বুদ্ধেন যোগবিদা জনেন, আত্মা জীবঃ, যোক্তব্যঃ পরব্রহ্মণি যোজনীয়ঃ, "সংযোগো যোগ ইত্যুক্তো জীবাত্মপরমাত্মনোঃ" ইতি যোগিযাজ্ঞবল্ক্যবচনাৎ; ইত্যর্থে সংশয়ো নাস্তি। যোক্তব্যোত্মেতি সন্ধিরার্ষঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

সুষুম্নাং মধ্যসংস্থিতাম্॥ ষষ্ঠঞ্চ ঘটিকালিঙ্গমূলং তদ্রাজদন্তকম্। ধ্যায়েত্তু দশমং দ্বারং তত্র শূন্যং সুসিদ্ধয়ে॥ ভ্রূচক্রং সপ্তমং দ্বেকমানকন্দং স্ববাক্প্রদম্। ধ্যায়েদ্দিব্যশিখাকারং তন্মধ্যে জ্ঞান-লোচনম্॥ ব্রহ্মরন্ধ্রেঽষ্টমং চক্রং নির্বাণাখ্যং সুসূক্ষ্মদম্। তত্র জালন্ধরং ধ্যায়েৎ সূক্ষ্মং মোক্ষপ্রদং ততঃ॥ আকাশবীজং নবমং প্রশস্তং ত্রিকূটকং পূর্ণগিরেশ্চ পৃষ্ঠে। তত্রোর্দ্ধশক্তিং শুভদাং সুশূন্যাং ধ্যায়েচ্চ সাষ্টারসরোজমধ্যে॥ আকাশবীজং হকারস্তৎস্মরণপূর্ব্বকং শিরস উপরি ভূতাকাশমাত্রং ধ্যায়েৎ। এতা নব চোদনা বায়ুনিগ্রহগর্ভিতাঃ; ততঃ শূন্যাৎ পরং সমষ্টিকার্যে মনো ধারয়েত্ততঃ কারণে ততো নিষ্কলে ইতি তিস্র এবং দ্বাদশ চোদনাঃ। পূর্ব্বরাত্রে আবর্ত্ত্যোকাং নিদ্রাং গৃহীত্বা পশ্চাৎ পুনর্দ্বাদশ এতা এবাভ্যসেদিত্যর্থঃ ॥১১॥ এবং বায়ুধারণাদ্যুপায়েন দুর্দ্দান্তং মনো নিগৃহ্য উপশান্তেন দান্তেন তত্ত্বপ্রতিপত্তিযোগ্যেন একান্তশীলিনা একাকিনা সন্ন্যাসিনেত্যর্থঃ। আত্মন্যেব ন তু স্ত্র্যাদৌ আরমণং যস্য তেনাত্মারামেণ বুদ্ধেন শাস্ত্রতত্ত্ববিদা আত্মা যোক্তব্যঃ। সন্ধিরার্ষঃ ॥১২॥

রাত্রির প্রথম প্রহরে বারটী বায়ুর প্রেরণা অর্থাৎ পূরণ, স্তম্ভন ও রেচনস্বরূপ চারিটী প্রাণায়াম। তৎপরে রাত্রির মধ্যমপ্রহরদ্বয়ে নিদ্রা এবং তৎপরে রাত্রির শেষ-প্রহরে আবার বারটী বায়ুর প্রেরণা অর্থাৎ চারিটী প্রাণায়াম যোগী করিবেন ॥১১॥

এ বিষয়ে সংশয় নাই যে, যোগী বিষয়ান্তরচিন্তাশূন্য, জিতেন্দ্রিয়, নির্জ্জনবাসী, আত্মসন্তুষ্ট ও যোগাভিজ্ঞ হইয়া যোগ অভ্যাস করিবেন ॥১২॥

তস্থুষং পুরুষং নিত্যমভেদ্যমজরামরম্।
শাশ্বতঞ্চাব্যয়ঞ্চৈব ঈশানং ব্রহ্ম চাব্যয়ম্ ॥১৭॥ (কুলকম্)
যুক্তস্য তু মহারাজ! লক্ষণান্যুপধারয়।
লক্ষণং তু প্রসাদস্য যথা তৃপ্তঃ সুখং স্বপেৎ ॥১৮॥
নির্ব্বাতে তু যথা দীপো জ্বলেৎ স্নেহসমন্বিতঃ।
নিশ্চলোর্দ্ধশিখস্তদ্বদ্‌যুক্তমাহুর্মনীষিণঃ ॥১৯॥

ভারতকৌমুদী

পঞ্চানামিতি। পঞ্চানাং শ্রোত্রাদীনামিন্দ্রিয়াণাং পঞ্চধা দোষান্ শব্দাদীন্, আক্ষিপ্য নিরস্য। প্রতিভাং বিষয়ান্তরপ্রকাশম্, অনুবিষয়ভাবনামিতি যাবৎ, অপবর্গং সুষুপ্তাবিব লয়ঞ্চ প্রতিসংহৃত্য অখিলমিন্দ্রিয়গ্রামং মনসি অভিনিবেশ্য তথৈব মনঃ অহঙ্কারে প্রতিষ্ঠাপ্য তথা অহঙ্কারং বুদ্ধৌ বুদ্ধিঞ্চ প্রকৃতাবপি, পরিসংখ্যায় নিবেশ্য ততো যোগিনঃ কেবলমেকম্, বিরজস্কং রজোগুণহীনম্, অলমত্যন্তং নিত্যং ন তু গগনাদিবদ্ব্যবহারিকং নিত্যমিত্যর্থঃ, অনন্তমসীমম্, শুদ্ধং রাগদ্বেষাদিশূন্যম্, অব্রণং পীড়ারহিতম্। তস্থুষং শরীরে তস্থিবাংসম্, আর্ষোঽয়ং শব্দঃ। পুরুষং জীবম্, নিত্যমভেদ্যম্, অজরামরম্, শাশ্বতং সনাতনম্, অব্যয়ং হ্রাসহীনম্, ঈশানং সর্ব্বনিয়ন্তৃ, অব্যয়ং বৃদ্ধিশূন্যঞ্চ ব্রহ্ম ধ্যায়ন্তি ॥১৩—১৭॥

যুক্তস্যেতি। যুক্তস্য যোগব্যাপৃতস্য পুরুষস্য। প্রসাদস্য যোগজনিতপ্রসন্নতায়াঃ, যথা তৃপ্তঃ খাদ্যপেয়াদ্যভাবেঽপি সন্তুষ্ট এব ॥১৮॥

ভারতভাবদীপঃ

কথং যোক্তব্য ইত্যত আহ—পঞ্চানামিতি। দোষানপ্রাপ্তস্পৃহারূপান্, প্রাপ্তমপি শব্দাদিকং চাক্ষিপ্য নিরস্য। এতেন প্রত্যাহার উক্তঃ ॥১৩॥ প্রতিভাং বিক্ষেপম্, অপবর্গং লয়ম্। প্রতিসংহারে যুক্তিমাহ—ইন্দ্রিয়েতি ॥১৪॥ বুদ্ধৌ মহত্তত্ত্বে ॥১৫॥ পরিসংখ্যায় প্রবিলাপ্য। অলমত্যর্থং নিত্যং ন ত্বাকাশাদিবদ্ব্যবহারিকনিত্যম্ ॥১৬॥ তস্থুষং তস্থিবাংসং স্থাণুং কূটস্থমিত্যর্থঃ। নিত্যমভেদ্যম্ অজ্ঞানদশায়াং জীবেশ্বরভাবেন মায়য়া ভিদ্যমানমপ্যাকাশবদভেদ্যম্, অব্যয়মনশ্বরং

মিথিলাপতি নরনাথ! কর্ণপ্রভৃতি পঞ্চজ্ঞানেন্দ্রিয়ের, শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ—এই পঞ্চপ্রকার দোষ দূর করিয়া, চিত্তের বিক্ষেপ ও লয় নিবর্ত্তিত করিয়া, সকল ইন্দ্রিয়কে মনে, মনকে অহঙ্কারে, অহঙ্কারকে বুদ্ধিতে এবং বুদ্ধিকে প্রকৃতিতে প্রতিষ্ঠিত করিয়া, কেবল রজোগুণশূন্য, অত্যন্ত নিত্য, অসীম, রাগদ্বেষাদিশূন্য, পীড়ারহিত, জীবরূপে দেহস্থিত, সর্ব্বদা অভেদ্য, অজর, অমর, সনাতন, হ্রাসবৃদ্ধিশূন্য ও জগতের নিয়ন্তা পরব্রহ্মকে যোগীরা ধ্যান করেন ॥১৩—১৭॥

মহারাজ! যোগব্যাপৃত লোকের লক্ষণ অবধারণ করুন। যোগজনিত প্রসন্নতার ইহাই লক্ষণ যে, খাদ্যপেয়প্রভৃতির অভাব থাকিলেও তিনি সন্তুষ্ট চিত্তেই নিদ্রা যান ॥১৮॥

পাষাণ ইব মেঘোৎথৈর্যথা বিন্দুভিরাহতঃ।
নালঙ্কালয়িতুং শক্যস্তথা যুক্তস্য লক্ষণম্ ॥২০॥
শঙ্খদুন্দুভিনির্ঘোষৈর্বিবিধৈর্গীতবাদিতৈঃ।
ক্রিয়মাণৈর্ন কম্পেত যুক্তস্যৈতন্নিদর্শনম্ ॥২১॥
তৈলপাত্রং যথা পূর্ণং করাভ্যাং গৃহ্য পুরুষঃ।
সোপানমারুহেদ্ভীতস্তর্জ্জ্যমানোঽসিপাণিভিঃ ॥২২॥
সংযতাত্মা ভয়াত্তেষাং ন পাত্রাদ্বিন্দুমুৎসৃজেৎ।
তথৈবোত্তরমাগম্য একাগ্রমনসস্তথা ॥২৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নিরিতি। নির্ব্বাতে বায়ুশূন্যে দেশে, স্নেহসমন্বিতস্তৈলযুক্তঃ। নিশ্চলা উর্দ্ধা চ শিখা যস্য সঃ ॥১৯॥

পাষাণ ইতি। মেঘাৎ মেঘৈরুৎপন্নৈঃ, যুক্তস্য যোগব্যাপৃতস্য পুরুষস্য তথা অলং পর্য্যাপ্তং লক্ষণম্ ॥২০॥

তদেবাহ শঙ্খেতি। নিদর্শনং লক্ষণম্ ॥২১॥

তৈলেতি। গৃহ্য গৃহীত্বা। সংযতাত্মা অতৈলপতনে একাগ্রচিত্তঃ, উত্তরং সর্ব্বশ্রেষ্ঠং ব্রহ্ম, আগম্য ধ্যানেন প্রাপ্য স্থিতস্য একাগ্রমনসোঽপি তথৈব লক্ষণম্ ॥২২—২৩॥

ভারতভাবদীপঃ

যতোঽহবায়ং হ্রাসশূন্যম্ ॥১৭॥ যুক্তস্য সমাধিস্থস্য। সুখং স্বপেদিতি স্বসংবেদ্যং লক্ষণম্ ॥১৮—১৯॥ পাষাণ ইবেতি পরসংবেদ্যম্ ॥২০—২১॥ যুক্তস্য লক্ষণামুক্ত্বা যুঞ্জানস্যাহ—তৈলেতি। উত্তরমুৎ-

তৈলযুক্ত দীপ যেমন বায়ুশূন্য স্থানে জ্বলিতে থাকে, তখন সেই দীপের শিখা উপরের দিকে নিশ্চলভাবে অবস্থান করে; যোগব্যাপৃত পুরুষের লক্ষণও সেইরূপই—ইহা জ্ঞানীরা বলেন ॥১৯॥

মেঘের বারিবিন্দু যেমন আঘাত করিয়াও পাথর চালাইতে পারে না, যোগব্যাপৃত পুরুষের লক্ষণও সেইরূপই ॥২০॥

শঙ্খ ও দুন্দুভির শব্দ এবং নানাবিধ গীত ও বাদ্য করিতে থাকিলেও যোগী যে বিচলিত হন না, তাহাই তাঁহার লক্ষণ ॥২১॥

কোন মানুষ হস্তযুগলদ্বারা তৈলপূর্ণ একটী পাত্র ধারণ করিয়া, সোপানে আরোহণ করিতে থাকে; তখন খড়্গহস্ত লোকেরা তাহার উপর তর্জ্জনগর্জ্জন করিতে থাকিলে, সে ভীত হইয়াও একাগ্রচিত্ত থাকিয়াই সেই পাত্র হইতে তৈলের

(১৯) নিবাতে তু যথা দীপঃ—বর্দ্ধ।

স্থিরত্বাদিন্দ্রিয়াণাস্তু নিশ্চলত্বাত্তথৈব চ।
এবং যুক্তস্ত তু মুনের্লক্ষণান্যুপলক্ষয়েৎ ॥২৪॥
স্বযুক্তঃ পশ্যতে ব্রহ্ম যত্তৎ পরমমব্যয়ম্।
মহতস্তমসো মধ্যে স্থিতং জ্বলনসন্নিভম্ ॥২৫॥
এতেন কেবলং যাতি ত্যক্ত্বা দেহমসাক্ষিকম্।
কালেন মহতা রাজন্! শ্রুতিরেষা সনাতনী ॥২৬॥
এতদ্ধি যোগং যোগানাং কিমন্যদ্‌যোগলক্ষণম্।
বিজ্ঞায় তদ্ধি মন্যন্তে কৃতকৃত্যা মনীষিণঃ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে যাজ্ঞবল্ক্যজনকসংবাদে ষড়ধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স্থিরত্বাদিতি। ইন্দ্রিয়াণাং শ্রোত্রাদীনাং স্থিরত্বাৎ শব্দাদিবিষয়েভ্যো নিবর্ত্তনেন স্থিরত্বং বিধায়, তথৈব চ নিশ্চলত্বাৎ মনসশ্চ বিষয়ান্তরান্নিবর্ত্তনেন নিশ্চলত্বং কৃত্বা। উভয়ত্রাপি ল্যব লোপে পঞ্চমী। যুক্তস্ত যোগমভ্যস্যতো মুনেঃ এবং লক্ষণানি উপলক্ষয়েৎ ॥২৪॥

স্বেতি। স্বস্মিন্নাত্মনি যুক্তো ধ্যানেন মিলিতঃ পুরুষঃ, মহতস্তমসঃ অন্ধকারস্য মধ্যে স্থিতং জ্বলনসন্নিভং বহ্নিতুল্যং পরমং শ্রেষ্ঠম্, অব্যয়মনশ্বরঞ্চ যদ্ব্রহ্ম তৎ পশ্যতে ॥২৫॥

এতেনেতি। যোগী অসাক্ষিকমচেতনং দেহং ত্যক্ত্বা কেবলং ব্রহ্ম যাতি ॥২৬॥

ভারতভাবদীপঃ

কূটস্থম্ একাগ্রমনসঃ লক্ষণমিতি শেষঃ ॥২২—২৩॥ স্থিরত্বাদ্বহির্ম্মুখত্বনিবৃত্তেঃ। নিশ্চলত্বাদন্তরপ্রকম্প্যত্বাৎ ॥২৪॥ মহতো মহত্তত্ত্বস্য মধ্যে স্থিতং ত্বম্পদার্থম্, তমসো মধ্যে স্থিতং তৎপদার্থম্, জ্বলনসন্নিভং চিন্মাত্রং তদুভয়ানুস্যূতম্ ॥২৫॥ এতেন দর্শনেন কেবলং মোক্ষং দেহত্যাগাৎ প্রাক্ কিঞ্চিদ-

---

একটী বিন্দুও যেমন নিপাতিত করে না, সেইরূপই যোগী ধ্যানে পরব্রহ্ম লাভ করিতে থাকিয়া একাগ্রচিত্তভাবশতঃ সে ধ্যান ত্যাগ করেন না ॥২২—২৩॥

কর্ণপ্রভৃতি ইন্দ্রিয়গণকে স্থির করিয়া এবং মনকে নিশ্চল রাখিয়া যোগব্যাপৃত মুনির এইরূপ লক্ষণই লক্ষ্য করিবেন ॥২৪॥

যোগযুক্ত পুরুষ বিশাল অন্ধকারমধ্যে স্থিত অগ্নির তুল্য, সর্ব্বশ্রেষ্ঠ ও নিত্য যে ব্রহ্ম আছেন, তাঁহাকে দর্শন করিতে থাকেন ॥২৫॥

রাজা! এইরূপ সনাতনী শ্রুতি আছে যে, মানুষ দীর্ঘকালে অচেতন দেহ ত্যাগ করিয়া, এই যোগবলেই মুক্তিলাভ করে ॥২৬॥

---

* '...ষোড়শাধিকত্রিশততমোঽধ্যায়ঃ' বঙ্গবং, '...একবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ' নি।

সপ্তাধিকত্রিশততমোঽধ্যায়ঃ।

—::—

যাজ্ঞবল্ক্য উবাচ।

তথৈবোৎক্রমমাণস্ত শৃণুষ্বাবহিতো নৃপ।।
পদ্ভ্যামুৎক্রমমাণস্য বৈষ্ণবং স্থানমুচ্যতে ॥১॥
জঙ্ঘাভ্যাস্তু বসূন্ দেবানাপ্নুয়াদিতি নঃ শ্রুতম্।
জানুভ্যাঞ্চ মহাভাগান্ সাধ্যান্ দেবানবাপ্নুয়াৎ ॥২॥

ভারতকৌমুদী

এতদিতি। যোগানাং পূর্ব্বব্যাখ্যানাদযোগিনাম্, এতদ্ধি যোগং যোগলক্ষণম্। ক্লীবমন্যার্থম্। মনীষিণঃ তদ্ব্রহ্ম বিজ্ঞায় বয়ং কৃতকৃত্যা ইতি মন্যন্তে ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে ষড়ধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

তথেতি। উৎক্রমমাণং দেহং বিহায় গচ্ছন্তম্। উৎক্রমমাণস্য দেহং বিহায় গচ্ছতঃ ॥১॥

জঙ্ঘাভ্যামিতি। বসূন্ দেবান্, বসু লোকম্। এবমুত্তরত্র ॥২॥

ভারতভাবদীপঃ

জানাম্যবৃত্তিরস্তীতি ভাবঃ ॥২৬॥ যোগং ক্লীবত্বমার্ষম্। বয়ং কৃতাকৃত্যা ইতি মন্যন্তে মনীষিণঃ, অমুক্তবসিদ্ধং যোগাৎ কৈবল্যমিত্যর্থঃ। তথা চ শ্রুতিঃ—"ঊর্দ্ধমূলমবাক্‌শাখং বৃক্ষং যো বেদ সম্প্রতি। ন স জাতু জনঃ শ্রদ্দধ্যান্মৃত্যুর্ম্মামারয়াৎ।।" ইতি ॥২৭॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষড়ধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥৩০৬॥

যোগিগণের ইহাই যোগলক্ষণ। এতদ্ভিন্ন যোগলক্ষণ কি হইবে। পণ্ডিতেরা যোগবলে এই ব্রহ্মকে জানিয়া 'আমরা কৃতকার্য্য হইয়াছি' এইরূপ মনে করেন' ॥২৭॥

—:০:—

যাজ্ঞবল্ক্য বলিলেন—'রাজা! মানুষ দেহত্যাগ করিয়া চলিয়া যাইবার সময়ে, যে যে স্থান দিয়া প্রাণত্যাগ করিলে যেরূপ যেরূপ ফল হয়, তাহা আমি বলিতেছি, আপনি অবহিত হইয়া শ্রবণ করুন। মানুষ চরণযুগলদ্বারা প্রাণ বাহির করিয়া দিয়া বিষ্ণুলোক লাভ করে ॥১॥

আমাদের শুনা আছে যে—মানুষ জঙ্ঘাযুগলদ্বারা প্রাণ বাহির করিয়া দিয়া বসুলোক লাভ করে এবং জানুযুগলদ্বারা প্রাণত্যাগ করিয়া সাধ্যলোক প্রাপ্ত হয় ॥২॥

পায়ুনোৎক্রমমাণস্তু মৈত্রং স্থানমবাপ্নুয়াৎ।
পৃথিবীং জঘনেনাথ উরুভ্যাঞ্চ প্রজাপতিম্ ॥৩॥
পার্শ্বাভ্যাং মরুতো দেবান্নাসাভ্যামিন্দুমেব চ।
বাহুভ্যামিন্দ্রমেবাহুরুরসা রুদ্রমেব চ ॥৪॥
গ্রীবয়া তু মুনিশ্রেষ্ঠং নরমাপ্নোত্যনুত্তমম্।
বিশ্বেদেবান্ মুখেনাথ দিশঃ শ্রোত্রেণ চাপ্নুয়াৎ ॥৫॥
ঘ্রাণেন গন্ধবহনং নেত্রাভ্যামগ্নিমেব চ।
ভ্রূভ্যাঞ্চৈবাশ্বিনৌ দেবৌ ললাটেন পিতৄনথ ॥৬॥
ব্রহ্মাণমাপ্নোতি বিভুং মূর্দ্ধ্না দেবাগ্রজং তথা।
এতান্যুৎক্রমণস্থানান্যুক্তানি মিথিলেশ্বর! ॥৭॥

ভারতকৌমুদী

পায়ুনেতি। মৈত্রং স্থানং মিত্রদেবতালোকম্। প্রজাপতিঃ প্রজাপতিলোকম ॥৩॥
পার্শ্বাভ্যামিতি। মরুতো বায়ূন্। উরসা বক্ষসা ॥৪॥
গ্রীবয়েতি। নরং নাম তল্লোকমিত্যর্থঃ ॥৫॥
ঘ্রাণেনেতি। ঘ্রাণেন নাসিকয়া, গন্ধবহনং বায়ুম্ ॥৬॥

ভারতভাবদীপঃ

কৈবল্যপ্রাপ্তিং রাজযোগফলমুক্ত্বা হঠযোগফলমাহ—তৈলেবেত্যাদিনা। অত্র যস্মিন্ যস্মিন্নাধারে সমনস্কো বায়ুরামরণান্তং ধ্রিয়তে তত্তদাধারদেবতালোকং তেন তেনৈবাধারদ্বারেণোৎক্রম্য গচ্ছতীতি

পায়ুদ্বারা প্রাণ বাহির করিয়া দিয়া, মিত্রদেবতার লোক লাভ করে, জঘনদ্বারা প্রাণত্যাগ করিয়া আবার পৃথিবীতেই আগমন করে এবং উরুযুগলদ্বারা প্রাণ বাহির করিয়া দিয়া প্রজাপতিলোক প্রাপ্ত হয় ॥৩॥

পার্শ্বযুগলদ্বারা প্রাণত্যাগ করিয়া বায়ুলোক, নাসাযুগলদ্বারা প্রাণ বাহির করিয়া দিয়া চন্দ্রলোক, বাহুযুগলদ্বারা প্রাণত্যাগ করিয়া ইন্দ্রলোক এবং বক্ষদ্বারা প্রাণ-নিঃসারণ করিয়া রুদ্রলোক লাভ করে ॥৪॥

গ্রীবাদ্বারা প্রাণত্যাগ করিয়া নরনামক মুনিশ্রেষ্ঠের লোক, মুখদ্বারা প্রাণত্যাগ করিয়া বিশ্বেদেবলোক এবং কর্ণদ্বারা প্রাণ বাহির করিয়া দিগ্‌দেবতা প্রাপ্ত হয় ॥৫॥

নাসিকাদ্বারা প্রাণত্যাগকারী বায়ুলোক, নয়নযুগলদ্বারা প্রাণত্যাগকারী অগ্নিলোক, ভ্রূযুগলদ্বারা প্রাণত্যাগকারী অশ্বিনীকুমারলোক এবং ললাটদ্বারা প্রাণত্যাগকারী পিতৃলোক প্রাপ্ত হয় ॥৬॥

অরিষ্টানি প্রবক্ষ্যামি বিহিতানি মনীষিভিঃ।
সংবৎসরবিয়োগস্য সম্ভবন্তি শরীরিণঃ।
যোঽরুন্ধতীং ন পশ্যেত দৃষ্টপূর্ব্বাং কদাচন ॥৮॥
তথৈব ধ্রুবমিত্যাহুঃ পূর্ণেন্দুং দীপমেব চ।
খণ্ডাভাসং দক্ষিণতস্তেঽপি সংবৎসরায়ুষঃ ॥৯॥
পরচক্ষুষি চাত্মানং যে ন পশ্যন্তি পার্থিব!।
আত্মচ্ছায়াকৃতীভূতং তেঽপি সংবৎসরায়ুষঃ ॥১০॥
অতিদ্যুতিরতিপ্রজ্ঞা অপ্রজ্ঞা চাদ্যুতিস্তথা।
প্রকৃতের্বিক্রিয়াপত্তিঃ ষণ্মাসান্ মৃত্যুলক্ষণম্ ॥১১॥

ভারতকৌমুদী

ব্রহ্মাণমিতি। বিভুং সৃষ্টিশক্তিমন্তম্ ॥৭॥

অরিষ্টানীতি। অরিষ্টানি অমঙ্গলসূচকানি লক্ষণানি, বিহিতান্যুক্তানি। সংবৎসর এব বিয়োগঃ প্রাণবিচ্ছেদো যস্য তস্য, অরুন্ধতীং তদাখ্যং নক্ষত্রম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৮॥

তথেতি। ধ্রুবং নক্ষত্রম্। খণ্ডাভাসং ছিন্নদীপ্তিং পশ্যন্তি ॥৯॥

পরেতি। আত্মচ্ছায়াকৃতীভূতমাত্মানম্, নিজপ্রতিবিম্বমিত্যর্থঃ ॥১০॥

ভারতভাবদীপঃ

প্রষ্টকভাৎপর্য্যম্ ॥১—৬॥ মূর্দ্ধা সুষুম্ণা নাড্যা ব্রহ্মরন্ধ্রেণ, এতৎ ক্রমমুক্তিস্থানং নাস্তৎ। তথা চ শ্রুতিঃ—"শতং চৈকা চ হৃদয়স্য নাড্যস্তাসাং মূর্দ্ধানমভিনিঃসৃতৈকা। তয়োর্দ্ধমায়ন্নমৃতত্বমেতি বিষ্বঙ্ঙন্যা উৎক্রমণে ভবন্তি॥" ইতি ॥৭॥ মৃত্যুং সন্নিহিতং জ্ঞাত্বাপি হিতমাচরেদিত্যাশয়েনাহ—

আর যে লোক মস্তকদ্বারা প্রাণত্যাগ করিতে পারে, সেই লোক সর্ব্বদেব-জ্যেষ্ঠ ও প্রভু ব্রহ্মার লোকে গমন করে। মিথিলেশ্বর! এই আমি উৎক্রমণস্থান সকল বলিলাম ॥৭॥

এখন আমি জ্ঞানিগণপ্রোক্ত অমঙ্গলসূচক লক্ষণ সকল বলিব। এক বৎসর মধ্যে যাহার প্রাণবিয়োগ হইবে, তাহার এই সকল লক্ষণ হয়। যে লোক পূর্ব্বে কখনও অরুন্ধতী নক্ষত্র দেখিতে পাইত, এখন আর দেখিতে পায় না, এমন হইলে তাহার এক বৎসর মধ্যে প্রাণবিয়োগ হইবে ॥৮॥

জ্ঞানীরা বলেন—ধ্রুবনক্ষত্র দেখিতে না পাইলেও এক বৎসরের মধ্যেই প্রাণ-বিয়োগ হয়। আর পূর্ণচন্দ্র ও প্রদীপকে বিচ্ছিন্নদীপ্তরূপে যাহারা দেখে, তাহাদেরও এক বৎসর আয়ু ॥৯॥

রাজা! যাহারা পরের চোখের ভিতরে নিজের প্রতিবিম্ব দেখিতে পায় না, তাহাদেরও এক বৎসরই আয়ু ॥১০॥

দৈবতান্যবজানাতি ব্রাহ্মণৈশ্চ বিরুধ্যতে।
কৃষ্ণশ্যাবচ্ছবিচ্ছায়ঃ ষণ্মাসান্ মৃত্যুলক্ষণম্ ॥১২॥
ঊর্ণনাভের্যথা চক্রং ছিদ্রং সোমং প্রপশ্যতি।
তথৈব চ সহস্রাংশুং সপ্তরাত্রেণ মৃত্যুভাক্ ॥১৩
শবগন্ধমুপাঘ্রাতি সুরভিং প্রাপ্য যো নরঃ।
দেবতায়তনস্থস্তু সপ্তরাত্রেণ মৃত্যুভাক্ ॥১৪॥
কর্ণনাসাবনমনং দন্তদৃষ্টিবিরাগিতা।
সংজ্ঞালোপো নিরুষ্মত্বং সদ্যো মৃত্যুনিদর্শনম্ ॥১৫॥

ভারতকৌমুদী

অতীতি। অতিদ্যুতিঃ সাতিশয়কান্তিঃ, অতিপ্রজ্ঞা বিশেষেণ বুদ্ধিমন্তঃ, অপ্রজ্ঞা নির্ব্বোধাঃ, অদ্যুতির্ভ্রষ্টকান্তিঃ, প্রকৃতেঃ স্বভাবস্য বিক্রিয়াপ্রাপ্তির্বিকারপ্রাপ্তিঃ ॥১১॥

দৈবতানীতি। কৃষ্ণা শ্যাবা ধূম্রা বা ছবিঃ কান্তির্যস্য ত্বচেব ছায়া কান্তির্যস্য সঃ, তাদৃশচ্ছায়শ্চ মিত্যর্থঃ ॥১২॥

ঊর্ণেতি। ঊর্ণনাভের্লূতায়াঃ চক্রং চক্রাকারং সূত্রজালম্, ছিদ্রং ছিদ্রান্বিতম্ ॥১৩॥

শবেতি। উপাঘ্রাতি উপজিঘ্রতি, সুরভিং সৌগন্ধ্যম্ ॥১৪॥

কর্ণেতি। কর্ণয়োর্নাসয়োশ্চ অবনমনম্, দন্তানাং দৃষ্টৌশ্চক্ষুষোশ্চ বিরাগিতা বর্ণবৈষম্যম্, নিরুষ্মত্বং দেহস্য তাপশূন্যতা ॥১৫॥

ভারতভাবদীপঃ

অরিষ্টানীতি ॥৮—১১॥ প্রকৃতের্বিক্রিয়া, দাতুঃ কার্পণ্যম্, কৃপণস্য দাতৃত্বমিত্যাদিঃ ॥১২॥ কৃষ্ণস্য শ্যাবচ্ছবির্ধূসরতা তচ্ছায়াপত্তিস্মরণচিহ্নম্। ছিদ্রং ছিদ্রবস্তুম্ ॥১৩॥ শবগন্ধমিতি। সুরভি

সুন্দর লোক যে কুৎসিত হইয়া যায়, বুদ্ধিমান্ মানুষ যে নির্ব্বোধ হইয়া পড়ে এবং স্বভাবের যে পরিবর্ত্তন হয়, এইগুলি ছয় মাসের মধ্যে মৃত্যুর লক্ষণ ॥১১॥

যে লোক দেবতার প্রতি অবজ্ঞা কিংবা ব্রাহ্মণের সহিত বিরোধ করে এবং যাহার দেহ কৃষ্ণবর্ণ বা ধূম্রবর্ণ হইয়া যায়, তাহার ছয়মাসের মধ্যে মৃত্যু হইয়া থাকে ॥১২॥

যে লোক চক্রাকার মাকড়সার জালের ন্যায় চন্দ্রমণ্ডলে বা সূর্য্যমণ্ডলে ছিদ্র দর্শন করে, সপ্তাহের মধ্যে তাহার মৃত্যু হয় ॥১৩॥

যে লোক দেবগৃহে থাকিয়া সুগন্ধ পাইয়াও শবগন্ধ অনুভব করে, সপ্তাহের মধ্যে তাহার মৃত্যু হয় ॥১৪॥

কর্ণ ও নাসিকা ঝুলিয়া পড়া, দন্ত ও দৃষ্টির বৈবর্ণ্য, সংজ্ঞা লোপ এবং দেহের তাপশূন্যতা—এইগুলি সদ্যমৃত্যুর লক্ষণ ॥১৫॥

অকস্মাচ্চ স্রবেদ্‌যস্য বামমক্ষি নরাধিপ ।
মূর্দ্ধতো বোৎপতেদ্ধূমঃ সদ্যো মৃত্যুনিদর্শনম্ ॥১৬॥
এতাবন্তি ত্বরিষ্টানি বিদিত্বা মানবোহত্মবান্ ।
নিশি চাহনি চাত্মানং যোজয়েৎ পরমাত্মনি ॥১৭॥
প্রতীক্ষমাণস্তৎকালং যৎ কালং প্রেততা ভবেৎ ।
অথাস্য নেষ্টং মরণং স্থাতুমিচ্ছেদিমাং ক্রিয়াম্ ॥১৮॥
সর্ব্বগন্ধান্ রসাংশ্চৈব ধারয়েত নরাধিপ ।
তথা হি মৃত্যুং জয়তি তৎপরেণান্তরাত্মনা ॥১৯॥

ভারতকৌমুদী

অকস্মাদিতি। স্রবেৎ জলং নিঃসারয়েৎ ॥১৬॥

এতাবন্তীতি। আত্মবান্ মৃত্যুনিবারণে যত্নবান্ সন্। ঈদৃশঃ সন্ধিরার্ষঃ। আত্মানং স্বজীবম্ ॥১৭॥

প্রতীক্ষেতি। যস্মিন্ কাল ইতি যৎকালম্। অত্যন্তসংযোগে দ্বিতীয়া, প্রেততা মৃত্যুঃ। অথ চেৎ অস্য মানবস্য মরণং নেষ্টম্, তদা ইমাং বক্ষ্যমাণাং ক্রিয়ামবলম্ব্য স্থাতুং জীবিতুমিচ্ছেৎ ॥১৮॥

সর্ব্বেতি। তৎপরেণ ব্রহ্মধ্যাননিরতেন। সর্ব্বগন্ধান্ রসাংশ্চ ধারয়েত অবধ্বংসয়েৎ বর্জ্জয়েদিত্যর্থঃ। "ধৃঙ্ অবধ্বংসনে" ইত্যস্য প্রয়োগঃ। তথাহি তেনৈব মৃত্যুং জয়তি "ন তস্য রোগো ন জরা ন মৃত্যুঃ, প্রাপ্তস্য যোগাগ্নিময়ং শরীরম্" ইতি শ্রুতেঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

স্রবেৎ শবগন্ধগ্রহ ইত্যর্থঃ ॥১৪—১৬॥ অরিষ্টজ্ঞানফলমাহ—এতাবন্তীতি ॥১৭॥ যোগিনো মরণাদন্যৎ কর্ত্তব্যং নাস্তীত্যাহ—প্রতীক্ষমাণ ইতি ॥১৮॥ মৃত্যুমপি নেচ্ছেচ্চেদিমাং বক্ষ্যমাণাং ক্রিয়া স্থাতুং কর্ত্তুমিচ্ছেদিত্যাহার্থেতি। পূর্ব্বোক্তরীত্যা পৃথিব্যাদিজয়াদ্‌গন্ধাদিজয়ো ভবতীতি পঞ্চভূতজয়ান্মৃত্যুং জয়তীত্যর্থঃ। তথা চ শ্রুতিঃ—"পৃথ্ব্যাপ্যতেজোহনিলখে সমুত্থিতে পঞ্চাত্মকে

নরনাথ! যাহার বামচক্ষু হইতে অকস্মাৎ জলস্রাব হয় কিংবা মস্তক হইতে ধূম উঠে, তাহা তাহার সদ্যমৃত্যুর লক্ষণ ॥১৬॥

মানুষ এই সকল অমঙ্গললক্ষণ জানিয়া, যত্নবান্ হইয়া, দিনে ও রাত্রিতে আপন জীবাত্মাকে পরমাত্মাতে সংযুক্ত করিবে ॥১৭॥

মানুষের মরণ যদি অভীষ্ট না হয়, তবে যে সময়ে মৃত্যু হইবে, সেই সময়ের প্রতীক্ষা করিয়া, এই বক্ষ্যমাণ কার্য্য অবলম্বনপূর্ব্বক, জীবিত থাকিবার ইচ্ছা করিবে ॥১৮॥

নরনাথ! সমস্ত গন্ধ ও রস পরিত্যাগ করিবে; তাহা হইলেই ব্রহ্মপরায়ণ অন্তরাত্মার গুণে মৃত্যুকে জয় করিতে পারিবে ॥১৯॥

সসাংখ্যধারণঞ্চৈব বিদিতাত্মা নরর্ষভ।।
জয়েচ্চ মৃত্যুং যোগেন তৎপরেণান্তরাত্মনা ॥২০॥
গচ্ছেৎ প্রাপ্যাক্ষয়ং কৃৎস্নমজন্ম শিবমব্যয়ম্।
শাশ্বতং স্থানমচলং দুষ্প্রাপমকৃতাত্মভিঃ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে যাজ্ঞবল্ক্যজনকসংবাদে সপ্তাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

সেতি। সাংখ্যধারণেন সাংখ্যজ্ঞানাবলম্বনেন সহেতি সসাংখ্যধারণং যথা স্যাত্তথা, বিদিতাত্মা জ্ঞাততত্ত্বঃ সন্, তৎপরেণান্তরাত্মনা ব্রহ্মপরায়ণেন চিত্তেন তদ্রূপেণ যোগেন তদানীং মৃত্যুং জয়েৎ ॥২০॥

কালে মৃত্যৌ ভবত্যপি তদ্‌যোগফলমাহ গচ্ছেদিতি। প্রাপ্য যোগেন ব্রহ্ম লব্ধা, কৃৎস্নং ব্রহ্মাদিসকলম্, অক্ষয়ম্, অজন্ম পুনর্জ্জন্মরহিতম্, শিবং মঙ্গলময়ম্, অব্যয়ং হ্রাসহীনম্, শাশ্বতং সদাতনম্, অচলং স্থিরম্, অকৃতাত্মভিঃ অবিহিতযোগবৈর্জ্জনৈঃ দুষ্প্রাপ্যং স্থানং গচ্ছেৎ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে সপ্তাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

যোগগুণে প্রবৃত্তে। ন তস্য রোগো ন জরা ন মৃত্যুঃ প্রাপ্তস্য যোগাগ্নিময়ং শরীরম্ ॥" ইতি ॥১৯॥ সাংখ্যযোগয়োর্ম্মুখ্যং ফলমাহ—সসাংখ্যেতি। সাংখ্যং চ ধারণেতি যোগ উচ্যতে; তাভ্যাং সমুচ্চিতাভ্যাং সহিতং যথা স্যাত্তথা বিদিতাত্মা। মৃত্যুং সংসারম্ ॥২০॥ গচ্ছেদিতি। অক্ষয়মবিনাশি, অব্যয়মপচয়শূন্যম্, অচলমপরিণামি প্রকৃতেরন্যদিত্যর্থঃ ॥২১॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥৩০৭॥

নরশ্রেষ্ঠ! তত্ত্বজ্ঞানী হইয়া সাংখ্যজ্ঞান অবলম্বনপূর্ব্বক, ব্রহ্মপরায়ণ অন্তরাত্মার গুণে মৃত্যুকে জয় করিতে পারিবে ॥২০॥

মানুষ ধ্যানের ফলে ব্রহ্মলাভ করিয়া, অক্ষয়, আবৃত্তিরহিত, মঙ্গলময়, হ্রাস-বিহীন, সর্ব্বদা বিদ্যমান, নিশ্চল এবং অযোগীর দুষ্প্রাপ্য স্থানে গমন করিতে পারিবে' ॥২১॥

* '...সপ্তদশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...দ্বাবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ'—নি।

অষ্টাধিকত্রিশততমোঽধ্যায়ঃ।

—:০:—

যাজ্ঞবল্ক্য উবাচ।

অব্যক্তস্থং পরং যত্তৎ পৃষ্টস্তেঽহং নরাধিপ ।।
পরং গুহ্যমিমং প্রশ্নং শৃণুষ্বাবহিতো নৃপ ! ॥১॥
যথার্ষেণেহ বিধিনা চরতাবনতেন হ।
ময়াদিত্যাদবাপ্তানি যজুংষি মিথিলাধিপ ! ॥২॥
মহতা তপসা দেবস্তপিষ্ণুঃ সেবিতো নৃপ ।।
প্রীতেন চাহং বিভুনা সূর্য্যেণোক্তস্তদানঘ ! ॥৩॥

ভারতকৌমুদী

অব্যক্তেতি। অব্যক্তে স্বরূপ এব তিষ্ঠতীতি তৎ। তে ত্বয়া ॥১॥

যথেতি। আর্ষেণ ঋষিযোগ্যেন, বিধিনা ব্রহ্মচর্য্যাদিনিয়মেন চরতা ময়া অবনতেন আদিত্য-সমীপে প্রণতেন সতা যথা আদিত্যাৎ যজুংষি অবাপ্তানি, তথা শৃণুষ্বেত্যানুবৃত্তিঃ ॥২॥

মহতেতি। তপিষ্ণুস্তপনঃ, বিভুনা ব্রহ্মরূপতয়া ব্যাপকেন ॥৩॥

ভারতভাবদীপঃ

অচলত্বেন প্রকৃতেরন্তস্থং ব্রহ্মণং প্রতিপাদয়িতুমারভতে—অব্যক্তস্থমিতি। অত্রাব্যক্তমব্যাকৃতং মায়াশবলং হার্দ্দাকাশ ইতি পর্য্যায়াস্ত্রিগুণাত্মকস্ত কারণস্ত ব্রহ্মণো বাচকাঃ। চক্রে নাভিরিব শ্রিতেতি প্রয়োগদর্শনাত্তত্র বিশিষ্টে নিকৃষ্টং চক্রনাভিন্যায়েন শ্রিতং বস্তুব্যক্তস্থম্, কিমব্যক্তং পরং ব্রহ্ম তস্মাচ্চ পরতত্ত্ব কিমিতি পৃষ্টস্তে ত্বয়াহম্ ॥১॥ নিষ্কলব্রহ্মব্রহ্মবিদ্যায়া দৌর্লভ্যং গোপ্যত্বং দেবতাপ্রসাদপ্রাপ্যত্বঞ্চ দর্শয়িতুমাখ্যায়িকামাহ—যথার্ষেণেত্যাদিনা। "আদিত্যানীমানি শুক্লানি যজুংষি বাজসনেয়েন যাজ্ঞবল্ক্যেনাখ্যায়ন্তে" ইতি শ্রুতেরাদিত্যপ্রসাদাৎ পঞ্চদশশাখাত্রষ্টুর্শ্মম্ বচন-

যাজ্ঞবল্ক্য বলিলেন—'রাজা নরনাথ! আপনি আমার নিকটে সেই যে অব্যক্ত-স্থানস্থ পরব্রহ্মের কথা জিজ্ঞাসা করিয়াছিলেন, সেই উত্তম প্রশ্নের এই উত্তর আপনি অবহিত হইয়া শ্রবণ করুন ॥১॥

মিথিলেশ্বর! একদা আমি ঋষিযোগ্য নিয়মে বিচরণ করিতে থাকিয়া, সূর্য্যের নিকটে যাইয়া, অবনত হইয়া, যে ভাবে তাঁহার নিকট হইতে যজুর্ব্বেদ পাইয়াছিলাম, তাহা আপনি শ্রবণ করুন ॥২॥

নিষ্পাপ রাজা! আমি বিশেষ কষ্টকরভাবে সূর্য্যের আরাধনা করিলে, তিনি সন্তুষ্ট হইয়া আমাকে বলিয়াছিলেন—॥৩॥

বরং বৃণীষ বিপ্রর্ষে। যদিষ্টং তে সুদুর্লভম্।
তত্তে দাস্যামি প্রীতাত্মা মৎপ্রসাদো হি দুর্লভঃ ॥৪॥
ততঃ প্রণম্য শিরসা ময়োক্তস্তপতাংবরঃ।
যজুংষি নোপযুক্তানি ক্ষিপ্রমিচ্ছামি বেদিতুম্ ॥৫॥
ততো মাং ভগবানাহ বিতরিষ্যামি তে দ্বিজ।।
সরস্বতীহ বাগ্ভূতা শরীরং তে প্রবেক্ষ্যতি ॥৬॥
ততো মামাহ ভগবানাস্যং স্বং বিবৃতং কুরু।
বিবৃতঞ্চ ততো মেঽস্যং প্রবিষ্টা চ সরস্বতী ॥৭॥
ততো বিদহ্যমানোঽহং প্রবিষ্টোঽম্ভস্তদানঘ।।
অবিজ্ঞানাদমর্ষাচ্চ ভাস্করস্য মহাত্মনঃ ॥৮॥

ভারতকৌমুদী

বরমিতি। সুদুর্লভমপি। প্রীতাত্মা সন্তুষ্টচিত্তঃ ॥৪॥

যে হেতু মহত্তত্ত্বরূপা এই বুদ্ধি, নিজের বিশালত্ব ও জড়ত্ব আশ্রয় করিয়া, তন্মাত্র-প্রভৃতির উপরিস্থিত অব্যক্তাব্যক্ততর অহঙ্কারকে সৃষ্টি করে; সেই হেতু এই বুদ্ধিতত্ত্ব অহঙ্কার অপেক্ষায় প্রকৃতিও বটে ॥৪৩॥

আসুরি! তুমি যে বলিয়াছ, ব্যক্তাব্যক্ত কি, ইহার উত্তর বলিতেছি— ॥৪৪॥

বিরিঞ্চোঽভিমানিনী ॥৪৭॥ অবিবেক ঈর্ষ্যা কামঃ ক্রোধো লোভো মদো দর্পো মমকারশ্চৈতান্যহঙ্কারপর্য্যায়নামানি ভবন্তি ॥৪৮॥ এবমাহ ।৪৯॥

অহং কর্ত্তেত্যহংকর্ত্তা সসৃজে বিশ্বমীশ্বরঃ।
তৃতীয়মেনং পুরুষমভিমানগুণং বিদুঃ ॥৫০॥

অহঙ্কারাদ্যুগপদুৎপাদয়ামাস পঞ্চ মহাভূতানি শব্দস্পর্শরূপরসগন্ধলক্ষণানি ॥৫১॥ তান্যেব বুধ্যন্ত ইতি ॥৫২॥ এবমাহ ॥৫৩॥

ভারতকৌমুদী

তদিতি। তদেতৎ ব্যক্তাখ্যং মহত্তত্ত্বম্ অহঙ্কারতত্ত্বঞ্চ, উভয়োর্ব্বিরিঞ্চিবৈরিঞ্চায়োঃ, হিরণ্যগর্ভতদপত্যয়োঃ, একৈকস্য উৎপত্তিরুৎপত্তিস্থানম্। তথা চ মহত্তত্ত্বং বিরিঞ্চেঃ, অহঙ্কারতত্ত্বঞ্চ বৈরিঞ্চস্য কশ্যপাদেরুৎপত্তিস্থানমিতি ভাবঃ ॥৪৬॥

বিরিঞ্চ ইতি। বিরিঞ্চো ব্রহ্মা, অভিমানিনী অভিমানবৃত্তিকা অহঙ্কাররূপা দেবতা ॥৪৭॥

অবিবেক ইতি। অহঙ্কারস্য পর্য্যায়নামানি একশ্রেণিকাঃ সংজ্ঞাঃ ॥৪৮॥

এবমিতি। এবং বক্ষ্যমাণপ্রকারম্, আহ তত্ত্বজ্ঞঃ ॥৪৯॥

অহমিতি। অহং ঘটস্য কর্ত্তা, অহং পটস্য কর্ত্তা, ইত্যেবমভিমানবান্, ঈশ্বরো বিরিঞ্চিঃ, বিশ্বং জগৎ, সসৃজে। এনং প্রকৃত্যপেক্ষয়া তৃতীয়ম্ অহঙ্কাররূপং তত্ত্বম্ অভিমান এব গুণো বৃত্তির্যস্য তং তাদৃশং পুরুষং বিরিঞ্চিম্, বিদুরাচার্য্যাঃ ॥৫০॥

অহমিতি। স বিরিঞ্চিঃ, আত্মরূপাদহঙ্কারাৎ, যুগপদেব ক্ষিত্যাদীনি পঞ্চমহাভূতানি শব্দাদীনি চ পঞ্চতন্মাত্রাণি উৎপাদয়ামাস ।৫১॥

ভারতভাবদীপঃ

যৌতুকং বিবাহপ্রাপ্তং ধনং দায়াদগ্রাহ্যং পার্থেয়মিত্যর্থঃ ॥৩৭—৪৮॥ যাবকে ঘৃতখণ্ডমিশ্রে যবপিষ্টবিকারে. ত্বরং ত্বরাযুক্তং যথা স্যাত্তথা গলীয়সে ত্রিদশে ভোগান্ ভুক্ত্বা মোক্ষে যত্নং করিষ্যামীতি

প্রকৃতি অপেক্ষা তৃতীয় এবং হিরণ্যগর্ভনামক অহঙ্কারতত্ত্বই ব্যক্তাব্যক্ত ॥৪৫॥ এই সেই মহত্তত্ত্ব ও অহঙ্কারতত্ত্ব ব্রহ্মা ও তাঁহার সন্তানগণের মধ্যে এক একজনের উৎপত্তিস্থান ॥৪৬॥

ব্রহ্মা অভিমানযুক্ত অহঙ্কারতত্ত্ব ॥৪৭॥ অবিবেক, ঈর্ষ্যা, কাম, ক্রোধ, লোভ, মদ, দর্প এবং মমকার—এইগুলি অহঙ্কারের নাম ॥৪৮॥ এই স্থলে তত্ত্বজ্ঞগণ এইরূপ বলেন—॥৪৯॥

'আমি ইহার কর্ত্তা, আমি উহার কর্ত্তা।'—এইরূপ অভিমান করিয়া, অহঙ্কাররূপী ব্রহ্মা জগৎ সৃষ্টি করিয়াছেন। এই জন্যই আচার্য্যেরা প্রকৃতি অপেক্ষায় তৃতীয় এই অহঙ্কারতত্ত্বকে অভিমানরূপ বৃত্তিযুক্ত বলিয়া জানেন ॥৫০॥

ভূতসঙ্ঘমহঙ্কারাদ্‌যো বিদ্বানববুধ্যতে।
অভিমানমতিক্রম্য মহাস্তং প্রতিতিষ্ঠতে ॥৫৪॥
ভূতেষু চাপ্যহঙ্কারো হ্যশ্বরূপস্তথোচ্যতে।
পুনর্ব্বিষয়হেত্বর্থে স মনঃসংজ্ঞকঃ স্মৃতঃ ॥৫৫॥
বিখরাদ্বৈখরং যুগপদিন্দ্রিয়ৈঃ সহোৎপাদয়তি ॥৫৬॥

ভারতকৌমুদী

তানীতি। তানি পঞ্চমহাভূতানি পঞ্চতন্মাত্রাণি চ বুধ্যন্তে মুমুক্ষবো জন্যজনকতয়া জানন্তি পঞ্চমহাভূতানি জন্যানি, পঞ্চতন্মাত্রাণি চ তেষাং জনকানি। ইতি ইত্থম্ ॥৫২॥

এবমিতি। এবং বক্ষ্যমাণপ্রকারম্, আহ তত্ত্বজ্ঞঃ ॥৫৩॥

ভূতেতি। যো বিদ্বান্ জ্ঞানী, অহঙ্কারাদুৎপন্নম্, ভূতসঙ্ঘং স্থূলসূক্ষ্মভেদেন উক্তং দশবিধং ভূতসমূহম্, অববুধ্যতে। স বিদ্বান্ অভিমানম্ অতিক্রম্য মহান্তং পরমাত্মানং প্রাপ্য, প্রতিতিষ্ঠতে মুক্তস্তিষ্ঠতি। "তমাহুরাগ্র্যং পুরুষং মহান্তম্" ইতি শ্রুতিঃ ॥৫৪॥

ভূতেষ্বিতি। ভূতেষু প্রাণিষু স্থিতঃ অহঙ্কারঃ, অশ্বরূপো ঘোটকস্বরূপঃ পরিচালক উচ্যতে অহং করোমি, অহং গচ্ছামি ইত্যেবং পরিচালনাৎ। পুনর্ব্বিষয়েষু হেত্বর্থে "স্থাণুর্ব্বা পুরুষো বা" ইত্যাদিসংশয়ার্থে, সঃ অহঙ্কার এব, মনঃসংজ্ঞকঃ, স্মৃতঃ ॥৫৫॥

ভারতভাবদীপঃ

ন মন্তব্যম অপ্রাপ্ত এব ভোগে মৃত্যুভয়মস্তীতি ভাবঃ ॥৪৯—৫০॥ সার্থিকং দেহেন্দ্রিয়াদিসার্থবাহকম্ ॥৫১—৫২॥ পরত্র গামিকস্য গমনশীলস্য। সাক্ষি আত্মনেতি ইকোঽসবর্ণে শাকল্যস্য হ্রস্বশ্চেতি প্রকৃতিভাবে হ্রস্বঃ। সাক্ষিতাত্মনেতি পাঠঃ প্রামাদিকঃ। মামন্যো ন জানাতীতি মত্বা পাপং ন কর্ত্তব্যমিতি ভাবঃ ॥৫৩॥ নমু কর্ত্রাত্মনোঽতিরিক্তস্য সাক্ষিণঃ সত্ত্বে মানং কিমত আহ—মনুষ্যেতি। অমুত্র সাক্ষিণী গচ্ছতো নীয়মানস্য কর্ত্তুর্মনুষ্যদেহস্য শূন্যমিব শূন্যকমভাবো ভবতি; পরদৃষ্ট্যা সম্যপি যোগিদৃষ্ট্যা মনুষ্যদেহো নষ্টো ভবতীত্যর্থঃ। অত্র বিদ্বদনুভবং প্রমাণয়তি—প্রবিশ্যেতি। হার্দ্দাকাশমিতি শেষঃ ॥৫৪॥ সাঙ্খ্যমতেনাহ—ইহেতি ॥৫৫—৫৬॥

ব্রহ্মা এই অহঙ্কারস্বরূপ নিজ হইতে পৃথিবীপ্রভৃতি পঞ্চমহাভূত ও শব্দপ্রভৃতি পঞ্চতন্মাত্র একদাই সৃষ্টি করিয়াছেন ॥৫১॥ মুক্তিকামী মানবেরা সেই দশবিধ ভূতকে পরস্পর জন্যজনকরূপে জানেন অর্থাৎ পঞ্চতন্মাত্র জনক এবং পঞ্চমহাভূত জন্য—এইরূপে অবগত হন ॥৫২॥ তত্ত্বজ্ঞগণ এইরূপ বলেন ॥৫৩॥

যে জ্ঞানী লোক ভূতসমূহকে অহঙ্কার হইতে উৎপন্ন বলিয়া জানেন; তিনি অভিমান অতিক্রম করিয়া পরমাত্মায় যাইয়া প্রতিষ্ঠিত হন ॥৫৪॥

তত্ত্বজ্ঞ লোকেরা ইহাও বলেন যে, অহঙ্কার প্রাণিগণে অশ্বরূপে অর্থাৎ পরিচালকভাবে অবস্থান করে এবং সেই অহঙ্কারই 'স্থাণু না পুরুষ' এইরূপ সংশয় করায়, তাহাকেই মন বলিয়া তাঁহারা মনে করেন ॥৫৫॥

শ্রোত্রং ঘ্রাণং চক্ষুর্জিহ্বা ত্বগিত্যেতানি শব্দস্পর্শরূপরসগন্ধানববুধ্যন্ত ইতি পঞ্চ বুদ্ধীন্দ্রিয়াণি বদন্তি ॥৫৭॥ এবমাহুরাচার্য্যাঃ ॥৫৮॥

বাগ্ হস্তৌ পাদপায়ুরানন্দশ্চেতি পঞ্চেন্দ্রিয়াণি ॥৫৯॥ বিশেষমাদিত্যোঽশ্বিনী—নক্ষত্রাণীত্যেতানীন্দ্রিয়াণাং পর্য্যায়নামানি বদন্তি ॥৬০॥ এবমাহ ॥৬১॥

অহঙ্কারাত্তথা ভূতান্যুৎপাদ্য মহদাত্মনোঃ।
বৈখরত্বং ততো রাজ্ঞোর্বৈখর্য্যো বিষয়াত্মকঃ ॥৬২॥

ভারতকৌমুদী

বিখরাদিতি। অহঙ্কাররূপো ব্রহ্মা ইন্দ্রিয়ৈঃ সহ বিখরান্নাভিদেশাৎ, বৈখরং নাদং, যুগপদুৎপাদয়তি ॥৫৬॥

অর্থেন্দ্রিয়াণি কানীত্যাহ শ্রোত্রমিতি। জিঘ্রত্যনেনেতি ঘ্রাণং নাসা। অববুধ্যন্তে অববোধকারণতাং ভজন্তে ॥৫৭॥

এবমিতি। এবং বক্ষ্যমাণপ্রকারম্ ॥৫৮॥

বাগিতি। পাদাভ্যাং যুক্তঃ পায়ুঃ পাদপায়ুঃ। মধ্যপদলোপী সমাসঃ। আনন্দ আনন্দজনক উপস্থঃ, ইন্দ্রিয়াণি কর্ম্মেন্দ্রিয়াণি ॥৫৯॥

বিশেষমিতি। এষাং দশানামিন্দ্রিয়াণাং বিশেষং বুদ্ধীন্দ্রিয়কর্ম্মেন্দ্রিয় রূপভেদং বদন্তীতি পরক্রিয়য়াম্বয়ঃ। আদিত্যাঃ সূর্য্যাঃ, অশ্বিনীনক্ষত্রাণি অশ্বিন্যাদয়স্তারকাঃ ॥৬০॥

এবমিতি। এবং বক্ষ্যমাণরূপমাহ তত্ত্বজ্ঞঃ ॥৬১॥

অহমিতি। ব্রহ্মা অহঙ্কারাদ্ভূতানি উৎপাদ্য ততঃ রাজ্ঞোঃ রাজবৎ কায়ে শ্রেষ্ঠভূতয়োঃ মহদাত্মনোর্বুদ্ধিজীবয়োঃ, বৈখরত্বং তদাখ্যত্বং নিরূপিতবানিতি শেষঃ। বিষয়াত্মকঃ শব্দাদিবিষয়রূপশ্চ পদার্থঃ, বৈখর্য্যো নাম ॥৬২॥

ব্রহ্মা নাভিদেশ হইতে ইন্দ্রিয়গণের সহিত নাদকে একদাই উৎপাদন করেন ॥৫৬॥

জীব শ্রোত্র, ত্বক্, চক্ষু, জিহ্বা ও নাসিকাদ্বারা যথাক্রমে শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ জ্ঞান করে বলিয়া, আচার্য্যেরা শ্রোত্র প্রভৃতিকে জ্ঞানেন্দ্রিয় বলেন ॥৫৭॥

সেই আচার্য্যেরা এইরূপও বলেন ॥৫৮॥

বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ এই পাঁচটী কর্ম্মেন্দ্রিয় ॥৫৯॥

আচার্য্যেরা এই দশবিধ ইন্দ্রিয়বিষয়ে এইরূপ বিশেষ বলেন যে, পূর্ব্বের পাঁচটী জ্ঞানেন্দ্রিয় আর পরের পাঁচটী কর্ম্মেন্দ্রিয়। তাঁহারা ইহাও বলেন যে, সূর্য্য ও নক্ষত্রবাচী শব্দ এই ইন্দ্রিয়গণের পর্য্যায়ভুক্ত নাম ॥৬০॥

তত্ত্বজ্ঞেরা ইহাও বলেন ॥৬১॥

বিকারস্থমহঙ্কারমববুধ্যাথ মানবঃ।
মহদৈশ্বর্য্যমাপ্নোতি যাবদাচন্দ্রতারকম্ ॥৬৩॥

যদপ্যুক্তং কতি তত্ত্বানি ॥৬৪॥ ভবন্তি তত্ত্বান্যেতানি যান্যনুপূর্ব্বশঃ প্রোক্তানি ॥৬৫॥ এবমাহ ॥৬৬॥

তত্ত্বান্যথোক্তানি যো তথাবিদ্যো বিবুধ্যতে।
ন স পাপেন লিপ্যেত নির্মুক্তঃ সর্ব্বসঙ্করাৎ ॥৬৭॥

ভারতকৌমুদী

বিকারস্থমিতি। মানবঃ অহঙ্কারং তত্ত্বং বিকারস্থং উক্তেন্দ্রিয়াদিবিকারজননে প্রবৃত্তমববুধ্য আচন্দ্রতারকং চন্দ্রনক্ষত্রস্থিতিপর্য্যন্তম্, যাবৎ সর্ব্বম্, অণিমাদিকং মহদৈশ্বর্য্যমাপ্নোতি ॥৬৩॥

যদিতি। উক্তং পৃষ্টং ত্বয়া আসুরিণেতি শেষঃ ॥৬৪॥

ভবন্তীতি। অনুপূর্ব্বশঃ পূর্ব্বং পূর্ব্বম্, প্রোক্তানি ময়া ॥৬৫॥

এবমিতি। এবং বক্ষ্যমাণপ্রকারম্, আহ তত্ত্বজ্ঞঃ ॥৬৬॥

তত্ত্বানীতি। যঃ, বিদ্যাস্বন্তীতি বিদ্যঃ, অর্শ আদিত্বাদৎ, বিদ্যাবান, অথ অনন্তরমুক্তানি তত্ত্বানি তথা সমীচীনভাবেন নিবুধ্যতে নিশ্চয়েন জানাতি, স পাপেন ন লিপ্যেত, সর্ব্বসঙ্করাৎ সুখদুঃখাদিবিপরীতপদার্থদ্বয়মিশ্রণাৎ নির্মুক্তশ্চ ভবতি ॥৬৭॥

ভারতভাবদীপঃ

তত্র পরলোকমার্গে বিরূপাঃ রৌদ্রাশ্চ মক্ষিকাঃ দংশা যস্মিন্, অনেকে পরিপন্থিনঃ শত্রবো লোহতুণ্ডাঃ পক্ষিবৃকাদয়ো যস্মিন্ ॥৫৭—৬১॥ অবুদ্ধীন্ মোহয়তীতি তথা পাবকঃ পুনাতি পবিত্রীকরোতীতি ব্যুৎপত্ত্যা ধর্ম্মঃ, ক্লীবপাঠে পাবকং সৎকর্ম্ম ; যাবকামিতি পাঠেঽপি যাবকমিব পাথেয়রূপো ধর্ম্ম এব ॥৬২—৬৩॥ প্রমাদগঃ প্রমাদগৃহবাসী অন্তকঃ, চমুং চমতি ভক্ষয়তীতি চমুরিন্দ্রিয়সেনা তামমুখামস্তকত্বাদিদোষেণ স্বস্ববিষয়ভোগহীনাং যাবং করোতি ততঃ পূর্ব্বৈব গৃহীতং দেহমনতিক্রম্যেতি যথাগৃহীতং দেহমাত্রেণেত্যর্থঃ ॥৬৪॥ যথেতি। পুরঃ পশ্চাচ্চ সন্নমাত্মমাত্রং যথা ভবতি তথা, গতিমাত্মজ্ঞানরূপাং আত্মনা দেহেন পরেণ তৎসম্বন্ধিপুত্রাদিনা ॥৬৫॥ ভয়েষু

অহঙ্কারস্বরূপ ব্রহ্মা অহঙ্কার হইতে ভূতসকল উৎপাদন করিয়া, শরীরমধ্যে শ্রেষ্ঠ বুদ্ধি ও জীবাত্মার বৈশ্বরত্ব নিরূপণ করিয়াছেন এবং শব্দ প্রভৃতি বিষয়সকল বৈশ্বর্য্য ॥৬২॥

মানুষ অহঙ্কারতত্ত্বকে ইন্দ্রিয়প্রভৃতি বিকার জন্মাইতে প্রবৃত্ত জানিয়া, চন্দ্র ও নক্ষত্রের স্থিতিকাল পর্য্যন্ত সর্ব্বপ্রকার মহৈশ্বর্য্য লাভ করে ॥৬৩॥

আসুরি! তুমি যে প্রশ্ন করিয়াছ তত্ত্ব কয়টী? ॥৬৪॥

এইগুলি তত্ত্ব হয়, যাহা আমি পূর্ব্বে বলিয়াছি ॥৬৫॥

তত্ত্বজ্ঞগণ এইরূপ বলেন ॥৬৬॥

(৬৩) ইতঃ পরম্ অধ্যায়সমাপ্তিঃ। কপিল উবাচ নি।

যদপ্যুক্তং ইহাদ্যং মধ্যমন্তঞ্চ তত্ত্বানামিতি ॥৬৮॥ অত্র ক্রমঃ ॥৬৯॥ এবমাদ্যং মধ্যমন্তঞ্চোক্তম্ ॥৭০॥ বুদ্ধ্যাদীনি ত্রয়োবিংশতিতত্ত্বানি বিশেষপর্য্যবসানানি জ্ঞাতব্যানি ভবন্তি ॥৭১॥ ইত্যেব মামকেনেত্যত্রোচ্যতে ॥৭২॥

তদেব তদ্‌যথা ॥৭৩॥ দক্ষব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যশূদ্রচণ্ডালপুক্কসাদিঃ ॥৭৪॥

ভারতকৌমুদী

যদিতি। উক্তং ত্বয়া আসুরিণা পৃষ্টম্ ॥৬৮॥

অত্রেতি। ক্রম উত্তরমিতি শেষঃ ॥৬৯॥

এবমিতি। উক্তং ময়া ॥৭০॥

বুদ্ধীতি। বিশেষাঃ স্থূলভূতানি পর্য্যবসানানি অন্তিমানি যেষাং তানি, অত্র তত্ত্বং বিকার ইত্যভিপ্রেত্য প্রকৃতির্নোক্তা ॥৭১॥

ইতীতি। মামকেন মদীয়সম্প্রদায়েন ॥৭২॥

তদিতি। তৎ উক্তমেব, তদাদ্যং মধ্যমন্তঞ্চ ॥৭৩॥

দক্ষেতি। দক্ষেত্যস্যার্থঃ পুরস্তাৎ স্বয়মেব বক্ষ্যতে। আদিপদেন তির্য্যগাদীনাং গ্রহণম্ ॥৭৪॥

ভারতভাবদীপঃ

উপস্থিতেষু একপাতিনা একাকিনা যৎ সাম্পরায়িকং পরলোকে হি তং তমেব ধর্ম্মং বা জ্ঞানং বা নিধিমিব নিগূহ্য নিধৎস্ব। কেবলং শুদ্ধং, নিষ্কামং নির্গুণম্ ॥৬৬॥ কুলমগ্রং "প্রাক্‌কূলেষু দর্ভেষ্ৱুপবিশ্যে"তি লিঙ্গাৎ। বালবৃদ্ধৈর্বয়স্যৈঃ সহিতং যথা স্যাত্তথেত্যর্থঃ ॥৬৭—৬৮॥ যঃ স্বকর্ম্মণা দধাতি আত্মানং দেহং পুষ্ণাতি যস্য কস্যচিৎ ফলস্য কৃতে দদাতি চ অবুদ্ধিরজ্ঞানং, মোহো বিপরীতজ্ঞানং, তদুভয়জৈর্দ্বন্দ্বৈঃ দুঃখাদিভিঃ। মুচ্যত ইতি পাঠে আত্মানং চিত্তং দধাতি একস্মিংস্তত্ত্বে ধারয়তি; যস্তেতি যৎকিঞ্চিদ্দদাতি সর্ব্বং ত্যজতীত্যর্থঃ ॥৬৯। শ্রুতং তত্ত্বমস্যাদিবাক্যজং জ্ঞানং কর্ত্তৃ সমস্তং ব্রহ্মাণ্ডমশ্নুতে ব্যাপ্নোতি। "য এবং বেদাহং ব্রহ্মাস্মীতি স ইদং সর্ব্বং ভবতী"তি ব্রহ্মবিদঃ সার্ব্বাত্ম্যশ্রুতেঃ। তদেতৎ সার্ব্বাত্ম্যং সার্ব্বজ্ঞ্যং চার্থস্য মোক্ষাখ্যপরমপুরুষার্থস্য দর্শনং নাস্তং কৃতজ্ঞং কৃতজ্ঞে উপদিষ্টমাসেবিতং পুরুষার্থসঙ্গতং ভবতি ন তু কৃতঘ্নাদৌ। সার্ব্বজ্ঞ্য

তত্ত্বসকল ইহার পরে বলা হইয়াছে, যে বিদ্বান্ লোক এই তত্ত্বগুলিকে সমীচীনভাবে ও নিশ্চয়রূপে অবগত হন; তিনি পাপে লিপ্ত হন না এবং সমস্ত সুখ দুঃখ হইতে মুক্ত হইয়া যান ॥৬৭॥

তারপর তুমি যে বলিয়াছ এই তত্ত্বসমূহের আদ্য, মধ্য ও অন্ত কি? ॥৬৮॥ এ বিষয়ে বলিতেছি ॥৬৯॥

তত্ত্বসমূহের এইরূপ আদ্য, মধ্য ও অন্তিম বলা হইয়াছে ॥৭০॥

বুদ্ধিপ্রভৃতি পঞ্চমহাভূতপর্য্যন্ত তেইশটী তত্ত্ব জানিতে হয় ॥৭১॥

আমার সম্প্রদায় এস্থলে এইরূপ বলেন ॥৭২॥

তাহাই তাহা যথা ॥৭৩॥

এতানি জ্ঞাতব্যানি বুদ্ধ্যাদীনি বিশেষপর্য্যবসানানি ॥৭৫॥ মন্তব্যানি প্রত্যেতব্যান্যুক্তানি ॥৭৬॥ এতদাদ্যং মধ্যমঞ্চ ॥৭৭॥

এতস্মাত্তত্ত্বানামুৎপত্তির্ভবতি অত্র প্রলীয়ন্তে ॥৭৮॥ কেচিদাহুরাচার্য্যাঃ ॥৭৯॥

অহমিত্যেতদাত্মকং শরীরসঙ্ঘাতং ত্রিষু লোকেষু ব্যক্তমব্যক্তাধিষ্ঠিতম্ ॥৮০॥ এতদেবদত্তসংজ্ঞকম্ ॥৮১॥

ভারতকৌমুদী

এতানীতি। জ্ঞাতব্যানি মুমুক্ষুভিঃ ॥৭৫॥

মন্তব্যানীতি। এতানি তত্ত্বানি মন্তব্যানি যুক্ত্যা নিরূপণীয়ানি, পরঞ্চ প্রত্যেতব্যানি জ্ঞাতব্যানি ॥৭৬॥

উপসংহরতি এতদিতি। তত্র আদ্যং মহত্তত্ত্বম্ অহঙ্কারতত্ত্বঞ্চ, মধ্যমং তন্মাত্রপঞ্চকম্ ইন্দ্রিয়ৈকাদশকঞ্চ, অবসানঞ্চ স্থূলভূতপঞ্চকম্ ॥৭৭॥

এতস্মাদিতি। এতস্মাৎ ত্রিগুণাত্মকাৎ প্রধানাৎ তত্ত্বানামুৎপত্তির্ভবতি; অত্র প্রধানে তানি চ তত্ত্বানি পুনঃ প্রলীয়ন্তে চ এতেন সর্গাপায়াবুক্তৌ ॥৭৮॥

কেচিদিতি। আহুর্বক্ষ্যমাণং ব্রুবন্তি ॥৭৯॥

অহমিতি জ্ঞানগোচর আত্মা জীবো যত্র তম্, শরীরসংঘাতং সুরনরতির্য্যগাদিদেহসমূহং ব্যক্তং প্রত্যক্ষাদিবিষয়ত্বাৎ স্পষ্টীভূতম্, অব্যক্তে প্রকৃতৌ অধিষ্ঠিতমাহুঃ ॥৮০॥

এতদিতি দত্তসংজ্ঞকং প্রকৃত্যা দত্তত্বাদিত্যাশয়ঃ ॥৮১॥

ভারতভাবদীপঃ

সার্ব্বাত্ম্যদা ইয়ং বিদ্যা উত্তমায়ৈব দাতব্যেত্যর্থঃ ॥৭০—৭১॥ দেহভেদেঽপি মরণং নাস্তীতি জানতাম্ অনুশাসিতে শিষ্টৈরাদৃতে পথি প্রবর্ত্তমানানাম্ ॥৭৮—৮০॥ নোৎক্রামতি ধর্ম্মমিতি

দত্ত, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, চণ্ডাল ও পুক্কসপ্রভৃতি ॥৭৪॥

বুদ্ধিপ্রভৃতি পঞ্চমহাভূত পর্য্যন্ত এই সকল তত্ত্ব জানিতে হয় ॥৭৫॥

উক্ত তত্ত্বসকলকে প্রথমে যুক্তিদ্বারা নিরূপণ করিতে হয়, পরে বিশেষরূপে জানা আবশ্যক ॥৭৬॥

ইহাই তত্ত্বসমূহের আদ্য, মধ্য ও অন্তিম অর্থাৎ বুদ্ধি ও অহঙ্কার আদিম তত্ত্ব, পঞ্চতন্মাত্র ও একাদশ ইন্দ্রিয় মধ্যম তত্ত্ব এবং পঞ্চমহাভূত অন্তিম তত্ত্ব ॥৭৭॥

এই প্রকৃতি হইতে বুদ্ধিপ্রভৃতি তত্ত্ব সমূহের উৎপত্তি হয় আবার প্রকৃতিতেই সেগুলি লয় পায় ॥৭৮॥

কোন কোন আচার্য্য বলেন ॥৭৯॥

অহম্ ইত্যাকার জ্ঞানের গোচর জীবাত্মা, এই জীবাত্মা যাহাতে থাকেন, সেইরূপ শরীরসমূহই ত্রিভুবনে ব্যক্ত বলিয়া উল্লিখিত হয় এবং এই ব্যক্ত প্রকৃতিতে অবস্থান করে ॥৮০॥

যোগপুরুষদর্শনানাং তু পঞ্চবিংশতিতত্ত্বানাম্ ॥৮২॥ প্রতিবুধ্যমানয়োর্ব্যতিরিক্তং শুচিব্যভ্রম্ ইত্যাহুরাচার্য্যাঃ ॥৮৩॥ এবমাহ ॥৮৪॥

চতুর্ব্বিংশতিতত্ত্বজ্ঞস্ত্বব্যক্তে প্রতিতিষ্ঠতি।
পঞ্চবিংশতিতত্ত্বজ্ঞোঽপ্যব্যক্তমধিতিষ্ঠতি ॥৮৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে কপিলাসুরিসংবাদে একাদশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

মতান্তরমাহ যোগেতি। যোগপুরুষৈঃ পতঞ্জলিপ্রভৃতিভিঃ দৃষ্টং ত্বিতি তেষাম্, পঞ্চবিংশতি তত্ত্বানাং পুরুষপ্রকৃতিসহিতবুদ্ধ্যাদীনাম্ অঙ্গীকারো দৃষ্টত ইতি শেষঃ ॥৮২॥

প্রতীতি। প্রতিবুধ্যমানৌ পরমাত্মজীবাত্মানৌ তয়োর্ব্যতিরিক্তং ভিন্নং শুচিব্যভ্রম্ শুচিধর্ম্মান্তরাস্পর্শাৎ পবিত্রং প্রধানং ব্যভ্রং বিশিষ্টমহাকাশং প্রকৃত্যাদিগগনপর্য্যন্তং জড়মাহুরিত্যনুবৃত্তিঃ এতেন বুদ্ধমপ্রতিবুদ্ধং বুধ্যমানঞ্চোক্তমুন্নেয়ম্ ॥৮৩॥

এবমিতি। এবং বক্ষ্যমাণমাহ তত্ত্বজ্ঞঃ ॥৮৪॥

চতুরিতি। চতুর্ব্বিংশতিতত্ত্বজ্ঞঃ প্রকৃত্যাদি চতুর্ব্বিংশতিতত্ত্ববর্গজ্ঞাতা অব্যক্তে প্রকৃতৌ অধিতিষ্ঠতি দেহত্যাগাৎ পরং লীয়তে। পুরুষেণ সহ পঞ্চবিংশতিতত্ত্বজ্ঞোঽপি অব্যক্তং পরমাত্মানম্ অধিতিষ্ঠতি দেহত্যাগাৎ পরমাশ্রয়তি নির্ব্বাণং প্রাপ্নোতীত্যর্থঃ ॥৮৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে একাদশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

শেষঃ ॥৮১॥ নোপহতেতি নৈকধেত্তিবৎ সমাসঃ ॥৮২—৮৩॥ মোক্ষদৈশিকং মোক্ষোপদেষ্টারম্ পাবকস্য ধর্ম্মস্যাধ্যয়নং, যাবকেতি পাঠেঽপি স এবার্থঃ। যদ্বা পাবকাধ্যয়নং চিত্তশোধকাধ্যয়নং নাম ॥৮৪—৮৫॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাদশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥৩১১॥

এই শরীর সমূহই দত্ত নামে প্রসিদ্ধ ॥৮১॥

যোগদর্শনকার পতঞ্জলিপ্রভৃতির এইরূপ মত যে, তত্ত্ব পঞ্চবিংশতি প্রকার ॥৮২॥

জ্ঞানময় পরমাত্মা ও জীবাত্মা হইতে ভিন্ন, প্রকৃতি হইতে আকাশপর্য্যন্ত চতুর্ব্বিংশতি প্রকার তত্ত্বই অচেতন অর্থাৎ জড় ইহা আচার্য্যেরা বলেন ॥৮৩॥

তত্ত্বজ্ঞ সকল এইরূপ বলেন ॥৮৪॥

প্রকৃতিপ্রভৃতি চতুর্ব্বিংশতি তত্ত্বজ্ঞ লোক দেহত্যাগের পর প্রকৃতিতে যাইয়া প্রতিষ্ঠা লাভ করেন এবং পুরুষপ্রভৃতি পঞ্চবিংশতি তত্ত্বজ্ঞ লোক দেহত্যাগের পর পরব্রহ্মে যাইয়া অধিষ্ঠিত হন অর্থাৎ নির্ব্বাণমুক্তি লাভ করিয়া থাকেন ॥৮৫॥

* অয়মধ্যায়ঃ—পি বঙ্গ বর্দ্ধ নাস্তি। '…অষ্টাবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ' নি।

দ্বাদশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ।

—::—

যুধিষ্ঠির উবাচ।

কথং নির্ব্বেদমাপন্নঃ শুকো বৈয়াসকিঃ পুরা।
এতদিচ্ছাম্যহং শ্রোতুং পরং কৌতূহলং হি মে ॥১॥
অব্যক্তব্যক্ততত্ত্বানাং নিশ্চয়ং বুদ্ধিনিশ্চয়ম্।
বক্তুমর্হসি কৌরব্য! দেবস্যাজস্য যা কৃতিঃ ॥২॥

ভীষ্ম উবাচ।

প্রাকৃতেন সুবৃত্তেন চরন্তমকুতোভয়ম্।
অধ্যাপ্য কৃৎস্নং স্বাধ্যায়মন্বশাদ্বৈ পিতা সুতম্ ॥৩॥

ব্যাস উবাচ।

ধর্ম্মং পুত্র! নিষেবস্ব সুতীক্ষ্ণৌ চ হিমাতপৌ।
ক্ষুৎপিপাসে চ বায়ুঞ্চ জয় নিত্যং জিতেন্দ্রিয়ঃ ॥৪॥

ভারতকৌমুদী

কথমিতি। নির্ব্বেদং স্বাবমাননাং "তত্ত্বজ্ঞানাপদীর্ষাদের্নির্ব্বেদঃ স্বাবমাননা" ইতি সাহিত্য-দর্পণাৎ, ব্যাসস্যাপত্যং বৈয়াসকিঃ ॥১॥

পূর্ব্বমুক্তত্বেঽপি জিজ্ঞাসিতবিষয়স্যালাভাৎ পুনরাহ অব্যক্তেতি। পূর্ব্বাধ্যায়ে ব্যাখ্যাতমিদম্ ॥২॥

প্রাকৃতেনেতি। প্রাকৃতেন লৌকিকেন, সুবৃত্তেন বিনয়ার্জ্জবাদিনা সদ্ব্যবহারেণ। স্বাধ্যায়ং বেদম্, অন্বশাৎ উপাদিশৎ পিতা ব্যাসঃ, সুতং শুকম্ ॥৩॥

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! বেদব্যাসের পুত্র শুক কি কারণে পূর্ব্বে আত্ম-গ্লানি অনুভব করিয়াছিলেন, ইহা আমি শুনিতে ইচ্ছা করি। কারণ, ইহা শুনিবার জন্য আমার অত্যন্ত কৌতূহল জন্মিয়াছে ॥১॥

আর কৌরবনন্দন! যাহাতে বুদ্ধি সিদ্ধান্তে উপনীত হয়, সেইভাবে অব্যক্ত ও ব্যক্ত তত্ত্বসমূহের নিরূপণ বলুন এবং নারায়ণদেবের যেরূপ চরিত্র তাহাও বলুন ॥২॥

ভীষ্ম বলিলেন—'পুত্র শুক লৌকিক সদ্ব্যবহার অনুসারে অকুতোভয়ে বিচরণ করিতেছিলেন, এই অবস্থায় পিতা বেদব্যাস তাঁহাকে সমস্ত বেদ অধ্যয়ন করাইয়া, উপদেশ দিয়াছিলেন ॥৩॥

সত্যমার্জ্জবমক্রোধমনসূয়াং দমং তপঃ।
অহিংসাঞ্চানৃশংস্যঞ্চ বিধিবৎ পরিপালয় ॥৫॥
সত্যে তিষ্ঠ রতো ধর্ম্মে হিত্বা সর্ব্বমনার্জ্জবম্।
দেবতাতিথিশেষেণ যাত্রাং প্রাণস্য সংলিহ ॥৬॥
ফেনমাত্রোপমে দেহে জীবে শকুনিবৎ স্থিতে।
অনিত্যে প্রিয়সংবাসে কথং স্বপিষি পুত্রক! ॥৭॥
অপ্রমত্তেষু জাগ্রৎসু নিত্যযুক্তেষু শত্রুষু।
অন্তরং লিপ্সমানেষু বালস্ত্বং নাববুধ্যসে ॥৮॥

ভারতকৌমুদী

ধর্ম্মমিতি। সুতীক্ষ্ণৌ সাতিশয়ৌ, বায়ুং অনাবৃতস্থানে প্রবলং বাতম্ ॥৪॥

সত্যমিতি। আর্জ্জবং সরলতাম্, দমং ইন্দ্রিয়দমনম্, আনৃশংস্যং দয়াম্ ॥৫॥

সত্য ইতি। সত্যে তিষ্ঠ, ধর্ম্মে রতো ভব, সর্ব্বম্ অনার্জ্জবং কৌটিল্যং হিত্বা দেবতাতিথিভ্য-শ্চদ্ভুক্তেভ্যঃ, শেষেণ অবশিষ্টেনান্নেন প্রাণস্য যাত্রাং স্থিতিং সংলিহ সম্পাদয় ॥৬॥

ফেনেতি। শকুনিবৎ পক্ষিবৎ। স্বপিষি সুপ্ত ইব নিশ্চিন্ত স্তিষ্ঠসি ॥৭॥

অপ্রেতি। অপ্রমত্তেষু সাবধানেষু, নিত্যযুক্তেষু সর্ব্বদাক্রমণোদ্যোগিষু, শত্রুষু কামাদিষু, অন্তরং ছিদ্রম্ ॥৮॥

বেদব্যাস বলিয়াছিলেন—'পুত্র! তুমি ধর্ম্মের সেবা কর, প্রবল হিম ও আতপ এবং ক্ষুধা, পিপাসা ও প্রবল বায়ু সহ্য করিবার ক্ষমতা অর্জ্জন কর; আর সর্ব্বদা জিতেন্দ্রিয় হও ॥৪॥

সত্য ও সরলতা শিক্ষা কর, ক্রোধ ও অসূয়া পরিত্যাগ কর এবং যথাবিধানে ইন্দ্রিয়দমন, তপস্যা, অহিংসা ও দয়া পরিপালন কর ॥৫॥

বৎস! তুমি সর্ব্বপ্রকার কুটিলতা পরিত্যাগ করিয়া, সত্যনিষ্ঠ ও ধর্ম্মব্যাপৃত হও এবং দেবতা ও অতিথিগণের ভুক্তাবশিষ্ট অন্নদ্বারা জীবনযাত্রা নির্ব্বাহ কর ॥৬॥

পুত্র! এই দেহ কেবল জলফেনের ন্যায় চলিতেছে, এই দেহে জীবন পক্ষীর ন্যায় অবস্থান করিতেছে এবং প্রিয়জন সহবাস অনিত্য; এই অবস্থায় তুমি কেন নিদ্রা যাইতেছ ॥৭॥

কামক্রোধপ্রভৃতি শত্রুগণ সর্ব্বদা জাগরিত, সাবধান ও নিত্যোদ্যোগী হইয়া ছিদ্রান্বেষণ করিতেছে; তুমি বালক কি না? সেই জন্য তাহা বুঝিতেছ না ॥৮॥

অহঃসু গণ্যমানেষু ক্ষীয়মাণে তথায়ুষি।
জীবিতে লিখ্যমানে চ কিমুত্থায় ন ধাবসি ॥৯॥
ঐহলৌকিকমীহন্তে মাংসশোণিতবর্দ্ধনম্।
পারলৌকিককার্য্যেষু প্রসুপ্তা ভৃশনাস্তিকাঃ ॥১০॥
ধর্ম্মায় যেঽভ্যসূয়ন্তি বুদ্ধিমোহান্বিতা নরাঃ।
অপথা গচ্ছতাস্তেষামনুযাতাপি পীড্যতে ॥১১॥
যে তু তুষ্টাঃ শ্রুতিপরা মহাত্মানো মহাবলাঃ।
ধর্ম্ম্যং পন্থানমারূঢ়াস্তানুপাস্স্ব চ পৃচ্ছ চ ॥১২॥
উপধার্য্য মতস্তেষাং বুধানাং ধর্ম্মদর্শিনাম্।
নিযচ্ছ পরয়া বুদ্ধ্যা চিত্তমুৎপথগামি বৈ ॥১৩॥

ভারতকৌমুদী

অহঃস্বিতি। গণ্যমানেষু গচ্ছত্তয়া জ্ঞায়মানেষু। লিখ্যমানে ইয়ৎপর্যন্তস্থায়ীতি জ্যোতির্গণনয়া লেখবিষয়ীক্রিয়মাণে, উত্থায় উদ্যোগী ভূত্বা কিং ন ধাবসি পরমপুরুষার্থসাধনায়েতি শেষঃ ॥৯॥

ঐহেতি। পারলৌকিককার্য্যেষু দেবপূজাদিষু, প্রসুপ্তা নিদ্রিতা ইবাসতর্কাঃ ভৃশনাস্তিকা জনাঃ মাংসশোণিতবর্দ্ধনং ঐহলৌকিকং পানভোজনাদিমাত্রম্ ঈহন্তে কর্ত্তুং চেষ্টন্তে ॥১০॥

ধর্ম্মায়েতি। অপথা কুমার্গেণ, অনুযাতা পশ্চাদ্গন্তা জনোঽপি ॥১১॥

য ইতি। শ্রুতিপরা বেদনিষ্ঠাঃ। উপাস্স্ব সেবস্ব, পৃচ্ছ চ ধর্ম্মম্ ॥১২॥

উপেতি। নিযচ্ছ নিরুন্ধি। পরয়া সৎপথগমনেনোত্তময়া ॥১৩॥

দিনগণনা চলিতেছে, আয়ু ক্ষয় পাইতেছে, জীবনকাল লিখিত হইতেছে, এই অবস্থায় তুমি উঠিয়া পরম পুরুষার্থের দিকে ধাবিত হইতেছ না কেন ॥৯॥

অত্যন্ত নাস্তিকেরা পারলৌকিককার্য্যে নিদ্রিত থাকিয়া, মাংসশোণিতবর্দ্ধক ঐহিক কার্য্য করিবারই চেষ্টা করে ॥১০॥

বুদ্ধিমোহযুক্ত যে সকল লোক ধর্ম্মের প্রতি অসূয়া করে, তাহারা অপথেই গমন করে। সুতরাং তাহাদের অনুগামী লোকও দুঃখভোগ করিয়া থাকে ॥১১॥

আর যে সকল মহাশক্তিসম্পন্ন মহাত্মা ধর্ম্মেই সন্তুষ্ট থাকিয়া, শাস্ত্রনিষ্ঠ হইয়া, ধর্ম্মপথেই চলেন, তুমি তাহাদের সেবা কর এবং তাহাদের নিকট ধর্ম্ম জিজ্ঞাসা কর ॥১২॥

ধর্ম্মদর্শী সেই পণ্ডিতগণের মত নির্দ্ধারণ করিয়া, উত্তম বুদ্ধিদ্বারা নিজের উৎপথগামী চিত্তকে নিরুদ্ধ কর ॥১৩॥

অদ্যকালিকয়া বুদ্ধ্যা দূরে শ্ব ইতি নির্ভয়াঃ।
সর্ব্বভক্ষা ন পশ্যন্তি কর্ম্মভূমিমচেতসঃ ॥১৪॥
ধর্ম্মং নিঃশ্রেণিমাস্থায় কিঞ্চিৎ কিঞ্চিৎ সমারুহ।
কোষকারবদাত্মানং বেষ্টয়ন্নানুবুধ্যসে ॥১৫॥
নাস্তিকং ভিন্নমর্য্যাদং কূলপাতমিব স্থিতম্।
বামতঃ কুরু বিস্রব্ধো নরং বেণুমিবোদ্ধতম্ ॥১৬॥
কামং ক্রোধঞ্চ মৃত্যুঞ্চ পঞ্চেন্দ্রিয়জলাং নদীম্।
নাবং ধৃতিময়ীং কৃত্বা জন্মদুর্গাণি সন্তর ॥১৭॥

ভারতকৌমুদী

অদ্যেতি। অদ্যকালিকয়া অদ্যতনকালমাত্রদর্শিন্যা, শ্বঃ পরদিনস্তু দূরে ইতি হেতোর্নির্ভয়াঃ সন্তঃ সর্ব্বভক্ষাঃ ॥১৪॥

ধর্ম্মমিতি। ধর্ম্মমেব নিঃশ্রেণিং সোপানম্, "নিঃশ্রেণিস্ত্বধিরোহিণী" ইত্যমরঃ, আস্থায় আশ্রিত্য। কোষকারবৎ কীটবিশেষবৎ আত্মানং বেষ্টয়ন্ সূত্রেণেব কামাদিনা বধ্নন্ ॥১৫॥

নাস্তিকমিতি। ভিন্না ভগ্না মর্য্যাদা ধর্ম্মনিয়মঃ তীরঞ্চ যেন তম্, কূলং তীরং পাতয়তীতি কূলপাতম্, নদীপ্রবাহমিব স্থিতম্, বেণুং বংশদণ্ডমিব উদ্ধতম্ উচ্চং গর্ব্বোদ্রিক্তঞ্চ নাস্তিকং নরম্, বিস্রব্ধো বিশ্বস্তো নির্ভয়ঃ সন্, বামতঃ কুরু অবজানীহীত্যর্থঃ ॥১৬॥

কামমিতি। পঞ্চ ইন্দ্রিয়াণি শ্রোত্রাদীন্যেব জলানি যস্যাস্তাম্, কামং ক্রোধং মৃত্যুঞ্চ তদ্রূপাং নদীম্, ধৃতিময়ীং ধৈর্য্যরূপাম্ ॥১৭॥

অদ্যমাত্রবর্ত্তিনী বুদ্ধির ফলে আগামী দিন দূরেই রহিয়াছে ইহা ভাবিয়া নির্ভয় হইয়া যাহারা সমস্ত বস্তু ভক্ষণ করে, সেই চিত্তশূন্য লোকেরা কর্ম্মভূমি দেখিতে পায় না ॥১৪॥

পুত্র! তুমি ধর্ম্মরূপ সোপান অবলম্বন করিয়া কিছু কিছু আরোহণ করিতে থাক। মাকড়শা যেমন আপন সূত্রদ্বারা আপনাকে বন্ধন করে, তুমিও তেমন আপন কামাদি দোষদ্বারা আপনাকে বন্ধন করিতেছ, অথচ তাহা বুঝিতেছ না ॥১৫॥

নদীর প্রবাহ যেমন তীর ভঙ্গ করিয়া চলে, সেইরূপ যে নাস্তিক ধর্ম্মের নিয়ম ভঙ্গ করিয়া চলে, এবং যে নাস্তিক বংশদণ্ডের ন্যায় উদ্ধত থাকে, তুমি আশ্বস্ত হইয়া তাহাকে অবজ্ঞা করিতে থাক ॥১৬॥

পুত্র! তুমি ধৈর্য্যকে নৌকা করিয়া, পঞ্চেন্দ্রিয়রূপ জলযুক্ত কাম, ক্রোধ ও মৃত্যুরূপে নদী অতিক্রম করিয়া জন্মরূপ দুর্গসকল উত্তীর্ণ হও ॥১৭॥

(১৪) আত্মকালিকয়া···নি।
(১৬) বেণুমিবোন্নতম্ বঙ্গ নি।

মৃত্যুনাভ্যাহতে লোকে জরয়া পরিপীড়িতে।
অমোঘাসু পতন্তীষু ধর্ম্মপোতেন সন্তর ॥১৮॥
তিষ্ঠন্তঞ্চ শয়ানঞ্চ মৃত্যুরন্বেষতে যদা।
নির্বৃতিং লভতে কস্মাদকস্মান্মৃত্যুনাশিতঃ ॥১৯॥
সঞ্চিন্বানকমেবৈনং কামানামবিতৃপ্তকম্।
বৃকীবোরণমাসাদ্য মৃত্যুরাদায় গচ্ছতি ॥২০॥
ক্রমশঃ সঞ্চিতশিখো ধর্ম্মবুদ্ধিময়ো মহান্।
অন্ধকারে প্রবেষ্টব্যং দীপো যত্নেন ধার্য্যতাম্ ॥২১॥
সম্পতন্ দেহজালানি কদাচিদিহ মানুষে।
ব্রাহ্মণ্যং লভতে জন্তুস্তৎপুত্র! পরিপালয় ॥২২॥

ভারতকৌমুদী

মৃত্যুনেতি। অমোঘাসু আয়ুর্হরণেন অব্যর্থাসু রাত্রিষু, পতন্তীষু যথানিয়মমাগচ্ছন্তীষু সতীষু, নদীবদিতি ভাবঃ, ধর্ম্মপোতেন ধর্ম্মনৌকয়া তাঃ সন্তর ॥১৮॥

তিষ্ঠন্তমিতি। অন্বেষতে অন্বিষ্যতি, নির্বৃতিং শান্তিম্ অশিতঃ কবলিতঃ ॥১৯॥

সমিতি। মৃত্যুঃ, সঞ্চিন্বানকং ধনাদিসঞ্চয়ং কুর্ব্বন্তম্, কামানামবিতৃপ্তকং কাম্যভোগৈস্তৃপ্তিরহিতমেব এনং মানুষম্ বৃকী ব্যাঘ্রী উরণং মেষমিব আদায় গচ্ছতি ॥২০॥

ক্রমশ ইতি। ক্রমশঃ সঞ্চিতা বর্দ্ধিতা শিখা যেন সঃ ধর্ম্মবুদ্ধিময়ো ধর্ম্মজ্ঞানরূপঃ মহান্ দীপঃ যত্নেন ধার্য্যতাম্। যেন অন্ধকারে অন্ধকারবৎ তত্ত্বাচ্ছাদকে সংসারে ত্বয়া প্রবেষ্টব্যম্ ॥২১॥

সম্পতন্নিতি। জন্তুঃ প্রাণী দেহজালানি সম্পতন্ প্রাপ্নুবন্ ইহ মানুষে লোকে কদাচিৎ ব্রাহ্মণ্যং ব্রাহ্মণত্বং লভতে। হে পুত্র! তদব্রাহ্মণ্যং পরিপালয় ॥২২॥

এই মনুষ্যসমাজ মৃত্যুকর্তৃক আহত ও জরাকর্তৃক পরিপীড়িত হইতেছে এবং নদীর ন্যায় অব্যর্থ রাত্রিসকল আসিয়া পড়িতেছে। অতএব তুমি ধর্ম্মরূপ পোতদ্বারা সেগুলিকে উত্তীর্ণ হও ॥১৮॥

মৃত্যু যখন স্থিত বা শয়িত মানুষের অন্বেষণ করে, তখন অতর্কিতভাবে সেই মৃত্যুকর্তৃক কবলিত মানুষ কি করিয়া শান্তিলাভ করে ॥১৯॥

মানুষ ধনসঞ্চয় করিতেছে, কাম্যভোগেও পরিতৃপ্ত হয় নাই, এমন অবস্থায় ব্যাঘ্রী আসিয়া যেমন একটী মেষকে লইয়া যায়, তেমন মৃত্যু আসিয়া সেই মানুষকে লইয়া যায় ॥২০॥

বৎস! সংসাররূপ অন্ধকারে তোমার প্রবেশ করিতে হইবে। অতএব তুমি যত্নপূর্ব্বক ক্রমে শিখাসঞ্চয়কারী ধর্ম্মজ্ঞানরূপ উত্তম প্রদীপ ধারণ কর ॥২১॥

ব্রাহ্মণস্য তু দেহোঽয়ং ন কামার্থায় জায়তে।
ইহ ক্লেশায় তপসে প্রেত্য ত্বনুপমং সুখম্ ॥২৩॥
ব্রাহ্মণ্যং বহুভিরবাপ্যতে তপোভিস্তল্লব্ধ্বা ন রতিপরেণ হেলিতব্যম্।
স্বাধ্যায়ে তপসি দমে চ নিত্যযুক্তঃ ক্ষেমার্থী কুশলপরঃ সদা যতস্ব ॥২৪॥
অব্যক্তপ্রকৃতিরয়ং কলাশরীরঃ সূক্ষ্মাত্মা ক্ষণত্রুটিশো নিমেষরোমা।
সংবাস্যঃ সমবলশুক্লকৃষ্ণনেত্রো মাসাঙ্গো দ্রবতি বয়োঽয়ো নরাণাম্ ॥২৫॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণস্যেতি। অয়ং ব্রাহ্মণস্য দেহঃ কামার্থায় কামভোগায় ন জায়তে। তদা কস্মৈ অর্থে জায়ত ইত্যাহ ইহেতি। ইহলোকে ক্লেশায় তীর্থপর্য্যটনাদিকষ্টায় তপসে চ, প্রেত্য পরলোকে তু অনুপমং সুখং ভোক্তুমিতি শেষঃ ॥২৩॥

ব্রাহ্মণ্যমিতি। বহুভিস্তপোভিঃ ব্রাহ্মণ্যমবাপ্যতে। তল্লব্ধ্বা চ মানুষেণ রতিপরেণ কামভোগপরায়ণেন সতা ন হেলিতব্যং ন হেলাবিষয়ীকর্ত্তব্যম্। কিন্তু ইহলোকে ক্ষেমার্থী, পরলোকে চ কুশলপরঃ, নিত্যযুক্তঃ সর্ব্বদোদ্যোগী চ সন্, সদা স্বাধ্যায়ে বেদপাঠে, তপসি, দমে ইন্দ্রিয়দমনে চ যতস্ব ॥২৪॥

অব্যক্তেতি। অব্যক্তা অস্পষ্টত্বাদজ্ঞেয়া প্রকৃতিঃ স্বভাবো যস্য সঃ, কলা প্রাগুক্তবুদ্ধিপ্রভৃতিত্রিংশৎপ্রকারঃ পদার্থঃ শরীরং যস্য সঃ, সূক্ষ্মঃ অদৃশ্য আত্মা স্বরূপং যস্য সঃ, ক্ষণঃ কালবিশেষঃ ত্রুটিশো লোমকূপো যস্য সঃ, নিমেষা এব রোমাণি যস্য সঃ, সমবলৌ সমানশক্তিকৌ শুক্লকৃষ্ণৌ পক্ষৌ নেত্রে যস্য সঃ, মাসা এবাঙ্গানি যস্য স চ, সংবাস্য আরোহণীয়ঃ, নরাণাং বয়ো জীবনকাল এব হয়ো ঘোটকঃ সঃ, দ্রবতি ধাবতি ॥২৫॥

প্রাণিগণ দেহসমূহ ধারণপূর্ব্বক এই মনুষ্যজগতে আসিয়া কখনও ব্রাহ্মণত্ব লাভ করে। পুত্র! তুমি তাহা লাভ করিয়াছ, পরিপালন কর ॥২২॥

ব্রাহ্মণের এই দেহ কামভোগের জন্য জন্মে না; কিন্তু ইহলোকে তীর্থপর্য্যটনাদি কষ্টভোগ ও তপস্যার জন্য এবং পরলোকে অতুলনীয় সুখ লাভের নিমিত্ত, জন্মিয়া থাকে ॥২৩॥

বহু তপস্যার ফলে মানুষ ব্রাহ্মণত্ব লাভ করে, লাভ করিয়া কামপরায়ণ হইয়া তাহার অবহেলা করিও না। ইহলোকে মঙ্গলার্থী এবং পরলোকে মঙ্গলপরায়ণ হইয়া সদা উদ্‌যোগী থাকিয়া সর্ব্বদা বেদপাঠ, তপস্যা ও ইন্দ্রিয়দমনে যত্নবান্ হও ॥২৪॥

মনুষ্যগণের বয়সরূপ ঘোটক বেগে ছুটিতেছে; ইহার স্বভাব স্পষ্ট নহে, পূর্ব্বোক্ত বুদ্ধি ও অহঙ্কারপ্রভৃতি ইহার শরীর, ইহার আত্মা সূক্ষ্ম, ক্ষণসকল রোমকূপ, নিমেষসমূহ রোম, সমানশক্তিসম্পন্ন শুক্লপক্ষ ও কৃষ্ণপক্ষ ইহার নেত্রযুগল এবং মাসগুলি ইহার অঙ্গ, বিশেষতঃ এই ঘোটকে সকলেরই আরোহণ করিতে হয় ॥২৫॥

তং দৃষ্ট্বা প্রসৃতমজস্রমুগ্রবেগং গচ্ছন্তং সততমিহানবেক্ষ্যমাণম্ ।
চক্ষুস্তে যদি ন পরপ্রণেতৃনেয়ং ধর্ম্মে তে ভবতু মনঃ পরং নিশাম্য ॥২৬॥
যে চাত্র প্রচলিতধর্ম্মকামবৃত্তাঃ ক্রোশন্তঃ সততমনিষ্টসম্প্রয়োগাঃ ।
ক্লিশ্যন্তঃ পরিগতবেদনাশরীরা বহ্বীভিঃ সুভৃশমধর্ম্মকারণাভিঃ ॥২৭॥
রাজা সদা ধর্ম্মপরঃ শুভাশুভস্য গোপ্তা সমীক্ষ্য সুকৃতিনাং দধাতি লোকান্ ।
বহুবিধমপি চরতি প্রবিশতি সুখমনুপগতংনিরবদ্যম্ ॥২৮॥

ভারতকৌমুদী

তমিতি। ইহ জগতি অনবেক্ষ্যমাণং পশ্চাদ্ভাগমপশ্যন্তম্, অজস্রমেব উগ্রবেগম্, প্রসৃতং বিস্তৃতং যথা স্যাত্তথা, সততং গচ্ছন্তম্, তং বয়োহয়ং দৃষ্ট্বা বিদ্যমানস্য তে তব চক্ষুঃ, যদি ন পরেণ প্রনেত্রা পরিচালকেন নেয়ং চালনীয়ং ন ভবতি স্বয়মেব দ্রষ্টব্যে প্রবর্ত্তত ইত্যর্থঃ, তদা তে মনঃ, পরং লোকম্, নিশাম্য দৃষ্ট্বা ধর্ম্মাভাবে পরলোকে দুঃখমেব ভবিষ্যতীতি পর্য্যালোচ্যেত্যর্থঃ, ধর্ম্মে ভবতু প্রবর্ত্ততাম্ ॥২৬॥

য ইতি। অত্র জগতি বেদবিধানাৎ প্রচলিতে ধর্ম্মে কামবৃত্তাঃ স্বেচ্ছাচারিণঃ, যে জনাশ্চ, ক্রোশন্তঃ 'ধর্ম্মো নাস্তি, পরদারগমনাদিক এব বা ধর্ম্মঃ' ইত্যুচ্চৈর্ব্বদন্তঃ সন্তঃ, সততম্ অনিষ্টে অধর্ম্মে সম্প্রয়োগঃ প্রেরণা যেষাং তে তাদৃশাঃ ভবন্তি ; তে, বহ্বীভিঃ সুভৃশং অধর্ম্মকারণাভিঃ লোকানাং পাপে প্রেরণাভিঃ, পরিগতানি প্রাপ্তানি বেদনাশরীরাণি নরকযাতনাভোগাস্পদীভূতা দেহা যৈস্তে তাদৃশাঃ সন্তঃ, ক্লিশ্যন্তঃ নরকেষু ক্লেশং প্রাপ্নুবন্তো ভবন্তি। অতস্তেষাং বচনং কদাপি ন শ্রোতব্যমিতি ভাবঃ ॥২৭॥

অথ তে যদি বলেন মামধর্ম্মে প্রবর্ত্তয়ন্তীত্যাহ রাজেতি। ধর্ম্মপরো রাজা সদা শুভাশুভস্য গোপ্তা, শুভস্য পুণ্যস্য গোপ্তা রক্ষকঃ, অশুভস্য পাপস্য গোপ্তা নিবারকঃ ; তথা সুকৃতিনাং পুণ্যবতাং জনানাং সমীক্ষ্য মন্ত্রণাং পর্য্যালোচ্য লোকান্ দধাতি ধারয়তি পালয়তি, স্বয়মপি বহুবিধং পুণ্যং চরতি ; তেন চ অনুপগতং পূর্ব্বমপ্রাপ্তং নিরবদ্যমনিন্দনীয়ং সুখম্, প্রবিশতি

বৎস শুক! সেই বয়োরূপ ঘোটক পিছনের দিকে না চাহিয়া, সর্ব্বদা দারুণ বেগে বিস্তৃত পথে অনবরত গমন করিতেছে। তাহাকে দেখিয়া যদি তোমার চক্ষু অন্য পরিচালকের চালনায় না চলে, তাহা হইলে, পরলোকে দৃষ্টি রাখিয়া তোমার মন ধর্ম্মে প্রবৃত্ত হউক ॥২৬॥

এই জগতে যাহারা বেদবিধানানুসারে প্রচলিত ধর্ম্ম নাই কিংবা পরদারগমনপ্রভৃতিই ধর্ম্ম এইরূপ উচ্চৈঃস্বরে ঘোষণা করিতে থাকিয়া সর্ব্বদা লোকসমাজে অনিষ্ট উৎপাদন করে ; তাহারা বহুতর ও গুরুতর পাপপ্রেরণা উৎপাদন করায় মৃত্যুর পরে বেদনাময় শরীর ধারণ করিয়া, ঘোর নরকে দারুণ কষ্টভোগ করিতে থাকে ॥২৭॥

শ্বানো ভীষণকায়া অয়োমুখানি বয়াংসি বলগৃধ্রকুলং পক্ষিণাঞ্চ সঙ্ঘাঃ।
নরকদনে রুধিরপা গুরুবচননুদমুপরতং বিশন্ত্যসন্তঃ ॥২৯॥
মর্য্যাদা নিয়তাঃ স্বয়ম্ভুবা য ইহেমাঃ প্রভিনত্তি দশগুণা মনোঽনুগত্বাৎ।
নিবসতি ভৃশমসুখং পিতৃবিষয়বিপিনমবগাহ্য স পাপঃ ॥৩০॥
যো লুব্ধঃ সুভৃশং প্রিয়ানৃতশ্চ মনুষ্যঃ সততনিকৃতিবচনাভিরতিঃ স্যাৎ।
উপনিধিভিরসুখকৃৎ স পরমনিরয়গো ভৃশমসুখমনুভবতি দুষ্কৃতকর্ম্মা ॥৩১॥

ভারতকৌমুদী

ইহলোকে পরলোকে চানুভবতি। অতএব তাদৃশস্য রাজ্ঞঃ শাসনাৎ অধার্ম্মিকানাং ত্বয়ি বলপ্রয়োগো ন ভবেদিতি ভাবঃ ॥২৮॥

গুরুজনাদেশস্তু সর্ব্বদৈব পালনীয় ইত্যাহ শ্বান ইতি। ভীষণকায়াঃ শ্বানঃ কুক্কুরাঃ, অয়াংসি লৌহানীব দৃঢ়ানি মুখানি যেষাং তানি, বয়াংসি পক্ষিণঃ, বলানাং কাকানাং গৃধ্রাণাঞ্চ কুলং সমূহঃ, অন্যেষাং পক্ষিণাঞ্চ সঙ্ঘাঃ, নরাণাং কদনে যাতনার্থে রুধিরপা শোণিতপায়িনঃ অসন্তো দুষ্টাঃ কীটবিশেষাশ্চ, গুরুবচনং নুদতি প্রেরয়তি নিরস্যতীতি তম্, উপরতং মৃতং নরকগতমিত্যর্থঃ, বিশন্তি রুধিরপানায় তদ্দেহে প্রবিশন্তি ॥২৯॥

অথ যো ধর্ম্মমতিক্রামতি তস্য কা গতিরিত্যাহ মর্য্যাদা ইতি। যো জনঃ মনসা অনুগত্বাৎ অনুকূলত্বাৎ ইচ্ছানুসারাদিত্যর্থঃ, ইহ জগতি স্বয়ম্ভুবা ব্রহ্মণা নিয়তা নির্দ্ধারিতাঃ, ইমা দশগুণা দশপ্রকারাঃ দানাধ্যয়নযাগশৌচসন্তোষতপস্যাসত্যধৈর্য্যসদাচারক্ষমা ইতি দশবিধাঃ মর্য্যাদা ধর্ম্মসেতূন্, প্রভিনত্তি নাশয়তি; স পাপঃ পিতৃবিষয়ে যমলোকে বিপিনম্ অসিপত্রবনম্, অবগাহ্য, অতিশয়েন বিচর্য্য ভৃশমসুখং যথা স্যাৎ তথা নিবসতি ॥৩০॥

ধর্ম্মপরায়ণ রাজা সর্ব্বদা ধর্ম্ম রক্ষা করেন এবং পাপ নিবারণ করিয়া থাকেন, আর তিনি ধার্ম্মিকগণের মন্ত্রণা পর্য্যালোচনা করিয়া প্রজাপালন করেন, নিজেও বহুবিধ ধর্ম্ম আচরণ করিয়া থাকেন; তাহাতে তিনি ইহলোকে ও পরলোকে অননুভূত ও অনিন্দনীয় সুখ ভোগ করিয়া থাকেন ॥২৮॥

যে লোক গুরুবাক্য লঙ্ঘন করে, তাহার মৃত্যুর পরে ভীষণ আকৃতি কুক্কুরগণ, লৌহের ন্যায় দৃঢ়মুখ পক্ষিগণ, কাকগণ, গৃধ্রগণ ও অন্যান্য পক্ষিগণ এবং মনুষ্যগণের উৎপীড়নে প্রবৃত্ত রক্তপায়ী ভীষণ কীটগণ, সেই গুরুবাক্যলঙ্ঘনকারীর শরীর ক্ষত বিক্ষত করে ॥২৯॥

যে লোক নিজের ইচ্ছানুসারে ব্রহ্মনির্দ্দিষ্ট দান, অধ্যয়ন, যাগ, শৌচ, সন্তোষ, তপস্যা, সত্য, ধৈর্য্য, সদাচার ও ক্ষমা এই দশবিধ ধর্ম্মমর্য্যাদা নষ্ট করে সেই পাপাত্মা যমলোকে যাইয়া অসিপত্রবনে ভ্রমণ করিতে থাকিয়া, অত্যন্ত দুঃখে বাস করিয়া থাকে ॥৩০॥

উষ্ণাং বৈতরণীং মহানদীমপগাঢ়োঽসিপত্রবনভিন্নগাত্রঃ।
পরশুবনশয়ো নিপতিতো বসতি চ মহানিরয়ে ভৃশার্ত্তঃ ॥৩২॥
মহাপদানি কত্থসে ন চাপ্যবেক্ষ্যসে পরম্।
চিরস্য মৃত্যুকারিকামনাগতাং ন বুধ্যসে ॥৩৩॥
প্রযায়তাং কিমাস্যতে সমুত্থিতং মহদ্ভয়ম্।
অতিপ্রমাথি দারুণং সুখস্য সংবিধীয়তাম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

য ইতি। সুভৃশং লুব্ধঃ, প্রিয়ম্ অনৃতং মিথ্যাবাক্যং যস্য স তাদৃশশ্চ যো মনুষ্যঃ সততং নিকৃতিবচনে শঠবাক্যে অভিরতিরভিরুচির্যস্য স তাদৃশঃ, তথা উপনিধিভিশ্ছলৈঃ পরেষামসুখকৃৎ স্যাৎ; স দুষ্কৃতকর্ম্মা পাপকারী মনুষ্যঃ পরমনিরয়ং মহানরকং গচ্ছতীতি স তথোক্তঃ সন্, ভৃশম সুখং দুঃখম্ অনুভবতি ॥৩১॥

উষ্ণামিতি। কিঞ্চ উক্তবিধো মনুষ্যঃ বৈতরণীং নাম উষ্ণাং মহানদীম্, অবগাঢ়ঃ প্রবিষ্টঃ মরণাৎ পরং পরলোকে অসিপত্রবনেন ভিন্নানি বিদীর্ণানি গাত্রাণি অঙ্গানি যস্য সঃ, পরশুবনে শেত ইতি সঃ, মহানিরয়ে নিপতিতঃ সন্, তত্র ভৃশার্ত্তো বসতি চ। উক্তবিধো দুর্জ্জনো ন ভবেত্যাশয়ঃ ॥৩২॥

মহেতি। মহাপদানি ব্রহ্মলোকাদীনি উত্তমস্থানানি সন্ধ্যাবন্দনাদিসৎকর্ম্মকরণেন প্রাপ্স্যামীতি কৃত্বা, কত্থসে শ্লাঘসে। তথা চ স্মৃতিঃ "সন্ধ্যামুপাসতে যে তু নিয়তং সংশিতব্রতাঃ, বিধূতপাপাস্তে যান্তি ব্রহ্মলোকমনাময়ম্।" পুণ্যক্ষয়ে ততোঽপি পতনং ভবেদিতি ভাবঃ, পরং পরমাত্মানং ন চাপি অবেক্ষসে সাক্ষাৎকরোষি। কুতস্তে মুক্তির্ভবেদিত্যাশয়ঃ। অনাগতাং ভাবিনীং চিরস্য চিরকালাৎ পরং মৃত্যুকারিকাম্ আত্মনো জরাং ন বুধ্যসে ॥৩৩॥

প্রেতি। কিমাস্যতে নিশ্চিন্তভাবেনোপবিশ্যতে, প্রযায়তাং মুক্তিপথে গম্যতাম্। অতিপ্রমাথি নিতান্তদুঃখকরং দারুণঞ্চ মৃত্যোর্মহদ্ভয়ং সমুত্থিতং জ্ঞানার্জ্জনাভাবে সমুপস্থিতং ভবেৎ।

যে মানুষ অত্যন্ত লোভী হয়, পরের প্রীতিজনক অথচ মিথ্যাবাক্য বলে, সর্ব্বদা শঠবাক্যে রুচিসম্পন্ন হয় এবং ছলদ্বারা পরের দুঃখ উৎপাদন করে, সেই পাপকারী মানুষ মৃত্যুর পরে ঘোর নরকে যাইয়া গুরুতর দুঃখ অনুভব করিয়া থাকে ॥৩১॥

এবং সেই মানুষ মৃত্যুর পরে যমলোকে যাইবার পথে, বৈতরণী নামে উষ্ণ মহানদীতে অবগাহন করে; যমলোকে যাইয়া অসিপত্রবননামক নরকে বিচরণ করিতে থাকিয়া, ক্ষতবিক্ষতগাত্র হয়, পরশুবনে শয়ন করে, আর মহানরকে নিপতিত হইয়া সেখানে অত্যন্ত পীড়িত অবস্থায় বাস করে ॥৩২॥

বৎস শুক! তুমি সন্ধ্যাবন্দনাদি করায় ব্রহ্মলোকে যাইবে বলিয়া আত্মশ্লাঘা কর, কিন্তু পরমাত্মার সাক্ষাৎকার লাভ করিবার চেষ্টা করিতেছ না এবং দীর্ঘকালের পরে মৃত্যুজনিকা জরা আসিবে তাহাও বুঝিতেছ না ॥৩৩॥

পুরামৃতঃ প্রণীয়সে যমস্য রাজশাসনাৎ।
ত্বমন্তকায় দারুণৈঃ প্রযত্নমার্জ্জবে কুরু ॥৩৫॥
পুরা সমূলবান্ধবঃ প্রভুর্হরত্যদুঃখবিৎ।
তবেহ জীবিতং যমো ন চাস্তি তস্য বারকঃ ॥৩৬॥
পুরাভিবাতি মারুতো যমস্য যঃ পুরঃসরঃ।
পুরৈক এব নীয়সে কুরুষ্ব সাম্পরায়িকম্ ॥৩৭॥
পুরা স হি ক এব তে প্রবাতি মারুতোঽন্তকঃ।
পুরা চ বিভ্রমন্তি তে দিশো মহাভয়াগমে ॥৩৮॥

ভারতকৌমুদী

অতএব সুখস্য মোক্ষস্য উপায়ঃ সংবিধীয়তাং জ্ঞানার্জ্জনেন ক্রিয়তাম্ ॥৩৪॥

পুরেতি। দারুণৈর্যমদূতৈঃ পুরা আগামিনি কালে মৃতস্ত্বং যমস্য রাজ্ঞঃ শাসনাৎ অন্তকায় তস্মৈ যমায় প্রণীয়সে নীতো ভবিষ্যসি। তস্মাদার্জ্জবে সারল্যেন ধর্ম্মার্জ্জনে প্রযত্নং কুরু। 'যমস্য রাজশাসনাৎ' ঈদৃশঃ সমাস আর্ষঃ ॥৩৫॥

পুরেতি। প্রভুঃ প্রাণহরণে সমর্থঃ, অদুঃখবিৎ ম্রিয়মাণস্য দুঃখানভিজ্ঞো যমঃ পুরা আগামিনি কালে, মূলবান্ধবৈঃ প্রকৃতবন্ধুভূতৈরিন্দ্রিয়ৈঃ সহেতি সমূলবান্ধবম্, তব জীবিতম্, ইহজগতি হরতি। "প্রয়োগতশ্চ" ইতি পুরাশব্দযোগাৎ ভবিষ্যৎকালে বর্ত্তমানা। তস্য যমস্য বারকঃ কোঽপি নাস্তি ॥৩৬॥

পুরেতি। যো যমস্য পুরঃসরঃ প্রাণহরণে অগ্রবর্ত্তী, স মারুতো বায়ুঃ পুরা অভিবাতি তবাভিমুখঃ প্রবহতি; পুরা তদা চ ত্বমেক এব নীয়সে তেন বায়ুনা। তেন চ সাম্পরায়িকং পারলৌকিকং ধর্ম্মং কুরুষ্ব ॥৩৭॥

বসিয়া রহিয়াছ কেন? মুক্তিপথে ধাবিত হও, অত্যন্ত দুঃখজনক দারুণ মৃত্যুর ভয় উপস্থিত হইতেছে। অতএব মুক্তির উপায় বিধান কর ॥৩৪॥

তুমি ভবিষ্যতে মরিবে, তখন দারুণ যমদূতেরা সেই যমরাজেরই আদেশে তাঁহার নিকটে লইয়া যাইবে। অতএব তুমি জ্ঞান উপার্জ্জনের জন্য সরলভাবে যত্ন করিতে থাক ॥৩৫॥

বৎস! শক্তিশালী ও পরদুঃখানভিজ্ঞ যম, ভাবীকালে ইন্দ্রিয়গণের সহিত তোমার জীবন হরণ করিবে; কিন্তু তাহার নিবারক কেহই থাকিবে না ॥৩৬॥

যে বায়ু যমের অগ্রে অগ্রে গমন করে, সেই মৃত্যুবায়ু ভাবীকালে তোমার সম্মুখে বহিত হইবে এবং সেই বায়ু তৎকালে একক তোমাকেই লইয়া যাইবে। অতএব তুমি এখন হইতেই পারলৌকিক ধর্ম্মানুষ্ঠান করিতে থাক ॥৩৭॥

শ্রুতিশ্চ সংনিরুধ্যতে পুরা তবেহ পুত্রক।
সমাকুলস্য গচ্ছতঃ সমাধিমুত্তমং কুরু ॥৩৯॥
শুভাশুভে পুরাকৃতে প্রমাদকর্ম্মবিপ্লুতে।
স্মরন্ পুরা ন তপ্যসে নিধৎস্ব কেবলং নিধিম্ ॥৪০॥
পুরা জরা কলেবরং বিজর্জ্জরী করোতি তে।
বলাঙ্গরূপহারিণী নিধৎস্ব কেবলং নিধিম্ ॥৪১॥
পুরা শরীরমন্তকো ভিনত্তি রোগসারথিঃ।
প্রসহ্য জীবিতক্ষয়ে তপো মহৎ সমাচর ॥৪২॥

ভারতকৌমুদী

পুরেতি। স এব অন্তকো মারুতঃ পুরা তে ক কুত্রাপি প্রবাতি। তত্র চ মহাভয়াগমে দিশস্তে পুরা বিভ্রমন্তি ॥৩৮॥

শ্রুতিরিতি। হে পুত্রক! পুরা আগামিনি মরণকালে ইহশরীরং এব সমাকুলস্য রোগযাতনয়া অস্থিরীভূতস্য পরলোকং গচ্ছতশ্চ তব শ্রুতিঃ শ্রবণশক্তিশ্চ সংনিরুধ্যতে রোগেণ নাশ্যতে। অতএব তদানীং পরকৃতং তারকব্রহ্মনামাদিকং ন শ্রোষ্যসি ইতি ভাবঃ। তেন চ উত্তমং সমাধিং সবিকল্পং নির্ব্বিকল্পং বা মুক্তিলাভায় কুরু ॥৩৯॥

শুভেতি। পুরা পূর্ব্বং কৃতে, প্রমাদকর্ম্মণা অনবধানব্যাপারেণ বিপ্লুতে বিপর্য্যস্তে শুভাশুভে পুণ্যপাপে স্মরন্ পুরা পরস্মিন্ কালে ন তপ্যসে; তথা কেবলং নিধিং তত্ত্বজ্ঞানধনভাণ্ডম্, নিধৎস্ব আত্মনি স্থাপয় ॥৪০॥

পুরেতি। বলঞ্চ অঙ্গরূপঞ্চ হরতীতি সা তাদৃশী জরা পুরা তে কলেবরং বিজর্জ্জরীকরোতি বিশেষেণ জীর্ণীকরিষ্যতি। অতএব কেবলং নিধিং তত্ত্বজ্ঞানধনভাণ্ডং নিধৎস্ব আত্মনি স্থাপয় ॥৪১॥

ভাবীকালে মৃত্যুবায়ু কোথাও হইতে আসিয়া তোমার সম্মুখে বহিত হইবে, সেই মহাভয় উপস্থিত হইলে তোমার দৃষ্টিপথে দিক্‌সকল ঘূর্ণিত হইতে থাকিবে ॥৩৮॥

পুত্র! ভাবীকালে তুমি পরলোকে যাত্রা করিবে, তখন আকুল হইয়া পড়িবে এবং তোমার শ্রবণশক্তি রুদ্ধ হইয়া যাইবে, সুতরাং তখন অন্যের উচ্চারিত তারকব্রহ্মনামও শুনিতে পাইবে না; অতএব তুমি এখন হইতেই উত্তমরূপে যোগ অভ্যাস কর ॥৩৯॥

তুমি পূর্ব্বে অনবধানতাবশতঃ, অসমীচীনভাবে যে পুণ্য ও পাপ করিয়াছিলে, তাহা স্মরণ করিয়া পরে অনুতপ্ত হইও না এবং এখন হইতেই আত্মাতে জ্ঞাননিধি স্থাপন কর ॥৪০॥

বৎস! দেহের শক্তি ও সৌন্দর্য্যনাশিনী জরা, ভাবীকালে তোমার শরীর জীর্ণ করিবে। অতএব তুমি আত্মাতে তত্ত্বজ্ঞানরূপ ধননিধি স্থাপন কর ॥৪১॥

পুরা বৃকা ভয়ঙ্করা মনুষ্যদেহগোচরাঃ।
অভিদ্রবন্তি সর্ব্বতো যতস্ব পুণ্যশীলনে ॥৪৩॥
পুরান্ধকারমেককোঽনুপশ্যসি ত্বরস্ব বৈ।
পুরা হিরণ্ময়ান্নগান্নিরীক্ষসেঽদ্রিমূর্দ্ধনি ॥৪৪॥
পুরা কুসঙ্গতানি তে সুহৃন্মুখাশ্চ শত্রবঃ।
বিচালয়ন্তি দর্শনাৎ ঘটস্ব পুত্র যৎ পরম্ ॥৪৫॥
ধনস্য যস্য রাজতো ভয়ং ন চাস্তি চৌরতঃ।
মৃতঞ্চ যন্ন মুঞ্চতি সমর্জ্জয়স্ব তদ্ধনম্ ॥৪৬॥

ভারতকৌমুদী

পুরেতি। রোগঃ সারথির্যস্য সঃ অন্তকো ধানুষ্ক ইব যমঃ পুরা জীবিতক্ষয়ে প্রাণনাশকালে প্রসহ্য বলেন তব শরীরং ভিনত্তি বিদারয়তি। অতো মহত্তপঃ সমাচর ॥৪২॥

পুরেতি। মনুষ্যদেহ এব গোচরো বিষয়ো যেষাং তে, ভয়ঙ্করা বৃকা ব্যাঘ্রবিশেষা ইব কামক্রোধাদয়ঃ পুরা সর্ব্বত এব অভিদ্রবন্তি ত্বাম্ অভিধাবন্তি। অতঃ পুণ্যশীলনে ধর্ম্মানুষ্ঠানে যতস্ব ॥৪৩॥

পুরেতি। পুরা আগামিনি মরণকালে এককস্ত্বম্ অন্ধকারমনুপশ্যসি তথা অদ্রিমূর্দ্ধনি পর্ব্বতমস্তকে হিরণ্ময়ান্ স্বর্ণময়ান্ নগান্ বৃক্ষান্ নিরীক্ষসে। শৈলবৃক্ষৌ নগাবগৌ ইত্যমরঃ। মৃত্যুলক্ষণদ্বয়মেতৎ। অতো যোগানুষ্ঠানে ত্বরস্ব ॥৪৪॥

পুরেতি। সুহৃন্মুখা বহিঃসুহৃদঃ অন্তশ্চ শত্রবঃ, কুসঙ্গতানি দুর্জ্জনসংসর্গাশ্চ তে তব বুদ্ধিং দর্শনাৎ যথার্থদৃষ্টেঃ বিচালয়ন্তি ভ্রংশয়িষ্যন্তি। অতএব হে পুত্র! যৎ পরং সর্ব্বশ্রেষ্ঠং ব্রহ্ম, তল্লব্ধুং ঘটস্ব চেষ্টস্ব ॥৪৫॥

ভাবীকালে প্রাণনাশের সময়ে রোগরূপ সারথিযুক্ত, যমরূপ ধনুর্দ্ধর বলপূর্ব্বক তোমার শরীর বিদীর্ণ করিবে। অতএব তুমি উৎকৃষ্ট তপস্যা কর ॥৪২॥

মনুষ্যশরীরবর্ত্তী ব্যাঘ্রের ন্যায় ভয়ঙ্কর, কামক্রোধপ্রভৃতি, ভাবীকালে সকল দিক্ হইতে তোমার দিকে ধাবিত হইবে। সুতরাং পুণ্যানুষ্ঠানে যত্ন কর ॥৪৩॥

ভাবী মরণসময়ে তুমি একাকী কেবল অন্ধকার দেখিবে এবং পর্ব্বতের উপরে সুবর্ণময় বৃক্ষসকল দর্শন করিবে। অতএব ধর্ম্মানুষ্ঠান করিবার জন্য ত্বরান্বিত হও ॥৪৪॥

পুত্র! ভাবীকালে দুর্জ্জনের সংসর্গ এবং মুখে বন্ধু অথচ অন্তরে শত্রু লোকেরা, তোমার বুদ্ধিকে যথার্থ দৃষ্টি হইতে বিচলিত করিবে। অতএব যাহা সর্ব্বশ্রেষ্ঠ সেই পরব্রহ্ম লাভ করিবার জন্য চেষ্টা কর ॥৪৫॥

ন তত্র সংবিভজ্যন্তে স্বকর্ম্মভিঃ পরস্পরম্ ।
যদেব যস্য যৌতুকং তদেব তত্র সোঽশ্নুতে ॥৪৭॥
পরত্র যেন জীব্যেত তদেব পুত্র ! দীয়তাম্ ।
ধনং যদক্ষরং ধ্রুবং সমর্জ্জয়স্ব তৎ স্বয়ম্ ॥৪৮॥
ন যাবদেব পচ্যতে মহাজনস্য যাবকম্ ।
অপক্ক এব যাবকে পুরা প্রলীয়সে ত্বর ॥৪৯॥
ন মাতৃপুত্রবান্ধবা ন সংস্তুতঃ প্রিয়ো জনঃ ।
অনুব্রজন্তি সঙ্কটে ব্রজন্তমেকপাতিনম্ ॥৫০॥

ভারতকৌমুদী

ধনস্যেতি। যস্য ধনস্য রাজতঃ চৌরতশ্চ ভয়ং নাস্তি ; যচ্চ ধনং মৃতং ন মুঞ্চতি ন ত্যজতি তদ্ধনং ধনবদাদরণীয়ং স্বলক্ষ জ্ঞানং সমর্জ্জয়স্ব ।৪৬॥

নেতি। স্বকর্ম্মভিঃ সহায়ভাবেনোর্জ্জনরক্ষণাদিভিঃ পরস্পরমংশিভিঃ তত্রধনে ন সংবিভজ্যতে বিভাগো ন ক্রিয়তে। যেন হি যদেব ধনং যস্য যৌতুকং "যু মিশ্রণে" ইতি ধাত্বর্থানুসারাৎ পতিপত্নীমিশ্রণকালিনং বিবাহপ্রাপ্তং স এক এব তত্র স্থলে তদশ্নুতে ভুনক্তি। পূর্ব্ব শ্লোকস্য দৃষ্টান্তপ্রদর্শনার্থময়ং শ্লোক উক্তঃ ॥৪৭॥

পরত্রেতি। যেন জ্ঞানরূপেণ ধনেন পরত্র লোকেঽপি জীব্যতে জীবিকানির্ব্বাহঃ ক্রিয়তে ; হে পুত্র ! তজ্জ্ঞানধনমেব শিষ্যেভ্যোঽপি দীয়তাম্। যজ্জ্ঞানরূপং ধনং অক্ষরমনশ্বরম্ ধ্রুবমচলঞ্চ তজ্জ্ঞানধনং সমর্জ্জয়স্ব ।৪৮॥

নেতি। মহাজনস্য মাননীয়লোকস্য নিমিত্তে যাবদেব যাবকং যবপিষ্টং ন পচ্যতে, তস্মিন্ যাবকে অপক্ক এব তাবদেব পুরা আগামিনি কালে প্রলীয়সে ম্রিয়সে। অতএব ত্বর জ্ঞানধর্ম্মার্জ্জনায় ত্বরস্ব ॥৪৯॥

বৎস ! রাজা বা চোর হইতে যে ধনের কোন ভয় নাই এবং যে ধন মৃত ব্যক্তিকেও ত্যাগ করে না ; তুমি সেই জ্ঞানরূপ ধন অর্জ্জন কর ॥৪৬॥

অংশীরা রক্ষণপ্রভৃতি কর্ম্মদ্বারা পরস্পর সে ধনের বিভাগ করিতে পারে না ; সুতরাং যে ধন যাহার যৌতুক হয়, সে ধন সেই ভোগ করে ॥৪৭॥

পুত্র ! যে ধনের দ্বারা পরলোকেও জীবিকা নির্ব্বাহ করা যায়, তুমি সেই ধনই শিষ্যদিগকে দান কর এবং যে ধন অচল ও অবিনশ্বর, তুমি নিজে সেই জ্ঞানধন উপার্জ্জন কর ॥৪৮॥

বৎস ! তুমি কোন শ্রেষ্ঠলোকের জন্য যে পর্য্যন্ত যাবক পাক করিয়া শেষ করিতে পার না, তাহার মধ্যে অর্থাৎ সেই যাবক অপক্ক থাকিতেই তুমি মৃত্যুমুখে পতিত হইবে। অতএব তুমি ধর্ম্ম ও জ্ঞান অর্জ্জন করার জন্য সত্বর হও ॥৪৯॥

যদেব কর্ম্ম কেবলং পুরাকৃতং শুভাশুভম্।
তদেব পুত্র! সার্থিকং ভবত্যমুত্র গচ্ছতঃ ॥৫১॥
হিরণ্যরত্নসঞ্চয়াঃ শুভাশুভেন সঞ্চিতাঃ।
ন তস্য দেহসংক্ষয়ে ভবন্তি কার্য্যসাধকাঃ ॥৫২॥
পরত্র গামিকস্য তে কৃতাকৃতস্য কর্ম্মণঃ।
ন সাক্ষিকোঽত্মনা সমো নৃণামিহাস্তি কশ্চন ॥৫৩॥
মনুষ্য! দেহশূন্যকং ভবত্যমুত্র গচ্ছতঃ।
প্রবিশ্য বুদ্ধিচক্ষুষা প্রদৃশ্যতে হি সর্ব্বশঃ ॥৫৪॥

ভারতকৌমুদী

নেতি। মাতৃপুত্রবান্ধবা ন, সংস্তুতশ্চিরপরিচিতঃ প্রিয়ো জনোঽপি ন, সঙ্কটে মরণরূপ বিপৎকালে একপাতিনম্ এককং ব্রজন্তমনুব্রজন্তি ।৫০॥

যদিতি। হে পুত্র! পুরা পূর্ব্বং যদেব শুভাশুভং পুণ্যপাপাত্মকং কর্ম্ম কৃতম্; কেবলং তদেব কর্ম্ম, অমুত্র পরলোকে গচ্ছতো জনস্য সার্থিকং সহচরং ভবতি। অতএব পাপং পরিহায় পুণ্যং কর্ম্মৈব কুর্ব্বিত্যাশয়ঃ ॥৫১॥

হিরণ্যেতি। শুভাশুভেন পুণ্যপাপজনকেন কর্ম্মণা সঞ্চিতাঃ, হিরণ্যরত্নসঞ্চয়া দেহসংক্ষয়ে মরণকালে তস্য দেহিনঃ কার্য্যসাধকাঃ ন ভবন্তি ॥৫২॥

পরত্রেতি। পরত্র পরলোকে গামিকস্য তে কৃতাকৃতস্য কর্ম্মণঃ, আত্মনা সমঃ, নৃণাং মধ্যে অন্যঃ কশ্চনাপি সাক্ষিকো নাস্তি ॥৫৩॥

মনুষ্যেতি। হে মনুষ্য! অমুত্র পরলোকে গচ্ছতো জনস্য দেহশূন্যকং দেহরাহিত্যং ভবতি, পরলোকং প্রবিশ্য চ তেন বুদ্ধিচক্ষুষা সর্ব্বশঃ সর্ব্বং প্রদৃশ্যতে; তদানীমপি লিঙ্গশরীরসত্ত্বাৎ বুদ্ধেশ্চ লিঙ্গশরীরান্তর্গতত্বাৎ "সপ্তদশৈকং লিঙ্গম্" ইতি সাংখ্যসূত্রাৎ ॥৫৪॥

মানুষ যখন একাকী পরলোকে গমন করে, সেই সঙ্কটের সময়ে মাতা, পুত্র ও অন্যান্য বান্ধব কিংবা চিরপরিচিত অন্য কোন প্রিয়জন, তাহার অনুগমন করে না ॥৫০॥

পুত্র! মানুষ পূর্ব্বে পুণ্যপাপরূপ যে কর্ম্ম করিয়াছিল, পরলোকে যাইবার সময়ে কেবল সেই কর্ম্মই তাহার সাথী অর্থাৎ সহচর হইয়া থাকে ॥৫১॥

মানুষ জীবনকালে ভাল ও মন্দকার্য্যদ্বারা, যে সকল ধনরত্ন সঞ্চয় করিয়াছিল, দেহত্যাগের সময়ে সে ধনরত্ন তাহার কোন কার্য্যসাধকই হয় না ॥৫২॥

পুত্র! তুমি যখন পরলোকে গমন করিবে, তখন তোমার আত্মার তুল্য, মনুষ্য মধ্যে আর কেহই কৃত বা অকৃতকার্য্যের সাক্ষী হইবে না ॥৫৩॥

(৫৩) ন সাক্ষি আত্মনাসমঃ···বঙ্গ বন্ধ।

ইহাগ্নিসূর্য্যবায়বঃ শরীরমাশ্রিতাস্ত্রয়ঃ।
ত এব তস্য সাক্ষিণো ভবন্তি ধর্ম্মদর্শিনঃ ॥৫৫॥
অহর্নিশেষু সর্ব্বতঃ স্পৃশৎসু সর্ব্বচারিষু।
প্রকাশগূঢ়বৃত্তিষু স্বধর্ম্মমেব পালয় ॥৫৬॥
অনেকপারিপান্থিকে বিরূপরৌদ্রমাক্ষিকে।
স্বমেব কর্ম্ম রক্ষতাং স্বকর্ম্ম তত্র গচ্ছতি ॥৫৭॥
ন তত্র সংবিভজ্যতে স্বকর্ম্মণা পরস্পরম্।
তথা কৃতং স্বকর্ম্মজং তদেব ভুজ্যতে ফলম্ ॥৫৮॥

ভারতকৌমুদী

ইহেতি। ইহলোকে অগ্নিসূর্য্যবায়ব ইমে ত্রয়ঃ প্রাণিমাত্রস্য শরীরমাশ্রিতাঃ, তত্রাগ্নিঃ পাচকপিত্তরূপেণ, সূর্য্যস্তাপরূপেণ বায়ুশ্চ প্রাণাদিরূপেণেতি ভাবঃ। তস্য পরলোকং গচ্ছতো জনস্য ধর্ম্মদর্শিনস্ত এব ত্রয়ঃ, সাক্ষিণঃ কর্ম্মদ্রষ্টারো ভবন্তি ॥৫৫॥

অহরিতি। সর্ব্বতঃ স্পৃশৎসু সংযুজ্যমানেষু, অহর্নিশেষু অহোরাত্রেষু, সর্ব্বত্র চরন্তীতি তেষু, বায়ুষু, প্রকাশা চ গূঢ়া চ বৃত্তির্বিদ্যমানতা যেষাং তেষু চন্দ্রসূর্য্যাদিষু, সাক্ষিষু সৎস্বিতি শেষঃ; পাপং পরিহায় স্বধর্ম্মমেব পালয়। তথাচোক্তং "আদিত্যচন্দ্রাবনিলোনলশ্চ দ্যৌর্ভূমি-রাপো হৃদয়ং যমশ্চ। অহশ্চ রাত্রিশ্চ উভে চ সন্ধ্যে ধর্ম্মো হি জানাতি নরস্য বৃত্তম্" ॥৫৬॥

অনেকেতি। অনেকে বহব এব পারিপান্থিকাঃ শত্রবো যমানুচরা যত্র তস্মিন্, তথা বিরূপা বিকৃতাকৃতয়ঃ রৌদ্রা রক্তপায়িতয়া ভয়ানকা মাক্ষিকা দংশা যত্র তস্মিন্, তত্র পরলোকে স্বংকর্ম্ম শাস্ত্রবিহিতং কার্য্যং রক্ষতামেব জনানাং স্বকর্ম্ম বন্ধুভাবেন গচ্ছতি ॥৫৭॥

হে মানুষ! তুমি যখন পরলোকে যাইবে, তখন তোমার দেহ থাকিবে না বটে; কিন্তু তুমি পরলোকে প্রবেশ করিয়া কেবল বুদ্ধিচক্ষুদ্বারা সকল দেখিতে থাকিবে ॥৫৪॥

এই জগতে অগ্নি, সূর্য্য ও বায়ু এই তিন দেবতা প্রাণিগণের দেহ আশ্রয় করিয়া থাকেন; মৃত্যুর পরে ধর্ম্মদর্শী সেই তিন দেবতাই সেই প্রাণিগণের কর্ম্মের সাক্ষী হইয়া থাকেন ॥৫৫॥

বৎস! দিন, রাত্রি, সর্ব্বগামী বায়ু এবং প্রকাশিত ও সুপ্ত চন্দ্র ও সূর্য্য সকল দিক্ হইতেই মানুষকে স্পর্শ করিতেছেন; সুতরাং ইঁহারাই সাক্ষী রহিয়াছেন। অতএব তুমি আপন ধর্ম্মই পালন কর ॥৫৬॥

যমলোকে যমদূতরূপ বহুতর শত্রু রহিয়াছে এবং বিকটাকার ও ভয়ঙ্কর রক্তপায়ী মক্ষিকাসকল ঘুরিতেছে, সেই স্থানে স্বধর্ম্মরক্ষকেরা গমন করিলে সেই ধর্ম্মই তাঁহাদের বন্ধুভাবে গমন করে ॥৫৭॥

যথাপ্সরোগণাঃ ফলং সুখং মহর্ষিভিঃ সহ।
তথাপ্নুবন্তি কর্ম্মজং বিমানকামগামিনঃ ॥৫৯॥
যথেহ যৎকৃতং শুভং বিপাপ্মভিঃ কৃতাত্মভিঃ।
তদাপ্নুবন্তি মানবাস্তথা বিশুদ্ধযোনয়ঃ ॥৬০॥
প্রজাপতেঃ সলোকতাং বৃহস্পতেঃ শতক্রতোঃ।
ব্রজন্তি তে পরাং গতিং গৃহস্থধর্ম্মসেতুভিঃ ॥৬১॥
সহস্রশোঽপ্যনেকশঃ প্রবক্তুমুৎসহাম তে।
অবুদ্ধিমোহনং পুনঃ প্রভুর্নিনায় পাবকঃ ॥৬২॥

ভারতকৌমুদী

নেতি। তত্র পরলোকে স্বং কর্ম্ম যস্য তেন অন্যেনাংশিনা পরস্পরং ন সংবিভজ্যতে। তেন চ যদেব স্বকর্ম্মজং ফলং তদেব তেন ভুজ্যতে ॥৫৮॥

যথেতি। বিমানেন কামেন গচ্ছন্তীতি বিমানকামগামিনো ধার্ম্মিকা জনাঃ, যথা অপ্সরোগণাঃ, তথা মহর্ষিভিঃ সহ স্বকর্ম্মজং সুখং ফলম্ আপ্নুবন্তি। অতো ধর্ম্মমেব সমাচরেতি ভাবঃ ॥৫৯॥

যথেতি। ইহ জগতি বিপাপ্মভির্নিষ্পাপৈঃ কৃতাত্মভিঃ ধর্ম্মেণ শোধিতচিত্তৈর্মানবৈঃ যথা যৎ শুভং পুণ্যং কৃতম্; বিশুদ্ধযোনয়স্তে মানবাঃ, তথা তৎফলম্ আপ্নুবন্তি পরলোকে ॥৬০॥

প্রজেতি। তে পূর্ব্বোক্তরূপা মানবাঃ, গৃহস্থধর্ম্মা এব সেতবস্তৈঃ প্রজাপতের্ব্রহ্মণঃ, বৃহস্পতেঃ শতক্রতোরিন্দ্রস্য চ, সমানা লোকা যেষাং তে সলোকাস্তেষাং ভাবস্তাং তদ্রূপাং পরাং গতিং ব্রজন্তি ॥৬১॥

সহস্রশ ইতি। হে বৎস! তে তব সমীপে, সহস্রশঃ ততোঽপ্যনেকশঃ, ঈদৃশং প্রবক্তুম্ উৎসহাম শক্নুবাম। তদ্যথা তথা, ভবত্বিতি ভাবঃ। প্রভুঃ সর্ব্বশক্তিমান্ পুনাতীতি পাবকো ধর্ম্মঃ, ন বিদ্যতে বুদ্ধিমোহনং যস্য তং ধার্ম্মিকং পুনঃ স্বর্গং নিনায় ॥৬২॥

অংশিগণ সে স্থানে পরস্পর ধর্ম্ম বিভাগ করিয়া লয় না। অতএব মানুষ যেমন কর্ম্ম করিয়াছিল, তাহার ফলই সেখানে সে ভোগ করে ॥৫৮॥

ধার্ম্মিকেরা বিমানে আরোহণ করিয়া ইচ্ছানুসারে স্বর্গলোকে গমন করেন; তাহার পর তাঁহারা মহর্ষিগণের সহিত মিলিত হইয়া, অপ্সরাদের ন্যায় আপন আপন কর্ম্মের ফল 'সুখ' ভোগ করিতে থাকেন ॥৫৯॥

পাপশূন্য ও শুদ্ধচিত্ত মানুষেরা এই জগতে যে ভাবে যে পুণ্যকর্ম্ম করিয়াছিল, বিশুদ্ধবংশোৎপন্ন সেই মানুষেরা স্বর্গে যাইয়া, সেই ভাবে সেই কর্ম্মের ফল ভোগ করে ॥৬০॥

সেই ধার্ম্মিকেরা গৃহস্থধর্ম্মরূপ সেতুদ্বারা, ব্রহ্মা, বৃহস্পতি ও ইন্দ্রের সমান লোক লাভ করেন ॥৬১॥

গতা ত্রিরষ্টবর্ষতা ধ্রুবোঽসি পঞ্চবিংশকঃ।
কুরুষ্ব ধর্ম্মসঞ্চয়ং বয়ো হি তেঽতিবর্ত্ততে ॥৬৩॥
পুরা করোতি সোঽন্তকঃ প্রমাদগোঽমুখাং চমূম্।
যথাগৃহীতমুত্থিতস্ত্বরস্ব ধর্ম্মপালনে ॥৬৪॥
যথা ত্বমেব পৃষ্ঠতস্ত্বমগ্রতো গমিষ্যসি।
তথা গতিং গমিষ্যতঃ কিমাত্মনা পরেণ বা ॥৬৫॥
যদেকপাতিনাং সতাং ভবত্যমুত্র গচ্ছতাম্।
ভয়েষু সাম্পরায়িকং নিধৎস্ব কেবলং নিধিম্ ॥৬৬॥

ভারতকৌমুদী

গতেতি। হে পুত্র শুক! তব ত্রিরষ্টবর্ষতা চতুর্ব্বিংশতির্ব্বর্ষাণি গতা অতীতা, ধ্রুবো নিশ্চিতঃ পঞ্চবিংশকঃ পঞ্চবিংশতিবর্ষবয়স্কঃ অসি। অতস্তে সম্প্রতি বুদ্ধিস্ফূর্ত্তিরুচিতেতি ভাবঃ। অতো ধর্ম্মসঞ্চয়ং কুরুষ্ব। হি যস্মাৎ তে বয়ঃ অতিবর্ত্ততে অতিক্রামতি ॥৬৩॥

পুরেতি। প্রমাদমনবধানতাং গচ্ছতীতি প্রমাদগঃ রন্ধ্রানুসারীত্যর্থঃ, সঃ অন্তকো যমঃ, পুরা আগামিনি কালে চমূং স্বসেনাং মুখাং তদভিমুখীং করোতি করিষ্যতি। অতো গৃহীতং জ্ঞাতমনতিক্রম্যেতি যথাগৃহীতম্, উত্থিত উদ্যোগী সন্, ধর্ম্মপালনে ত্বরস্ব ॥৬৪॥

যথেতি। ত্বমেব যথা পরিচালকভাবেন ধার্ম্মিকাণাং পৃষ্ঠতঃ, শ্রেষ্ঠতয়া তেষামগ্রতো বা গমিষ্যসি তথা কুরুষ্বেতি শেষঃ। তথা গতিং গমিষ্যতঃ করিষ্যতস্তব আত্মনা আত্মীয়েন পরেণ বা জনেন সহায়েন কিং প্রয়োজনম্ ॥৬৫॥

বৎস! আমি তোমার নিকট সহস্র সহস্র কিংবা তাহা হইতেও অধিক অধিকরূপে এইরূপ বলিতে পারি, তাহাতে প্রয়োজন নাই; স্থূল কথা এই যে, সর্ব্বশক্তিমান্ ধর্ম্ম বুদ্ধিমোহশূন্য সেইরূপ ধার্ম্মিকগণকে ব্রহ্মলোকপ্রভৃতি স্থানে লইয়া গিয়াছেন ॥৬২॥

বৎস! তোমার চতুর্ব্বিংশতি বৎসর অতীত হইয়াছে, এখন নিশ্চয়ই পঞ্চবিংশতিবর্ষবয়স্ক হইয়াছ। সুতরাং তোমার বয়স অতীত হইতেছে। অতএব ধর্ম্মসঞ্চয় কর ॥৬৩॥

রন্ধ্রানুসারী সেই যম, পরবর্ত্তী কালে তোমার অভিমুখে আপন সৈন্য প্রেরণ করিবেন। অতএব তুমি নিজের জ্ঞান অনুসারে উদ্যোগী হইয়া ধর্ম্মপালনে সত্বর হও ॥৬৪॥

যাহাতে তুমি ধার্ম্মিকগণের পৃষ্ঠে, কিংবা অগ্রে যাইতে পার, তাহার চেষ্টা কর; তুমি সেইরূপ গমন করিতে থাকিলে, আত্মীয় বা অন্যলোকের সহায়তায় তোমার কি প্রয়োজন আছে ॥৬৫॥

সকূলমূলবান্ধবং প্রভুর্হরত্যসঙ্গবান্।
ন সন্তি যস্য বারকাঃ কুরুষ্ব ধর্ম্মসন্নিধিম্ ॥৬৭॥
ইদং নিদর্শনং ময়া তবেহ পুত্র! সাম্প্রতম্।
স্বদর্শনানুমানতঃ প্রবর্ণিতং কুরুষ্ব তৎ ॥৬৮॥
দধাতি যঃ স্বকর্ম্মণা দদাতি যস্য কস্যচিৎ।
অবুদ্ধিমোহজৈর্গুণৈঃ স এক এব যুজ্যতে ॥৬৯॥
শ্রুতং সমস্তমশ্নুতে প্রকুর্ব্বতঃ শুভাঃ ক্রিয়াঃ।
তদেতদর্থদর্শনং কৃতজ্ঞমর্থসংহিতম্ ॥৭০॥

ভারতকৌমুদী

যদিতি। অমুত্র পরলোকে গচ্ছতাম্, তদানীঞ্চ একপাতিনামেকাকিনাং সতাম্, যমদূত-পীড়নাদ্ভয়েষু, যৎ কেবলমেকং সাম্পরায়িকং পারলৌকিকং সম্বলং পুণ্যম্, তাদৃশস্য ধনস্য নিধিমাত্মনি নিধৎস্ব তদ্ভয়নিবারণায় স্থাপয় ॥৬৬॥

সকূলেতি। অসঙ্গবান্ অন্যসংসর্গরহিত এক এব, প্রভুঃ শক্তিমান্ যমঃ কূলং তীরং তদ্বদাশ্রয়ীভূতো যো মূলবান্ধবঃ প্রধানসহায়স্তেন সহেতি তং জনং হরতি, যস্য যমস্য বারকা ন সন্তি; তস্য বারণায় ধর্ম্মস্য সন্নিধিমর্জ্জনেন সামীপ্যং কুরুষ্ব ॥৬৭॥

ইদমিতি। হে পুত্র! ময়া সাম্প্রতম্ ইহ তবান্তিকে ইদং নিদর্শনং জ্ঞানং স্বদর্শনানুমানতো নিজজ্ঞানানুসারেণ প্রবর্ণিতম্। অতো মদ্দৃষ্টান্তাৎ তজ্জ্ঞানার্জ্জনং কুরুষ্ব ॥৬৮॥

দধাতীতি। যো জনঃ স্বকর্ম্মণা বেদবিহিতনিত্যনৈমিত্তিকাদিকার্য্যেণ, দধাতি ধর্ম্মং ধারয়তি, যস্য কস্যচিৎ শিষ্যস্য তদুপদেশং দদাতি চ; স এক এব জনঃ, বুদ্ধের্ভ্রমঃ মোহো বিপর্য্যয়শ্চ তাভ্যাং জাতা ইতি তে তদ্ভিন্নৈঃ দয়াদাক্ষিণ্যাদিভির্গুণৈর্যুজ্যতে ॥৬৯॥

যাহারা পরলোকে যায় তাহারা একাকীই যায়; তৎকালে তাহাদের যমদূতের ভয় উপস্থিত হইলে, একমাত্র যাহা সম্বল সেই ধর্ম্মকে তুমি আত্মাতে স্থাপন কর ॥৬৬॥

প্রভাবশালী যম প্রধান আশ্রয়দাতার সহিতও মানুষকে হরণ করেন; যে যমকে কেহই বারণ করিতে পারে না, তুমি সেই যমকে বারণ করিবার জন্য ধর্ম্মকে সন্নিহিত কর ॥৬৭॥

পুত্র! আমি এখন তোমার নিকটে নিজের জ্ঞান অনুসারে, এই জ্ঞানের বিষয় বর্ণনা করিলাম; তুমি তাহা অর্জ্জন কর ॥৬৮॥

যে মানুষ বেদবিহিতনিত্যনৈমিত্তিক কার্য্যদ্বারা ধর্ম্মকে ধারণ করে এবং যে কোন শিষ্যকে ধর্ম্মের উপদেশ দান করে, সেই এক ব্যক্তিই জ্ঞানগুণযুক্ত হয় ॥৬৯॥

নিবন্ধনী রজ্জুরেষা যা গ্রামে বসতো রতিঃ।
ছিত্ত্বৈতাং সুকৃতো যান্তি নৈনাং ছিন্দন্তি দুষ্কৃতঃ ॥৭১॥
কিং তে ধনেন কিং বন্ধুভিস্তে কিং তে পুত্রৈঃ পুত্রক ! যো মরিষ্যসি।
আত্মানমন্বিচ্ছ গুহাং প্রবিষ্টং পিতামহাস্তে ক্ব গতাশ্চ সর্বে ॥৭২॥
শ্বঃ কার্য্যমদ্য কুর্ব্বীত পূর্বাহ্ণে চাপরাহ্ণিকম্।
ন হি প্রতীক্ষতে মৃত্যুঃ কৃতং বাস্য ন বা কৃতম্ ॥৭৩॥
অনুগম্য বিনাশান্তে নিবর্ত্তন্তে হ বান্ধবাঃ।
অগ্নৌ প্রক্ষিপ্য পুরুষং জ্ঞাতয়ঃ সুহৃদস্তথা ॥৭৪॥

ভারতকৌমুদী

শ্রুতমিতি। যঃ সমস্তং শ্রুতং শাস্ত্রজ্ঞানম্ অশ্নুতে আদত্তে; শুভাঃ পুণ্যক্রিয়াঃ প্রকুর্ব্বীত তস্য, অর্থেন প্রয়োজনেন সুখেন সংহিতং যুক্তম্, কৃতম্ অন্যেনাপি পুণ্যবতা বিহিতং কার্য্যং জানাতি জ্ঞাপয়তীতি তৎ প্রসিদ্ধম্ এতৎ, অর্থদর্শনং সদ্বিষয়োপদেশঃ ॥৭০॥

নিবন্ধনীতি। গ্রামে বসতো জনস্য যা রতিঃ গ্রামবাস এবাভিরুচিঃ; এষা সংসারে নিবন্ধনী রজ্জুঃ। সুকৃতঃ পুণ্যবন্তঃ এতাং রজ্জুং ছিত্ত্বা মোক্ষং যান্তি; দুষ্কৃতঃ পাপিনস্তু এনাং রজ্জুং ন ছিন্দন্তি ॥৭১॥

কিমিতি। গুহাং প্রবিষ্টং গুহাপ্রবিষ্টবৎ দর্শনাগোচরং, আত্মানং ব্রহ্ম, অন্বিচ্ছ মার্গয় ॥৭২॥

শ্ব ইতি। শ্বঃ কার্য্যং পরদিনে কর্ত্তব্যম্। "শ্বঃ পরশ্বঃ পরেহহনি" ইত্যমরঃ ॥৭৩॥

অন্বিতি। বিনাশান্তে মৃত্যোঃ পরম্ ॥৭৪॥

যে লোক সমস্ত শাস্ত্রজ্ঞান লাভ করে, সেই লোক পুণ্যকার্য্য অবশ্যই করিতে থাকে; তাঁহার পক্ষে সুখের সহিত এই সেই সদুপদেশ; ইহা অপর ব্যক্তিকেও বুঝাইয়া দেয় ॥৭০॥

বৎস ! গ্রামবাসীর গ্রামে বাস করিবারই যে অভিরুচি, তাহাই সংসার বন্ধনের রজ্জু; এই রজ্জু ছেদন করিয়া পুণ্যবানেরা মুক্তিলাভ করেন; আর পাপীরা এই রজ্জুই ছেদন করিতে পারে না ॥৭১॥

পুত্র ! যে তুমি মরিবে, সেই তোমার ধন, বন্ধু ও পুত্রগণের দ্বারা কি হইবে ? এবং তোমার পিতামহেরা সকলে কোথায় গিয়াছেন ? অতএব তুমি অদৃশ্য পরমাত্মার অন্বেষণ কর ॥৭২॥

পরদিনে যাহা কর্ত্তব্য, তাহা অদ্য কর এবং অপরাহ্ণে যাহা করিবে ভাবিয়াছ, তাহা পূর্ব্বাহ্ণে করিয়া রাখ। কারণ, মানুষ কর্ত্তব্য করিয়াছে বা করে নাই, ইহার প্রতীক্ষা মৃত্যু করিবে না ॥৭৩॥

নাস্তিকান্নিরনুক্রোশান্নরান্ পাপমতে স্থিতান্।
বামতঃ কুরু বিস্রব্ধং পরং প্রেপ্সুরতন্দ্রিতঃ ॥৭৫॥
এবমভ্যাহতে লোকে কালেনোপনিপীড়িতে।
সুমহদ্ধৈর্য্যমালম্ব্য ধর্ম্মং সর্ব্বাত্মনা কুরু ॥৭৬॥
অথেমং দর্শনোপায়ং সম্যগ্ যো বেত্তি মানবঃ।
সম্যক্ স্বধর্ম্মং কৃত্বেহ পরত্র সুখমশ্নুতে ॥৭৭॥
ন দেহভেদে মরণং বিজানতাং ন চ প্রণাশঃ স্বনুপালিতে পথি।
ধর্ম্মং হি যো বর্দ্ধয়তে স পণ্ডিতো য এব ধর্ম্মাচ্চ্যবতে স মুহ্যতি ॥৭৮॥

ভারতকৌমুদী

নাস্তিকানিতি। পরং ব্রহ্ম প্রেপ্সুঃ প্রাপ্তুমিচ্ছুস্ত্বং অতন্দ্রিতঃ অনলসঃ সন্, নাস্তিকান্, নিরনুক্রোশান্ নির্দ্দয়ান্, পাপমতে স্থিতাংশ্চ নরান্ বিস্রব্ধং সাশ্বাসং যথা স্যাত্তথা বামতঃ কুরু অবজ্ঞয়া পরিহরেত্যর্থঃ ॥৭৫॥

এবমিতি। কালেন লোকে জনসমাজে এবং রোগশোকাদিনা, অভ্যাহতে আকুলীকৃতে মৃত্যুনা উপনিপীড়িতে চ সতি, সুমহদ্ধৈর্য্যমালম্ব্য সর্ব্বাত্মনা সর্ব্বপ্রযত্নেন ধর্ম্মং কুরু ॥৭৬॥

অথেতি। দর্শনোপায়ম্ ধর্ম্মজ্ঞানোপায়ম্ ॥৭৭॥

নেতি। বিজানতাং বিশেষেণ জ্ঞানবতাং জনানাং দেহভেদে শরীরনাশেঽপি মরণং ন ভবতি ; "ন তস্য প্রাণা উৎক্রামন্তি ইহৈব সমবলীয়ন্তে" ইতি শ্রুতেঃ স্বনুপালিতে শিষ্টাচরিতে পথি গচ্ছতাং দেহস্য প্রণাশেঽপি চ ন ভবতি জীবন্মুক্তত্বাৎ ॥৭৮॥

বন্ধুগণ, জ্ঞাতিগণ ও সুহৃদগণ মানুষের মৃত্যুর পরে, তাহার অনুগমন পূর্ব্বক, তাহাকে অগ্নিতে নিক্ষেপ করিয়া, স্ব স্ব স্থানে ফিরিয়া যায় ॥৭৪॥

পুত্র ! তুমি যদি পরমাত্মাকে লাভ করিতে চাও, তাহা হইলে সেই বিষয়ে উদ্যোগী হইয়া, ভরসার সহিত নাস্তিক, নির্দ্দয় ও পাপমতাবলম্বী মনুষ্যগণকে অবজ্ঞাক্রমে বামদিকে রাখ ॥৭৫॥

বৎস শুক ! কাল এইভাবে লোকদিগকে আহত ও পীড়িত করিতেছে ; এই অবস্থায় তুমি, বিশেষ ধৈর্য্য অবলম্বন করিয়া সর্ব্বপ্রযত্নে ধর্ম্ম আচরণ কর ॥৭৬॥

যে মানুষ সমীচীনভাবে ধর্ম্মজ্ঞানের উপায় জানে, সেই মানুষ সমীচীনভাবে, ইহলোকে স্বধর্ম্মাচরণ করিয়া, পরলোকে সুখ লাভ করে ॥৭৭॥

জ্ঞানিগণের দেহ নষ্ট হইলেও মরণ হয় না এবং যাঁহারা শিষ্টাচরিত পথে গমন করেন, তাঁহাদের দেহও নষ্ট হয় না। যিনি ধর্ম্মবৃদ্ধি করেন, তিনিই পণ্ডিত ; আর যে ধর্ম্মভ্রষ্ট হয় সে-ই মোহগ্রস্ত হইয়া থাকে ॥৭৮॥

প্রযুক্তয়োঃ কর্ম্মপথি স্বকর্ম্মণোঃ ফলং প্রয়োক্তা লভতে যথাকৃতম্।
নিহীনকর্ম্মা নিরয়ং প্রপদ্যতে ত্রিপিষ্টপং গচ্ছতি ধর্ম্মপারগঃ ॥৭৯॥
সোপানভূতং স্বর্গস্য মানুষ্যং প্রাপ্য দুর্লভম্।
তথাত্মানং সমাদধ্যা ভ্রশ্যতে ন পুনর্যথা ॥৮০॥
যস্য নোৎক্রামতি মতিঃ স্বর্গমার্গানুসারিণী।
তমাহুঃ পুণ্যকর্ম্মাণমশোচ্যং পুত্রবান্ধবৈঃ ॥৮১॥
যস্য নোপহতা বুদ্ধির্নিশ্চয়ে হ্যবলম্বতে।
স্বর্গে কৃতাবকাশস্য নাস্তি তস্য মহদ্ভয়ম্ ॥৮২॥
তপোবনেষু যে জাতাস্তত্রৈব নিধনং গতাঃ।
তেষামল্পতরো ধর্ম্মঃ কামভোগানজানতাম্ ॥৮৩॥

ভারতকৌমুদী

মানুষ ধৈর্য্যদ্বারা শিশ্ন ও উদরকে রক্ষা করিবে ; চক্ষুদ্বারা হস্ত ও পদ রক্ষা করিবে ; মনদ্বারা চক্ষু ও কর্ণ রক্ষা করিবে এবং বিদ্যাদ্বারা মন ও বাক্যকে রক্ষা করিবে ॥৮৭॥

যে লোক স্থির থাকিয়া পরিচিত ও অপরিচিত বিষয়ে মনের আকর্ষণ নিবারণ করিয়া বিচরণ করে ; সেই লোকই সুখী এবং সেই লোকই পণ্ডিত ॥৮৮॥

যে লোক অধ্যাত্মচিন্তায় ব্যাপৃত থাকিয়া বসিয়া থাকে, কোন বিষয়েই অপেক্ষা বা লোভ করে না এবং কেবল আত্মাকে সহায় করিয়াই বিচরণ করে, সেই লোকই সুখী হয় ॥৮৯॥

(৮৯) ইতঃ পরম্ '...ত্রিংশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ'। নারদ উবাচ·· বঙ্গ বর্দ্ধ, '...অষ্টত্রিংশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ'। নারদ উবাচ নি।

(৯০) যদা সমনুপদ্যতে···বঙ্গ নি।

স্বভাবাদ্‌যত্নমাতিষ্ঠেদ্‌যত্নবান্ নাবসীদতি।
জরামরণরোগেভ্যঃ প্রিয়মাত্মানমুদ্ধরেৎ ॥৯১॥
রুজন্তি হি শরীরাণি রোগাঃ শারীরমানসাঃ।
সায়কা ইব তীক্ষ্ণাগ্রাঃ প্রযুক্তা দৃঢ়ধন্বিভিঃ ॥৯২॥
ব্যথিতস্য বিধিৎসাভিস্তাম্যতো জীবিতৈষিণঃ।
অবশস্য বিনাশায় শরীরমপকৃষ্যতে ॥৯৩॥
স্রবন্তি ন নিবর্ত্তন্তে স্রোতাংসি সরিতামিব।
আয়ুরাদায় মর্ত্ত্যানাং রাত্র্যহানি পুনঃপুনঃ ॥৯৪॥

ভারতকৌমুদী

সুখেতি। যদা মানুষস্য সুখদুঃখয়োর্ব্বিপর্য্যাসো বৈপরীত্যং সমুপপদ্যতে উপতিষ্ঠতি; তদা প্রজ্ঞা বুদ্ধিঃ সুনীতং নির্দ্দোষা নীতির্ব্বা পৌরুষং বা এনং মানুষং ন ত্রায়তে তদ্বিপর্য্যাসাদ্ রক্ষতি ॥৯০॥

স্বভাবাদিতি। মানুষঃ স্বভাবাদেব দুঃখনিবৃত্তিং প্রতি যত্নমাতিষ্ঠেৎ; যেন হি তত্র যত্নবান্ নাবসীদতি। যোগাভ্যাসেন চ প্রিয়মাত্মানং দেহং জরামরণরোগেভ্য উদ্ধরেৎ ॥৯১॥

রুজন্তীতি। দৃঢ়ধন্বিভিরুত্তমধনুর্দ্ধরৈঃ প্রযুক্তা নিক্ষিপ্তাঃ, তীক্ষ্ণাগ্রাঃ সায়কা বাণা ইব, শারীরা জ্বরাদয়শ্চ মানসাঃ শোকাদয়শ্চ রোগাঃ, শরীরাণি রুজন্তি ভঞ্জন্তি ব্যথয়ন্তি চ ॥৯২॥

ব্যথিতস্যেতি। তৈশ্চ রোগৈর্ব্যথিতস্য বিধিৎসাভিশ্চিকিৎসাভিঃ, তাম্যতঃ ক্লান্তিং প্রাপ্নুবতঃ, জীবিতৈষিণঃ অবশস্য মানুষস্য বিনাশায় শরীরমপকৃষ্যতে রোগেণ ক্ষয়ং নীয়তে ॥৯৩॥

ভারতভাবদীপঃ

গ্রন্থঃ স্পষ্টার্থো ব্যাখ্যাতপ্রায়শ্চেতি ন ব্যাখ্যায়তে ॥৬৯—৮৯॥ সুখেতি। বিপর্য্যাসঃ সুখে দুঃখধীঃ

মানুষের যখন সুখের বা দুঃখের ব্যত্যয় উপস্থিত হয়; তখন তাহাকে তাহার বুদ্ধি বা সুনীতি কিংবা পুরুষকার রক্ষা করিতে পারে না ॥৯০॥

মানুষ স্বভাবতই দুঃখনিবৃত্তির জন্য চেষ্টা করিবে। কারণ, সে বিষয়ে চেষ্টাশীল লোক অবসন্ন হয় না। আর মানুষ যোগাভ্যাসদ্বারা জরা, মরণ ও রোগ হইতে প্রিয় আত্মাকে রক্ষা করিবে ॥৯১॥

উত্তম ধনুর্দ্ধরনিক্ষিপ্ত তীক্ষ্ণাগ্র বাণসমূহের ন্যায়, শারীরিক ও মানসিক রোগসকল প্রাণিগণের শরীর ভগ্ন করিয়া ফেলে ॥৯২॥

মানুষ রোগে পীড়িত হয়, তখন চিকিৎসায় আরও কষ্ট পাইতে থাকে এবং অবশ হইয়া পড়ে, অথচ জীবিত থাকিতে ইচ্ছা করে; কিন্তু রোগ তাহার বিনাশের জন্য তাহার শরীর ক্ষীণই করিতে থাকে ॥৯৩॥

ব্যত্যয়ো হ্যয়মত্যন্তং পক্ষয়োঃ শুক্লকৃষ্ণয়োঃ।
জাতান্ মর্ত্ত্যান্ জরয়তি নিমেষান্নাবতিষ্ঠতে ॥৯৫॥
সুখদুঃখানি ভূতানামজরো জরয়ত্যসৌ।
আদিত্যো হ্যস্তমভ্যেতি পুনঃপুনরুদেতি চ ॥৯৬
অদৃষ্টপূর্ব্বানাদায় ভাবানপরিশঙ্কিতান্।
ইষ্টানিষ্টান্ মনুষ্যাণামস্তং গচ্ছন্তি রাত্রয়ঃ ॥৯৭॥
যো যমিচ্ছেদ্‌যথাকামং কামানাং তদবাপ্নুয়াৎ।
যদি স্যান্ন পরাধীনং পুরুষস্য ক্রিয়াফলম্ ॥৯৮॥
সংযতাশ্চ হি দক্ষাশ্চ মতিমন্তশ্চ মানবাঃ।
দৃশ্যন্তে নিষ্ফলাঃ সন্তঃ প্রহীণাঃ সর্ব্বকর্ম্মভিঃ ॥৯৯॥

ভারতকৌমুদী

স্রবন্তীতি। সরিতাং নদীনাং স্রোতাংসীব রাত্র্যহানি মর্ত্ত্যানাং মরণধর্ম্মিণাং প্রাণিনাম্ আয়ুরাদায় পুনঃ পুনঃ স্রবন্তি পুরস্তাদ্‌গচ্ছন্তি; কিন্তু ন নিবর্ত্তন্তে ॥৯৪॥

ব্যত্যয় ইতি। অয়ং শুক্লকৃষ্ণয়োঃ পক্ষয়োর্ব্যত্যয়ঃ অতিক্রমঃ জাতান্ উৎপন্নান্ মর্ত্ত্যান্ মরণধর্ম্মিণঃ প্রাণিনঃ অত্যন্তমেব জরয়তি ক্রমেণ জীর্ণীকরোতি; কিয়তো নিমেষানপি নাবতিষ্ঠতে ॥৯৫॥

সুখেতি। অজরশ্চন্দ্রবজ্জীর্ণতাশূন্যঃ, অসাবাদিত্যঃ সূর্য্যঃ পুনঃ পুনরুদেতি পুনঃপুনশ্চাস্তমভ্যেতি; তেন চ ভূতানাং প্রাণিনাং সুখদুঃখান্যপি জরয়তি ॥৯৬॥

অদৃষ্টেতি। রাত্রয়ঃ অহোরাত্রাঃ, মনুষ্যাণামিষ্টানিষ্টান্ অদৃষ্টপূর্ব্বান্ পূর্ব্বমননুভূতান্, অপরিশঙ্কিতান্ প্রাগচিন্তিতান্, ভাবানবস্থা আদায় বিধায়েত্যর্থঃ, অস্তমবসানং গচ্ছন্তি ॥৯৭॥

ভারতভাবদীপঃ

॥৯১—৯৩॥ দুঃখে সুখধীঃ বিধিৎসাভিঃ পিপাসাভিস্তৃষ্ণাভিঃ ॥৯৪—৯৫॥ ব্যত্যয়ঃ পৌর্ব্বাপর্য্যম্

নদীর স্রোতের ন্যায় দিন ও রাত্রিসকল প্রাণিগণের আয়ু লইয়া অনবরত সম্মুখের দিকেই যায়, কিন্তু প্রতিনিবৃত্ত হয় না ॥৯৪॥

শুক্ল ও কৃষ্ণপক্ষের এই অতিক্রম উৎপন্ন প্রাণিগণকে অত্যন্ত জীর্ণ করে, কিন্তু কতিপয় নিমেষমাত্রও দাঁড়ায় না ॥৯৫॥

জীর্ণতাশূন্য ঐ সূর্য্য বার বার উদয় পান এবং বার বার অস্ত যান; এইভাবে তিনি প্রাণিগণের সুখদুঃখও জীর্ণ করিতেছেন ॥৯৬॥

মানুষ পূর্ব্বে যে সকল অনুভব করে নাই, যেগুলি আশঙ্কার বিষয়ও হয় নাই, এইরূপ ইষ্ট ও অনিষ্ট অনেক ঘটনা ঘটাইয়া, দিন ও রাত্রি চলিয়া যায় ॥৯৭॥

অপরে বালিশাঃ সন্তো নির্গুণাঃ পুরুষাধমাঃ।
আশীর্ভিরপ্যসংযুক্তা দৃশ্যন্তে সর্ব্বকামিনঃ ॥১০০॥
ভূতানামপরঃ কশ্চিদ্ধিংসায়াং সততোত্থিতঃ।
বঞ্চনায়াঞ্চ লোকস্য স সুখেষ্বেব জীর্য্যতে ॥১০১॥
অচেষ্টমানমাসীনং শ্রীঃ কঞ্চিদুপতিষ্ঠতে।
কশ্চিৎ কর্ম্মানুসৃত্যান্যো ন প্রাপ্যমধিগচ্ছতি ॥১০২॥
অপরাধং সমাচক্ষ্ব পুরুষস্য স্বভাবতঃ।
শুক্রমন্যত্র সম্ভূতং পুনরন্যত্র গচ্ছতি ॥১০৩॥

ভারতকৌমুদী

য ইতি। পুরুষস্য ক্রিয়াফলং পূর্ব্বজন্মকৃতকর্ম্মফলং যদি পরাধীনং ন স্যাৎ পুণ্যকর্ম্মরূপত্বাৎ স্বাধীনং স্যাৎ; তদা যঃ পুরুষঃ যথা যং যং কাম্যং পদার্থম্, ইচ্ছেৎ স কামানাং মধ্যে তথা তদবাপ্নুয়াৎ ॥৯৮॥

সংযতা ইতি। সংযতাঃ সংযতেন্দ্রিয়াঃ। সর্ব্বকর্ম্মভিঃ সর্ব্বকর্ম্মফলৈঃ ॥৯৯॥

অপর ইতি। বালিশা মূর্খাঃ, আশীর্ভিঃ ফলাশাভিঃ। সর্ব্বকামিনঃ সর্ব্বকামফলবন্তঃ ॥১০০॥

ভূতানামিতি। ভূতানাং নরাণাং মধ্যে। সততমুত্থিত উদ্যুক্তঃ। জীর্য্যতে বয়োঽতিবাহয়তি ॥১০১॥

অচেষ্টেতি। শ্রীঃ সম্পৎ। অনুসৃত্য কৃত্বাপি প্রাপ্যমপি ফলং, নাধিগচ্ছতি ন প্রাপ্নোতি ॥১০২॥

অপেতি। পুরুষস্য অপরাধং সমাচক্ষ্ব ব্রূহি। তস্য শুক্রম্ অন্যত্র স্ত্রিয়াং সম্ভূতং ক্ষিপ্তম্ তৎফলমপত্যঞ্চ স্বভাবতঃ পুনরন্যত্র গচ্ছতি ॥১০৩॥

মানুষের পূর্ব্বজন্মকৃত সৎকর্ম্মের ফল যদি স্বাধীন থাকে, তাহা হইলে যে মানুষ যে ভাবে যে কাম্য বস্তু কামনা করে, সেই মানুষ সেই ভাবে সেই কাম্য বস্তু লাভ করিয়া থাকে ॥৯৮॥

সংযতেন্দ্রিয়, সর্ব্বকর্ম্মনিপুণ ও বুদ্ধিমান্ মানুষেরাও সমস্ত কার্য্যেরই ফল না হওয়ায় একেবারে নিষ্ফল-জীবন হইয়া যাইতেছে দেখা যায় ॥৯৯॥

আবার অন্য মানুষেরা মূর্খ, নির্গুণ ও পুরুষাধম হইয়াও এবং কোন আশা না করিয়াও সমস্ত অভীষ্টফল লাভ করিতেছে দেখিতে পাওয়া যায় ॥১০০॥

মানুষের মধ্যে অন্য কোন মানুষ সর্ব্বদা লোকের হিংসায় প্রবৃত্ত এবং প্রতারণায় ব্যাপৃত থাকে; অথচ সে নানা সুখেই বয়স অতিবাহিত করে ॥১০১॥

কোন লোক চেষ্টা করে না, বসিয়া থাকে, অথচ সম্পৎ নিজেই তাহার নিকট উপস্থিত হয়; আবার অন্য কোন লোক কর্ম্ম করিয়াও প্রাপ্য ফল পায় না ॥১০২॥

তস্য যোনৌ প্রযুক্তস্য গর্ভো ভবতি বা ন বা।
আম্রপুষ্পোপমা যস্য নির্বৃত্তিরুপলভ্যতে ॥১০৪॥
কেষাঞ্চিৎ পুত্রকামানামনুসন্তানমিচ্ছতাম্।
সিদ্ধৌ প্রযতমানানাং ন চাণ্ডমুপজায়তে ॥১০৫॥
গর্ভাচ্চোদ্বিজমানানাং ক্রুদ্ধাদাশীবিষাদিব।
আয়ুষ্মান্ জায়তে পুত্রঃ কথং প্রেত ইবাভবৎ ॥১০৬॥
দেবানিষ্ট্বা তপস্তপ্ত্বা কৃপণৈঃ পুত্রগৃদ্ধিভিঃ।
দশমাসান্ পরিধৃতা জায়ন্তে কুলপাংসনাঃ ॥১০৭॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্য শুক্রস্য যোনৌ প্রযুক্তস্যাপি নির্বৃত্তির্নিষ্পত্তিঃ ॥১০৪॥

কেষাঞ্চিদিতি। অনুসন্তানং পুত্রেষ্টিপ্রভৃতিযাগবিস্তারম্। অণ্ডং শুক্রস্য গাঢ়াবস্থাপি ॥১০৫॥

গর্ভাদিতি। উদ্বিজমানানাং দরিদ্রাণাং "বিষং গোষ্ঠী দরিদ্রস্য" ইত্যুক্তেঃ প্রেতো রোগাদিনা মৃত ইবাপি কথমভবৎ ভবেৎ স পুত্রঃ, অপি তু কথমপি নেত্যর্থঃ ॥১০৬॥

দেবানিতি। পুত্রগৃদ্ধিভিঃ পুত্রাভিলাষিভিঃ কৃপণৈঃ ক্ষুদ্রৈঃ স্ত্রীজনৈঃ, দেবানিষ্ট্বা পূজয়িত্বা তপস্তপ্ত্বা চ দশমাসান্ যাবৎ উদরে পরিধৃতা গর্ভা জায়ন্তে ভূতলস্থা ভবন্তি; পরঞ্চ তে কুলপাংসনাঃ প্রাক্তনকর্ম্মবশাদ্বংশাধমা ভবন্তি ॥১০৭॥

মানুষের অপরাধ কি বল। এক স্ত্রীতে শুক্র নিক্ষিপ্ত হইল, স্বভাবতই তাহা অন্য স্ত্রীতে গমন করে। অর্থাৎ (মানুষ পুত্রোৎপাদনের আগ্রহসহকারে যে স্ত্রীর সংসর্গ করে, তাহার সন্তান হয় না; অথচ যেখানে আগ্রহ থাকে না, সেইখানে সংসর্গমাত্রই পুত্র হয়) ॥১০৩॥

আমের ফুলের যেমন কখনও ফল হয়, কখনও হয় না; তেমনই যে শুক্রের নিষ্পত্তি দেখা যায়, অর্থাৎ যোনিনিক্ষিপ্ত সেই শুক্র হইতে কখনও গর্ভ হয়, কখনও হয় না ॥১০৪॥

অনেক মানুষ পুত্র কামনা করিয়া পুত্রেষ্টিপ্রভৃতি কর্ম্ম করে এবং পুত্রলাভের জন্য বহু চেষ্টা করে; কিন্তু তাহাদের স্ত্রীর গর্ভে পলল পর্য্যন্ত উৎপন্ন হয় না ॥১০৫॥

অনেক মানুষ ক্রুদ্ধ তীক্ষ্ণবিষ সর্পের ন্যায় স্ত্রীর গর্ভের ভয় করে; অথচ তাহাদেরই দীর্ঘায়ু পুত্র উৎপন্ন হয়; কিন্তু সে পুত্র কখনও রোগের আক্রমণে বা অন্য কোন কারণে মৃতের ন্যায়ও হয় না ॥১০৬॥

দৈন্যদশাপন্ন স্ত্রীলোকেরা পুত্রাভিলাষী হইয়া দেবপূজা ও তপস্যা করিয়া দশমাস যাবৎ উদরে গর্ভধারণ করে, পরে তাহা ভূমিষ্ঠ হয়, কর্ম্মফলে ক্রমে সেই সন্তানেরা কুলাঙ্গার হইয়া উঠে ॥১০৭॥

অপরে ধনধান্যানি ভোগাংশ্চ পিতৃসঞ্চিতান্।
বিপুলানভিজায়ন্তে লব্ধাস্তৈরেব মঙ্গলৈঃ ॥১০৮॥
অন্যোন্যং সমভিপ্রেত্য মৈথুনস্য সমাগমে।
উপদ্রব ইবাবিষ্টো যোনিং গর্ভঃ প্রপদ্যতে ॥১০৯॥
শীঘ্রং পরশরীরাণি ছিন্নবীজং শরীরিণম্।
প্রাণিনং প্রাণসংরোধে মাংসশ্লেষ্মবিচেষ্টিতম্ ॥১১০॥
নির্দগ্ধং পরদেহেঽপি পরদেহং চলাচলম্;
বিনশ্যন্তং বিনাশান্তে নাবি নাবমিবাহিতম্ ॥১১১॥

ভারতকৌমুদী

অপর ইতি। তৈরেব দেবপূজাদিভির্মঙ্গলৈঃ কর্ম্মভির্লব্ধা অপরে জনাঃ, পিতৃসঞ্চিতানি ধনধান্যানি পিতৃসঞ্চিতানেব বিপুলান্ ভোগান্ গৃহারামাদীনি ভোগ্যবস্তুনি অভিলক্ষীকৃত্যৈব জায়ন্তে ॥১০৮॥

অন্যোন্যমিতি। অন্যোন্যং পরস্পরং সমভিপ্রেত্য অভিপ্রায়মনুসৃত্য মৈথুনস্য সমাগমে স্ত্রী-পুরুষদ্বয়রতিসংসর্গে উপদ্রব উৎপাত ইব আবিষ্ট উপস্থিতো গর্ভঃ, যোনিং প্রপদ্যতে প্রাপ্নোতি ॥১০৯॥

শীঘ্রমিতি। প্রাণস্য বায়োঃ সংরোধে শ্লেষ্মনা অবরোধে মৃত্যৌ সতি, পরশরীরাণি কর্ম্মানু-রূপা অপরে দেহাঃ, ছিন্নং নষ্টং বীজং পূর্ব্বদেহস্থিতিহেতুভূতং কর্ম্ম যস্য তম্, মাংসশ্লেষ্মণোর্বিচেষ্টিতং চেষ্টা যেন তং শরীরিণং প্রাণিনং জীবং শীঘ্রং প্রাপ্নুবন্তীতি শেষঃ ॥১১০॥

ভারতভাবদীপঃ

৯৫—১০০॥ শীঘ্রমিতি। পরশরীরাণি শরীরান্তরাণি প্রাপ্নুবন্তীতি শেষঃ। ছিন্নং বীজং স্বর্গ-নরকাঙ্কুরবীজং স্থূলশরীরং যস্য তং, শরীরিণং কদা? প্রাণসংরোধে সতি, কীদৃশং শরীরিণম্? মাংসশোণিতাদিযুক্তেন বীভৎসেন দেহেন চেষ্টিতং চেষ্টা যস্য তং মরণেঽপি সদ্যঃ শরীরান্তরমাপ্না-

---

সেই দেবপূজা ও তপস্যাপ্রভৃতি মঙ্গলকার্য্যের ফলে লব্ধ অন্যান্য পুত্রেরা পিতৃ-সঞ্চিত ধন, ধান্য ও বিপুল ভোগ্যবস্তু লক্ষ্য করিয়াই জন্মগ্রহণ করে ॥১০৮॥

পরস্পরের অভিপ্রায়ানুসারে স্ত্রীপুরুষের রতিসংসর্গকালে কোন উপদ্রবের ন্যায় গর্ভ যোনিতে প্রবিষ্ট হয় ॥১০৯॥

প্রাণবিয়োগ হইলে জীবাত্মার পূর্ব্বদেহে থাকার হেতুভূত কর্ম্ম নষ্ট হইয়া যায়, তখন সত্বরই অন্য শরীর সেই শরীরী ও প্রাণী জীবাত্মাকে সত্বরই প্রাপ্ত হইয়া থাকে; সেই সময়ে সেই নূতন শরীরেও মাংস ও শ্লেষ্মার কার্য্য চলিতে থাকে ॥১১০॥

সঙ্গত্যা জঠরে ন্যস্তং রেতোবিন্দুমচেতনম্।
কেন যত্নেন জীবন্তং গর্ভং ত্বমিহ পশ্যসি ॥১১২॥
অন্নপানানি জীর্য্যন্তে যত্র ভক্ষ্যাশ্চ ভক্ষিতাঃ।
তস্মিন্নেবোদরে গর্ভঃ কিং নান্নমিব জীর্য্যতে ॥১১৩॥
গর্ভে মূত্রপুরীষাণাং স্বভাবনিয়তা গতিঃ।
ধারণে বা বিসর্গে বা ন কর্ত্তা বিদ্যতে বশঃ ॥১১৪॥

ভারতকৌমুদী

নির্দগ্ধমিতি। বিনাশান্তে মৃত্যোঃ পরম্, বিনশ্যন্তম্, অতএব চলাচলং অতিশয়েন চঞ্চলং পরদেহং দেহান্তরং পূর্ব্বদেহং নির্দগ্ধং অগ্নিনা নিঃশেষেণ দগ্ধং বিলোক্যেতি শেষঃ। নাবি মগ্নায়ামেকস্যাং নৌকায়াং নাবমন্যাং নৌকামিব, পরদেহে অন্যস্মিন্ নূতনে দেহে আহিতং জীবং স্থাপিতং করোতি কর্ম্মেতি শেষঃ ॥১১১॥

সঙ্গত্যেতি। হে শুক! ত্বম্, সঙ্গত্যা রতিসঙ্গমেন, স্ত্রিয়া জঠরে, পুংসা ন্যস্তম্ অচেতনং রেতোবিন্দুমেব, কেন কিমীয়েন যত্নেন জীবন্তং সচেতনং গর্ভং পশ্যসি। তস্মিন্ গর্ভে চিৎপ্রতিবিম্বপাতাচ্চৈতন্যমিত্যাশয়ঃ ॥১১২॥

অন্নেতি। যত্রোদরে অন্নপানানি ভক্ষিতা অন্যে ভক্ষ্যাঃ ফলমূলাদয়শ্চ জীর্য্যন্তে; তস্মিন্নেবোদরে স্থিতো গর্ভঃ; অন্নমম্নাদিকমিব কিং ন জীর্য্যতে। গর্ভস্য জরায়ৌ স্থিতত্বাত্তত্র চ পাচকপিত্তাস্পর্শান্ন জীর্ণত্বমিতি ভাবঃ ॥১১৩॥

গর্ভ ইতি। গর্ভে উদরাভ্যন্তরে মূত্রপুরীষাণাং ধারণে বা বিসর্গে ত্যাগে বা স্বভাবনিয়তা গতির্হেতুর্ব্বর্ত্ততে; কিন্তু বশঃ স্বাধীনঃ কশ্চিদপি তস্মিন্ ধারণে বিসর্গে বা কর্ত্তা ন বিদ্যত ইতি কাকুঃ। কোষ্ঠো বায়ুরেব তত্র কর্ত্তেত্যভিপ্রায়ঃ ॥১১৪॥

ভারতভাবদীপঃ

তীতি দেহবন্ধবিচ্ছেদো ন কদাচিদস্তীত্যর্থঃ ॥১১১॥ পরদেহে দেহান্তরে নির্দগ্ধং বিনশ্যন্তং জীবমভিলক্ষ্য পরং দেহং দেহান্তরং চলাচলং পরিণামিত্বাতিচপলম্ আহিতম্ উপস্থাপিতং ভবতি

মৃত্যুর পরে অত্যন্ত চঞ্চল পূর্ব্বদেহ বিনষ্ট হয় এবং তাহা দগ্ধ করিয়া ফেলে ইহা দেখিতে থাকিয়া জীবাত্মা অন্য নূতন দেহে চলিয়া যায়; তখন একখানি নৌকা মগ্ন হইলে, অন্য নৌকার নাবিক যেমন মগ্ন নৌকার লোকদিগকে নিজনৌকায় তুলিয়া লয়, সেইরূপ কর্ম্মই জীবাত্মাকে নূতন দেহে তুলিয়া দেয় ॥১১১॥

শুক! পুরুষ স্ত্রীসঙ্গম করিয়া তাহার উদরে যে অচেতন শুক্রবিন্দু নিক্ষেপ করে, তাহাই গর্ভরূপে পরিণত হয়, পরে সেই গর্ভ কাহার যত্নে জীবিত হয়, তুমি ইহা পর্য্যালোচনা করিতে পার ॥১১২॥

অন্ন, পানীয় এবং ভুক্ত অন্যান্য দ্রব্য যাহাতে জীর্ণ হইয়া যায়, সেই উদরেই গর্ভ কেন অন্নের ন্যায় জীর্ণ হয় না? ॥১১৩॥

স্রবন্তি হ্যুদরাদ্গর্ভা জায়মানাস্তথাপরে।
আগমেন তথান্যেষাং বিনাশ উপপদ্যতে ॥১১৫॥
এতস্মাদ্যোনিসম্বন্ধাদ্ যো বীজঃ পরিমুচ্যতে।
প্রজাঞ্চ লভতে কাঞ্চিৎ পুনর্দ্বন্দ্বেষু সজ্জতি ॥১১৬॥
স তস্য সহজাতস্য সপ্তমীং নবমীং দশাম্।
প্রাপ্নুবন্তি ততঃ পঞ্চ ন ভবন্তি গতায়ুষঃ ॥১১৭॥

ভারতকৌমুদী

স্রবন্তীতি। কেচিদ্গর্ভা উদরাৎ স্রবন্তি, অপরিণতাবস্থায়ামেব নিপতন্তি; অপরে গর্ভা উদরে তথা জায়মানা ভবন্তি; তথা অন্যেষাং গর্ভাণামাগমেন উৎপত্ত্যা পূর্ব্বগর্ভাণাং বিনাশ উপপদ্যতে জায়তে। ইতি স্বভাবোক্তিঃ ॥১১৫॥

এতস্মাদিতি। যো বীজো গর্ভরূপা পরিণতং শুক্রম্, পুংস্ত্বমার্যম্। এতস্মাদ্যোনিসম্বন্ধাৎ পরিমুচ্যতে মুক্তঃ সন্ ভূতলে পততি; স বীজঃ কাঞ্চিৎ স্ত্রীরূপং পুরুপং বা প্রজাং সন্তানত্বং লভতে পুনশ্চ দণ্ডেষু সুখদুঃখাদিবিপরীতযুগলেষু সজ্জতি লগ্নো ভবতি। বিধাতৃসৃষ্টিবৈচিত্র্যাদিতি ভাবঃ ॥১১৬॥

গর্ভবাসঃ, জন্ম, বাল্যম্, কৌমারম্, পৌগণ্ডম্, যৌবনম্, স্থাবির্য্যম্, জরা, প্রাণরোধঃ, নাশশ্চেতি শরীরস্য দশ দশাঃ তত্রাহ স ইতি। স জীবাত্মা সহজাতস্য তস্য শরীরস্য সম্বন্ধী ভবতীতি শেষঃ। ততঃ পরঞ্চ ক্ষিত্যাদীনি পঞ্চভূতানি অন্যান্যা দশা ইব সপ্তমীং স্থাবির্য্যং দশাং নবমীং প্রাণরোধদশাঞ্চ প্রাপ্নুবন্তি; পরঞ্চ গতায়ুষো জীবস্য নাশরূপদশম্যাং দশায়াং তানি ন ভবন্তি ন তিষ্ঠন্তি ॥১১৭॥

উদরের ভিতরে মূত্র ও বিষ্ঠার ধারণে বা ত্যাগে স্বভাবনির্দ্দিষ্ট কোন হেতু আছে, কিন্তু স্বাধীন কোন কর্ত্তা নাই ॥১১৪॥

কতকগুলি গর্ভের উদর হইতে স্রাব হয়, অন্যান্য গর্ভ উদরে জন্মে এবং অন্যান্য গর্ভের নূতন উৎপত্তি হওয়ায়, পূর্ব্বজাত গর্ভগুলি বিনষ্ট হইয়া যায় ॥১১৫॥

যে শুক্র এই যোনি হইতে বিমুক্ত হয়, তাহাই কোন সন্তানত্ব লাভ করে এবং তাহাই আবার সুখদুঃখাদি দ্বন্দ্বভোগে সংসক্ত হইয়া থাকে ॥১১৬॥

গর্ভবাস, জন্ম, বাল্য, কৌমার, পৌগণ্ড, যৌবন, বার্দ্ধক্য, জরা, প্রাণরোধ ও বিনাশ এই দশটী দশা দেহের হইয়া থাকে। জননীর উদরের ভিতরে প্রাণীর দেহ ঘটিত হয়, তাহাতে জীবাত্মা সংশ্লিষ্ট হন, তাহার পর উক্ত দেহঘটক পঞ্চভূত অন্যান্য দশার ন্যায় বার্দ্ধক্যরূপ সপ্তমদশাও প্রাপ্ত হইয়া থাকে; কিন্তু জীবের আয়ুঃশেষকালে দশমদশায় প্রাণরোধরূপ নবমদশার সে পঞ্চভূতও থাকে না ॥১১৭॥

(১১৬) যো বীজং পরিমুচ্যতে···বঙ্গ বর্দ্ধ।

নাভ্যুত্থানে মনুষ্যাণাং যোগাঃ স্যুর্নাত্র সংশয়ঃ।
ব্যাধিভিশ্চ বিমথ্যন্তে ব্যাধৈঃ ক্ষুদ্রমৃগা ইব ॥১১৮॥
ব্যাধিভির্মথ্যমানানাং ত্যজতাং বিপুলং ধনম্।
বেদনাং নাপকর্ষন্তি যতমানাশ্চিকিৎসকাঃ ॥১১৯॥
তে চাপি নিপুণা বৈদ্যাঃ কুশলাঃ সম্ভৃতৌষধাঃ।
ব্যাধিভিঃ পরিকৃষ্যন্তে মৃগা ব্যাধৈরিবার্দ্দিতাঃ ॥১২০॥
তে পিবন্তঃ কষায়াংশ্চ সর্পীংষি বিবিধানি চ।
দৃশ্যন্তে জরয়া ভগ্না নগা নাগৈরিবোত্তমৈঃ ॥১২১॥

ভারতকৌমুদী

নেতি। মনুষ্যাণামভ্যুত্থানে দীর্ঘজীবনরূপোন্নত্তৌ যোগা উপায়া ন স্যুঃ; অত্র সংশয়ো নাস্তি। যেন হি ব্যাধৈঃ ক্ষুদ্রমৃগা ইব ব্যাধিভিস্তে বিমথ্যন্তে ॥১১৮॥

ব্যাধিভিরিতি। যতমানা অপি চিকিৎসকাঃ। ব্যাধিভির্মথ্যমানানাং পীড্যমানানাং চিকিৎসার্থে বিপুলং ধনং ত্যজতামপি মনুষ্যাণাং বেদনাং নাপকর্ষন্তি উপশময়িতুং নার্হন্তি ॥১১৯॥

ত ইতি। সম্ভৃতৌষধা নির্ম্মিতভেষজাঃ। পরিকৃষ্যন্তে পীড্যন্তে ॥১২০॥

ত ইতি। তে বৈদ্যা অপি কষায়ান্ ঔষধবিশেষান্ বিবিধানি সর্পীংষি ঔষধীকৃতানি চ ঘৃতানি পিবন্তোঽপি উত্তমৈর্নাগৈর্গজৈর্ভগ্না নগা বৃক্ষা ইব, জরয়া ভগ্না ভগ্নস্বাস্থ্যা দৃশ্যন্তে ॥১২১॥

ভারতভাবদীপঃ

কর্ম্মণেতি শেষঃ ॥১১২॥ দেহধারণমত্যাশ্চর্য্যমিত্যাহ—সঙ্গতোতি ॥১১৩—১১৭॥ স তন্তেতি। সহজাতস্য অনাদিপ্রবাহসম্বদ্ধস্য দেহস্য গর্ভবাসো জন্ম বাল্যং কৌমারং পৌগণ্ডং যৌবনং স্থাবির্য্যং জরা প্রাণরোধো নাশশ্চেতি দশ শরীরস্য দশাস্তাসু সপ্তমীং স্থাবির্য্যম্; তত্র কুটুম্বভরণাদিচিন্তয়া ব্যাকুলত্বং, নবমী তু প্রাণরোধঃ; তামুভয়ীং পঞ্চভূতাত্মকে প্রাপ্নুবন্তি ন স্বাত্মা; ততঃ নবমীং প্রাপ্য ন ভবন্তি দশমীমভাবদশাং চ প্রাপ্নুবন্তীত্যর্থঃ। গতায়ুষঃ সতঃ তন্তেতি সম্বন্ধঃ ॥১১॥ যোগাঃ

মনুষ্যগণের দীর্ঘজীবন লাভের কোন উপায় নাই, এ বিষয়ে কোন সন্দেহ নাই। কারণ, ব্যাধগণ যেমন ক্ষুদ্র পশুগণকে বিমথিত করে, তেমন নানা রোগ মনুষ্যগণকে বিমথিত করিয়া থাকে ॥১১৮॥

নানা রোগ যখন মনুষ্যগণকে পীড়ন করিতে থাকে, তখন মনুষ্যগণ চিকিৎসার জন্য প্রচুর ধন ব্যয় করে; কিন্তু চিকিৎসকবর্গ যত্ন করিয়াও সে সকল রোগবেদনার উপশম করিতে পারেন না ॥১১৯॥

(কি বলিব) চিকিৎসায় অত্যন্ত নিপুণ, ঔষধনির্ম্মাণেও সুদক্ষ এবং ঔষধসঞ্চয়কারী সেই চিকিৎসকেরাও ব্যাধগণকর্ত্তৃক পশুগণের ন্যায়, নানা রোগে পরিপীড়িত হইয়া থাকেন ॥১২০॥

কে বা ভুবি চিকিৎসন্তে রোগার্ত্তান্ মৃগপক্ষিণঃ।
শ্বাপদানি দরিদ্রাংশ্চ প্রায়ো নার্ত্তা ভবন্তি তে ॥১২২॥
ঘোরানপি দুরাধর্ষান্ নৃপতীনুগ্রতেজসঃ।
আক্রম্যাদদতে রোগাঃ পশূন্ পশুগণা ইব ॥১২৩॥
ইতি লোকমনাক্রন্দং মোহশোকপরিপ্লুতম্।
স্রোতসা সহসা ক্ষিপ্তং হ্রিয়মাণং বলীয়সা ॥১২৪॥
ন ধনেন ন রাজ্যেন নোগ্রেণ তপসা তথা।
স্বভাবমতিবর্ত্তন্তে যে নিযুক্তাঃ শরীরিণঃ ॥১২৫॥
ন ম্রিয়েরন্ ন জীর্য্যেরন্ সর্বে স্যুঃ সর্বকামিনঃ।
নাপ্রিয়ং প্রতিপশ্যেয়ুরুত্থানস্য ফলে সতি ॥১২৬॥

ভারতকৌমুদী

ক ইতি। শ্বাপদানি হিংস্রাণি। আর্ত্তা রোগপীড়িতাঃ ॥১২২॥

ঘোরানিতি। আদদতে গৃহ্ণন্তি বিনাশয়ন্তীত্যর্থঃ ॥১২৩॥

ইতীতি। অনাক্রন্দম্ আর্ত্তনাদরহিতম্। স্রোতসা কালপ্রবাহেণ, সহসা বলেন ক্ষিপ্তং হ্রিয়মাণঞ্চ পশ্যেতি শেষঃ ॥১২৪॥

নেতি। নিযুক্তাঃ সংসারসুখদুঃখভোগে বিধাত্রা প্রেরিতাঃ ॥১২৫॥

নেতি। সর্ব্বকামিণঃ সকলকামনাফলবন্তঃ। উত্থানস্য উদ্যমস্য ॥১২৬॥

সেই চিকিৎসকেরাই নানাবিধ কষায় ও ঘৃত পান করিতে থাকিয়াও বিশাল হস্তিভগ্নবৃক্ষসমূহের ন্যায় জরার প্রভাবে ভগ্নস্বাস্থ্য হইয়া পড়েন দেখা যায় ॥১২১॥

পশু, পক্ষী, হিংস্রজন্তু ও দরিদ্রগণকে পৃথিবীতে কাহারাই বা চিকিৎসা করে; অথবা তাহারা প্রায়ই রোগার্ত্ত হয় না ॥১২২॥

বৃহৎ পশুগণ যেমন ক্ষুদ্র পশুগণকে আক্রমণ করিয়া গ্রহণ করে; তেমন; রোগ সকল ভয়ঙ্কর মূর্ত্তি, দুর্দ্ধর্ষ ও ভীষণতেজা রাজগণকেও আক্রমণ করিয়া গ্রহণ করে ॥১২৩॥

এইভাবে লোকসকল শোকে ও মোহে পরিপ্লুত হইয়াও আর্ত্তনাদ করে না এবং প্রবল কালস্রোত আপনপ্রভাবে লোকদিগকে নিক্ষেপ করিতেছে ও হরণ করিয়া লইয়া চলিয়াছে, দেখ ॥১২৪॥

বিধাতা যে সকল প্রাণীকে সাংসারিক সুখদুঃখভোগে নিযুক্ত করিয়াছেন, তাহারা ধন, রাজ্য কিংবা ভীষণ তপস্যাদ্বারাও স্বভাব অতিক্রম করিতে পারে না ॥১২৫॥

উপর্য্যুপরি লোকস্য সর্ব্বো গন্তুং সমীহতে।
যততে চ যথাশক্তি ন চ তদ্বর্ত্ততে তথা ॥১২৭॥
ঐশ্বর্য্যমদমত্তাংশ্চ মত্তান্মধুমদেন চ।
অপ্রমত্তাঃ শঠাঃ শূরা বিক্রান্তাঃ পর্য্যুপাসতে ॥১২৮॥
ক্লেশাঃ পরিনিবর্ত্তন্তে কেষাঞ্চিদসমীক্ষিতাঃ।
স্বয়ং স্বঞ্চ পুনরন্যেষাং ন কিঞ্চিদধিগম্যতে ॥১২৯॥
মহচ্চ ফলবৈষম্যং দৃশ্যতে কর্ম্মসন্ধিষু।
বহন্তি শিবিকামন্যে যান্ত্যন্যে শিবিকাগতাঃ ॥১৩০॥

ভারতকৌমুদী

উপরীতি। সমীহতে সম্যক্ চেষ্টতে। তৎ উপরিগমনম্ ॥১২৭॥

ঐশ্বর্য্যেতি। শঠাঃ শাঠ্যেন স্বার্থমাদাতুকামাঃ ॥১২৮॥

ক্লেশা ইতি। কেষাঞ্চিজ্জনানাং ক্লেশাঃ, অসমীক্ষিতাঃ প্রতীকারায় অপর্য্যালোচিতা অপি পরিনিবর্ত্তন্তে স্বয়মেব লুপ্যন্তে। অন্যেষাং জনানাং পুনঃ স্বং স্বং সুখং স্বয়মেবাবির্ভবতীতি শেষঃ; অথ চ তৈঃ কিঞ্চিদপি তৎসুখকারণং নাধিগম্যতে নানুষ্ঠীয়তে ॥১২৯॥

মহদিতি। কর্ম্মসন্ধিষু কার্য্যসম্বন্ধেষু ॥১৩০॥

ভারতভাবদীপঃ

সামর্থ্যানি ॥১১৯—১২৪॥ অনাক্রন্দং বেদনয়া মূড়ম্ ॥১২৫—১২৮॥ অসংশ্লিষ্টং সর্ব্বোপাধিনির্ম্মুক্তঃ

উদ্যমের যদি ফল হইত, তাহা হইলে প্রাণীরা মরিত না, জীর্ণ হইত না এবং অপ্রিয়ও দেখিত না; সকলেই সকল কামনার ফল পাইত ॥১২৬॥

সমস্ত লোকই লোকের উপরে উপরে যাইবার চেষ্টা করে এবং শক্তি অনুসারে তাহার জন্য যত্নও করিয়া থাকে; কিন্তু তাহা সেরূপ হয় না ॥১২৭॥

শঠ, বীর ও বিক্রমীলোকেরা সাবধান হইয়া, ঐশ্বর্য্যমদে মত্ত এবং মদ্যপানে মত্ত লোকদিগের উপাসনা করিয়া থাকে ॥১২৮॥

ক্লেশনিবৃত্তির জন্য পর্য্যালোচনাপর্য্যন্ত করে নাই, তথাপি কতকগুলি লোকের সেই ক্লেশ আপনা হইতেই নিবৃত্তি পায়; আবার অন্যান্য লোকেরা সুখের কোন উপায় করে নাই, অথচ তাহাদের আপন আপন সুখ আপনা হইতেই উপস্থিত হইয়া থাকে ॥১২৯॥

কর্ম্মসম্বন্ধেও ফলের মহাবৈষম্য দেখা যায়, অনেকে শিবিকা বহন করে; আবার অনেকে সেই শিবিকায় আরোহণ করিয়া যায় ॥১৩০॥

সর্ব্বেষামৃদ্ধিকামানামন্যে রক্ষপুরঃসরাঃ।
মনুষ্যাশ্চ শতস্ত্রীকাঃ শতশো বিবিধাঃ স্ত্রিয়ঃ ॥১৩১॥
দ্বন্দ্বারামেষু ভূতেষু গচ্ছন্ত্যেকৈকশো নরাঃ।
ইদমন্যৎ পদং পশ্য মাত্র মোহং করিষ্যতি ॥১৩২॥
ত্যজ ধর্ম্মমধর্ম্মঞ্চ উভে সত্যানৃতে ত্যজ।
উভে সত্যানৃতে ত্যক্ত্বা যেন ত্যজসি তং ত্যজ ॥১৩৩॥
এতত্তে পরমং গুহ্যমাখ্যাতমৃষিসত্তম!।
যেন দেবাঃ পরিত্যজ্য মর্ত্ত্যলোকং দিবং গতাঃ ॥১৩৪॥
নারদস্য বচঃ শ্রুত্বা শুকঃ পরমবুদ্ধিমান্।
সঞ্চিন্ত্য মনসা ধীরো নিশ্চয়ং নাধ্যগচ্ছত ॥১৩৫॥

ভারতকৌমুদী

সর্ব্বেষামিতি। ঋদ্ধিকামানাং সম্পদভিলাষিণাম্। বিবিধাঃ কাশ্চিৎ কুমার্য্যঃ কাশ্চিৎ সধবাঃ কাশ্চিচ্চ বিধবাঃ ॥১৩১॥

দ্বন্দ্বেতি। হে শুক! নরা একৈকশঃ দ্বন্দ্বৈঃ সুখদুঃখাদিযুগলৈঃ আরামো বিহারো যেষাং তেষু ভূতেষু প্রাণিষু মধ্যে গচ্ছন্তি বিচরন্তি, ইদং ব্রহ্ম তু অন্যৎ পদং তদ্‌ভিন্নং বস্তু পশ্য; অত্র ব্রহ্মণি মোহং বৈচিত্ত্যং মা করিষ্যসি ॥১৩২॥

ত্যজেতি। প্রাগ্ ব্যাখ্যাতমিদম্। প্রকরণভেদান্ন পৌনরুক্ত্যম্ ॥১৩৩॥

এতদিতি। এতন্মর্ত্ত্যলোকবৈচিত্র্যম্। তেন মর্ত্ত্যলোকবৈচিত্র্যেণ ॥১৩৪॥

নারদস্যেতি। নিশ্চয়ং কর্ত্তব্যনির্ণয়ং নাধ্যগচ্ছত ন প্রাপ্নোৎ ॥১৩৫॥

সকল লোকেই সম্পৎকামী হইয়া থাকে, তাহাদের মধ্যে অনেকে রথপ্রভৃতি কামনা করে, কতকগুলি পুরুষের একশত করিয়া স্ত্রী থাকে, আবার শত শত স্ত্রী-লোক নানাবিধ হয় ॥১৩১॥

শুক! মানুষেরা এক একজন সুখদুঃখাদিদ্বন্দ্বযুক্ত প্রাণিগণের মধ্যে বিচরণ করিতেছে। কিন্তু এই ব্রহ্ম অন্যবস্তু জানিবে; ইহার বিষয়ে তুমি কখনও মুগ্ধ হইও না ॥১৩২॥

ধর্ম্ম ও অধর্ম্ম ত্যাগ কর এবং সত্য ও মিথ্যা ছাড়; সত্য ও মিথ্যা ছাড়িয়া যাহাদ্বারা ঐসকল ছাড়িবে সেই দেহও ছাড় ॥১৩৩॥

ঋষিশ্রেষ্ঠ! এই আমি তোমার নিকট অতি নিগূঢ় মর্ত্ত্যলোকের বৈচিত্র্য বলিলাম; যে বৈচিত্র্যবশতঃ দেবতারা মর্ত্ত্যলোক পরিত্যাগ করিয়া স্বর্গে যাইয়া বাস করিতেছেন ॥১৩৪॥

পুত্রদারৈর্মহান্ ক্লেশো বিদ্যাম্নায়ে মহান্ শ্রমঃ।
কিন্নু স্যাচ্ছাশ্বতং স্থানমল্পক্লেশং মহোদয়ম্ ॥১৩৬॥
ততো মুহূর্ত্তং সঞ্চিন্ত্য নিশ্চিতাং গতিমাত্মনঃ।
পরাবরজ্ঞো ধর্ম্মস্য পরাং নৈঃশ্রেয়সীং গতিম্ ॥১৩৭॥
কথং ত্বহমসংশ্লিষ্টো গচ্ছেয়ং গতিমুত্তমাম্।
নাবর্ত্তেয়ং যথা ভূয়ো যোনিসঙ্করসাগরে ॥১৩৮॥
পরং ভাবং হি কাঙ্ক্ষামি যত্র নাবর্ত্ততে পুনঃ।
সর্ব্বসঙ্গান্ পরিত্যজ্য নিশ্চিতো মনসা গতিম্ ॥১৩৯॥
তত্র যাস্যামি যত্রাত্মা শমং মেঽধিগমিষ্যতি।
অক্ষয়শ্চাব্যয়শ্চৈব যত্র স্থাস্যামি শাশ্বতঃ ॥১৪০॥

ভারতকৌমুদী

চিন্তাপ্রকারমেবাহ পুত্রেতি। পুত্রদারৈঃ সহবাসে। বিদ্যায়া আম্নায়ে অভ্যাসে। শাশ্বতং নিত্যম্, স্থানং ব্রহ্মপদম্, মহান্ উদয় উন্নতির্যত্র তৎ ॥১৩৬॥

তত ইতি। ধর্ম্মস্য পরাবরজ্ঞ উৎকর্ষাপকর্ষবিৎ শুকঃ, নৈঃশ্রেয়সীং মুক্তিসম্বন্ধিনীং পরামুত্তমাম্, গতিমবস্থামচিন্তয়দিতি শেষঃ ॥১৩৭॥

চিন্তাপ্রকারমাহ শ্লোকজাতেন কথমিতি। অসংশ্লিষ্টঃ সংসারে অসংসৃষ্টঃ। যোনিসঙ্করো নানাযোনিসংসর্গঃ সাগর ইব তস্মিন্ ॥১৩৮॥

পরমিতি। ভাবমাত্মানম্, যত্র গচ্ছেতি শেষঃ ॥১৩৯॥

অত্যন্ত বুদ্ধিমান্ ও ধৈর্য্যশালী শুক, নারদের বাক্য শুনিয়া মনে মনে চিন্তা করিয়া, কর্ত্তব্যনিশ্চয় করিতে পারিলেন না ॥১৩৫॥

(তিনি ভাবিলেন—) পুত্রকলত্রপ্রভৃতির সহিত একত্র বাস করিলে গুরুতর কষ্ট হয় এবং বিদ্যাভ্যাসে অত্যন্ত পরিশ্রম হইয়া থাকে, অথচ কি করিয়া আমার অল্পক্লেশ ও মহোন্নতিযুক্ত সেই নিত্য ব্রহ্মপদ হইবে ॥১৩৬॥

তাহার পর ধর্ম্মের উৎকর্ষ ও অপকর্ষাভিজ্ঞ শুকদেব, মুহূর্ত্তকাল নিজের নিশ্চিত গতিবিষয়ের চিন্তা করিয়া, মুক্তিরূপ উত্তম অবস্থার চিন্তা করিলেন—॥১৩৭॥

আমি কি প্রকারে সংসারে সংশ্লিষ্ট না হইয়া উত্তমগতি লাভ করি এবং কি ভাবে পুনরায় সমুদ্রতুল্য নানাযোনিসংসর্গে আবার ফিরিয়া না আসি ॥১৩৮॥

মানুষ সমস্ত সংসর্গ পরিত্যাগ করিয়া, যেখানে যাইয়া আর ফিরিয়া আসে না, আমি সেই পরমাত্মাকে কামনা করি। শুকদেব মনে মনে এইরূপ গতি স্থির করিলেন ॥১৩৯॥

ন তু যোগমৃতে শক্যা প্রাপ্তুং সা পরমা গতিঃ।
অববন্ধো হি বুদ্ধস্য কর্ম্মভির্নোপপদ্যতে ॥১৪১॥
তস্মাদ্‌যোগং সমাস্থায় ত্যক্ত্বা গৃহকলেবরম্‌।
বায়ুভূতং প্রবেক্ষ্যামি তেজোরাশিং দিবাকরম্‌ ॥১৪২॥
ন হ্যেষ ক্ষয়তাং যাতি সোমঃ সুরগণৈর্যথা।
কম্পিতঃ পততে ভূমিং পুনশ্চৈবাধিরোহতি ॥১৪৩॥

ভারতকৌমুদী

তত্র ইতি। শমং শান্তিম্‌। অব্যয়ো নিশ্চলঃ, শাশ্বতঃ সনাতনঃ ॥১৪০॥

নেতি। যোগম্‌ ঋতে বিনা। বুদ্ধস্য জ্ঞানিনো মম প্রাক্তনৈঃ কর্ম্মভিঃ, অববন্ধো নিকৃষ্টং দেহধারণম্‌ ॥১৪১॥

তস্মাদিতি। গৃহমিব কলেবরং গৃহকলেবরম্‌ ॥১৪২॥

নেতি। হি যস্মাৎ, এষ দিবাকরঃ, সুরগণৈঃ পীয়মানঃ সোমশ্চন্দ্রো যথা ক্ষয়তাং কৃষ্ণপক্ষে ক্ষয়ং যাতি, তথা ক্ষয়তাং ন যাতি; অপি চ কম্পিতশ্চলিতঃ সন্‌, ভূমিমস্তাচলং পততে গচ্ছতি পুনশ্চৈব উদয়াচলমধিরোহতি ॥১৪৩॥

ভারতভাবদীপঃ

॥১২৯—৩১১॥ অববন্ধঃ নীচো দেহবন্ধঃ ॥১৩২॥ দিবাকরমিত্যর্কমণ্ডলান্তর্ব্বর্ত্তী ভর্গপদবাচ্যঃ সংসারবীজভর্জ্জনকর্ত্তা সর্ব্বেষাং প্রাণিনাং বুদ্ধেঃ প্রবর্ত্তকো গায়ত্রীপ্রতিপাদ্যো গ্রাহ্যো ন ত্বর্চ্চিরাদি-মার্গপর্ব্বভূতো মণ্ডলাভিমান্যাদিত্যঃ। কুত এতৎ? কার্য্যব্রহ্মলোকং প্রতি তদ্‌গমনস্যাদর্শনাৎ। "শুকস্য মারুতাদূর্দ্ধং গতিং কৃত্বান্তরিক্ষগাম্‌। দর্শয়িত্বা প্রভাবং স্বং ব্রহ্মভূতোঽভবত্তদে"তি বাক্য-শেষে শুদ্ধব্রহ্মভাবদর্শনাচ্চ। সূর্য্যমণ্ডলপর্য্যন্তং গমনং তু স্বস্য যোগপ্রভাবদর্শনমাত্রমিতি ঘত্রৈব স্পষ্টমস্তি ॥১৩৩॥ আবৃত্তিমার্গং নিন্দতি—ন হীতি। সোম্যঃ ধূমাদিমার্গেণ সোমলোকং গতঃ ॥১৩৪॥ তল্লোকাধিপতের্বৃদ্ধিহ্রাসবত্ত্বাত্তত্র গতা অপি তাদৃশা এব ভবন্তীত্যাহ—ক্ষীয়তে হীতি ॥১৩—১৩৬॥ অত্র বৎসগামীতি লিঙ্গমাত্র মার্গপর্ব্বভূত আদিত্যো গৃহ্যতে। "সূর্য্যদ্বারেণ তে

(আবার ভাবিলেন) 'আমি সেইখানে যাইব, যেখানে গেলে পর আমার আত্মা শান্তিলাভ করিবে এবং আমি যেখানে যাইয়া অক্ষয়, অচল ও সনাতন হইয়া থাকিব ॥১৪০॥

যোগব্যতীত সে উত্তমগতি লাভ করিতে পারা যায় না এবং জ্ঞানীর প্রাক্তন কর্ম্মানুসারে দেহধারণ যুক্তিযুক্ত হয় না ॥১৪১॥

অতএব আমি যোগাবলম্বনপূর্ব্বক গৃহের ন্যায় দেহত্যাগ করিয়া, বায়ুস্বরূপ হইয়া, তেজোরাশিস্বরূপ সূর্য্যমণ্ডলে প্রবেশ করিব ॥১৪২॥

ক্ষীয়তে হি সদা সোমঃ পুনশ্চৈবাভিপূর্য্যতে।
নেচ্ছাম্যেবং বিদিত্বৈতে হ্রাসবৃদ্ধী পুনঃ পুনঃ ॥১৪৪॥
রবিস্তু সংতাপয়তে লোকান্ রশ্মিভিরুল্বণৈঃ।
সর্ব্বতস্তেজ আদত্তে নিত্যমক্ষয়মণ্ডলঃ ॥১৪৫॥
অতো মে রোচতে গন্তুমাদিত্যং দীপ্ততেজসম্।
অত্র বৎস্যামি দুর্দ্ধর্ষো নিঃশঙ্কেনান্তরাত্মনা ॥১৪৬॥
সূর্য্যস্য সদনে চাহং নিক্ষিপ্যেদং কলেবরম্।
ঋষিভিঃ সহ যাস্যামি সৌরং তেজোঽতিদুঃসহম্ ॥১৪৭॥
আপৃচ্ছামি নগান্ নাগান্ গিরিমুর্ব্বীং দিশো দিবম্।
দেবদানবগন্ধর্ব্বান্ পিশাচোরগরাক্ষসান্ ॥১৪৮॥

ভারতকৌমুদী

ক্ষীয়ত ইতি। সদা কৃষ্ণপক্ষে এবং বিদিত্বাহং পুনঃপুনরেতে হ্রাসবৃদ্ধী নেচ্ছামি ॥১৪৪॥
রবিরিতি। উল্বণৈঃ প্রখরৈঃ। আদত্তে সম্যগ্ দদাতি ॥১৪৫॥
অত ইতি। অত উক্তাৎ কারণাৎ। অত্র রবিমণ্ডলে ॥১৪৬॥
সূর্য্যস্যেতি। সূর্য্যস্যেদং সৌরং ভর্গো নাম তেজঃ ॥১৪৭॥
আপৃচ্ছামীতি। আপৃচ্ছামি গমনায়ানুমতিং প্রার্থয়ামি, নগান্ বৃক্ষান্, নাগান্ গজান্ ॥১৪৮॥

কারণ, দেবগণকর্ত্তৃক পীয়মান হইয়া চন্দ্র যেমন কৃষ্ণপক্ষে ক্ষয়প্রাপ্ত হন, এই সূর্য্য তেমন কোন সময়েই ক্ষয়প্রাপ্ত হন না; কিন্তু ইনি আকাশে চলিতে থাকিয়া অস্তাচলে গমন করেন, আবার উদয়াচলে আরোহণ করিয়া থাকেন ॥১৪৩॥

চন্দ্র কৃষ্ণপক্ষে ক্ষয় পান আবার শুক্লপক্ষে পূর্ণ হন, এইরূপ জানিয়া আমি বার বার হ্রাস ও বৃদ্ধি পাইতে ইচ্ছা করি না ॥১৪৪॥

কিন্তু সূর্য্য প্রখর কিরণদ্বারা জগৎ সন্তপ্ত করেন এবং সর্ব্বদা অক্ষয়মণ্ডল থাকিয়া সর্ব্বত্র তেজ বিতরণ করেন ॥১৪৫॥

অতএব উজ্জ্বলতেজা সূর্য্যমণ্ডলেই আমার যাইতে ইচ্ছা করে, এই সূর্য্যমণ্ডলেই আমি দুর্দ্ধর্ষ হইয়া নিঃশঙ্কচিত্তে বাস করিব ॥১৪৬॥

আমি সূর্য্যের ভবনে এই দেহ রাখিয়া, ঋষিগণের সহিত মিলিত হইয়া অতি-দুঃসহ সূর্য্যতেজের ভিতরে প্রবেশ করিব ॥১৪৭॥

আমি সে স্থানে যাইবার জন্য বৃক্ষ, হস্তী, পর্ব্বত, পৃথিবী, দিক্; আকাশ, দেব, দানব, গন্ধর্ব্ব, পিশাচ, সর্প ও রাক্ষসদিগের নিকট অনুমতি প্রার্থনা করিতেছি ॥১৪৮॥

(১৪৬) ততো মে রোচতে…বঙ্গ।

লোকেষু সর্ব্বভূতানি প্রবেক্ষ্যামি ন সংশয়ঃ।
পশ্যন্তু যোগবীর্য্যং মে সর্ব্বে দেবাঃ সহর্ষিভিঃ ॥১৪৯॥
অথানুজ্ঞাপ্য তমৃষিং নারদং লোকবিশ্রুতম্।
তস্মাদনুজ্ঞাং সংপ্রাপ্য জগাম পিতরং প্রতি ॥১৫০॥
সোঽভিবাদ্য মহাত্মানং কৃষ্ণদ্বৈপায়নং মুনিম্।
শুকঃ প্রদক্ষিণং কৃত্বা কৃষ্ণমাপৃষ্টবান্ মুনিম্ ॥১৫১॥
শ্রুত্বা চর্ষিস্তদ্বচনং শুকস্য প্রীতো মহাত্মা পুনরাহ চৈনম্।
ভো ভোঃ পুত্র! স্থীয়তাং তাবদদ্য যাবচ্চক্ষুঃ প্রীণয়ামি ত্বদর্থে ॥১৫২॥
নিরপেক্ষঃ শুকো ভূত্বা নিঃস্নেহো মুক্তসংশয়ঃ।
মোক্ষমেবানুসঞ্চিন্ত্য গমনায় মনো দধে ॥১৫৩॥

ভারতকৌমুদী

লোকেষ্বিতি। প্রবেক্ষ্যামি তস্মিন্ সৌরে তেজসি প্রবিষ্টঃ সন্ ॥১৪৯॥
অথেতি। অনুজ্ঞাপ্য গমনায়ানুজ্ঞাং কারয়িত্বা ॥১৫০॥
স ইতি। কৃষ্ণং কৃষ্ণদ্বৈপায়নম্, আপৃষ্টবান্ গমনায়ানুমতিং প্রার্থিতবান্ ॥১৫১॥
শ্রুত্বেতি। ঋষির্দ্বৈপায়নঃ। ত্বমেব অর্থো যস্য তস্মিন্, ত্বদীত্যর্থঃ ॥১৫২॥

ভারতভাবদীপঃ

বিরজাঃ প্রযান্তী"তি তস্য দ্বারত্বমাত্রশ্রবণাৎ ॥৩৭॥ সৌরম্ আদিত্যান্তর্যামি। "য আদিত্যে তিষ্ঠন্নাদিত্যাদন্তরো যমাদিত্যো ন বেদে"ত্যাদিশ্রুতেস্ততোঽন্যৎ ॥৩৮-৫৪॥
ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাদশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥৩১৮॥

আমি সেই সূর্য্যতেজে প্রবেশ করিয়া ত্রিভুবনের সমস্তভূতে প্রবেশ করিব, এবিষয়ে কোন সন্দেহ নাই। ঋষিগণের সহিত সমস্ত দেবতা আমার যোগের প্রভাব দর্শন করুন ॥১৪৯॥

তাহার পর শুকদেব ত্রিভুবনবিখ্যাত সেই দেবর্ষি নারদের নিকট অনুমতি প্রার্থনা করিয়া এবং তাঁহা হইতে অনুমতি পাইয়া, পিতা বেদব্যাসের নিকট গমন করিলেন ॥১৫০॥

পরে শুকদেব মহাত্মা কৃষ্ণদ্বৈপায়নকে অভিবাদন ও প্রদক্ষিণ করিয়া, তাঁহার নিকটেও গমনের অনুমতি প্রার্থনা করিলেন ॥১৫১॥

মহাত্মা বেদব্যাস শুকের সেই বাক্য শুনিয়া সন্তুষ্ট হইয়া পুনরায় তাঁহাকে বলিলেন—'পুত্র! তুমি আজ এখানে থাক, তোমাকে দেখিয়া আমি আমার চক্ষুকে সন্তুষ্ট করি' ॥১৫২॥

পিতরং স পরিত্যজ্য জগাম মুনিসত্তমঃ।
কৈলাসপৃষ্ঠং বিপুলং সিদ্ধসঙ্ঘনিষেবিতম্ ॥১৫৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে শুকাভিপতনে অষ্টাদশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

ঊনবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ।

—::—

ভীষ্ম উবাচ।
গিরিশৃঙ্গং সমারুহ্য সুতো ব্যাসস্য ভারত।।
সমে দেশে বিবিক্তে স নিঃশলাক উপাবিশৎ ॥১॥

ভারতকৌমুদী

নিরিতি। নিরপেক্ষঃ পিতুরাদেশাপেক্ষাশূন্যঃ, পিতরি নিঃস্নেহঃ, মুক্তিলাভে মুক্তসংশয়শ্চ ॥১৫৩॥

পিতরমিতি। পিতরং দ্বৈপায়নম্, স শুকঃ ॥১৫৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে অষ্টাদশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

গিরীতি। হে ভারত! ব্যাসস্য সুতঃ, স শুকঃ, গিরিশৃঙ্গং কৈলাসশিখরং সমারুহ্য, বিবিক্তে পবিত্রে, নিঃশলাকে নির্জ্জনে, সমে সমতলে চ দেশে উপাবিশৎ ॥১॥

কিন্তু শুক পিতার আদেশের অপেক্ষা না রাখিয়া, তাঁহার প্রতি স্নেহশূন্য হইয়া মুক্তিলাভের সংশয় পরিত্যাগ করিয়া মুক্তির বিষয়ই চিন্তা করিতে থাকিয়া, চলিয়া যাইবারই ইচ্ছা করিলেন ॥১৫৩॥

ক্রমে মুনিশ্রেষ্ঠ শুক, পিতাকে পরিত্যাগ করিয়া, সিদ্ধসঙ্ঘসেবিত বিশাল কৈলাসপর্ব্বতের উপরে গমন করিলেন' ॥১৫৪॥

—:০:—

ভীষ্ম বলিলেন—'ভরতনন্দন! বেদব্যাসের পুত্র শুকদেব, কৈলাসপর্ব্বতের শৃঙ্গে আরোহণ করিয়া, পবিত্র, নির্জ্জন ও সমতলভূমিতে উপবেশন করিলেন ॥১॥

(১৫২) মদর্থম্—বর্দ্ধ, (১৫৪) পিতরং সম্পরিত্যজ্য···বঙ্গ।

* '···একত্রিংশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ বঙ্গ বৰ্দ্ধ, '···একোনচত্বারিংশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ'···নি।

ধারয়ামাস চাত্মানং যথাশাস্ত্রং যথাবিধি।
পাদপ্রভৃতিগাত্রেষু ক্রমেণ ক্রমযোগবিৎ ॥২॥
ততঃ স প্রাঙ্মুখো বিদ্বানাদিত্যে নাচিরোদিতে।
পাণিপাদং সমাদায় বিনীতবদুপাবিশৎ ॥৩॥
ন তত্র পক্ষিসঙ্ঘাতো ন শব্দো নাতিদর্শনম্।
যত্র বৈয়াসকির্ধীমান্ যোক্তুং সমুপচক্রমে ॥৪॥
স দদর্শ তদাত্মানং সর্ব্বসঙ্গবিনিঃসৃতম্।
প্রজহাস ততো হাসং শুকঃ সংপ্রেক্ষ্য তৎপরম্ ॥৫॥
স পুনর্যোগমাস্থায় মোক্ষমার্গোপলব্ধয়ে।
মহাযোগেশ্বরো ভূত্বা সোঽত্যক্রামদ্বিহায়সম্ ॥৬॥

ভারতকৌমুদী

ধারয়েতি। ক্রমযোগবিৎ যমনিয়মাদিরূপযোগাঙ্গপৌর্ব্বাপর্য্যাভিজ্ঞঃ শুকঃ, ক্রমেণ যথাশাস্ত্রং যথাবিধি চ পাদপ্রভৃতিগাত্রেষু আত্মানং মনো ধারয়ামাস ॥২॥

তত ইতি। নাচিরোদিতে অধিকপূর্ব্বমুদিতে সতি। এতেন তত্র প্রখরসূর্য্যকিরণপাত ইতি সূচিতম্। পাণিপাদং সমাদায় পদ্মাসনেন স্থিত্বা তত্র চ পাণিযুগলং বিন্যস্যেত্যর্থঃ, বিনীতবৎ উপাধ্যায়ান্তিকে শিষ্যবৎ ॥৩॥

নেতি। অতিদর্শনম্ অতিসুন্দরপদার্থবীক্ষণম্। যোক্তুং যোগং কর্ত্তুম্ ॥৪॥

স ইতি। আত্মানং ব্রহ্ম, সর্ব্বেভ্যঃ সঙ্গেভ্যো বিনিঃসৃতং মুক্তম্। হাসং প্রজহাস চকার, আনন্দময়দর্শনাদানন্দেনেতি ভাবঃ ॥৫॥

স ইতি। মহাযোগেশ্বরো মহাযোগেন গগনগামী, বিহায়সমাকাশম্ ॥৬॥

যমনিয়মাদি যোগাঙ্গসমূহের পৌর্ব্বাপর্য্যাভিজ্ঞ শুকদেব, যোগশাস্ত্রের বিধি অনুসারে ক্রমশঃ চরণপ্রভৃতি অঙ্গে মন ধারণ করিলেন ॥২॥

তাহার পর সূর্য্য গগনমণ্ডলের অনেক অংশে উত্থিত হইলে, জ্ঞানী শুকদেব পূর্ব্বমুখ হইয়া, পদ্মাসনের উপরে হস্তযুগল বিন্যস্ত করিয়া, অধ্যাপকের নিকটে শিষ্যের ন্যায় উপবেশন করিলেন ॥৩॥

জ্ঞানী শুকদেব যে স্থানে বসিবার উপক্রম করিলেন; সে স্থানে পক্ষিসমূহ ছিল না, বা কোন শব্দ কিংবা কোন অতিসৌন্দর্য্যদর্শনও হইতেছিল না ॥৪॥

তখন শুকদেব সমস্ত সংসর্গবিবর্জ্জিত পরমাত্মাকে দর্শন করিলেন এবং তিনি সেই পরব্রহ্ম দর্শন করিয়া আনন্দে হাস্য করিলেন ॥৫॥

শুকদেব মোক্ষপথ লাভ করিবার জন্য পুনরায় যোগাবলম্বন করিয়া, যৌগিক উপায়ে আকাশগামী হইয়া, আকাশ অতিক্রম করিলেন ॥৬॥

ততঃ প্রদক্ষিণং কৃত্বা দেবর্ষিং নারদস্ততঃ।
নিবেদয়ামাস চ তং স্বং যোগং পরমর্ষয়ে ॥৭॥
শুক উবাচ।
দৃষ্টো মার্গঃ প্রবৃত্তোঽস্মি স্বস্তি তেঽস্তু তপোধন!।
ত্বৎপ্রসাদাদ্গমিষ্যামি গতিমিষ্টাং মহাদ্যুতে! ॥৮॥
ভীষ্ম উবাচ।
নারদেনাভ্যনুজ্ঞাতঃ শুকো দ্বৈপায়নাত্মজঃ।
অভিবাদ্য পুনর্যোগমাস্থায়াকাশমাবিশৎ ॥৯॥
কৈলাসপৃষ্ঠাদুৎপত্য স পপাত দিবং তদা।
অন্তরীক্ষচরঃ শ্রীমান্ বায়ুভূতঃ সুনিশ্চিতঃ ॥১০॥
তমুদ্যন্তং দ্বিজশ্রেষ্ঠং বৈনতেয়সমদ্যুতিম্।
দদৃশুঃ সর্ব্বভূতানি মনোমারুতরংহসম্ ॥১১॥

ভারতকৌমুদী

তত ইতি। স্বং স্বকীয়ম্, যোগং যোগাভ্যাসবৃত্তান্তম্ ॥৭॥
দৃষ্ট ইতি। মার্গো মুক্তেঃ পন্থাঃ, প্রবৃত্তোঽস্মি যোগাভ্যাসে ॥৮॥
নারদেনেতি। যোগং যোগেন গগনগমনম্। আস্থায় অবলম্ব্য ॥৯॥
কৈলাসেতি। দিবমাকাশম্। অন্তরীক্ষচরঃ অভবদিতি শেষঃ ॥১০॥
তমিতি। বৈনতেয়সমদ্যুতিং গরুড়তুল্যতেজসম্ ॥১১॥

তাহার পর দেবর্ষি নারদের আশ্রমে উপস্থিত হইয়া তাঁহাকে প্রদক্ষিণ করিয়া তাঁহার নিকটে নিজের যোগের বৃত্তান্ত জানাইলেন ॥৭॥

শুকদেব বলিলেন—'মহাতেজা তপোধন! আপনার মঙ্গল হউক, আমি মুক্তির পথ দেখিয়াছি এবং যোগাভ্যাসে প্রবৃত্ত হইয়াছি। সুতরাং আপনার অনুগ্রহে আমি অভীষ্ট গতিলাভ করিতে পারিব' ॥৮॥

ভীষ্ম বলিলেন—'নারদ অনুমতি করিলে দ্বৈপায়নপুত্র শুক, নারদকে অভিবাদন করিয়া পুনরায় যোগাবলম্বনপূর্ব্বক আকাশে উঠিলেন ॥৯॥

তখন তিনি কৈলাসপর্ব্বতের উপর হইতে লাফ দিয়া আকাশে উঠিলেন এবং মুক্তিবিষয়ে নিশ্চয়কারী ও সুন্দরমূর্ত্তি শুক বায়ুর ন্যায় হইয়া, আকাশে বিচরণ করিতে লাগিলেন ॥১০॥

তৎকালে সকলপ্রাণী, গরুড়ের ন্যায় দীপ্তিশালী এবং মন ও বায়ুর ন্যায় বেগবান্ ব্রাহ্মণশ্রেষ্ঠ সেই শুকদেবকে উদয়মান অবস্থায় দর্শন করিল ॥১১॥

ব্যবসায়েন লোকাংস্ত্রীন্ সর্বান্ সোঽথ বিচিন্তয়ন্।
আস্থিতো দীর্ঘমধ্বানং পাবকার্কসমপ্রভঃ ॥১২॥
তমেকমনসং যান্তমব্যগ্রমকুতোভয়ম্।
দদৃশুঃ সর্বভূতানি স্থাবরাণি চরাণি চ ॥১৩॥
যথাশক্তি যথান্যায়ং পূজাং বৈ চক্রিরে তদা।
পুষ্পবর্ষৈশ্চ দিব্যৈস্তমবচক্রুর্দ্দিবৌকসঃ ॥১৪॥
তং দৃষ্ট্বা বিস্মিতাঃ সর্বে গন্ধর্বাপ্সরসাং গণাঃ।
ঋষয়শ্চৈব সংসিদ্ধাঃ পরং বিস্ময়মাগতাঃ ॥১৫॥
অন্তরীক্ষগতঃ কোঽয়ং তপসা সিদ্ধিমাগতঃ।
অধঃকায়োর্দ্ধবক্ত্রশ্চ নেত্রৈঃ সমভিরজ্যতে ॥১৬॥

ভারতকৌমুদী

ব্যবেতি। অথ পাবকার্কয়োরগ্নিসূর্য্যয়োঃ সমা প্রভা যস্য সঃ, স শুকঃ, ব্যবসায়েন যোগপ্রভাবপ্রকাশোদ্যমেন, সর্ব্বান্ ত্রীন্ লোকান্, বিচিন্তয়ন্ বিচরিতুমিচ্ছন্, দীর্ঘমধ্বানং গগনমার্গম্, আস্থিত আশ্রিতঃ ॥১২॥

তমিতি। একমনসং ব্রহ্মণ্যেকাগ্রচিত্তম্, অব্যগ্রম্ অবিহ্বলম্ ॥১৩॥

যথেতি। অবচক্রুঃ নিচিক্ষিপুঃ, দিবৌকসো দেবাঃ ॥১৪॥

তমিতি। বিস্মিতা অলৌকিকতেজোদর্শনাৎ ॥১৫॥

অন্তরীক্ষেতি। অধঃকায়ো যস্য স চাসৌ ঊর্দ্ধে বক্ত্রং যস্য স চেতি সঃ, নেত্রৈর্নেত্রতেজোভিঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

গিরিশৃঙ্গমিতি। নিঃশলাকে নিস্তৃণে ॥১—১১॥ ব্যবসায়েন সার্ব্বাত্ম্যনিশ্চয়েন ॥১২—১৪॥

তাহার পর অগ্নি ও সূর্য্যের ন্যায় তেজস্বী শুকদেব, যোগপ্রভাবপ্রকাশের উদ্যমে সমস্ত ত্রিভুবন বিচরণ করিবার ইচ্ছায় দীর্ঘ আকাশপথ অবলম্বন করিলেন ॥১২॥

তিনি পরব্রহ্মে একাগ্রচিত্ত হইয়া, অনাকুলভাবে ও অকুতোভয়ে আকাশমার্গে গমন করিতেছিলেন, সেই অবস্থায় স্থাবর ও জঙ্গম সমস্ত প্রাণী তাঁহাকে দর্শন করিতে লাগিল ॥১৩॥

তৎকালে দেবতারা শক্তি অনুসারে যথানিয়মে তাঁহার পূজা করিতে লাগিলেন এবং তাঁহার উপরে স্বর্গীয় পুষ্পবর্ষণ করিতে থাকিলেন ॥১৪॥

তাঁহাকে দেখিয়া সমস্ত গন্ধর্ব্ব ও অপ্সরা বিস্মিত হইল এবং সিদ্ধ ঋষিগণও অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন ॥১৫॥

ততঃ পরমধর্ম্মাত্মা ত্রিষু লোকেষু বিশ্রুতঃ।
ভাস্করং সমুদীক্ষন্ স প্রাঙ্মুখো বাগ্‌যতোহগমৎ।
শব্দেনাকাশমখিলং পূরয়ন্নিব সর্ব্বশঃ ॥১৭॥
তমাপতন্তং সহসা দৃষ্ট্বা সর্বাপ্সরোগণাঃ।
সম্ভ্রান্তমনসো রাজন্নাসন্ পরমবিস্মিতাঃ ॥১৮॥
পঞ্চচূড়াপ্রভৃতয়ো ভৃশমুৎফুল্ললোচনাঃ।
দৈবতং কতমদ্ধ্যেতদুত্তমাং গতিমাস্থিতম্।
সুনিশ্চিতমিহায়াতি বিমুক্তমিব নিস্পৃহম্ ॥১৯॥
ততঃ সমভিচক্রাম মলয়ং নাম পর্ব্বতম্।
উর্বশী পূর্বচিত্তিশ্চ যং নিত্যমুপসেবতে ॥২০॥

ভারতকৌমুদী

তত ইতি। বাগ্‌যতস্তূষ্ণীম্ভূতঃ। শব্দেন গতিশব্দেন। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৭॥

তমিতি। সম্ভ্রান্তমনসঃ অস্থিরচিত্তাঃ ॥১৮॥

পঞ্চেতি। পঞ্চচূড়েতি কস্যাশ্চিৎ স্বর্বেশ্যায়া নাম, কতমৎ দৈবতম্, কাপি দেবতা, বিমুক্তং মোক্ষং প্রাপ্তমিব, নিস্পৃহং, অস্মান্ প্রতি দৃষ্টিপাতাকরণাৎ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৯॥

তত ইতি। সমভিচক্রাম সমভিজগাম। পূর্ব্বচিত্তির্নাম কাচিৎ স্বর্বেশ্যা ॥২০॥

তপঃসিদ্ধ এই কোন্ ব্যক্তি আকাশে গমন করিতেছেন, ইঁহার দেহের নীচের ভাগ নিম্নদিকে ও মুখমণ্ডল উপরের দিকে রহিয়াছে এবং নয়নের তেজে ইনি রক্তবর্ণ হইয়া গিয়াছেন ॥১৬॥

তদনন্তর পরমধর্ম্মাত্মা ও ত্রিভুবনবিখ্যাত শুকদেব, পূর্ব্বমুখ ও বাগ্‌যত হইয়া সূর্য্যের দিকে দৃষ্টিপাত করিয়া, গমনের শব্দে সকলদিকের সমস্ত আকাশই যেন পূর্ণ করিতে থাকিয়া, গমন করিতে থাকিলেন ॥১৭॥

রাজা! তিনি সহসা আসিতেছেন দেখিয়া, সমস্ত অপ্সরাই ব্যস্তচিত্ত ও অত্যন্ত বিস্মিত হইল ॥১৮॥

তখন পঞ্চচূড়াপ্রভৃতি অপ্সরারা অত্যন্ত উৎফুল্লনয়ন হইয়া, এইরূপ আলোচনা করিতে লাগিল যে, ইনি নিশ্চয়ই কোন দেবতা হইবেন। যেহেতু ইনি উত্তম গতি অবলম্বন করিয়া, মুক্ত পুরুষের ন্যায় নিস্পৃহ হইয়া এইদিকে আসিতেছেন ॥১৯॥

তাহার পর, উর্ব্বশী ও পূর্ব্বচিত্তি সর্ব্বদা যে পর্ব্বতে অবস্থান করে, শুকদেব সেই মলয়পর্ব্বতের দিকে গমন করিতে লাগিলেন ॥২০॥

তস্য ব্রহ্মর্ষিপুত্রস্য বিস্ময়ং যযতুঃ পরম্ ।
অহো বুদ্ধিসমাধানং বেদাভ্যাসরতে দ্বিজে ॥২১॥
অচিরেণৈব কালেন নভশ্চরতি চন্দ্রবৎ ।
পিতৃশুশ্রূষয়া বুদ্ধিং সংপ্রাপ্তোঽয়মনুত্তমাম্ ॥২২॥
পিতৃভক্তো দৃঢ়তপাঃ পিতুঃ সুদয়িতঃ সুতঃ ।
অনন্যমনসা তেন কথং পিত্রা বিসর্জ্জিতঃ ॥২৩॥
উর্বশ্যা বচনং শ্রুত্বা শুকঃ পরমধর্ম্মবিৎ ।
উদৈক্ষত দিশঃ সর্বা বচনে গতমানসঃ ॥২৪॥
সোঽন্তরীক্ষং মহীঞ্চৈব সশৈলবনকাননাম্ ।
বিলোকয়ামাস তদা সরাংসি সরিতস্তথা ॥২৫॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্য শুকস্য সম্বন্ধে। যযতুঃ উর্ব্বশীপূর্ব্বচিত্তী। তয়োরুক্তিমনুবদতি অহো ইতি। বুদ্ধেঃ সমাধানমেকাগ্রতা ॥২১॥

অচিরেণেতি। নভো গগনম্, চরতি অতিক্রামতি ॥২২॥

পিত্রেতি। সুদয়িতঃ অতীবপ্রিয়ঃ। ন বিদ্যতে অন্যস্মিন্ পুত্রভিন্নে পদার্থে মনো যস্য তেন ॥২৩॥

উর্ব্বশ্যা ইতি। বচনে উর্ব্বশীবাক্যে গতমানসঃ সন্ কোঽয়ং ব্রবীতীতি জ্ঞাতুং সর্ব্বা দিশ উদৈক্ষত ॥২৪॥

স ইতি। শৈলৈঃ পর্ব্বতৈঃ বনৈররণ্যৈঃ কাননৈরুদ্যানৈশ্চ সহেতি তাম্ ॥২৫॥

তৎকালে উর্ব্বশী ও পূর্ব্বচিত্তি সেই শুকদেবের বিষয়ে অত্যন্ত বিস্ময়াপন্ন হইল এবং তাহারা বলিতে লাগিল—'এই বেদাভ্যাসব্যাপৃত ব্রাহ্মণের কি অদ্ভুত বুদ্ধির একাগ্রতা ॥২১॥

ইনি অচিরকালমধ্যেই চন্দ্রের ন্যায় আকাশ অতিক্রম করিবেন; ইনি পিতার পরিচর্য্যা করায় অত্যুত্তম জ্ঞানলাভ করিয়াছেন ॥২২॥

ইনি পিতার ভক্ত, দৃঢ়তপা এবং পিতার অত্যন্ত প্রিয়পুত্র। সুতরাং ইঁহার প্রতি একাগ্রচিত্ত সেই পিতা, কি করিয়া ইঁহাকে বিদায় দিলেন ॥২৩॥

পরমধর্ম্মজ্ঞ শুকদেব উর্ব্বশীর বাক্য শুনিয়া, সেই বাক্যের দিকে মন অর্পণ করিয়া, সকল দিকে দৃষ্টিপাত করিতে লাগিলেন ॥২৪॥

তখন শুকদেব আকাশ, পর্বত, বন ও উপবনযুক্ত পৃথিবী, জলাশয় ও নদী সকল দর্শন করিলেন ॥২৫॥

ততো দ্বৈপায়নসুতং বহুমানাৎ সমন্ততঃ।
কৃতাঞ্জলিপুটাঃ সর্বা নিরীক্ষন্তে স্ম দেবতাঃ ॥২৬॥
অব্রবীত্তাস্তদা বাক্যং শুকঃ পরমধর্ম্মবিৎ।
পিতা যদ্যনুগচ্ছেন্মাং ক্রোশমানঃ শুকেতি বৈ ॥২৭॥
ততঃ প্রতিবচো দেয়ং সর্ব্বৈরেব সমাহিতৈঃ ;
এতন্মে স্নেহতঃ সর্বে বচনং কর্ত্তুমর্হথ ॥২৮॥ (যুগ্মকম্)
শুকস্য বচনং শ্রুত্বা দিশঃ সর্বাঃ সকাননাঃ।
সমুদ্রাঃ সরিতাঃ শৈলাঃ প্রত্যূচুস্তং সমন্ততঃ ॥২৯॥
যথাজ্ঞাপয়সে বিপ্র ! বাঢ়মেবং ভবিষ্যতি।
ঋষের্ব্যাহরতো বাক্যং প্রতিবক্ষ্যামহে বয়ম্ ॥৩০॥
ইত্যেবমুক্ত্বা বচনং ব্রহ্মর্ষিঃ সুমহাতপাঃ।
প্রাতিষ্ঠত শুকঃ সিদ্ধিং হিত্বা দোষাংশ্চতুর্ব্বিধান্ ॥৩১॥

ভারতকৌমুদী

তত ইতি। বহুমানাৎ তপঃপ্রভাবদর্শনেনাত্যন্তগৌরবাৎ ॥২৬॥
অব্রবীদিতি। তা দেবতাঃ, ক্রোশমান আহ্বান্। ততস্তদা ॥২৭—২৮॥
শুকস্যেতি। সকাননা বনসহিতাঃ। শৈলাঃ পর্ব্বতাঃ ॥২৯॥
যথেতি। ঋষের্বেদব্যাসস্য, ব্যাহরতো বদতঃ ॥৩০॥

তাহার পর দেবতারা সকলে পরমগৌরবনিবন্ধন, কৃতাঞ্জলিপুটে সকল দিক হইতে শুকদেবের প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন ॥২৬॥

তখন পরমধর্ম্মজ্ঞ শুকদেব সেই দেবগণকে এই কথা বলিলেন, হে শুক! এই-ভাবে আহ্বান করিতে থাকিয়া পিতা যদি আমার অনুসরণ করেন, তাহা হইলে আপনারা সকলে মনোযোগের সহিত তাঁহার কথার উত্তর দিবেন। আপনারা আমার প্রতি স্নেহবশতঃ আমার এই বাক্য রক্ষা করিতে পারেন ॥২৭—২৮॥

শুকের বাক্য শুনিয়া সমস্ত দিক, বন, সমুদ্র, নদী ও পর্ব্বত, সকল দিক হইতে তাহার প্রত্যুত্তর করিল ॥২৯॥

'ব্রাহ্মণ! আপনি যেমন আদেশ করিতেছেন নিশ্চয়ই সেইরূপ হইবে। বেদ-ব্যাস কোন কথা বলিলে, আমরা তাহার প্রত্যুত্তর দিব ॥৩০॥

(৩০) ইতঃ পরম্…'দ্বাত্রিংশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ'। ভীষ্ম উবাচ। বঙ্গ বদ্ধ। '…চত্বারিংশ-দধিকত্রিশততমোঽধ্যায়ঃ'। ভীষ্ম উবাচ…নি।

তমো হ্যষ্টবিধং হিত্বা জহৌ পঞ্চবিধং রজঃ।
ততঃ সত্ত্বং জহৌ ধীমান্ তদদ্ভুতমিবাভবৎ ॥৩২॥
ততস্তস্মিন্ পদে নিত্যে নির্গুণে লিঙ্গবর্জ্জিতে।
ব্রহ্মণি প্রত্যতিষ্ঠৎ স বিধূমোঽগ্নিরিব জ্বলন্ ॥৩৩॥

ভারতকৌমুদী

ইতীতি। সুমহাতপা ব্রহ্মর্ষিঃ শুকঃ ইত্যেবং বচনমুক্ত্বা চতুর্ব্বিধান্ অধর্ম্মাজ্ঞানাবৈরাগ্যা-নৈশ্বর্য্যরূপান্ দোষান্ হিত্বা, সিদ্ধিং মুক্তিনিষ্পত্তিমুদ্দিশ্য তদ্দেশাৎ প্রাতিষ্ঠত ॥৩১॥

তম ইতি। আত্মভিন্নেষু অষ্টসু প্রকৃতিমহদহঙ্কারপঞ্চতন্মাত্রেষু আত্মজ্ঞানং তমঃ, তস্য চ প্রকৃত্যাদ্যষ্টবিষয়ত্বাদষ্টবিধত্বম্। তাদৃশমষ্টবিধং তমো হিত্বা। তথাচ সাংখ্যকারিকা "ভেদস্তমসো-ঽষ্টবিধঃ" তত্ত্বকৌমুদ্যাং বাচস্পতিমিশ্রোঽপ্যেবম্। পঞ্চবিধং শব্দস্পর্শরূপরসগন্ধেতি পঞ্চবিষয়েষু রাগজনকত্বাৎ পঞ্চপ্রকারং রজঃ জহৌ। ততশ্চ ধর্ম্মজনকং সত্ত্বমপি জহৌ। ধর্ম্মস্যাপি স্বর্গাদিজনকত্বান্মুক্তিপ্রতিবন্ধকত্বমিত্যাশয়ঃ। তৎ সত্ত্বাদিগুণত্রিতয়হানম্ অদ্ভুতমিবাভবৎ, গুণময়প্রকৃতিজাত-দেহধারিণো গুণত্যাগস্য সর্ব্বথৈবাসম্ভবত্বাদিতি ভাবঃ ॥৩২॥

তত ইতি। পদে অনির্ব্বচনীয়স্থানে, লিঙ্গবর্জ্জিতে অনুমাপককর্তৃত্বাদিশূন্যে ॥৩৩॥

ভারতভাবদীপঃ

অধঃকায়াৎ ঊর্দ্ধং বক্ত্রং যস্য, সূর্য্যে দত্তদৃষ্টিরতঃ স্বদেহস্যাধোভাগং ন পশ্যতীত্যর্থঃ ॥১৬—৩১॥ ইত্যেবমিতি দোষান্ সাত্ত্বিকামোক্ষপ্রতিবন্ধকান্ ধর্ম্মজ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যপ্রদানেন কিল্বিষসংসর্গা-নৈশ্বর্য্যাধ্যান্ বা যদাহ মনুঃ—"প্রাণায়ামৈর্দ্দহেদ্দোষান্ ধারণাভিশ্চ কিল্বিষান্। প্রত্যাহারেণ সংসর্গান্ ধ্যানেনানৈশ্বরান্ গুণা"নিতি। যোগানিতি পাঠে বিতর্কবিচারানন্দাস্মিতাখ্যান্

অত্যন্ত মহাতপা ব্রহ্মর্ষি শুক, এইরূপ বাক্য বলিয়া অধর্ম্ম, অজ্ঞান, অবৈরাগ্য ও অনৈশ্বর্য্যরূপ চতুর্ব্বিধ দোষ পরিত্যাগ করিয়া মুক্তিসিদ্ধির দিকে লক্ষ্য রাখিয়া সে স্থান হইতে প্রস্থান করিলেন ॥৩১॥

জ্ঞানী শুকদেব অষ্টবিধ তমোগুণ পরিত্যাগ করিয়া, পঞ্চবিধ রজোগুণ পরিত্যাগ করিলেন; তাহার পর আবার সত্ত্বগুণও বিসর্জ্জন করিলেন; তাহা যেন অদ্ভুত হইল। (প্রকৃতি, মহান্ অহঙ্কার ও পঞ্চতন্মাত্র এই আটটী তত্ত্বই আত্মা হইতে ভিন্ন; সুতরাং এই আটটী তত্ত্বে যে আত্মজ্ঞান, তাহার নামই তম। উক্ত অষ্টবিধ তত্ত্বেই আত্মজ্ঞান হইতে পারে এবং তাহা তমোগুণজনিত বলিয়া তমোগুণকে অষ্ট-বিধ বলা হইয়াছে। শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পঞ্চবিষয়ে রাগ উৎপাদন করে বলিয়া রজোগুণকেও পঞ্চবিধ বলা হইল। সত্ত্বগুণ ধর্ম্ম উৎপাদন করে, সেই ধর্ম্ম আবার স্বর্গপ্রভৃতি জন্মায় বলিয়া, মুক্তির প্রতিবন্ধক হয় এই জন্যই সত্ত্বত্যাগের কথাও বলা হইয়াছে) ॥৩২॥

উল্কাপাতো দিশাং দাহো ভূমিকম্পস্তথৈব চ।
প্রাদুর্ভূতঃ ক্ষণে তস্মিংস্তদদ্ভুতমিবাভবৎ ॥৩৪॥
দ্রুমাঃ শাখাশ্চ মুমুচুঃ শিখরাণি চ পর্ব্বতাঃ।
নির্ঘাতশব্দৈশ্চ গিরির্হিমবান্ দীর্য্যতীব হ ॥৩৫॥
ন বভাসে সহস্রাংশুর্ন জজ্বাল চ পাবকঃ।
হ্রদাশ্চ সরিতশ্চৈব চুক্ষুভুঃ সাগরাস্তথা ॥৩৬॥
ববর্ষ বাসবস্তোয়ং রসবচ্চ সুগন্ধি চ।
ববৌ সমীরণশ্চাপি দিব্যগন্ধবহঃ শুচিঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

উল্কেতি। তৎ প্রাদুর্ভবনম্ অদ্ভুতমিবাভবৎ, একদা বহূনাম্ উৎপাতানাং সাকর্য্যাদিত্যাশয়ঃ ॥৩৪॥

দ্রুমা ইতি। দ্রুমা বৃক্ষাঃ কর্ত্তারঃ শাখাঃ পর্ব্বতাশ্চ কর্ত্তারঃ শিখরাণি শৃঙ্গাণি মুমুচুস্তত্যজুঃ; হিমবান্ গিরিশ্চ নির্ঘাতশব্দৈর্দীর্য্যতীব দীর্য্যতেস্মেব। নির্ঘাতমাহ তিথিতত্ত্বে গর্গঃ, "যদান্তরীক্ষে বলবান্ মারুতো মরুতাহতঃ, পতত্যধঃ স নির্ঘাতো জায়তে বায়ুসম্ভবঃ" ॥৩৫॥

নেতি। চুক্ষুভুঃ উদ্বেলা বভূবুঃ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

সম্প্রজ্ঞাতভেদান্ তৎফলানীত্যর্থঃ ॥৩২॥ অষ্টবিধং পুর্য্যষ্ট প্রকারং তমঃ, পঞ্চবিধং বিষয়পঞ্চকে প্রবন্ধকং বাসনাময়ং রজঃ নবগুণং রজ ইতি পাঠে "অত্যাগিত্বমকার্পণ্যং সুখদুঃখোপসেবনম্। ভেদঃ পরুষতা চৈব কামঃ ক্রোধস্তথৈব চ। দর্পো দ্বেষোঽতিবাদশ্চ এতে প্রোক্তা রজোগুণা" ইতি প্রোক্তা জ্ঞেয়াঃ। সত্ত্বং বুদ্ধিসত্ত্বেন সর্বং সন্ত্যজ্য সত্ত্বমপি ত্যক্তং যেন ত্যজসি তত্ত্যজেতি নারদেনোপদিষ্টত্বাৎ ॥৩৩—৩৪॥ তস্মিন্নাদিত্যান্তর্যামিণি ব্রহ্মণি নিত্যে পুনরাবৃত্তিবর্জ্জিতে যতো নির্গুণে প্রত্যতিষ্ঠৎ ॥৩৫॥ মহাপুরুষস্যোপরমে হি জগদভাগ্যসূচকা উৎপাতা ভবন্তীত্যাহ—

তাহার পর শুকদেব, ধূমশূন্য অগ্নির ন্যায় জ্বলিতে থাকিয়া, সেই অনির্বচনীয়, নিত্য, নির্গুণ ও কর্ত্তৃত্বাদিবিবর্জ্জিত, একমাত্র পরব্রহ্মে অবস্থান করিতে লাগিলেন ॥৩৩॥

সেই সময়ে যুগপৎ উল্কাপাত, দিগ্দাহ ও ভূমিকম্প হইতে লাগিল; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইতে থাকিল ॥৩৪॥

বৃক্ষসকল আপন আপন শাখা বিসর্জ্জন করিতে লাগিল, পর্বতসমূহ নিজ নিজ শৃঙ্গ নিক্ষেপ করিতে থাকিল, আর হিমালয় পর্বত যেন নির্ঘাতশব্দে বিদীর্ণ হইয়া পড়িল ॥৩৫॥

তৎকালে সূর্য্য প্রকাশ পাইলেন না, অগ্নি জ্বলিলেন না এবং সমুদ্র, নদী ও হ্রদসকল ক্ষুব্ধ হইয়া উঠিল ॥৩৬॥

স শৃঙ্গে প্রথমে দিব্যে হিমবন্মেরুসম্ভবে।
সংশ্লিষ্টে শ্বেতপীতে দ্বে রুক্মরূপ্যময়ে শুভে ॥৩৮॥
শতযোজনবিস্তারে তির্য্যগূর্দ্ধঞ্চ ভারত।।
উদীচিং দিশমাস্থায় রুচিরে সংদদর্শ হ ॥৩৯॥ (যুগ্মকম্)
সোঽবিশঙ্কেন মনসা তথৈবাভ্যপতচ্ছুকঃ।
ততঃ পর্ব্বতশৃঙ্গে দ্বে সহসৈব দ্বিধাকৃতে ॥৪০॥
অদৃশ্যেতাং মহারাজ! তদদ্ভুতমিবাভবৎ।
ততঃ পর্ব্বতশৃঙ্গাভ্যাং সহসৈব বিনিস্থতঃ ॥৪১॥
ন চ প্রতিজঘানাস্য স গতিং পর্ব্বতোত্তমঃ।
ততো মহানভূচ্ছব্দো দিবি সর্ব্বদিবৌকসাম্ ॥৪২॥

ভারতকৌমুদী

ববর্ষেতি। বাসব ইন্দ্রস্তৎপ্রেরিতো মেঘ ইত্যর্থঃ ॥৩৭॥

স ইতি। সংশ্লিষ্টে পরস্পরং সংযুক্তে, তির্য্যগূর্দ্ধঞ্চ শতযোজনবিস্তারে ইতি সম্বন্ধঃ, রুক্মরূপ্যময়ে স্বর্ণরৌপ্যময়ে, রুচিরে সুন্দরে ॥৩৮—৩৯॥

স ইতি। অভ্যপতৎ উপাগমৎ। দ্বিধাকৃতে অভবতাম্ ॥৪০॥

অদৃশ্যেতামিতি। অদৃশ্যেতাং শুকেনান্যেন চ, তৎ পর্ব্বতশৃঙ্গয়োর্দ্বিধাকরণম্। বিনিস্থতঃ শুকঃ ॥৪১॥

নেতি। প্রতিজঘান প্রতিববন্ধ, অস্য শুকস্য গতিম্ ॥৪২॥

ভারতভাবদীপঃ

উল্কাপাতা ইতি ॥৩৬॥ ববর্ষেত্যাদয়ঃ শুকস্যোৎপতনে শকুনানি ॥৩৭—৩৯॥ দ্বিধাকৃতে ভারেণ

ইন্দ্রপ্রেরিত মেঘসকল সুস্বাদু ও সুগন্ধিজল বর্ষণ করিতে লাগিল এবং বায়ুও অলৌকিক সৌরভবাহী ও পবিত্র হইয়া বহিত হইতে থাকিল ॥৩৭॥

ভরতনন্দন! ক্রমে শুকদেব উত্তরদিকে যাইয়া হিমালয় ও সুমেরুপর্ব্বতের অলৌকিক সুন্দর প্রথম দুইটী শৃঙ্গ দেখিতে পাইলেন, সে দুইটী শৃঙ্গই পরস্পর সংযুক্ত এবং পার্শ্বে ও উপরে শতযোজন বিস্তৃত ছিল, আর হিমালয়ের শৃঙ্গ রৌপ্যময় শ্বেতবর্ণ এবং সুমেরুর শৃঙ্গ স্বর্ণময় পীতবর্ণ দেখা যাইতেছিল ॥৩৮—৩৯॥

ক্রমে শুকদেব নিঃশঙ্কচিত্তে পতিত হইতে থাকিলেন; তখন সেই দুইটী পর্ব্বতশৃঙ্গই তৎক্ষণাৎ দ্বিধা বিভক্ত হইয়া গেল ॥৪০॥

মহারাজ! তৎকালে সেই পর্ব্বতশৃঙ্গদ্বয়ের দ্বিধাকরণ অন্যান্যসকলেরই দৃষ্টিগোচর হইল; তাহা যেন সকলেরই অদ্ভুত বলিয়া বোধ হইল। তাহার পর শুকদেব তৎক্ষণাৎ পর্ব্বতশৃঙ্গদ্বয়ের মধ্য হইতে নির্গত হইলেন ॥৪১॥

গন্ধর্বাণামৃষীণাঞ্চ যে চ শৈলনিবাসিনঃ।
দৃষ্ট্বা শুকমতিক্রান্তং পর্বতঞ্চ দ্বিধাকৃতম্ ।
সাধু সাধ্বিতি তত্রাসীন্নাদঃ সর্বত্র ভারত ! ॥৪৩॥
স পূজ্যমানো দেবৈশ্চ গন্ধর্বৈর্ঋষিভিস্তথা।
যক্ষরাক্ষসসঙ্ঘৈশ্চ বিদ্যাধরগণৈস্তথা ॥৪৪॥
দিব্যৈঃ পুষ্পৈঃ সমাকীর্ণমন্তরীক্ষং সমন্ততঃ।
আসীৎ কিল মহারাজ ! শুকাভিপতনে তদা ॥৪৫॥
ততো মন্দাকিনীং রম্যামুপরিষ্টাদভিব্রজন্ ।
শুকো দদর্শ ধর্মাত্মা পুষ্পিতদ্রুমকাননাম্ ॥৪৬॥
তস্যাং ক্রীড়ন্ত্যভিরতাস্তে চৈবাপ্সরসাং গণাঃ।
শূন্যাকারং নিরাকারাঃ শুকং দৃষ্ট্বা বিবাসসঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

গন্ধর্বাণামিতি। অতিক্রান্তং পর্বতাভ্যাং নির্গতম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৪৩॥

স ইতি। স শুকঃ, পূজ্যমানঃ অভবদিতি শেষঃ ॥৪৪॥

দিব্যৈরিতি। দিব্যৈঃ স্বর্গীয়ৈঃ। শুকস্য অভিপতনে উপস্থিতৌ ॥৪৫॥

তত ইতি। পুষ্পিতাঃ সঞ্জাতপুষ্পা দ্রুমা যেষু তাদৃশানি কাননানি যস্যাঃ তস্যাস্তীরে তাম্ ॥৪৬॥

তস্যামিতি। শূন্যে গগনে আকারঃ শরীরং যস্য তং শুকং দৃষ্ট্বাপি, বিবাসসো নগ্নাঃ, অতএব নির্গতা আকারাঃ শরীরাণি যেষাং তে প্রাগুক্তা অপ্সরসাং গণাঃ, অভিরতা ক্রীড়ায়ামেব আসক্তাঃ সন্তঃ, তস্যাং মন্দাকিন্যাং ক্রীড়ন্তি স্ম ॥৪৭॥

সেই পর্বতশ্রেষ্ঠ শুকের গতি প্রতিহত করিল না। তাহার পর আকাশে সমস্ত দেবতার বিশাল হর্ষধ্বনি হইল ॥৪২॥

ভরতনন্দন ! পর্বতদ্বয় দ্বিধাকৃত হইয়াছে, শুকও তথা হইতে নির্গত হইয়াছেন দেখিয়া, গন্ধর্বগণ, ঋষিগণ এবং যাহারা সেই পর্বতে বাস করে, তাহাদের সাধু সাধু এইরূপ হর্ষধ্বনি সর্বত্র হইতে লাগিল ॥৪৩॥

তৎকালে দেবগণ, গন্ধর্বগণ, ঋষিগণ, যক্ষগণ, রাক্ষসগণ ও বিদ্যাধরগণ শুকদেবের পূজা করিতে লাগিলেন ॥৪৪॥

মহারাজ ! সেই শুকের উপস্থিতিকালে, আকাশমণ্ডল সকলদিকে স্বর্গীয়পুষ্পে আকীর্ণ হইল ॥৪৫॥

তাহার পর ধর্মাত্মা শুকদেব উপরে যাইতে থাকিয়া মনোজ্ঞা স্বর্গগঙ্গা দর্শন করিলেন ; তাহার তীরে বনমধ্যে বহুবিধ বৃক্ষে নানাবিধ ফুল ফুটিয়া রহিয়াছিল ॥৪৬॥

তং প্রক্রামন্তমাজ্ঞায় পিতা স্নেহসমন্বিতঃ।
উত্তমাং গতিমাস্থায় পৃষ্ঠতোঽনুসসার হ ॥৪৮॥
শুকস্তু মারুতাদূর্দ্ধং গতিং কৃত্বান্তরীক্ষগাম্।
দর্শয়িত্বা প্রভাবং স্বং ব্রহ্মভূতোঽভবত্তদা ॥৪৯॥
মহাযোগগতিং ত্বন্যাং ব্যাসোত্থায় মহাতপাঃ।
নিমেষান্তরমাত্রেণ শুকাভিপতনং যযৌ ॥৫০॥
স দদর্শ দ্বিধা কৃত্বা পর্ব্বতাগ্রং শুকং গতম্।
শশংসুর্ঋষয়স্তস্য কর্ম্ম পুত্রস্য তত্তদা ॥৫১॥
ততঃ শুকেতি দীর্ঘেণ শব্দেনাক্রন্দিতস্তদা।
স্বয়ং পিত্রা স্বরেণোচ্চৈস্ত্রীল্লোঁকাননুনাদ্য বৈ ॥৫২॥

ভারতকৌমুদী

তমিতি। তং শুকম্, প্রক্রামন্তং গগনে গচ্ছন্তম্, আজ্ঞায় দৃষ্ট্বা ॥৪৮॥

শুক ইতি। ব্রহ্মভূতঃ পরমাত্মরূপো নিরাকার ইত্যর্থঃ ॥৪৯॥

মহেতি। মহাতপা ব্যাসোঽপি, বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ, অন্যাং মহাযোগগতিং মহাযোগবলেন দ্রুতং গমনমাশ্রিত্যেত্যর্থঃ, উত্থায় গগনে উৎপত্য নিমেষান্তরমাত্রেণ শুকস্য অভিপতনং গমনদেশং যযৌ ॥৫০॥

স ইতি। পর্ব্বতাগ্রং দ্বিধা কৃত্বা তত্র গতং শুকং দদর্শ ॥৫১॥

তত ইতি। আক্রন্দিত আহূতঃ। "ক্রন্দনে রোদনাহ্বানে" ইত্যমরঃ ॥৫২॥

তৎকালে আকাশগামী শুকদেবকে দেখিয়াও সেই অপ্সরারা নগ্ন ও বিবৃতদেহ থাকিয়াই, তন্ময়চিত্তে মন্দাকিনীর জলে ক্রীড়া করিতে থাকিল ॥৪৭॥

শুকদেব আকাশে গমন করিতেছেন দেখিয়া, স্নেহাকুল পিতা বেদব্যাস দ্রুতগতি অবলম্বন করিয়া, তাঁহার পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন ॥৪৮॥

কিন্তু শুকদেব তখন আকাশে বায়ুর উপরে গতি অবলম্বন করিয়া, আপন যোগের প্রভাব দেখাইয়া, ব্রহ্মের ন্যায় নিরাকার হইয়া গেলেন ॥৪৯॥

তখন মহাতপা বেদব্যাসও মহাযোগবলে অন্যপ্রকার দ্রুতগতি অবলম্বন করিয়া, আকাশে উঠিয়া, নিমেষমাত্রে শুকের গমনস্থানে উপস্থিত হইলেন ॥৫০॥

ক্রমে বেদব্যাস দেখিলেন—পর্ব্বতাগ্র দুইভাগে বিভক্ত করিয়া শুকদেব তাহার ভিতরে গেলেন; তখন ঋষিরা সকলে বেদব্যাসের নিকটে তাঁহার পুত্রের সেই কার্য্য বলিলেন ॥৫১॥

তাহার পর বেদব্যাস উচ্চস্বরে ত্রিভুবন অনুনাদিত করিয়া 'শুক'। এইরূপ দীর্ঘশব্দে শুককে আহ্বান করিলেন ॥৫২॥

শুকঃ সর্ব্বগতো ভূত্বা সর্ব্বাত্মা সর্ব্বতোমুখঃ।
প্রত্যভাষত ধর্ম্মাত্মা ভোঃ শব্দেনানুনাদয়ন্ ॥৫৩॥
তত একাক্ষরং নাদং ভোরিত্যেব সমীরয়ন্।
প্রত্যাহরজ্জগৎ সর্ব্বমুচ্চৈঃ স্থাবরজঙ্গমম্ ॥৫৪॥
ততঃ প্রভৃতি চাদ্যাপি শব্দানুচ্চারিতান্ পৃথক্।
গিরিগহ্বরপৃষ্ঠেষু ব্যাহরন্তি শুকং প্রতি ॥৫৫॥
অন্তর্হিতঃ প্রভাবং তু দর্শয়িত্বা শুকস্তদা।
গুণান্ সন্ত্যজ্য শব্দাদীন্ পদমভ্যগমৎ পরম্ ॥৫৬॥
মহিমানং তু তং দৃষ্ট্বা পুত্রস্যামিততেজসঃ।
নিষসাদ গিরিপ্রস্থে পুত্রমেবানুচিন্তয়ন্ ॥৫৭॥

ভারতকৌমুদী

শুক ইতি। সর্ব্বগতঃ সর্ব্বব্যাপী, ভূত্বা যোগবলেন ॥৫৩॥

তত ইতি। প্রত্যাহরৎ সমাকর্ষৎ ॥৫৪॥

তত ইতি। শুকং প্রতি শুকোক্তপ্রতিধ্বনিমনুসৃত্য, ব্যাহরন্তি তত্রত্যাঃ পদার্থাঃ প্রতিধ্বনিং কুর্ব্বন্তি ॥৫৫॥

অন্তরিতি। গুণান্ বিষয়ান্। পরং পদং ব্রহ্মত্বম্ ॥৫৬॥

মহিমানমিতি। নিষসাদ উপবিবেশ, গিরিপ্রস্থে পর্ব্বতসানৌ ॥৫৭॥

ভারতভাবদীপঃ

সমুদ্রলঙ্ঘনে হনুমদ্দ্বারেণ মহেন্দ্রপর্বত ইব ব্যাখ্যাপেত্যর্থঃ।৪০—৫৫॥ তত ইতি। পূর্বোক্তাসু সপ্তসু বায়ুবিদ্যাসু পঞ্চম্যাঃ জ্ঞানকর্মসমুচ্চয়রূপায়াঃ পার্য্যন্তিকং ফলং পঞ্চমবায়ুস্থানস্থ মন্দাকিনী

তখন ধর্ম্মাত্মা শুকদেব যোগবলে সর্বব্যাপী, সর্বাত্মা ও সর্বতোমুখ হইয়া, ভো শব্দদ্বারা সমস্ত অনুনাদিত করিয়া প্রত্যুত্তর করিলেন ॥৫৩॥

তদনন্তর শুকদেব 'ভোঃ' ইত্যাকার একাক্ষরশব্দ উচ্চারণ করিয়া, স্থাবরজঙ্গমাত্মক সমগ্র জগৎ আকর্ষণ করিলেন ॥৫৪॥

সেই হইতে আজপর্য্যন্ত শুকের সেই শব্দ লক্ষ্য করিয়া, পর্ব্বতগুহায় উচ্চারিত পৃথক্ পৃথক্ ধ্বনির প্রতিধ্বনি হইয়া থাকে ॥৫৫॥

তখন শুকদেব নিজের যোগপ্রভাব দেখাইয়া অন্তর্হিত হইলেন এবং শব্দস্পর্শপ্রভৃতি বিষয় পরিত্যাগ করিয়া, পরমপদ লাভ করিলেন ॥৫৬॥

এদিকে বেদব্যাস অমিততেজা পুত্রের সেই মহিমা দেখিয়া, তাহাকেই চিন্তা করিতে থাকিয়া, পর্ব্বতের সমতলভূমিতে উপবেশন করিলেন ॥৫৭॥

ততো মন্দাকিনীতীরে ক্রীড়ন্ত্যোঽপ্সরসাং গণাঃ।
আসাদ্য তমৃষিং সর্ব্বাঃ সম্ভ্রান্তা গতচেতসঃ ॥৫৮॥
জলে নিলিল্যিরে কাশ্চিৎ কাশ্চিদ্গুল্মান্ প্রপেদিরে।
বসনান্যাদদুঃ কাশ্চিত্তং দৃষ্ট্বা মুনিসত্তমম্ ॥৫৯॥
তাং মুক্ততাং তু বিজ্ঞায় মুনিঃ পুত্রস্য বৈ তদা।
সক্ততামাত্মনশ্চৈব প্রীতোঽভূদ্ব্রীড়িতশ্চ হ ॥৬০॥
তং দেবগন্ধর্ব্ববৃতো মহর্ষিগণপূজিতঃ।
পিনাকহস্তো ভগবানভ্যাগচ্ছত শঙ্করঃ ॥৬১॥
তমুবাচ মহাদেবঃ সান্ত্বপূর্ব্বমিদং বচঃ।
পুত্রশোকাভিসন্তপ্তং কৃষ্ণদ্বৈপায়নং তদা ॥৬২॥

ভারতকৌমুদী

তত ইতি। সম্ভ্রান্তা নগ্নত্বাল্লজ্জয়া ব্যস্তচিত্তাঃ, গতচেতসঃ অচেতনা ইব চ বভূবুঃ ॥৫৮॥

জল ইতি। নিলিল্যিরে মমজ্জুঃ, গুল্মান্ তদাখ্যোদ্ভিজ্জান্তরাণি ॥৫৯॥

তামিতি। সক্ততাং বিষয়েষু নিরততাম্। পুত্রস্য মুক্ততাজ্ঞানাৎ প্রীতঃ, আত্মনশ্চ সক্ততাজ্ঞানাৎ ব্রীড়িতো লজ্জিতঃ ॥৬০॥

তমিতি। পিনাকো নাম ধনুর্হস্তে যস্য সঃ ॥৬১॥

তমিতি। সান্ত্বং সন্তোষবিধানং পূর্ব্বং যস্মিন্ কর্ম্মণি তত্তথা তথা ॥৬২॥

ভারতভাবদীপঃ

দেশস্য প্রাপ্তিঃ ॥৫৬—৫৮॥ শুকস্থিতি। মারুতাং সূত্রাত্মন উর্দ্ধম্। "বায়ুর্বৈ গৌতম তৎসূত্র"-মিতি শ্রুতেঃ ॥৫৯। ব্যাস উত্থায় সন্নিকর্ষঃ ॥৬০—৬১॥ শুকেতি। শুক ইতি দূরাদ্ধুতে

সেই সময়ে অপ্সরারা মন্দাকিনীর তীরে ক্রীড়া করিতেছিল; তাহারা সকলেই বেদব্যাসকে দেখিয়া, লজ্জায় ব্যস্ত ও অচেতনের ন্যায় হইয়া পড়িল ॥৫৮॥

কতকগুলি অপ্সরা বেদব্যাসকে দেখিয়া জলে মগ্ন হইল, অনেকে গুল্মের অন্তরালে গেল এবং বহু অপ্সরা বস্ত্রগ্রহণ করিল ॥৫৯॥

তখন বেদব্যাস পুত্রের মুক্তি হইয়াছে এবং নিজের বিষয়াসক্তি রহিয়াছে ইহা জানিয়া সন্তুষ্ট ও লজ্জিত হইলেন ॥৬০॥

সেই সময়ে মহর্ষিগণপূজিত ভগবান্ মহাদেব, দেবগণ ও গন্ধর্ব্বগণে পরিবেষ্টিত হইয়া, পিনাকধনু ধারণ করিয়া, বেদব্যাসের নিকটে আগমন করিলেন ॥৬১॥

তখন মহাদেব পুত্রশোকে সন্তপ্ত বেদব্যাসকে, সান্ত্বনাদানপূর্ব্বক এই কথা বলিলেন ॥৬২॥

অগ্নের্ভূমেরপাং বায়োরন্তরীক্ষস্য চৈব হ।
বীর্য্যেণ সদৃশঃ পুত্রঃ পুরা মত্তস্ত্বয়া বৃতঃ ॥৬৩॥
স তথা লক্ষণো জাতস্তপসা তব সম্ভৃতঃ।
মম চৈব প্রসাদেন ব্রহ্মতেজোময়ঃ শুচিঃ ॥৬৪॥
স গতিং পরমাং প্রাপ্তো দুষ্প্রাপ্যামজিতেন্দ্রিয়ৈঃ।
দৈবতৈরপি বিপ্রর্ষে! তং ত্বং কিমনুশোচসি ॥৬৫॥
যাবৎ স্থাস্যন্তি গিরয়ো যাবৎ স্থাস্যন্তি সাগরাঃ।
তাবত্তবাক্ষয়া কীর্ত্তিঃ সপুত্রস্য ভবিষ্যতি ॥৬৬॥
ছায়াং স্বপুত্রসদৃশীং সর্ব্বতোঽনপগাং সদা।
দ্রক্ষ্যসে ত্বঞ্চ লোকেঽস্মিন্ মৎপ্রসাদান্মহামুনে! ॥৬৭॥

ভারতকৌমুদী

অগ্নেরিতি। অপাং জলস্য। মত্তো মম সকাশাৎ ॥৬৩॥
স ইতি। তথা তাদৃশানি লক্ষণানি যস্য সঃ। সম্ভৃতঃ সঙ্ঘটিতঃ ॥৬৪॥
স ইতি। স তব পুত্রঃ, পরমাং গতিং মুক্তিম্ ॥৬৫॥
যাবদিতি। পুত্রেণ শুকেন সহেতি তস্য। ভবিষ্যতি স্থাস্যতি ॥৬৬॥
ছায়ামিতি। ছায়াং প্রতিবিম্বম্। অনপগাম্ অনপগতাম্ ॥৬৭॥

ভারতভাবদীপঃ

প্লুতিঃ। অপ্লুতবদুপস্থিত ইত্যপ্লুতবদ্ভাবাৎ প্রকৃতিভাবঃ ॥৬২—৬৩॥ তমুবাচ মহাদেব ইত্যাদিনা।

বেদব্যাস! তুমি পূর্ব্বে আমার নিকটে পৃথিবী, জল, অগ্নি, বায়ু ও আকাশের ন্যায় শক্তিশালী একটি পুত্র প্রার্থনা করিয়াছিলে ॥৬৩॥

অহিংস্র ইতি। অহিংস্রঃ অহিংসাশীলঃ, শুচিঃ পবিত্রঃ, অক্ষুদ্রঃ অকৃপণঃ, নিরাশীঃ কামনাশূন্যঃ, অথচ কর্ম্মণি যজ্ঞাদৌ সংস্তুতঃ পরিচিত আসীদুপরিচর ইতি শেষঃ। আরণ্যকপদোদ্ভূতা বনস্থান-জাতা এব পদার্থাঃ, তত্র যজ্ঞে ভাগা অংশা উপকল্পিতা আসন্ ॥১১॥

প্রীত ইতি। অস্য উপরিচরস্য। দর্শয়ামাস আত্মানমিতি শেষঃ ॥১২॥

স্বয়মিতি। স্বয়ং নারায়ণঃ পুরোডাসং যজ্ঞীয়দ্রব্যবিশেষম্। হরিমেধসা নারায়ণেন ॥১৩॥

বৃহস্পতিরিতি। ততঃ পুরোডাসহরণদর্শনাৎ পরম্। ঘ্নন্ আঘ্নন্। অবর্ত্তয়ৎ অপাতয়ৎ ॥১৪॥

রাজা। সেই মহাযজ্ঞে প্রয়োজনীয় সমস্ত দ্রব্যই সংগৃহীত হইয়াছিল; কিন্তু সেই যজ্ঞে পশুহত্যা হয় নাই। কারণ, রাজা উপরিচর বসু প্রাণিহিংসাশূন্য ছিলেন ॥১০॥

রাজা উপরিচর বসু হিংসাশূন্য, পবিত্র, দাতা এবং কামনাশূন্য, অথচ যজ্ঞকার্য্যে অভিজ্ঞ ছিলেন। তাঁহার সেই যজ্ঞে সমস্ত অংশই বন্যবস্তুদ্বারা নির্ব্বাহিত হইয়াছিল ॥১১॥

তাহার পর ভগবান্, দেবদেব ও সনাতন নারায়ণ রাজা উপরিচরের উপরে সন্তুষ্ট হইলেন এবং অন্য সকলেরই অদৃশ্য থাকিয়া উপরিচরকে দর্শন দান করিলেন ॥১২॥

নারায়ণ আঘ্রাণ করিয়া নিজেই পুরোডাস গ্রহণ করিলেন; অর্থাৎ নারায়ণদেব অন্য সকলের অদৃশ্য থাকিয়া তাঁহার ভাগ পুরোডাস হরণ করিলেন ॥১৩॥

তাহার পর বৃহস্পতি ক্রুদ্ধ হইয়া স্রুক্ উত্তোলনপূর্ব্বক, বেগে উঠিয়া সেই স্রুক্ নিক্ষেপ করিয়া, আকাশে আঘাত করতঃ ক্রোধে অশ্রুপাত করিলেন ॥১৪॥

যুধিষ্ঠির উবাচ।

উদ্যতা যজ্ঞভাগা হি সাক্ষাৎ প্রাপ্তাঃ সুরৈরিহ।
কিমর্থমিহ ন প্রাপ্তো দর্শনং স হরির্বিভুঃ ॥১৬॥

ভীষ্ম উবাচ।

ততঃ স তং সমুদ্ধূতং ভূমিপালো মহান্ বসুঃ।
প্রসাদয়ামাস মুনিং সদস্যাস্তে চ সর্বশঃ ॥১৭॥
ঊচুশ্চৈনমসম্ভ্রান্তা ন রোষং কর্ত্তুমর্হসি।
নৈষ ধর্ম্মঃ কৃতযুগে যত্ত্বং রোষমচীকৃথাঃ ॥১৮॥
অরোষণো হ্যসৌ দেবো যস্য ভাগোঽয়মুদ্যতঃ।
ন শক্যঃ স ত্বয়া দ্রষ্টুমস্মাভির্বা বৃহস্পতে! ॥১৯॥

ভারতকৌমুদী

উবাচেতি। ময়া অয়ং পুরোডাশরূপো ভাগঃ নারায়ণায় দাতুমুদ্যতঃ; তেন চ দেবেন নারায়ণেন মৎপ্রত্যক্ষং স্বয়মেব স গ্রাহ্যঃ ॥১৫॥

উদ্যতা ইতি। উদ্যতা দাতুমুপস্থাপিতাঃ ॥১৬॥

তত ইতি। সমুদ্ধূতং ক্রোধেনোন্মত্তং তং বৃহস্পতিম্ ॥১৭॥

ঊচুরিতি। অসম্ভ্রান্তা ধৈর্য্যসম্পন্না এব। অচীকৃথাঃ অকার্ষীঃ ॥১৮॥

অরোষণ ইতি। অসৌ নারায়ণঃ ॥১৯॥

এবং উপরিচর রাজাকে বলিলেন—'আমি এই ভাগ নারায়ণকে দিবার জন্য উদ্যত হইয়াছিলাম; তিনি আমার সমক্ষে নিজেই ইহা গ্রহণ করিবেন, এবিষয়ে কোন সন্দেহ নাই ॥১৫॥

যুধিষ্ঠির বলিলেন—'এই যজ্ঞে উপস্থাপিত যজ্ঞভাগসকল দেবতারা প্রত্যক্ষভাবে প্রাপ্ত হইয়াছিলেন; কিন্তু ভগবান্ নারায়ণ কি জন্য সকলের দৃষ্টিগোচর হন নাই ॥১৬॥

ভীষ্ম বলিলেন—'তাহার পর মহারাজ উপরিচর বসু এবং সেই সদস্যেরা সকলে ক্রোধোন্মত্ত বৃহস্পতিকে প্রসন্ন করিতে লাগিলেন ॥১৭॥

তাঁহারা ধীরভাবে বৃহস্পতিকে বলিলেন; 'আপনি যে ক্রোধ করিয়াছেন, ইহা সত্যযুগের ধর্ম্ম নহে। অতএব আপনি ক্রোধ করিতে পারেন না ॥১৮॥

বৃহস্পতি! এই যজ্ঞভাগ যাঁহাকে দিবার জন্য কল্পনা করা হইয়াছে, সেই নারায়ণদেব ক্রুদ্ধ হন না। আপনি বা আমরা তাঁহাকে দেখিতে সমর্থ নহি ॥১৯॥

যস্য প্রসাদং কুরুতে স বৈ তং দ্রষ্টুমর্হতি।
একতদ্বিতত্রিতাশ্চৈব চিত্রশিখণ্ডিনম্ ॥২০॥
বয়ং হি ব্রহ্মণঃ পুত্রা মানসাঃ পরিকীর্ত্তিতাঃ।
গতা নিঃশ্রেয়সার্থং হি কদাচিদ্দিশমুত্তরাম্ ॥২১॥
তপ্ত্বা বর্ষসহস্রাণি চরিত্বা তপ উত্তমম্।
একপাদাঃ স্থিতাঃ সম্যক্ কাষ্ঠভূতাঃ সমাহিতাঃ ॥২২॥
মেরোরুত্তরভাগে তু ক্ষীরোদস্যানুকূলতঃ।
স দেশো যত্র নস্তপ্তং তপঃ পরমদারুণম্ ॥২৩॥
কথং পশ্যেমহি বয়ং দেবং নারায়ণাত্মকম্।
বরেণ্যং বরদন্তং বৈ দেবদেবং সনাতনম্ ॥২৪॥
কথং পশ্যেমহি বয়ং দেবং নারায়ণন্ত্বিতি।
অথ ব্রতস্যাবভৃথে বাগুবাচাশরীরিণী ॥২৫॥

ভারতকৌমুদী

যস্যেতি। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্। চিত্রশিখণ্ডিনং তৎপুত্রং বৃহস্পতিম্ ॥২০॥
বয়মিতি। মানসা মনঃসঙ্কল্পজাতাঃ। নিঃশ্রেয়সার্থং মোক্ষলাভার্থম্ ॥২১॥
তপ্ত্বেতি। কাষ্ঠভূতা দারুতুল্যা নিস্পন্দাঃ ॥২২॥
মেরোরিতি। কূলস্য তীরস্য অনু উপরিভাগ ইত্যনুকূলতঃ ॥২৩॥
কথমিতি। বরেণ্যং সর্ব্বশ্রেষ্ঠম্। সনাতনং চিরায় বিদ্যমানম্ ॥২৪॥

সেই নারায়ণ যাহার প্রতি অনুগ্রহ করেন, সে লোকই তাঁহাকে দেখিতে সমর্থ হয়। তাহার পর একত, দ্বিত ও ত্রিত বৃহস্পতিকে বলিলেন ॥২০॥

আমরা তিন জন ব্রহ্মার মানস পুত্র। কোন সময়ে আমরা মুক্তিলাভ করিবার জন্য উত্তরদিকে গিয়াছিলাম ॥২১॥

আমরা সহস্র বৎসর পর্য্যন্ত তপস্যা করিতে থাকিয়া, উত্তম তপস্যা আরম্ভ করিয়া, কাষ্ঠের ন্যায় নিস্পন্দ ও ধ্যাননিষ্ঠ হইয়া, সমীচীনভাবে একচরণে দাঁড়াইয়া ছিলাম ॥২২॥

আমরা যে স্থানে অতিদারুণ তপস্যা করিয়াছিলাম, সেই স্থানটী সুমেরুপর্ব্বতের উত্তরদিকে ক্ষীরোদসমুদ্রের তীরে রহিয়াছে ॥২৩॥

যিনি সর্ব্বশ্রেষ্ঠ এবং বরদাতা, সেই দেবদেব সনাতন নারায়ণদেবকে কি করিয়া আমরা দেখিতে পাইব, ইহাই আমাদের কামনা ছিল ॥২৪॥

স্নিগ্ধগম্ভীরয়া বাচা প্রহর্ষণকরী বিভো ।।
সুতপ্তং বস্তপো বিপ্রাঃ ! প্রসন্নেনান্তরাত্মনা ॥২৬॥
যূয়ং জিজ্ঞাসবো ভক্তাঃ কথং দ্রক্ষ্যথ তং বিভুম্ ।
ক্ষীরোদধেরুত্তরতঃ শ্বেতদ্বীপো মহাপ্রভঃ ॥২৭॥
তত্র নারায়ণপরা মানবাশ্চন্দ্রবর্চ্চসঃ ।
একান্তভাবোপগতাস্তে ভক্তাঃ পুরুষোত্তমম্ ॥২৮॥
তে সহস্রার্চ্চিষং দেবং প্রবিশন্তি সনাতনম্ ।
অনিন্দ্রিয়া নিরাহারা অনিষ্পন্দাঃ সুগন্ধিনঃ ॥২৯॥

ভারতকৌমুদী

কথমিতি। অবভৃতে সমাপ্তিস্থানে তৎকাল ইত্যর্থঃ ॥২৫॥

স্নিগ্ধেতি। বাচা বাগন্তর্গতশব্দেন, সা চ বাগস্মাকং প্রহর্ষণকরী বভূবেত্যর্থঃ। বো যুষ্মাভিঃ ॥২৬॥

যূয়মিতি। জিজ্ঞাসবো নারায়ণমেব জ্ঞাতুমিচ্ছবঃ। শ্বেতদ্বীপো বর্ত্তত ইতি শেষঃ ॥২৭॥

তত্রেতি। চন্দ্রবর্চ্চসশ্চন্দ্রকান্তয়ঃ। একান্তভাবমেকাগ্রতামুপগতাঃ ॥২৮॥

ত ইতি। সহস্রার্চ্চিষং সূর্য্যম্, প্রবিশন্তি নারায়ণোপাসনার্থং তৎকিরণমধ্যে তিষ্ঠন্তি। ন বিদ্যন্তে ইন্দ্রিয়াণি ইন্দ্রিয়বিষয়াঃ শব্দাদয়ো যেষাং তে, নিরাহারা ভোজনশূন্যাঃ, নিশ্চিতঃ স্পন্দো নিস্পন্দশ্চেষ্টা ন বিদ্যন্তে চেষ্টা যেষাং তে, সুগন্ধিনঃ সৌরভসম্পন্নাঃ ॥২৯॥

আমরা কি প্রকারে নারায়ণদেবকে দেখিব এই আশায় যে নিয়ম অবলম্বন করিয়াছিলাম, সেই নিয়মের সমাপ্তিস্নানকালে একটী আকাশবাণী আমাদিগকে বলিয়াছিল ॥২৫॥

প্রভাবশালী বৃহস্পতি ! স্নিগ্ধ ও গম্ভীর শব্দদ্বারা সেই আকাশবাণীটি আমাদের আনন্দ উৎপাদন করিয়াছিল। সেই আকাশবাণীটি এই—"ব্রাহ্মণগণ! আপনারা প্রসন্নচিত্তে সমীচীনভাবে তপস্যা করিয়াছেন" ॥২৬॥

ব্রাহ্মণগণ ! আপনারা নারায়ণের ভক্ত এবং তাঁহাকে জানিতে ইচ্ছা করেন এবং কি প্রকারে সেই প্রভুকে দেখিতে পাইবেন, তাহার চেষ্টা করেন; ক্ষীরোদসমুদ্রের উত্তরদিকে পরমসুন্দর শ্বেতদ্বীপ আছে ॥২৭॥

সেই শ্বেতদ্বীপে চন্দ্রের ন্যায় সৌন্দর্য্যশালী, নারায়ণের প্রতি একাগ্রতাযুক্ত, নারায়ণের পরমভক্ত ও নারায়ণপরায়ণ মানুষেরা বাস করেন ॥২৮॥

সেই শ্বেতদ্বীপবাসী মানুষেরা প্রখর সূর্য্যকিরণের মধ্যে থাকিয়া, সনাতন নারায়ণদেবের উপাসনা করেন, আর তাঁহারা শব্দস্পর্শপ্রভৃতি বিষয় ভোগ, ভোজন কিংবা কোন কার্য্যের চেষ্টা করেন না এবং সর্ব্বদাই সৌরভযুক্ত থাকেন ॥২৯॥

একান্তিনস্তে পুরুষাঃ শ্বেতদ্বীপনিবাসিনঃ।
গচ্ছধ্বং তত্র মুনয়স্তত্রাত্মা মে প্রকাশিতঃ ॥৩০॥
অথ শ্রুত্বা বয়ং সর্ব্বে বাচং তামশরীরিণীম্।
যথাখ্যাতেন মার্গেন তং দেশং প্রতিপেদিরে ॥৩১॥
প্রাপ্য শ্বেতং মহাদ্বীপং তচ্চিত্তাস্তদ্দিদৃক্ষবঃ।
ততোহস্মদ্দৃষ্টিবিষয়স্ততঃ প্রতিহতোহভবৎ ॥৩২॥
ন চ পশ্যাম পুরুষং তত্তেজোহৃতদর্শনাঃ।
ততো নঃ প্রাদুরভবদ্বিজ্ঞানং দেবযোগজম্ ॥৩৩॥
ন কিলাতপ্ততপসা শক্যতে দ্রষ্টুমঞ্জসা।
ততঃ পুনর্ব্বর্ষশতং তপ্ত্বা তাৎকালিকং মহৎ।
ব্রতাবসানে চ শুভান্নরান্ দদৃশিরে বয়ম্ ॥৩৪॥
শ্বেতাংশ্চন্দ্রপ্রতীকাশান্ সর্বলক্ষণলক্ষিতান্।
নিত্যাঞ্জলিকৃতান্ ব্রহ্ম জপতঃ প্রাগুদঙ্মুখান্ ॥৩৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

একেতি। একান্তিন একান্তভক্তাঃ ॥৩০॥

অথেতি। অশরীরিণীম্ অশরীরিপ্রযুক্তাম্। প্রতিপেদিরে প্রাপ্তাঃ। অস্মৎকর্ত্তরি প্রথম পুরুষ আর্ষঃ ॥৩১॥

প্রাপ্যেতি। তস্মিন্ নারায়ণে চিত্তানি যেষাং তে, তং নারায়ণং দিদৃক্ষবস্তে ॥৩২॥

নেতি। তস্য তেজসা হৃতানি দর্শনানি দৃষ্টিশক্তয়ো যেষাং তে। দেবযোগাৎ নারায়ণসম্বন্ধা জ্জাতমিতি দেবযোগজম্ ॥৩৩॥

বিশেষতঃ সেই শ্বেতদ্বীপনিবাসী মানুষেরা নারায়ণের একান্ত ভক্ত। মুনিগণ! আপনারা সেই শ্বেতদ্বীপে গমন করুন, সেখানে আমার মূর্ত্তি প্রকাশিত আছে ॥৩০॥

তাহার পর আমরা সকলে সেই আকাশবাণী শ্রবণ করিয়া, তদুক্ত পথে সেই দেশে চলিয়া গেলাম ॥৩১॥

ক্রমে আমরা নারায়ণচিন্তাকারী হইয়া, সেই মহাদ্বীপ শ্বেতদ্বীপে যাইয়া, নারায়ণকে দেখিবার ইচ্ছা করিলাম ; তৎপরে আমাদের দৃষ্টিশক্তি তখন প্রতিহত হইল ॥৩২॥

তৎকালে তাঁহার তেজে আমাদের দৃষ্টিশক্তি প্রতিহত হইল বলিয়া, আমরা সেই মহাপুরুষকে দেখিতে পাইলাম না। তাহার পর সেই দেবদেবের সম্বন্ধনিবন্ধন আমাদের এইরূপ জ্ঞান জন্মিল ॥৩৩॥

মানসো নাম স জপো জপ্যতে তৈর্মহাত্মভিঃ।
তেনৈকাগ্রমনস্ত্বেন প্রীতো ভবতি বৈ হরিঃ ॥৩৬॥
যা ভবন্মুনিশার্দ্দুল! ভাঃ সূর্য্যস্য যুগক্ষয়ে।
একৈকস্য প্রভা তাদৃক্ সাভবন্মানবস্য হ ॥৩৭॥
তেজোনিবাসঃ স দ্বীপ ইতি বৈ মেনিরে বয়ম্।
ন তত্রাভ্যধিকঃ কশ্চিৎ সর্ব্বে তে সমতেজসঃ ॥৩৮॥
অথ সূর্য্যসহস্রস্য প্রভাং যুগপদুত্থিতাম্।
সহসা দৃষ্টবন্তঃ স্ম পুনরেব বৃহস্পতে! ॥৩৯॥

ভারতকৌমুদী

নেতি। অঞ্জসা তত্ত্বেন। মহৎ তপঃ। অত্রাপি দদৃশির ইত্যত্রাত্মনেপদং প্রথমপুরুষশ্চার্ষঃ। ষট্পাদঃ শ্লোকঃ। সর্ব্বৈর্লক্ষণৈঃ সাধুচিহ্নৈঃ রাগদ্বেষরাহিত্যাদিভিঃ লক্ষিতান্ বিশিষ্টান্। নিত্যাঃ কৃত্বা অঞ্জলয়ো যৈস্তান্ অধ্যাহিতাদিবৎ কৃতশব্দস্য পরনিপাতঃ, ব্রহ্ম নারায়ণমন্ত্রম্ ॥৩১—৩৫॥

মানস ইতি। তেন নারায়ণং প্রতি তৈঃ কৃতেন ॥৩৬॥

যেতি। ভাঃ প্রভা, যুগক্ষয়ে প্রলয়কালে ॥৩৭॥

তেজ ইতি। অত্রাপি মেনির ইতি প্রথমপুরুষ আর্ষঃ ॥৩৮॥

অথেতি। দৃষ্টবন্তো বয়ম্ ॥৩৯॥

তপস্যা না করিয়া কেহই যথার্থভাবে নারায়ণকে দেখিতে সমর্থ হয় না। তাহার পর পুনরায় আমরা শতবৎসর যাবৎ তৎকালোপযোগী মহাতপস্যা করিয়া, তৎপরে মঙ্গলময় অনেক মানুষ দেখিতে পাইলাম। সেই মনুষ্যগণ চন্দ্রের ন্যায় শ্বেতবর্ণ, সমস্ত সাধুলক্ষণসম্পন্ন এবং পূর্ব্ব ও উত্তর মুখ হইয়া অঞ্জলিবন্ধনপূর্ব্বক সর্ব্বদা নারায়ণমন্ত্র জপ করিতেছিলেন ॥৩১—৩৫॥

সেই মহাত্মারা মানস নামে সেই জপ করিয়া থাকেন; তাঁহাদের সেই একাগ্রচিত্ততার ফলে, তাঁহাদের প্রতি নারায়ণ সন্তুষ্ট হন ॥৩৬॥

মুনিশ্রেষ্ঠ! প্রলয়কালে সূর্য্যের যেরূপ প্রভা হইয়া থাকে, সেই দেশের প্রত্যেক মানুষের সেই প্রকার প্রভা আছে ॥৩৭॥

আমরা তখন মনে করিলাম যে, সেই শ্বেতদ্বীপই তেজের আধার; সে দেশে কেহই তেজে অধিক নহেন, তাঁহারা সকলেই সমানতেজস্বী ॥৩৮॥

বৃহস্পতি! তাহার পর আমরা সহসা একদা উত্থিত, সহস্র সূর্য্যের প্রভা পুনরায় দেখিতে পাইলাম ॥৩৯॥

সহিতাশ্চাভ্যধাবন্ত ততস্তে মানবা দ্রুতম্।
কৃতাঞ্জলিপুটাঃ হৃষ্টা নম ইত্যেববাদিনঃ ॥৪০॥
ততো হি বদতাং তেষামশ্রৌষ্ম বিপুলং ধ্বনিম্।
বলিঃ কিলোপহ্রিয়তে তস্য দেবস্য তৈর্নরৈঃ ॥৪১॥
বয়ন্তু তেজসা তস্য সহসা হৃতচেতসঃ।
ন কিঞ্চিদপি পশ্যামো হৃতচক্ষুর্ব্বলেন্দ্রিয়াঃ ॥৪২॥
একস্তু শব্দো বিততঃ শ্রুতোঽস্মাভিরুদীরিতঃ।
জিতং তে পুণ্ডরীকাক্ষ! নমস্তে বিশ্বভাবন! ॥৪৩॥
নমস্তেঽস্তু হৃষীকেশ! মহাপুরুষপূর্ব্বজ!।
ইতি শব্দঃ শ্রুতোঽস্মাভিঃ শিক্ষাক্ষরসমন্বিতঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

সহিতা ইতি। সহিতাঃ সম্মিলিতাঃ ॥৪০॥

তত ইতি। বদতাং পূজয় পূজয় ইত্যাদি ব্রুবতাম্। বলিঃ পূজোপহারঃ ॥৪১॥

বয়মিতি। হৃতানি নিবর্ত্তিতানি চক্ষুর্ব্বলানি ইন্দ্রিয়াণি মনাংসি চ যেষাং তে ॥৪২॥

এক ইতি। বিততো বিস্তৃতঃ। উদীরিতস্তৈরুচ্চারিতঃ। জিতং সর্ব্বোৎকর্ষেণ বৃত্তম্। হে বিশ্বভাবন! জগদুৎপাদক! ॥৪৩॥

নম ইতি। মহাপুরুষাৎ ব্রহ্মণোঽপি পূর্ব্বজ! পূর্ব্ববর্ত্তিন্! শিক্ষাক্ষরৈঃ শিক্ষাশাস্ত্রোক্তপ্লুতস্বরযুক্তবর্ণৈঃ সমন্বিতঃ ॥৪৪॥

তাহার পর সেই মানুষেরা সম্মিলিত ও হৃষ্ট হইয়া 'নম' এইরূপ বলিতে থাকিয়া, কৃতাঞ্জলিপুটে বেগে ধাবিত হইয়াছিলেন ॥৪০॥

তদনন্তর সেই মানুষেরা পরস্পর বলিতেছিলেন যে,' পূজা কর, পূজা কর' আমরা সেই বিশালধ্বনি শুনিতে পাইলাম। তখন সেই মানুষেরা নারায়ণদেবের উদ্দেশে পূজার উপহার দান করিতেছিলেন ॥৪১॥

সেই নারায়ণদেবের তেজে তৎক্ষণাৎ আমাদিগের চিত্ত প্রতিহত হইয়াছিল এবং দৃষ্টিশক্তিও লোপ পাইয়াছিল; সুতরাং তৎকালে আমরা কিছুই দেখিতে পাইলাম না ॥৪২॥

তাঁহাদের উচ্চারিত একটীমাত্র বিশাল শব্দ আমরা শুনিতে পাইলাম যে, 'পুণ্ডরীকাক্ষ! আপনার জয়, জগৎপিতা! আপনাকে নমস্কার ॥৪৩॥

হৃষিকেশ! 'ব্রহ্মারও আদিপুরুষ! আপনাকে নমস্কার'—এই প্রকার শিক্ষা-শাস্ত্রোক্ত প্লুতস্বরযুক্ত শব্দ আমরা শুনিতে পাইলাম ॥৪৪॥

এতস্মিন্নন্তরে বায়ুঃ সর্বগন্ধবহঃ শুচিঃ।
দিব্যান্যুবাহ পুষ্পাণি কর্ম্মণ্যাশ্চৌষধীস্তথা ॥৪৫॥
তৈরিষ্টঃ পঞ্চকালজ্ঞৈর্হরিরেকান্তিভির্নরৈঃ।
ভক্ত্যা পরময়া যুক্তৈর্মনোবাক্‌কর্ম্মভিস্তথা ॥৪৬॥
নূনং তত্রাগতো দেবো যথা তৈর্বাগুদীরিতা।
বয়ং ত্বেনং ন পশ্যামো মোহিতাস্তস্য মায়য়া ॥৪৭॥
মারুতে সন্নিবৃত্তে চ বলৌ চ প্রতিপাদিতে।
চিন্তাব্যাকুলিতাত্মানো জাতাঃ স্মোহঙ্গিরসাম্বর ! ॥৪৮॥
মানবানাং সহস্রেষু তেষু বৈ শুদ্ধযোনিষু।
অস্মান্ন কশ্চিন্মনসা চক্ষুষা বাপ্যপূজয়ৎ ॥৪৯॥

ভারতকৌমুদী

এতস্মিন্নিতি। কর্ম্মণ্যাঃ পূজাকর্ম্মযোগ্যাঃ, ওষধীঃ তুলসীদূর্ব্বাদীঃ ॥৪৫॥

তৈরিতি। ইষ্টঃ পূজিতঃ, পঞ্চকালান্ প্রাতঃ সঙ্গব মধ্যাহ্নাপরাহ্নসায়াহ্নরূপান্ পূজাসময়ান্ জানন্তীতি তৈঃ। তথাচ—তিথিতত্ত্বধৃতবচনম্ "প্রাতঃকালো মুহূর্ত্তাংস্ত্রীন্ সঙ্গবস্তাবদেব তু। মধ্যাহ্নস্ত্রিমুহূর্ত্তঃ স্যাদপরাহ্নস্ততঃপরম্। সায়াহ্নস্ত্রিমুহূর্ত্তঃ স্যাৎ।" একান্তিভিরেকাগ্রচিত্তৈঃ ॥৪৬॥

নূনমিতি। বাক্ "জিতং তে পুণ্ডরীকাক্ষ !" ইত্যাদি বাক্যম্ ॥৪৭॥

মারুত ইতি। মারুতে প্রাগুক্তে বায়ৌ, বলৌ পূজোপহারে। চিন্তয়া হরির্ন দৃষ্ট ইতি সবিষাদয়া ভাবনয়া ব্যাকুলিতা আত্মানো মনাংসি যেষাং তে ॥৪৮॥

মানবানামিতি। অপূজয়ৎ সম্মানিতানকরোৎ। চক্ষুষা সম্মানাকরণেনৈব মনসাপি তদকরণমনুমিতমিতি ভাবঃ ॥৪৯॥

এই সময়ে সর্ব্বপ্রকার সৌরভবাহী ও পবিত্র বায়ু, স্বর্গীয় পুষ্প এবং পূজার যোগ্য তুলসীপত্র ও দূর্ব্বাপ্রভৃতি বহন করিয়া আনয়ন করিল ॥৪৫॥

প্রভাত, পূর্ব্বাহ্ণ, মধ্যাহ্ন, অপরাহ্ণ ও সায়াহ্নরূপ পঞ্চ পূজাকালাভিজ্ঞ, একাগ্রচিত্ত ও পরমভক্তিসম্পন্ন সেই মানুষেরা তখন, মন, বাক্য ও দেহদ্বারা নারায়ণের পূজা করিয়াছিলেন ॥৪৬॥

তাঁহারা যেরূপ বাক্য বলিয়াছিলেন, তাহাতে বোধ হইয়াছিল যে, নিশ্চয়ই সেখানে নারায়ণ আসিয়াছিলেন ; কিন্তু আমরা তাঁহার মায়ায় মোহিত থাকায় তাঁহাকে দেখিতে পাই নাই ॥৪৭॥

অঙ্গিরাবংশশ্রেষ্ঠ ! সেই বায়ু বিরত হইলে এবং পূজা সম্পন্ন হইয়া গেলে, আমাদের মন চিন্তায় আকুল হইয়াছিল ॥৪৮॥

তেঽপি স্বস্থা মুনিগণা একভাবমনুব্রতাঃ।
নাস্মাসু দধিরে ভাবং ব্রহ্মভাবমনুষ্ঠিতাঃ ॥৫০॥
ততোঽস্মান্ সুপরিশ্রান্তাংস্তপসা চাতিকর্শিতান্।
উবাচ খস্থং কিমপি ভূতং তত্রাশরীরকম্ ॥৫১॥
দেব উবাচ।
দৃষ্টা বঃ পুরুষাঃ শ্বেতাঃ সর্ব্বেন্দ্রিয়বিবর্জ্জিতাঃ।
দৃষ্টো ভবতি দেবেশ! এভির্দৃষ্টৈর্দ্বিজোত্তমৈঃ ॥৫২॥
গচ্ছধ্বং মুনয়ঃ সর্ব্বে যথাগতমিতোঽচিরাৎ।
ন স শক্যস্ত্বভক্তেন দ্রষ্টুং দেবঃ কথঞ্চন ॥৫৩॥

ভারতকৌমুদী

ত ইতি। স্বস্থা নূতনমানুষাণামস্মাকং দর্শনেঽপি চাঞ্চল্যাভাবাৎ সুস্থাঃ, একভাবং নারায়ণে ভক্তিম্, অনুব্রতাঃ প্রাপ্তাঃ, ব্রহ্মণি ভাবং মনোবৃত্তিম্ অনুষ্ঠিতাঃ কৃতবন্তঃ তে মুনিগণাঃ, অস্মাসু ভাবং সম্মানকরণাভিপ্রায়ং ন দধিরে ॥৫০॥

তত ইতি। অতিকর্শিতান্ নিতান্তকৃশীকৃতান্। খস্থমাকাশস্থিতম্, ভূতং প্রাণী, অশরীরকং নিরাকারম্।৫১॥

দৃষ্টা ইতি। বো যুষ্মাভিঃ, সর্ব্বৈরিন্দ্রিয়ৈরিন্দ্রিয়বিষয়ৈঃ শব্দাদিভির্বিবর্জ্জিতাঃ। এষাং দর্শনেনৈব মদ্দর্শনং জাতং মদ্ভক্ততয়া মত্তুল্যত্বাদিতি পরার্দ্ধস্য ভাবঃ ॥৫২॥

গচ্ছধ্বমিতি। যথা আগতং তথা ইতঃ স্থানাৎ যূয়ং গচ্ছধ্বম্।৫৩॥

বিশুদ্ধযোনিজাত সেই সহস্র মানুষের মধ্যে কোন একজনও মন বা নয়নভঙ্গিদ্বারা আমাদের আদর করেন নাই ॥৪৯॥

সুস্থচিত্ত, নারায়ণের ভক্ত ও ব্রহ্মচিন্তাসম্পন্ন সেই মুনিগণ, আমাদের উপরে কোন ভাবই প্রকাশ করেন নাই ॥৫০॥

তদনন্তর আমরা তপস্যা করায় অত্যন্ত পরিশ্রান্ত এবং নিতান্ত কৃশদেহ হইয়াছিলাম; তখন আকাশস্থিত নিরাকার কোন প্রাণী আমাদিগকে বলিয়াছিলেন ॥৫১॥

সেই দেবতা বলিয়াছিলেন—'মুনিগণ! সর্ব্বেন্দ্রিয়বিষয়ভোগশূন্য, শ্বেতবর্ণ পুরুষগণকে আপনারা দেখিয়াছেন; সুতরাং এই ব্রাহ্মণশ্রেষ্ঠগণকে দেখাতেই, দেবদেব নারায়ণকে দেখা হইয়াছে ॥৫২॥

মুনিগণ! আপনারা সকলে যেমন আসিয়াছেন, তেমনই সত্বর এস্থান হইতে

(৫১) অতিকর্ষিতান্...বর্দ্ধ।
(৫২) দ্রষ্টারঃ পুরুষাঃ শ্বেতাঃ...বর্দ্ধ।

কামং কালেন মহতা একান্তিত্বমুপাগতৈঃ।
শক্যো দ্রষ্টুং স ভগবান্ প্রভামণ্ডলদুর্দৃশঃ ॥৫৪॥
মহৎকার্য্যঞ্চ কর্ত্তব্যং যুষ্মাভির্দ্বিজসত্তমাঃ!।
ইতঃ কৃতযুগেঽতীতে বিপর্য্যাসঙ্গতেঽপি চ।৫৫॥
বৈবস্বতেঽন্তরে বিপ্রাঃ! প্রাপ্তে ত্রেতাযুগে পুনঃ।
সুরাণাং কার্য্যসিদ্ধ্যর্থং সহায়া বৈ ভবিষ্যথ ॥৫৬॥ (যুগ্মকম্)
ততস্তদদ্ভুতং বাক্যং নিশম্যৈবামৃতোপমম্।
তস্য প্রসাদাৎ প্রাপ্তাঃ স্মো দেশমীপ্সিতমঞ্জসা।৫৭॥
এবং সুতপসা চৈব হব্যকব্যৈস্তথৈব চ।
দেবোঽস্মাভির্ন দৃষ্টঃ স কথং ত্বং দ্রষ্টুমর্হসি ॥৫৮॥

ভারতকৌমুদী

কামমিতি। কামং পর্য্যাপ্তম্, একান্তিত্বম্ একান্তভক্তত্বম্। প্রভামণ্ডলেন দুর্দৃশো দুর্দ্দর্শঃ। গুণাভাব আর্ষঃ ॥৫৪॥

মহদিতি। কৃতযুগে সত্যযুগে, বিপর্য্যাসম্ অধর্ম্মপ্রবেশাৎ কিঞ্চিদ্ব্যতিক্রমম্। বৈবস্বতেঽন্তরে বৈবস্বতমন্বন্তরকালে ॥৫৫—৫৬॥

তত ইতি। অঞ্জসা দ্রুতম্ "দ্রাগ্ ঝটিত্যঞ্জসাহ্নায় দ্রাক্ মঙ্ক্ষু সপদি দ্রুতে" ইত্যমরঃ ॥৫৭॥

এবমিতি। হব্যকব্যৈর্দৈবপৈত্রদ্রব্যদানৈঃ ॥৫৮॥

চলিয়া যান। কারণ, অভক্ত মানুষ সেই ভগবান্ নারায়ণদেবকে কোন প্রকারেই দেখিতে পারে না ॥৫৩॥

মানুষ বহুকাল যাবৎ একান্ত ভক্ত হইয়া, প্রভামণ্ডলে দুর্নিরীক্ষ্য সেই ভগবানকে দেখিতে পারে ॥৫৪॥

ব্রাহ্মণগণ! এখন হইতে সত্যযুগ অতীত হইলে ধর্ম্মের কিঞ্চিৎ ব্যতিক্রম ঘটিলে, বৈবস্বতমন্বন্তরে পুনরায় ত্রেতাযুগ আসিলে, দেবগণের কার্য্যসিদ্ধির নিমিত্ত আপনারা সহায় হইবেন। ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! তখন আপনারা গুরুতর কার্য্য সাধন করিবেন ॥৫৫—৫৬॥

তাহার পর সেই অদ্ভুত ও অমৃততুল্য বাক্য শ্রবণ করিয়া, আমরা তাঁহারই অনুগ্রহে সত্বর অভীষ্ট দেশে চলিয়া আসিলাম ॥৫৭॥

বৃহস্পতি! আমরা এইরূপ গুরুতর তপস্যা এবং হব্য কব্য দান করিয়াও নারায়ণকে দেখিতে পাই নাই; আপনি কি করিয়া দেখিতে পারিবেন ॥৫৮॥

নারায়ণো মহদ্ভূতং বিশ্বসৃগ্ হব্যকব্যভুক্।
অনাদিনিধনোঽব্যক্তো দেবদানবপূজিতঃ ॥৫৯॥
এবমেকতবাক্যেন দ্বিতত্রিতমতেন চ।
অনুনীতঃ সদস্যৈশ্চ বৃহস্পতিরুদারধীঃ।
সমাপয়ত্ততো যজ্ঞং দৈবতং সমপূজয়ৎ ॥৬০॥
সমাপ্তযজ্ঞো রাজাপি প্রজাঃ পালিতবান্ বসুঃ।
ব্রহ্মশাপাদ্দিবো ভ্রষ্টঃ প্রবিবেশ মহীং ততঃ ॥৬১॥
স রাজা রাজশার্দ্দুল! সত্যধর্ম্মপরায়ণঃ।
অন্তর্ভূমিগতশ্চৈব সততং ধর্ম্মবৎসলঃ ॥৬২॥
নারায়ণপরো ভূত্বা নারায়ণজপং জপন্।
তস্যৈব চ প্রসাদেন পুনরেবোত্থিতশ্চ সঃ ॥৬৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নারেতি। মহদ্ভূতং মহাপ্রাণী। অব্যক্তঃ অস্পষ্টতয়া অদৃশ্যঃ ॥৫৯॥

এবমিতি। একতস্য তদাখ্যস্য মুনের্ব্বাক্যেন, দ্বিতত্রিতয়োস্তদাখ্যয়োর্ম্মুন্যোর্মতেন তদ্বাক্যে অভিমতপ্রকাশেন। দৈবতং নারায়ণম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৬০॥

সমাপ্তেতি। ব্রহ্মশাপাৎ অনন্তরাধ্যায়ে বক্ষ্যমাণাৎ ॥৬১॥

স ইতি। অন্তর্ভূমিগতো ভূমের্ব্বিবরে প্রবিষ্টঃ। নারায়ণজপং নারায়ণমন্ত্রম্ ॥৬২—৬৩॥

নারায়ণ একটি মহাপ্রাণী, জগতের সৃষ্টিকর্ত্তা, হব্য ও কব্য ভোক্তা, অনাদি, অনন্ত, অব্যক্ত এবং দেবদানবপূজিত ॥৫৯॥

এইরূপ একতমুনির বাক্যে এবং দ্বিত ও ত্রিতমুনির সেই বাক্যে সম্মতি প্রকাশ করায়, আর সদস্যগণের অনুনয়ে উদারবুদ্ধি বৃহস্পতি, সেই অশ্বমেধ যজ্ঞ সমাপন ও নারায়ণের পূজা করিলেন ॥৬০॥

রাজা উপরিচরবসুও অশ্বমেধ যজ্ঞ সমাপ্ত করিয়া, প্রজাপালন করিতে লাগিলেন; তাহার পর তিনি কদাচিৎ ব্রাহ্মণের শাপে স্বর্গ হইতে ভ্রষ্ট হইয়া, ভূতলে প্রবেশ করিয়াছিলেন ॥৬১॥

রাজশ্রেষ্ঠ! সত্যধর্ম্মপরায়ণ রাজা উপরিচরবসু, ভূমির বিবরে প্রবেশ করিয়াও সর্ব্বদা ধর্ম্মবৎসল ও নারায়ণপরায়ণ হইয়া, নারায়ণের মন্ত্রই জপ করিতে থাকিয়া, তাঁহারই অনুগ্রহে পুনরায় উত্থিত হইয়াছিলেন ॥৬২—৬৩॥

মহীতলাদ্গতস্থানং ব্রহ্মণঃ সমনন্তরম্।
পরাং গতিমনুপ্রাপ্ত ইতি নৈষ্ঠিকমঞ্জসা ॥৬৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষ-ধর্ম্মে নারায়ণীয়ে দ্বাবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ * ॥০॥

—:০:—

ত্রয়োবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ।

—::—

যুধিষ্ঠির উবাচ।
যদা ভাগবতোঽত্যর্থমাসীদ্রাজা মহান্ বসুঃ।
কিমর্থং স পরিভ্রষ্টো বিবেশ বিবরং ভুবঃ ॥১॥

ভারতকৌমুদী

মহীতি। সমনন্তরমব্যবহিতম্। নৈষ্ঠিকং চিরকালীনম্, অঞ্জসা তত্ত্বম্, "তত্ত্বে ত্বদ্ধাঞ্জসাদ্বয়ম্," ইত্যমরঃ ॥৬৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে দ্বাবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

যদেতি। অত্যর্থং ভাগবতঃ অতীব ভগবদ্ভক্তঃ। পরিভ্রষ্টঃ স্বর্গাৎ ॥১॥

ভারতভাবদীপঃ

ততোঽতীতে মহাকল্পে ইত্যধ্যায়ঃ পরমেশ্বরদর্শনস্য দৌর্লভ্যং তদ্ভক্তদর্শনাচ্চ তদ্দর্শনসিদ্ধিরিত্যেতৎ প্রতিপাদয়তি স্পষ্টার্থশ্চ ॥১—৬৪॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥৩২২॥

উপরিচরবসু ভূতল হইতে ব্রহ্মলোকে গমন করিয়া পরমগতি লাভ করিয়াছিলেন, ইহা পুরাতন সত্য কথা ॥৬৪॥

—:০:—

যুধিষ্ঠির বলিলেন—'মহারাজ উপরিচরবসু যখন অত্যন্ত ভগবদ্ভক্ত ছিলেন, তখন তিনি কি জন্য স্বর্গভ্রষ্ট হইয়া ভূমিবিবরে প্রবেশ করিয়াছিলেন ?' ॥১॥

* '…ষট্ত্রিংশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ' বঙ্গবাসী, '…চতুশ্চত্বারিংশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ' নি।

ভীষ্ম উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
ঋষীণাঞ্চৈব সংবাদং ত্রিদশানাঞ্চ ভারত! ॥২॥
ইয়ং বৈ কর্ম্মভূমিঃ স্যাৎ স্বর্গো ভোগায় কল্পিতঃ।
তস্মাদিন্দ্রো মহীং প্রাপ্য যজনায় তু দীক্ষিতঃ ॥৩॥
সবনীয়পশোঃ কাল আগতে তু বৃহস্পতিঃ।
পিষ্টমানীয়তামত্র পশ্বর্থমিতি ভাষত ॥৪॥

ভারতকৌমুদী

অত্রেতি। ঋষীণাং বৃহস্পত্যাদীনাম্, ত্রিদশানাম্ ইন্দ্রাদীনাং দেবানাম্ ॥২॥

ইয়মিতি। ইয়ং মর্ত্ত্যলোকরূপা। তস্মাৎ কর্ম্মণাধিকভোগসম্ভবাৎ ॥৩॥

সবেতি। সবনীয়পশোর্যজ্ঞীয়পশোশ্ছেদনস্তেতি শেষঃ। পিষ্টং যবস্ত তণ্ডুলস্ত বা সজলচূর্ণম্। ভাষতেত্যড়াগমাভাব আর্ষঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

যদা ভাগবতোঽভ্যর্থমিত্যাদিরধ্যায়ো বৈষ্ণবানাং হিংস্রযজ্ঞবর্জ্জনার্থঃ ॥১—৩॥ অজসংজ্ঞানি বীজানি। 'তস্মাদেব এতেষাং পশূনাং প্রযুক্ততমো যদজস্তেজমালভন্ত সোঽজাদালব্ধাদুদক্রামৎ স ইমাং প্রাবিশত্তস্মাদিয়ং মেধ্যাভবত্তমস্তামন্বায়ন্ সোঽনুগতো ব্রীহিরভবদি"তি যজুঃব্রাহ্মণম্ সর্ব্বেষাং পশূনাং স যজ্ঞো মেধ্যতাখ্যঃ ইমাং পৃথিবীং প্রবিষ্টঃ অন্বায়ন্ অন্বেষিতবন্তঃ। ইয়ং শ্রুতিঃ পুরোডাশস্তুতিমাত্রপরা ন তু পশূনামমেধ্যত্বপ্রতিপাদনপরা। ন হি নিন্দা নিন্দ্যং নিন্দিতুং প্রবর্ত্ততেঽপি তু বিধেয়ং স্তোতুমিতি ন্যায়াৎ ইতি ভোগলোলুপানাং দেবানাং মতং বীতরাগাণাং ঋষীণাং তু মানান্তরাবিসংবাদাদিহিংসাশাস্ত্রানুগ্রহাচ্চাবান্তরতাৎপর্য্যেণ প্রতীয়মানোঽর্থো যথাভূত এব ন তু স স্বার্থে প্রমাণম্। যথাহুঃ সম্প্রদায়বিদঃ—"বিরোধে গুণবাদঃ স্যাদনুবাদোঽবধারিতে। ভূতার্থবাদস্তদ্ধানাদর্থবাদস্ত্রিধা মত" ইতি। তত্র যজমানঃ প্রস্তর ইত্যাদিঃ প্রস্তরযজমানয়োর্ভেদস্ত প্রত্যক্ষবিরোধাৎ প্রস্তরস্তুত্যর্থং গুণবাদোঽয়ম্, অগ্নির্হিমস্ত ভেষজমিতি লোকাবগতার্থ স্যাদনুবাদঃ, মেধাতিথিং হ কাণ্বায়নং মেষো ভূত্বেন্দ্রো জহারেত্যাদির্ব্বিরোধানুবাদয়োরভাবাৎ ভূতার্থবাদ ইতি বৃদ্ধশ্লোকার্থঃ। ন চাত্রাপি ক্রত্বর্থেনালম্ভবিধিনা পুরুষার্থনিষেধস্ত বিরোধোঽস্তি অতোঽর্থবাদোঽপ্যয়ং স্বার্থেঽবান্তরতাৎপর্য্যবিষয়া দেবতাধিকরণন্যায়েন প্রমাণ্যমশ্নুবীত, অন্যথা

ভীষ্ম বলিলেন—'ভরতনন্দন! এ বিষয়েও পণ্ডিতেরা ঋষিগণ ও দেবগণের সংবাদরূপ, প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন ॥২॥

এই মর্ত্ত্যলোক কর্ম্মভূমি, আর স্বর্গলোক ভোগের জন্য কল্পিত আছে; এই জন্য ইন্দ্র স্বর্গ হইতে মর্ত্ত্যলোকে আসিয়া যজ্ঞে দীক্ষিত হইয়াছিলেন ॥৩॥

---

(৩) ইতঃ প্রভৃতি শ্লোকত্রয়ং পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

তচ্ছ্রুত্বা দেবতাঃ সর্ব্বা ইদমূচুর্দ্বিজোত্তমম্।
বৃহস্পতিং মাংসগৃদ্ধাঃ পৃথক্পৃথগিদং পুনঃ ॥৫॥
অজেন যষ্টব্যমিতি প্রাহুর্দ্দেবা দ্বিজোত্তমান্।
স চ ছাগোঽপ্যজো জ্ঞেয়ো নান্যঃ পশুরিতি স্থিতিঃ ॥৬॥

ঋষয় ঊচুঃ।

বীজৈর্যজ্ঞেষু যষ্টব্যমিতি বৈ বৈদিকী শ্রুতিঃ।
অজসংজ্ঞানি বীজানি ছাগং নো হন্তুমর্হথ ॥৭॥
নৈষ ধর্ম্মঃ সতাং দেবা যত্র বধ্যেত বৈ পশুঃ।
ইদং কৃতযুগং শ্রেষ্ঠং কথং বধ্যেত বৈ পশুঃ ॥৮॥

ভীষ্ম উবাচ।

তেষাং সংবদতামেবমৃষীণাং বিবুধৈঃ সহ।
মার্গাগতো নৃপশ্রেষ্ঠস্তং দেশং প্রাপ্তবান্ বসুঃ।
অন্তরীক্ষচরঃ শ্রীমান্ সমগ্রবলবাহনঃ ॥৯॥

ভারতকৌমুদী

তদিতি। মাংসগৃদ্ধাঃ পশুমাংসভোজনলোলুপাঃ ॥৫॥

অজেনেতি। স চ অজশ্ছাগো জ্ঞেয়ঃ, "ছাগোনাদেশে পশুঃ" ইতি স্মৃতেঃ ॥৬॥

বীজৈরিতি। বীজৈর্যবতণ্ডুলৈর্ধান্যতণ্ডুলৈর্ব্বা "যবৈর্যজেত ব্রীহিভির্যজেত" ইতি শ্রুতেঃ। অজসংজ্ঞানীতি। বীজার্থে অজশব্দো লাক্ষণিকঃ, "মা হিংস্যাৎ সর্ব্বা ভূতানি" ইতি শ্রুতেরিতি ভাবঃ ॥৭॥

নেতি। যত্র যৎ। অত্রাপি "মা হিংস্যাৎ সর্ব্বা ভূতানি" ইতি শ্রুতেরেবেত্যাশয়ঃ ॥৮॥

সেই যজ্ঞে পশুচ্ছেদনের সময় উপস্থিত হইলে, বৃহস্পতি বলিলেন যে, 'পশুর প্রতিনিধিরূপে পিষ্ট (পিটুলী) আনয়ন কর' ॥৪॥

সেই কথা শুনিয়া মাংসলোলুপ দেবতারা সকলে ব্রাহ্মণশ্রেষ্ঠ বৃহস্পতিকে পৃথক্ পৃথগ্‌ভাবে এই কথা বলিলেন ॥৫॥

দেবতারা ঋষিগণকে বলিলেন যে, 'অজ-দ্বারা যজ্ঞ করিবে' এই অজশব্দের অর্থ ছাগ বুঝিতে হইবে; অন্য পশু নহে' ॥৬॥

ঋষিরা বলিলেন—'বীজদ্বারা যজ্ঞ করিবে' ইহাই বেদে শুনা যায়। অতএব অজশব্দের অর্থ বীজ; সুতরাং আপনারা ছাগবধ করিতে পারেন না ॥৭॥

দেবগণ! যজ্ঞে যে পশুবধ করা হয়, ইহা সজ্জনের ধর্ম্ম নহে। এটী শ্রেষ্ঠ সত্যযুগ। সুতরাং কি প্রকারে পশুবধ করা হইবে' ॥৮॥

তং দৃষ্ট্বা সহসায়ান্তং বসুং তে ত্বন্তরীক্ষগম্।
উচুর্দ্বিজাতয়ো দেবানেষ চ্ছেৎস্যতি সংশয়ম্ ॥১০॥
যজ্বা দানপতিঃ শ্রেষ্ঠঃ সর্বভূতহিতপ্রিয়ঃ।
কথং স্বিদন্যথা ব্রূয়াদেষ বাক্যং মহান্ বসুঃ ॥১১॥
এবং তে সংবিদং কৃত্বা বিবুধা ঋষয়স্তথা।
অপৃচ্ছন্ সহসাভ্যেত্য বসুং রাজানমন্তিকাৎ ॥১২॥
ভো রাজন্! কেন যষ্টব্যমজেনাহোস্বিদৌষধৈঃ।
এতং নঃ সংশয়ং ছিন্ধি প্রমাণং নো ভবান্ মতঃ ॥১৩॥
স তান্ কৃতাঞ্জলির্ভূত্বা পরিপপ্রচ্ছ বৈ বসুঃ।
কস্য বৈ কো মতঃ কামো ব্রূত সত্যং দ্বিজোত্তমাঃ! ॥১৪॥

ভারতকৌমুদী

তেষামিতি। মার্গাগতো যদৃচ্ছয়া তৎপথাগতঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৯॥
তমিতি। সংশয়ম্ অজঃ পশুর্বা পিষ্টং বেতি সন্দেহম্ ॥১০॥
যজ্বেতি। যজ্বা যথাবিধানং যজ্ঞং কৃতবান্ ॥১১॥
এবমিতি। সংবিদং পরামর্শম্, বিবুধা দেবাঃ ॥১২॥
ভো ইতি। অজেন ছাগেন। ঔষধৈর্ধান্যাদিভিঃ, নঃ অস্মাকম্ ॥১৩॥
স ইতি। কামঃ অভিপ্রায়ঃ ॥১৪॥

ভীষ্ম বলিলেন—'ঋষিরা দেবগণের সহিত এইরূপ বাদানুবাদ করিতেছিলেন এমন সময়ে সমস্ত বল ও বাহনের সহিত সৌন্দর্য্যশালী, আকাশচারী রাজশ্রেষ্ঠ উপরিচরবসু, সেই পথে সেই স্থানে উপস্থিত হইলেন ॥৯॥

উপরিচরবসু সহসা আকাশপথে আসিতেছেন দেখিয়া, ঋষিরা দেবগণকে বলিলেন—'ইনি আমাদের সন্দেহ দূর করিবেন' ॥১০॥

মহারাজ উপরিচরবসু যথাবিধানে যজ্ঞ করিয়াছেন, শ্রেষ্ঠ দাতা এবং সমস্ত প্রাণীর হিতৈষী ও প্রিয়, সুতরাং ইনি কি প্রকারে অন্যবিধ বাক্য বলিবেন ॥১১॥

সেই দেবগণ ও ঋষিগণ এইরূপ পরামর্শ করিয়া, সহসা নিকটে যাইয়া রাজা উপরিচরবসুকে জিজ্ঞাসা করিলেন ॥১২॥

রাজা! ছাগ বা ধান্যপ্রভৃতিদ্বারা যজ্ঞ করিবে, আমাদের এই সংশয় আপনি ছেদন করুন; আমরা আপনাকে প্রমাণ বলিয়া স্বীকার করি ॥১৩॥

তখন উপরিচরবসু কৃতাঞ্জলি হইয়া তাঁহাদিগকে জিজ্ঞাসা করিলেন যে, 'ব্রাহ্মণগণ! আপনাদের কাহার কোন্ মত তাহা সত্য বলুন ॥১৪॥

ঋষয় ঊচুঃ।

ধান্যৈর্যষ্টব্যমিত্যেব পক্ষোঽস্মাকং নরাধিপঃ।।
দেবানান্তু পশুঃ পক্ষো মতো রাজন্ বদস্ব নঃ ॥১৫॥

ভীষ্ম উবাচ।

দেবানাং তু মতং জ্ঞাত্বা বসুনা পক্ষসংশ্রয়াৎ।
ছাগেনাজেন যষ্টব্যমেবমুক্তং বচস্তদা ॥১৬॥
কুপিতাস্তে ততঃ সর্বে মুনয়ঃ সূর্য্যবর্চ্চসঃ।
ঊচুর্ব্বসুং বিমানস্থং দেবপক্ষার্থবাদিনম্ ॥১৭॥
সুরপক্ষো গৃহীতস্তে যস্মাত্তস্মাদ্দিবঃ পত।
অদ্য প্রভৃতি তে রাজন্নাকাশে বিহতা গতিঃ ॥১৮॥
অস্মচ্ছাপাভিঘাতেন মহীং ভিত্ত্বা প্রবেক্ষ্যসি।
বিরুদ্ধং বেদসূত্রাণামুক্তং যদি ভবেন্ নৃপ।।
বয়ং বিরুদ্ধবচনা যদি তত্র পতামহে ॥১৯॥

ভারতকৌমুদী

ধান্যৈরিতি। বদস্ব স্বাভিমতয়োরেকতরং পক্ষং ব্রূহি ॥১৫॥

দেবানামিতি। পক্ষসংশ্রয়াৎ দেবপক্ষাবলম্বনাৎ ॥১৬॥

কুপিতা ইতি। যোগবলেনৈব দেবপক্ষাবলম্বনজ্ঞানাৎ কুপিতা ইতি ভাবঃ ॥১৭॥

সুরেতি। তে ত্বয়া, দিব আকাশাৎ ॥১৮॥

অস্মদিতি। বেদসূত্রাণাং সূত্রবৎসংক্ষিপ্তবেদবাক্যানাম্। প্রথমযদিশব্দো হেত্বর্থে। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৯॥

ঋষিরা বলিলেন—'নরনাথ! ধান্যদ্বারা যজ্ঞ করিবে ইহা আমাদের মত; আর দেবগণের মত পশুদ্বারা যজ্ঞ করিবে। রাজা! আমাদের এই উভয় মতের কোন্ মত সঙ্গত তাহা আপনি বলুন ॥১৫॥

ভীষ্ম বলিলেন—'উপরিচরবসু দেবগণের মত জানিয়া তাহাদেরই পক্ষ অবলম্বন করিয়া তখন এইরূপ বাক্য বলিলেন যে, অজ অর্থাৎ ছাগদ্বারা যজ্ঞ করিবে ॥১৬॥

তাহার পর সূর্য্যের ন্যায় তেজস্বী সেই মুনিরা সকলে ক্রুদ্ধ হইয়া দেবগণের মতবাদী বিমানস্থিত উপরিচরবসুকে বলিলেন—॥১৭॥

রাজা! আপনি যখন দেবপক্ষ অবলম্বন করিলেন, তখন আপনি আকাশ হইতে পতিত হউন; আজ হইতে আপনার আকাশে গমন বিনষ্ট হইল ॥১৮॥

(১৯) অস্য শ্লোকস্য শেষপাদচতুষ্টয়ং পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

ততস্তস্মিন্ মুহূর্ত্তেঽথ রাজোপরিচরস্তদা।
অধো বৈ সম্বভূবাশু ভূমের্ব্বিবরগো নৃপ! ॥২০॥
স্মৃতিস্ত্বেবং ন বিজহৌ তদা নারায়ণাজ্ঞয়া।
দেবাস্তু সহিতাঃ সর্ব্বে বসোঃ শাপবিমোক্ষণম্।
চিন্তয়ামাসুরব্যগ্রাঃ সুকৃতং হি নৃপস্য তৎ ॥২১॥
অনেনাস্মৎ কৃতে রাজা শাপঃ প্রাপ্তো মহাত্মনা।
অস্য প্রতিপ্রিয়ং কার্য্যং সহিতৈর্নো দিবৌকসঃ ॥২২॥
ইতি বুদ্ধ্যা ব্যবস্যাশু গত্বা নিশ্চয়মীশ্বরাঃ।
ঊচুঃ সংহৃষ্টমনসো রাজোপরিচরং তদা ॥২৩॥
ব্রহ্মণ্যদেবভক্তস্ত্বং সুরাসুরগুরুর্হরিঃ।
কামং স তব তুষ্টাত্মা কুর্য্যাচ্ছাপবিমোক্ষণম্ ॥২৪॥

ভারতকৌমুদী

তত ইতি। অধঃ অধোমুখঃ ॥২০॥

স্মৃতিরিতি। ন বিজহৌ উপরিচরং ন তত্যাজ। তৎ তাদৃশচিন্তনমেব সুকৃতং পুণ্যফলম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥২১॥

অনেনেতি। নঃ অস্মাভিঃ, হে দিবৌকসো দেবাঃ! ॥২২॥

ইতীতি। ব্যবস্য আলোচ্য, ঈশ্বরাঃ প্রভাবসম্পন্না দেবাঃ ॥২৩॥

রাজা! আপনি আমাদের অভিসম্পাতে পৃথিবী ভেদ করিয়া তাহার বিবরে প্রবেশ করিবেন, যেহেতু আপনার বেদবাক্যের বিরুদ্ধ অর্থ বলা হইয়াছে। আমরাও যদি বেদবাক্যের বিরুদ্ধ অর্থ বলিতাম তাহা হইলে আমরাও পতিত হইতাম ॥১৯॥

'রাজা যুধিষ্ঠির! তাহার পর সেই মুহূর্ত্তেই রাজা উপরিচর অধোমুখ হইলেন এবং তৎক্ষণাৎ পৃথিবীর বিবরের দিকে গমন করিতে লাগিলেন ॥২০॥

এইরূপ অভিসম্পাত হইলেও তখন নারায়ণের আদেশে উপরিচরবসুর স্মৃতি লোপ পাইল না। এদিকে দেবতারা সকলে মিলিত হইয়া, অনাকুল থাকিয়া উপরিচরবসুর শাপমুক্তির বিষয় চিন্তা করিলেন, ইহা উপরিচরবসুরই পুণ্যের ফল ॥২১॥

দেবগণ! মহাত্মা এই রাজা আমাদের জন্যই অভিসম্পাতপ্রাপ্ত হইলেন। অতএব আমাদের সম্মিলিত হইয়া উঁহার প্রতি প্রিয়কার্য্য করা উচিত ॥২২॥

দেবতারা বুদ্ধি অনুসারে এইরূপ পর্য্যালোচনাপূর্ব্বক কর্ত্তব্যনিশ্চয় করিয়া, হৃষ্টচিত্ত হইয়া তখন উপরিচর রাজাকে বলিলেন— ॥২৩॥

মাননা তু দ্বিজাতীনাং কর্ত্তব্যা বৈ মহাত্মনাম্ ।
অবশ্যং তপসা তেষাং ফলিতব্যং নৃপোত্তম ! ॥২৫॥
যতস্ত্বং সহসা ভ্রষ্ট আকাশান্মেদিনীতলম্ ।
একং ত্বনুগ্রহং তুভ্যং দদ্মো বৈ নৃপসত্তম। ॥২৬॥
যাবত্ত্বং শাপদোষেণ কালমাসিষ্যসেঽনঘ ! ।
ভূমের্ব্বিবরগো ভূত্বা তাবত্ত্বং কালমাপ্স্যসি ॥২৭॥
যজ্ঞেষু সুহুতাং বিপ্রৈর্ব্বসোর্দ্ধারাং সমাহিতৈঃ ।
প্রাপ্স্যসেঽস্মদনুধ্যানাম্মা চ ত্বাং গ্লানিরস্পৃশৎ ॥২৮॥

ভারতকৌমুদী

ব্রহ্মণ্যদেবো নারায়ণস্তস্য ভক্তঃ। কামং পর্য্যাপ্তম্ ॥২৪॥

মাননেতি। মাননা গৌরবম্। অতস্তচ্ছাপব্যাঘাতো নাস্মাভিঃ কর্ত্তব্য ইতি ভাবঃ ॥২৫॥

যত ইতি। ভ্রষ্টো ভ্রংশঃ সন্ গতঃ। দদ্মো বিতরামো বয়ম্ ॥২৬॥

যাবদিতি। আসিষ্যসে স্থাস্যসি, আপ্স্যসি বসোর্দ্ধারাং লপ্স্যসে ॥২৭॥

যজ্ঞেষিতি। সুহুতাং সুষ্ঠুপ্রদত্তাম্। গ্লানিঃ ক্ষুৎপিপাসাজনিতং কষ্টম্ "পৃথিবীং পালয়ামাস দিবমাখণ্ডলো যথা" ইতি পূর্ব্বমুক্তত্বাৎ অয়মুপরিচরশ্চেদিদেশে তিষ্ঠন্ রাজত্বমকরোদিতি চেদিরাজ ইত্যপ্যাখ্যায়তে। "তেন চ চেদিরাজ ! নমস্তভ্যং শাপগ্রস্ত ! মহামতে ! ক্ষুৎপিপাসাক্লেদে দাস্ত ! চেদিরাজ ! নমোঽস্তুতে" ইতি মন্ত্রলিঙ্গং সর্ব্বথৈবোপপদ্যতে ॥২৮॥

ভারতভাবদীপঃ

ভারতরামায়ণাদীনামপি স্বার্থে প্রামাণ্যং বিহন্তেতেতি। তস্মাদজস্থস্য মেষস্য বীজেষু সংক্রমাদ্-বীজাস্তেবাজসংজ্ঞানীতি যুক্তম্ ॥৪—২৩॥ অত্র রাজ্ঞঃ শাপহেতুত্বাদ্ধিংস্রযজ্ঞোঽধর্ম্মোঽপি বসোর্দ্ধারা-

---

রাজা ! আপনি ব্রহ্মণ্যদেব নারায়ণের ভক্ত। অতএব সুরাসুর গুরু সেই নারায়ণ সন্তুষ্ট হইয়া পর্য্যাপ্তরূপেই আপনার শাপমোচন করিবেন ॥২৪॥

রাজশ্রেষ্ঠ ! মহাত্মা ব্রাহ্মণগণের সম্মান করা সকলেরই উচিত। (অতএব আমরা উঁহাদের ঐ শাপের ব্যাঘাত করিতে পারিব না।) সুতরাং উঁহাদের অভিসম্পাত তপস্যার বলে আপনার অবশ্যই ফলিবে ॥২৫॥

রাজশ্রেষ্ঠ ! আপনি যখন সহসা আকাশ হইতে ভ্রষ্ট হইয়া ভূতলে পতিত হইলেন ; তখন আমরা আপনাকে একটী অনুগ্রহ দান করিতেছি ॥২৬॥

নিষ্পাপ রাজা ! আপনি মুনিগণের অভিশাপে যাবৎকাল ভূমির বিবরবর্ত্তী হইয়া থাকিবেন, তাবৎকাল আপনি বসুধারা লাভ করিবেন ॥২৭॥

ব্রাহ্মণেরা সমাহিত হইয়া যজ্ঞপ্রভৃতি কার্য্যে সমীচীনভাবে বসুধারা দান

ন ক্ষুৎপিপাসে রাজেন্দ্র! ভূমেশ্ছিদ্রে ভবিষ্যতঃ।
বসোর্ধারাভিপীতত্বাত্তেজসাপ্যায়িতেন চ।
স দেবোঽস্মদ্বরাৎ প্রীতো ব্রহ্মলোকং হি নেষ্যতি ॥২৯॥
এবং দত্ত্বা বরং রাজ্ঞে সর্ব্বে তে চ দিবৌকসঃ।
গতাঃ স্বভবনং দেবা ঋষয়শ্চ তপোধনাঃ ॥৩০॥
চক্রে বসুস্ততঃ পূজাং বিশ্বক্সেনায় ভারত!।
জপ্যং জগৌ চ সততং নারায়ণমুখোদ্গতম্ ॥৩১॥
তত্রাপি পঞ্চভির্যজ্ঞৈঃ পঞ্চকালানরিন্দম!।
অযজদ্ধরিং সুরপতিং ভূমের্বিবরগোঽপি সন্ ॥৩২॥

ভারতকৌমুদী

নেতি। বসোর্ধারায়া অভিপীতত্বাৎ পানাৎ, অস্মাকং তেজসা আপ্যায়িতেন বর্দ্ধিতেন। দেবো নারায়ণঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৯॥

এবমিতি। রাজ্ঞে উপরিচরবসবে, দিবৌকসো দেবাঃ ॥৩০॥

চক্র ইতি। বিশ্বক্সেনায় নারায়ণায়। জপ্যং মন্ত্রম্। নারায়ণমুখোদ্গতং নারায়ণেনোপদিষ্টম্ ॥৩১॥

তত্রেতি। পঞ্চভির্যজ্ঞৈর্মনুক্তৈরধ্যাপনাদিভিঃ। অথবা একবিধৈরেব পঞ্চভির্যজ্ঞৈঃ পূজারূপৈঃ, পঞ্চকালান্ প্রাগুক্ত প্রাতঃসঙ্গব-মধ্যাহ্নাপরাহ্নসায়াহ্নরূপান্। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥৩২॥

করিবেন, আমাদের অনুগ্রহে আপনি তাহা লাভ করিবেন। সুতরাং আপনার সেখানে কোন কষ্ট হইবে না ॥২৮॥

রাজশ্রেষ্ঠ! সেই বসুধারা পান করায় এবং আমাদের তেজে বর্দ্ধিত হইতে থাকায়, ভূমির গর্ত্তে আপনার ক্ষুধা বা পিপাসা হইবে না; আর আমাদের বর অনুসারে নারায়ণদেব সন্তুষ্ট হইয়া আপনাকে ব্রহ্মলোকে লইয়া যাইবেন ॥২৯॥

সেই দেবতারা সকলে উপরিচরবসুকে এইরূপ বর দান করিয়া স্ব স্ব ভবনে গমন করিলেন এবং তপোধন ঋষিরাও আপন আপন গৃহে চলিয়া গেলেন ॥৩০॥

ভরতনন্দন! তাহার পর উপরিচরবসু নারায়ণের পূজা করিতে লাগিলেন এবং সর্ব্বদা নারায়ণোপদিষ্ট মন্ত্র জপ করিতে থাকিলেন ॥৩১॥

শত্রুদমন! উপরিচর ভূমির বিবরে থাকিয়াও প্রাতঃকাল, পূর্ব্বাহ্ণ, মধ্যাহ্ণ, অপরাহ্ণ ও সায়াহ্ণে পঞ্চযজ্ঞদ্বারা দেবাধিপতি নারায়ণের আরাধনা করিতে লাগিলেন ॥৩২॥

ততোঽস্য তুষ্টো ভগবান্ ভক্ত্যা নারায়ণো হরিঃ।
অনন্যভক্তস্য সতস্তৎপরস্য জিতাত্মনঃ ॥৩৩॥
বরদো ভগবান্ বিষ্ণুঃ সমীপস্থং দ্বিজোত্তমম্।
গরুত্মন্তং মহাবেগমাবভাষেপ্সিতং তদা ॥৩৪॥ (যুগ্মকম্)
দ্বিজোত্তম! মহাভাগ! পশ্যতাং বচনান্মম।
সম্রাট্ রাজা বসুর্নাম ধর্ম্মাত্মা সংশিতব্রতঃ ॥৩৫॥
ব্রাহ্মণানাং প্রকোপেন প্রবিষ্টো বসুধাতলম্।
মানিতাস্তে তু বিপ্রেন্দ্রাস্ত্বন্তু গচ্ছ দ্বিজোত্তম! ॥৩৬॥ (যুগ্মকম্)
ভূমের্ব্বিবরসংগুপ্তং গরুড়েহ মমাজ্ঞয়া।
অধশ্চরং নৃপশ্রেষ্ঠং খেচরং কুরু মা চিরম্ ॥৩৭॥
গরুত্মানথ বিক্ষিপ্য পক্ষৌ মারুতবেগবান্।
বিবেশ বিবরং ভূমের্যত্রাস্তে পার্থিবো বসুঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

তত ইতি। জিতাত্মনো বশীকৃতমনসঃ। দ্বিজোত্তমং পক্ষিশ্রেষ্ঠম্। আবভাষেতি পরস্মৈপদমার্ষম্ ॥৩৩—৩৪॥

দ্বিজেতি। পশ্যতাং পশ্যতু। সংশিতব্রতো দৃঢ়নিয়মঃ। তে বিপ্রেন্দ্রা অস্মাভিরপি মানিতাঃ অতএব তেষাং শাপব্যাঘাতো ময়া ন কর্ত্তব্য ইতি ভাবঃ ॥৩৫—৩৬॥

ভূমেরিতি। বিবরে সংগুপ্তং গুপ্তভাবেন স্থিতম্। খেচরমাকাশগামিনম্ ॥৩৭॥

গরুত্মানিতি। মারুতবেগবান্ বায়ুরিব বেগশালী ॥৩৮॥

তদনন্তর ভগবান্ হরি নারায়ণ অনন্যভক্ত, সাধুস্বভাব, নারায়ণপরায়ণ ও জিতেন্দ্রিয় উপরিচরের ভক্তিতে সন্তুষ্ট হইয়া, বরদান করিবার ইচ্ছা করিয়া, পক্ষিশ্রেষ্ঠ ও মহাবেগশালী নিকটবর্ত্তী গরুড়কে অভীষ্ট বিষয় বলিলেন—॥৩৩—৩৪॥

মহাভাগ পক্ষিশ্রেষ্ঠ! তুমি আমার আদেশ অনুসারে যাইয়া দেখ, ধর্ম্মাত্মা ও দৃঢ়নিয়মশালী সম্রাট্ উপরিচরবসু ব্রাহ্মণগণের কোপে পৃথিবীর বিবরে প্রবেশ করিয়াছেন। ওদিকে সেই ব্রাহ্মণশ্রেষ্ঠগণ আমারও মাননীয়। অতএব পক্ষিশ্রেষ্ঠ! তুমি সেখানে যাও ॥৩৫—৩৬॥

গরুড়! তুমি আমার আদেশ অনুসারে এখনই যাইয়া ভূমিগর্ভে গুপ্তভাবে স্থিত, অধোগামী রাজশ্রেষ্ঠ উপরিচরকে আকাশগামী কর, বিলম্ব করিও না ॥৩৭॥

তাহার পর গরুড় পক্ষদ্বয় বিস্তৃত করিয়া, বায়ুর ন্যায় বেগশালী হইয়া, যেখানে উপরিচরবসু ছিলেন, সেই ভূমিবিবরে যাইয়া প্রবেশ করিলেন ॥৩৮॥

তত এনং সমুৎক্ষিপ্য সহসা বিনতাসুতঃ।
উৎপপাত নভস্তূর্ণং তত্র চৈনমমুঞ্চত ॥৩৯॥
তস্মিন্ মুহূর্ত্তে সংযজ্ঞে রাজোপরিচরঃ পুনঃ।
সশরীরো গতশ্চৈব ব্রহ্মলোকং নৃপোত্তম! ॥৪০॥
এবং তেনাপি কৌন্তেয়! বাগ্‌দোষাদ্দেবতাজ্ঞয়া।
প্রাপ্তা গতিরধস্তাত্তু দ্বিজশাপান্মহাত্মনা ॥৪১॥
কেবলং পুরুষস্তেন সেবিতো হরিরীশ্বরঃ।
ততঃ শীঘ্রং জহৌ শাপং ব্রহ্মলোকমবাপ চ ॥৪২॥

ভীষ্ম উবাচ।

এতত্তে সর্ব্বমাখ্যাতং সম্ভূতা মানবা যথা।
নারদোঽপি যথা শ্বেতং দ্বীপং স গতবানৃষিঃ।
তত্তে সর্ব্বং প্রবক্ষ্যামি শৃণুষ্বৈকমনা নৃপ! ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নারায়ণীয়ে ত্রয়োবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

তত ইতি। এনমুপরিচরম্, বিনতাসুতো গরুড়ঃ।৩৯।

তস্মিন্নিতি। সংযজ্ঞে বভূব। নারায়ণানুগ্রহাদেবেতি ভাবঃ ॥৪০॥

এবমিতি। দেবতাং জানাতীতি দেবতাজ্ঞা, দেবপক্ষপাতিনী বুদ্ধিস্তয়া, বাগ্‌দোষাৎ অজেন যষ্টব্যমিতি বাক্যে অজশব্দস্য ছাগরূপার্থকথনাৎ ॥৪১॥

কেবলমিতি। তেন উপরিচরেণ শাপঃ ব্রহ্মশাপজনিতভূবিবরবাসম্ ॥৪২॥

তাহার পর গরুড় তৎক্ষণাৎ উপরিচরকে উত্তোলন করিয়া, সত্বর আকাশে উঠিলেন এবং সেইখানেই উপরিচরকে ছাড়িয়া দিলেন ॥৩৯॥

রাজশ্রেষ্ঠ রাজা! সেই সময়েই উপরিচর সশরীরে ব্রহ্মলোকগামী হইলেন ॥৪০॥

কুন্তিনন্দন! সেই মহাত্মা উপরিচরবসু এইভাবে দেবগণের পক্ষপাত করিয়া, বাক্যের দোষবশতঃ ব্রাহ্মণগণের অভিসম্পাতে অধোগতি প্রাপ্ত হইয়াছিলেন ॥৪১॥

তাহার পর তিনি অনবরত পুরুষোত্তম নারায়ণের উপাসনা করিয়াছিলেন; তাহাতেই তিনি ব্রহ্মশাপজনিত ভূমিবিবরবাস ত্যাগ করিয়া, ব্রহ্মলোক লাভ করিয়াছিলেন' ॥৪২॥

* '…সপ্তত্রিংশদধিকত্রিশততমোঽধ্যায়ঃ বঙ্গ বৰ্দ্ধ, '…পঞ্চচত্বারিংশদধিকত্রিশততমোঽধ্যায়.' নি।

চতুর্বিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ

—ঃঃ—

ভীষ্ম উবাচ।

প্রাপ্য শ্বেতং মহদ্বীপং নারদো ভগবানৃষিঃ।
দদর্শ তানেব নরান্ শ্বেতাংশ্চন্দ্রসমপ্রভান্ ॥১॥
পূজয়ামাস শিরসা মনসা তৈশ্চ পূজিতঃ।
দিদৃক্ষুর্জপ্যপরমঃ সর্ব্বকৃচ্ছ্রগতঃ স্থিতঃ ॥২॥

ভারতকৌমুদী

এতদিতি। মানবাঃ শ্বেতদ্বীপবাসিনো মনুষ্যাঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে ত্রয়োবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ০ঃ—

প্রাপ্যেতি। মহাদ্বীপং নারায়ণপরায়ণমানবাশ্রয়ত্বাদেবেতি ভাবঃ ॥১॥

পূজয়েতি। তৈঃ শ্বেতদ্বীপবাসিভির্নরৈঃ মনসৈব পূজিতো নারদঃ। ক্রিয়া তু তেষাং নারায়ণপূজৈবেত্যাশয়ঃ। দিদৃক্ষুর্নারায়ণং দ্রষ্টুমিচ্ছুঃ, সর্ব্বকৃচ্ছ্রগতঃ তপস্যায়াঃ সর্ব্বপ্রকারং কষ্টং প্রাপ্তঃ ॥২॥

ভারতভাবদীপঃ

ভাগপ্রাপকদেবানুগ্রহবশাৎ কিঞ্চিৎ কালমপি জনয়তীত্যত্রৈব সূচিতঃ। বসোর্দ্ধারেত্যানুকৃগমানঃ ॥২৪—২৯॥ অধ্যায়তাৎপর্য্যমাহ—কেবলমিতি ॥৪০—৪৩॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥৩২৩॥

ভীষ্ম বলিলেন—'রাজা! শ্বেতদ্বীপের মানুষেরা যে ভাবে জন্মিয়াছিলেন, এই আমি তোমার নিকট সে সমস্ত বলিলাম। এখন দেবর্ষি নারদও যে ভাবে শ্বেত-দ্বীপে গিয়াছিলেন, সে সমস্ত আমি বলিতেছি। তুমি একাগ্রচিত্ত হইয়া শ্রবণ কর ॥৪৩॥

—ঃ০ঃ—

ভীষ্ম বলিলেন—'ভগবান্ দেবর্ষি নারদ শ্বেতদ্বীপনামক মহাদ্বীপে উপস্থিত হইয়া, চন্দ্রসমানকান্তি শ্বেতবর্ণ সেই সকল মনুষ্যকেই দেখিতে পাইলেন ॥১॥

তাহার পর সেই মানুষেরা মনে মনে নারদের সম্মান করিলে, নারদও মস্তকদ্বারা তাঁহাদের সম্মান করিলেন; ক্রমে নারদ ভগবান্ নারায়ণকে দেখিবার ইচ্ছা

ভূত্বৈকাগ্রমনা বিপ্র! ঊর্দ্ধবাহুঃ সমাহিতঃ।
স্তোত্রং জগৌ স বিশ্বায় নির্গুণায় গুণাত্মনে ॥৩॥

নারদ উবাচ।

ওঁ নমস্তে দেবদেবেশ! নিষ্ক্রিয়! লোকসাক্ষিন্! ক্ষেত্রজ্ঞ!
পুরুষোত্তম! অনন্ত! পুরুষ! মহাপুরুষ! পুরুষোত্তম! ত্রিগুণ!
প্রধান! অমৃত! অমৃতাখ্য! অনন্তাখ্য! ব্যোম! সনাতন!
সদসদ্ব্যক্তাব্যক্ত! ঋতধামন্! আদিদেব! বসুপ্রদ! প্রজাপতে!

ভারতকৌমুদী

ভূত্বেতি। বিপ্রো নারদঃ, সমাহিতো ধ্যাননিষ্ঠঃ। বিশ্বায় বিশ্বব্যাপিনে, নির্গুণায় গুণাত্মন ইতি পরস্তাদ্ব্যাখ্যাস্যতে ॥৩॥

নম ইতি। অত্র সম্বোধনপদানামপি প্রথমান্ততয়া ব্যাখ্যানমিতি বোধ্যম। দেবদেবঃ শিবস্তস্যাপীশঃ, নিষ্ক্রিয়শ্চিন্ময়ত্বাৎ, নির্গুণোঽপি চিন্ময়ত্বাদেব, লোকসাক্ষী উদাসীনত্বাৎ, ক্ষেত্রজ্ঞো জীবঃ, পুরুষোত্তমঃ সর্বপুরুষশ্রেষ্ঠত্বাৎ, অনন্তঃ সীমারাহিত্যাৎ, পুরুষঃ শরীরপুরে শয়নাৎ, মহাপুরুষো ব্রহ্মরূপত্বাৎ, পুরুষাদপি উত্তমো ব্রহ্মরূপত্বাদেব। ত্রিগুণঃ সাকারত্বে সত্ত্বরজস্তমোময়ত্বাৎ, প্রধানঃ জগদুৎকৃষ্টত্বাৎ, অমৃতো নিত্যমুক্তত্বাৎ, অমৃতাখ্যো জীবন্মুক্তত্বাৎ, অনন্তাখ্যো বাসুকিরূপত্বাৎ, ব্যোম নিরাকারত্বাৎ, সনাতনঃ সর্বদা বিদ্যমানত্বাৎ, সৎ কারণরূপত্বাৎ, অসৎ

ভারতভাবদীপঃ

প্রাপ্নোতি ॥১—৩॥ দেবৈরিন্দ্রাদৈর্দীব্যতীতি জীবো দেবদেবস্তস্যেশোঽন্তর্যামী নিষ্ক্রিয়ঃ ব্যাপকত্বাৎ, নির্গুণঃ অসঙ্গত্বাৎ, লোকসাক্ষী উদাসীনবোধরূপত্বাৎ, ক্ষেত্রজ্ঞঃ দেহদ্বয়প্রকাশকো জীবঃ, পুরুষোত্তমঃ শরীরজীবেশেভ্যো জ্যায়ান্, অতএবানন্তো দেশতঃ কালতো বস্তুতশ্চ পরিচ্ছেদশূন্যঃ, পুরাণি ব্যষ্টিস্থূলসূক্ষ্মকারণশরীরাণি ওষতি দহতীতি পুরুষঃ অতএবানন্ত ইত্যুক্তম্ মহাপুরুষসমষ্টিস্থূলাদিদাহকত্বাৎ; অতএব পুরুষেষ্বস্মদাদিষূত্তমঃ সত্যজ্ঞানানন্তানন্দরূপঃ। ত্রিগুণেত্যাদিনা মায়িকং রূপং স্তৌতি। সত্ত্বরজস্তমোরূপপ্রধানতৎসঞ্জ্ঞাঃরূপঃ, অমৃতং সুধা, অমৃতা দেবাস্তদাখ্য, অনন্তাখ্য শেষনাগন্, ব্যোম অব্যাকৃতাখ্য, সনাতনোঽনাদিঃ, সদসতোঃ কার্যকারণয়োঃ রূপেণ ব্যক্তেঽব্যক্তশ্চ গ্রাহ্যোঽগ্রাহ্যশ্চেত্যর্থঃ। ঋতং সত্যমবিকারং ধাম প্রকাশো

করিয়া, তপস্যার সর্বপ্রকার কষ্ট ভোগ করিতে থাকিয়া, নারায়ণমন্ত্রজপে ব্যাপৃত হইয়া রহিলেন ॥২॥

পরে নারদ ঊর্দ্ধবাহু, একাগ্রচিত্ত ও ধ্যাননিষ্ঠ হইয়া, বিশ্বব্যাপী, নির্গুণ অথচ গুণবান্ নারায়ণের উদ্দেশে স্তব পাঠ করিতে লাগিলেন ॥৩॥

নারদ বলিলেন—'নারায়ণ! আপনি মহাদেবেরও অধীশ্বর; আপনাকে নমস্কার, আপনি চিন্ময় বলিয়া নিষ্ক্রিয় ও নির্গুণ, আপনি লোকের সাক্ষী, আপনি

সুপ্রজাপতে ! বনস্পতে ! মহাপ্রজাপতে ! ঊর্জ্জস্পতে ! বাচস্পতে ! জগৎপতে ! মনস্পতে ! দিবস্পতে ! মরুৎপতে ! সলিলপতে ! পৃথিবীপতে ! দিক্‌পতে ! পূর্ব্বনিবাস ! গুহ্য ! ব্রহ্মপুরোহিত ! ব্রহ্মকায়িক ! মহারাজিক ! চাতুর্ম্মহারাজিক ! আভাস্বুর ! মহাভাস্বুর ! সপ্তমহাভাগ ! যাম্য ! মহাযাম্য ! সংজ্ঞাসংজ্ঞ !

ভারতকৌমুদী

কার্য্যরূপত্বাৎ, ব্যক্তঃ সাকারত্বাৎ, অব্যক্তো নিরাকারত্বাৎ, ঋতধামন্ সত্যপ্রভাবত্বাৎ, আদিদেবো নারায়ণরূপত্বাৎ, বসুপ্রদো ভক্তানাং ধনদাতৃত্বাৎ, প্রজাপতিঃ রাজরূপত্বাৎ, সুপ্রজাপতির্দক্ষাদিরূপত্বাৎ, বনস্পতিরশ্বত্থবৃক্ষরূপত্বাৎ, মহাপ্রজাপতির্হিরণ্যগর্ভতাদাত্ম্যাৎ, ঊর্জ্জস্পতির্বলনিয়ামকত্বাৎ, বাচস্পতির্বৃহস্পতিরূপত্বাৎ, জগৎপতিরীশ্বরত্বাৎ, মনস্পতির্জীবত্বাৎ, দিবস্পতিঃ সূর্য্যত্বাৎ, মরুৎপতিরিন্দ্রত্বাৎ, সলিলপতির্ব্বরুণত্বাৎ, পৃথিবীপতিঃ সম্রাট্‌ত্বাৎ দিক্‌পতির্দিক্‌পালত্বাৎ পূর্ব্বনিবাসশ্চিরজগদাধারত্বাৎ, গুহ্যো মন্ত্ররূপত্বাৎ, ব্রহ্মপুরোহিতো হিরণ্যগর্ভাচার্য্যত্বাৎ, ব্রহ্মকায়িকো ব্রহ্মমূর্ত্তিত্বাৎ মহারাজিকঃ সাধ্যত্বাৎ, চাতুর্ম্মহারাজিকঃ প্রধানসাধ্যচতুষ্টয়রূপত্বাৎ, আভাস্বুরো বহ্নিময়ত্বাৎ, মহাভাস্বুরঃ সূর্য্যরূপত্বাৎ, সপ্তমহাভাগঃ সপ্তর্ষিরূপত্বাৎ, যাম্যো যমনিয়ামকত্বাৎ, মহাযাম্য কৃতান্তনিয়ামকত্বাৎ, সংজ্ঞাসংজ্ঞশ্চৈতন্যনামকত্বাৎ, তুষিতো ভক্ততুষ্টত্বাৎ, মহাতুষিতঃ সর্ব্বদাসন্তুষ্টত্বাৎ, প্রমর্দ্দনঃ সর্ব্বশাস্তৃত্বাৎ, পরিনির্ম্মিতো বামনাদিরূপত্বাৎ, অপরিনির্ম্মিতো নিত্যত্বাৎ, বশবর্ত্তী ভক্তাধীনত্বাৎ, অপরিনিন্দিতো নিখিলপ্রশস্তত্বাৎ, অপরিমিতঃ

ভারতভাবদীপঃ

যন্ত, আদিদেবো নারায়ণঃ, বসুপ্রদঃ কর্ম্মফলদাতা, প্রজাপতিঃ দক্ষাদিঃ, সুপ্রজাপতিঃ সনকাদিঃ মোক্ষগুরুত্বাৎ, বনস্পতিঃ অশ্বত্থাদিঃ, মহাপ্রজাপতিঃ চতুর্ম্মুখঃ, ঊর্জ্জস্পতে ঊর্জ্জঃ ব্রহ্মাদয়ো জীবরূপাঃ পশবস্তেষাং পতে অলুক্‌সমাসঃ ; একত্বং জাত্যভিপ্রায়ম্। বাচস্পতিঃ বাচঃ প্রবর্ত্তকো দেবাচার্য্যো বা, জগৎপতিরিন্দ্রঃ, মনস্পতিঃ, সূত্রাত্মা, দিবস্পতিঃ সূর্য্যঃ, মরুৎপতিঃ প্রাণবায়ুঃ, সলিলপতির্ব্বরুণঃ, পৃথিবীপতিঃ রাজা, দিক্‌পতিরিন্দ্রাগ্ন্যাদিঃ, পূর্ব্বনিবাস মহাপ্রলয়ে জগদাধার, গুহ্য অপ্রকাশ্য, ব্রহ্মপুরোহিত ব্রহ্মণে বেদপ্রদ "যো ব্রহ্মাণং বিদধাতি পূর্ব্বং যো বৈ বেদাংশ্চ

জীবাত্মা, আপনি পুরুষোত্তম, আপনি অনন্ত, আপনি পুরুষ, আপনি মহাপুরুষ ; আপনি পুরুষোত্তম, আপনি সাকার অবস্থায় ত্রিগুণ, আপনি সর্ব্বশ্রেষ্ঠ, আপনি নিত্যমুক্ত, আপনি জীবন্মুক্ত, আপনি বাসুকি, আপনি আকাশ, আপনি সনাতন, আপনি কারণরূপে সৎ ও কার্য্যরূপে অসৎ, আপনি সাকারভাবে ব্যক্ত ও নিরাকারভাবে অব্যক্ত, আপনি সত্যপ্রভাব, আপনি নারায়ণরূপে আদিদেব, আপনি ভক্তগণকে ধনদাতা, আপনি জগতের রাজা, আপনি দক্ষাদি প্রজাপতি, আপনি অশ্বত্থবৃক্ষ, আপনি আদিপ্রজাপতি ব্রহ্মা, আপনি বলের অধিপতি, আপনি বৃহস্পতি, আপনি ঈশ্বর, আপনি মনের প্রেরক জীব, আপনি আকাশের পতি সূর্য্য, আপনি

তুষিত! মহাতুষিত! প্রমর্দ্দন! পরিনির্ম্মিত! অপরিনির্ম্মিত!
বশবর্ত্তিন্! অপরিনিন্দিত! অপরিমিত! বশবর্ত্তিন্!
অবশবর্ত্তিন্! যজ্ঞ! মহাযজ্ঞ! যজ্ঞসম্ভব! যজ্ঞযোনে!
যজ্ঞগর্ভ! যজ্ঞহৃদয়! যজ্ঞস্তুত! যজ্ঞভাগহর! পঞ্চযজ্ঞ!
পঞ্চকালকর্ত্তৃপতে! পাঞ্চরাত্রিক! বৈকুণ্ঠ! অপরাজিত!
মানসিক! নামনামিক! পরস্বামিন্! সুস্নাত!

ভারতকৌমুদী

পরমাত্মত্বাৎ, বশবর্ত্তী প্রজারূপত্বাৎ, অবশবর্ত্তী রাজরূপত্বাৎ, যজ্ঞঃ সামান্যপূজাত্মকত্বাৎ, মহাযজ্ঞঃ অশ্বমেধাদিরূপত্বাৎ, যজ্ঞসম্ভবঃ পরশুরামাদিরূপত্বাৎ, যজ্ঞযোনির্ব্বেদাত্মকত্বাৎ, যজ্ঞগর্ভো ব্রহ্মাণ্ডময়ত্বাৎ, যজ্ঞহৃদয়ো যজ্ঞপ্রিয়ত্বাৎ, যজ্ঞস্তুতো যজ্ঞেশ্বরত্বাৎ, যজ্ঞভাগহরঃ প্রধানযজ্ঞদেবতাত্বাৎ, পঞ্চযজ্ঞঃ অধ্যাপনাদিরূপত্বাৎ, পঞ্চানাং কালানাং প্রাতঃ প্রভৃতীনাং কর্ত্তা চ পতিশ্চ, সর্ব্বজনকত্বাৎ সর্ব্বেশ্বরত্বাচ্চ, পাঞ্চরাত্রিকঃ পঞ্চরাত্রাখ্যবেদস্তুত্যত্বাৎ, বৈকুণ্ঠস্থবাসিত্বাৎ, অপরাজিতঃ সর্ব্বাধিকবলত্বাৎ, মানসিকো মনোমাত্রবেদ্যঃ, নাম্না নাম্না সংসৃষ্ট ইতি নামনামিকঃ, পরস্বামী জগতঃ শ্রেষ্ঠস্বামী, সুস্নাতো যজ্ঞসমাপ্তৌ সম্যক্স্নাতঃ, হংসঃ পরব্রহ্ম, পরমো হংসো যস্য সঃ পরমহংস সন্ন্যাসী, মহাহংসঃ প্রধানসন্ন্যাসী, পরমযাজ্ঞিকঃ শ্রেষ্ঠযজ্ঞকর্ত্তা, সাংখ্যযোগস্তত্ত্বজ্ঞবেদ্যঃ, সাংখ্যমূর্ত্তির্বিরাট্ পুরুষঃ, অমৃতে নিত্যমুক্তৌ শেতে তিষ্ঠতীতি সঃ, হিরণ্যে ধনে শেতে তিষ্ঠতীতি

ভারতভাবদীপঃ

প্রহিণোতি তস্মৈ। তং হ দেবমাত্মবুদ্ধিপ্রকাশং মুমুক্ষুর্বৈ শরণমহং প্রপদ্যে" ইতি শ্রুতেঃ। ব্রহ্মকায়িক ব্রাহ্মণশরীরসাধ্যযজ্ঞাধ্যয়নাদিরূপ, মহারাজিকাদয়শ্চত্বারো দেবানাং গণবিশেষাঃ। সপ্তর্ষিভার্য্যাদ্যাদিভিরর্পণীয়াঃ সপ্তৈব মহান্তো যজ্ঞভাগা যস্য স সপ্তমহাভাগঃ, যাম্য যমগণ, মহাযাম্য চিত্রগুপ্তাদিরূপ, সংজ্ঞা যমপত্নী তন্নামক, তুষিতমহাতুষিতৌ দেবগণবিশেষৌ। প্রমর্দ্দনো মৃত্যুঃ, পরিনির্ম্মিতঃ মৃত্যুসহায়ত্বেন কল্পিতঃ কামরোগাদি অপরিনির্ম্মিতঃ তদন্যৎ শমারোগ্যাদি, বশবর্ত্তী কামাদিগ্রস্তঃ, অপরিনিন্দিতঃ শমাদিমত্ত্বাৎ, অপরিমিতঃ সর্ব্বজাতীয়েষ্বপি রূপেষু অনন্তঃ,

দেবপতি ইন্দ্র, আপনি জলপতি বরুণ, আপনি পৃথিবীপতি সম্রাট্, আপনি দিক্পাল, আপনি চিরকাল জগতের আধার, আপনি মন্ত্রময় বলিয়া গোপনীয়, আপনি ব্রহ্মারও পুরোহিত, আপনি ব্রহ্মমূর্ত্তি, আপনি সাধ্য, (দেবযোনি বিশেষ) আপনি প্রধান সাধ্যচতুষ্টয়, আপনি সম্যক্ দীপ্তিশালী অগ্নি, আপনি মহাদীপ্তিশালী সূর্য্য, আপনি সপ্তর্ষিস্বরূপ, আপনি যোগাঙ্গযমের নিয়ামক, আপনি কৃতান্তের পরিচালক, আপনি চৈতন্যনামক, ভক্তগণ আপনাকে সন্তুষ্ট করে, আপনি সর্ব্বদা সন্তোষরূপ, আপনি জগতের শাসনকর্ত্তা, আপনি পরশুরামাদিরূপে উৎপাদিত, আদিপুরুষরূপে অনুৎপাদিত, আপনি ভক্তগণের বশবর্ত্তী, আপনি সকলেরই অনিন্দিত, আপনি পরব্রহ্ম বলিয়া অপরিমিত, আপনি পূজারূপে বশবর্ত্তী, আপনি রাজরূপে অবশবর্ত্তী,

হংস ! পরমহংস ! মহাহংস ! পরমযাজ্ঞিক ! সাংখ্যযোগ ! সাংখ্যমূর্ত্তে ! অমৃতেশয় ! হিরণ্যেশয় ! দেবেশয় ! কুশেশয় ! ব্রহ্মেশয় ! পদ্মেশয় ! বিশ্বেশ্বর ! বিষ্বক্‌সেন ত্বং জগদন্বয়ঃ ত্বং জগৎপ্রকৃতিঃ, তবাগ্নিরাস্যং, বড়বামুখোঽগ্নিঃ ত্বমাহুতিঃ, সারথিঃ, ত্বং বষট্‌কার, ত্বং ওঙ্কারঃ, ত্বং তপঃ, ত্বং মনঃ, ত্বং

ভারতকৌমুদী

হিরণ্যেশয়ঃ কুবেরঃ, দেবে দেবগণে শেতে তেজোরূপেণ তিষ্ঠতীতি দেবেশয়ঃ, কুশে সমুদ্রজলে শেত ইতি কুশেশয়ো নারায়ণঃ, ব্রহ্মে ব্রহ্মাণ্ডে শেতে অধীশত্বেন তিষ্ঠতীতি ব্রহ্মেশয়ঃ, পদ্মে শেতে তিষ্ঠতীতি পদ্মেশয়ো ব্রহ্মা। "এষু প্রায়েণ সপ্তম্যাঃ কৃতি" ইতি সপ্তম্যা অলুক্। বিশ্বেশ্বরো জগন্নিয়ন্তা, বিষক্ সমন্তাৎ সেনা যস্য স জগৎপালকঃ, জগদন্বেতি ব্রহ্মরূপেণ সম্বধ্নাতীতি জগদন্বয়ঃ, জগতাং প্রকৃতিরাদিকর্ত্তা, তব আস্যং মুখমগ্নিঃ তেনৈবাহুতিগ্রহণাৎ, বড়বামুখাগ্নির্ব্বারবানলস্ত্বম্ ত্বমাহুতির্যজ্ঞে হবিঃপ্রক্ষেপঃ, সারথির্জ্জগৎপরিচালকস্ত্বম্, বষট্‌কারো হবির্দানং ত্বম্, ওঙ্কারঃ প্রণবস্ত্বম্, মুনীনাং তপস্ত্বম্, ইন্দ্রিয়শ্রেষ্ঠং মনস্ত্বম্, শীতলালোকশ্চন্দ্রমাস্ত্বম্, চক্ষূরাজ্যং নয়নদীপ্তিস্ত্বম্,

ভারতভাবদীপঃ

বশবর্ত্তী, শান্তঃ শান্তা অবশবর্ত্তী যজ্ঞোঽগ্নিহোত্রাদিঃ, মহাযজ্ঞো ব্রহ্মযজ্ঞাদি, যজ্ঞসম্ভবো ঋত্বিগাদিঃ, যজ্ঞযোনির্ব্বেদঃ, যজ্ঞগর্ভোঽগ্নিঃ, যজ্ঞহৃদয়ং যজ্ঞান্তোপাসনারূপঃ, পঞ্চকালা অহোরাত্রমাসর্ত্ত্বয়নসংবৎসরাঃ। পঞ্চকর্ত্তারঃ "অধিষ্ঠানং তথা কর্ত্তা করণং চ পৃথগ্‌বিধম্। বিবিধা চ পৃথক্‌চেষ্টা দৈবং চৈবাত্র পঞ্চমম্। শরীরবাঙ্‌মনোভির্যৎকর্ম্ম প্রারভতে নরঃ। ন্যায্যং বা বিপরীতং বা পঞ্চৈতে তস্য হেতব" ইতি গীতোক্তাস্তেষাং পতে পঞ্চরাত্রাগমগম্য, বৈকুণ্ঠ অকুণ্ঠিত বিকুণ্ঠায়াঃ পুত্রেতি বা, মানসিক মনউপাধিক, নামনামিক নাম্নি নাম্নি বিদিত, "নামানি সর্ব্বাণি যমাবিশন্তীতি শ্রুতেঃ" পরো ব্রহ্মা তস্য স্বামী। সুস্নাত সমাপ্তবেদব্রত, হংসস্ত্রিদণ্ডী, পরমহংসো একদণ্ডী,

আপনি সামান্য পূজাস্বরূপ, আপনি অশ্বমেধাদিমহাযজ্ঞ, আপনি রামাদিরূপে যজ্ঞসম্ভব আপনি বেদরূপে যজ্ঞের কারণ, আপনি জগদাধার বলিয়া যজ্ঞগর্ভ, আপনি যজ্ঞপ্রিয় বলিয়া যজ্ঞহৃদয়, আপনি যজ্ঞেশ্বর বলিয়া যজ্ঞস্তুত, আপনি নারায়ণ বলিয়া যজ্ঞভাগহারী, আপনি অধ্যাপনতর্পণাদি পঞ্চযজ্ঞস্বরূপ, আপনি প্রাতঃ, সঙ্গব, মধ্যাহ্ন, অপরাহ্ন ও সায়াহ্নরূপ পঞ্চকালের কর্ত্তা ও অধিপতি, আপনি পঞ্চরাত্রনামক বেদের স্তবার্হ, আপনি বৈকুণ্ঠবাসী, আপনি সর্ব্বপ্রধান বলবান্ বলিয়া অপরাজিত, আপনি মনোমাত্রবেদ্য, আপনি প্রত্যেকনামে রহিয়াছেন, আপনি জগতের প্রধান অধীশ্বর, আপনি যজ্ঞান্তে সমীচীনভাবে স্নান করিয়াছেন, আপনি সন্ন্যাসী ও মহাসন্ন্যাসী, আপনি পরমযাজ্ঞিক, আপনি

চন্দ্রমাঃ, ত্বং চক্ষুরাজ্যং, ত্বং সূর্য্যঃ, ত্বং দিশাং গজঃ, ত্বং দিগ্ভানো, বিদিগ্ভানো। হয়শিরঃ, প্রথমত্রিসৌপর্ণো, বর্ণধরঃ, পঞ্চাগ্নে। ত্রিণাচিকেত। ষড়ঙ্গনিধান। প্রাগ্জ্যোতিষ। জ্যেষ্ঠসামগ। সামিকব্রতধর। অথর্ব্বশিরাঃ। পঞ্চমহাকল্প। ফেণপাচার্য্য। বালখিল্য। বৈখানস। অভগ্নযোগ।

ভারতকৌমুদী

জগদালোকহেতুঃ সূর্য্যস্ত্বম্, ঐরাবতাদির্দিশাং গজস্ত্বম্, দিগ্ভানুর্দিগ্ভাসকঃ, বিদিগ্ভানুঃ কোণভাসকঃ, হয়শিরো নাম দেবতাত্বম্, প্রথমানাং ত্রয়াণাং সুপর্ণানাং গরুড়ানামগ্নিমিতি সঃ, গরুড়ঃ তৎপুত্রতৎপৌত্রেষু সমারূঢ়ঃ, বর্ণধরো ব্রাহ্মণাদিবর্ণধারকঃ, পঞ্চাগ্নিঃ দক্ষিণাগ্নিগার্হপত্যাহবনীয়সভ্যাবসথ্যরূপ পঞ্চাগ্নিমূর্ত্তিঃ, ত্রিণাচিকেতস্তদাখ্যোঽগ্নিঃ, ষড়ঙ্গানাং শিক্ষাকল্পাদীনাং নিধানম্ আশ্রয়ঃ, প্রাক্ পূর্ব্বং জ্যোতিষ্ঠেন ইতি প্রাগ্জ্যোতিষম্ ভর্গো নাম তেজঃ, জ্যেষ্ঠসামগ আদিসামগানকারী, সামিকব্রতং সামবেদোক্তনিয়মম্ ধরতীতি সঃ, অথর্ব্ব বেদসামান্যং তস্য শিরঃ উপরিভাগ উপনিষৎ, পঞ্চমহাকল্পঃ সৌরশাক্তশৈববৈষ্ণবগাণপত্যরূপপঞ্চপ্রকারোপাস্যঃ, ফেণপাচার্য্যঃ ফেণপনামমুনিস্বরূপঃ, বালখিল্যস্তদাখ্যমুনিগণাত্মকঃ, বৈখানসো বানপ্রস্থঃ, অভগ্নযোগঃ পূর্ণযোগাত্মকঃ, অভগ্নপরিসংখ্যানঃ পূর্ণবিচাররূপঃ, যুগাদিঃ সত্যযুগাত্মকঃ, যুগমধ্যস্ত্রেতাদ্বাপররূপঃ,

ভারতভাবদীপঃ

মহাহংসো দণ্ডাদিহীনঃ অমৃতং জীবঃ, হিরণ্যং হৃদয়ং, দেবা ইন্দ্রিয়াণি, কুশঃ সমুদ্রজলং, ব্রহ্ম বেদঃ, পদ্মং ব্রহ্মাণ্ডমেতেষু শয়নাদবৃত্তেশয়াদিষট্সংজ্ঞকঃ। বিষ্বক্ সর্ব্বতো গমনশীলা ভক্তপালনার্থং সেনা যস্য, জগতি সত্তারূপেণাঽগ্নো যস্য বড়বামুখজোঽগ্নিস্ত্বমেব, সারথিরগ্নিশ্চ ত্বং "সারথিরস্য কেশী"তি মন্ত্রবর্ণাৎ। "অগ্নির্ব্বায়ুঃ সূর্য্যশ্চ কেশিন" ইতি শ্রুতৌ সত্যাপ্যত্রাগ্নিরেব প্রকরণাদ্গ্রাহ্যঃ। চক্ষুরাজ্যমবেক্ষণেন সংস্কৃতং ঘৃতম্ সর্পিঃ ভানুর্ভাসকঃ, বিদিক্ দিক্কোণঃ, "ব্রহ্মমেতুমা"মিত্যাদীনি ত্রীণি সুপর্ণানি তৈত্তিরীয়োপনিষদি পঠ্যন্তে ; তত্র প্রথমং সবিতৃদৈবত্যং ত্বং জগৎকর্ত্তৃত্বাৎ। চতুষ্কপর্দা যুবতিঃ সুপেশা" ইত্যাদি ঋগ্বেদমন্ত্রত্রয়ং বা প্রথমত্রিসুপর্ণম্।

সাংখ্যযোগবেত্তা, আপনি বিরাট্পুরুষ, আপনি নিত্যমুক্ত, আপনি কুবের, আপনি দেবগণের প্রভাবস্বরূপ, আপনি সমুদ্রজলশায়ী নারায়ণ, আপনি ব্রহ্মাণ্ডে অধিষ্ঠিত, আপনি পদ্মাসন ব্রহ্মা, আপনি বিশ্বের ঈশ্বর, আপনি জগতের পরিপালক, আপনি জগতের সম্রাট, আপনি জগতের আদিকর্ত্তা, অগ্নি আপনার মুখ, আপনি বাড়বানল, আপনি আহুতি, আপনি জগতের পরিচালক, আপনি বষট্কার, আপনি ওঙ্কার, আপনি তপস্যা, আপনি ইন্দ্রিয়শ্রেষ্ঠ মন, আপনি শীতল আলোক

অভগ্নপরিসংখ্যান ! যুগাদে ! যুগমধ্য !
যুগনিধন ! আখণ্ডল ! প্রাচীনগর্ভ ! কৌশিক !
পুরুষ্টুত ! পুরুহূত ! বিশ্বকৃৎ ! বিশ্বরূপ !
অনন্তগতে ! অনন্তভোগ ! অনন্ত ! অনাদে !
অমধ্য ! অব্যক্তমধ্য ! অব্যক্তনিধন ! ব্রতাবাস !
সমুদ্রাধিবাস ! যশোবাস ! তপোবাস !

ভারতকৌমুদী

যুগনিধনং যুগান্তঃ কলিযুগাত্মকঃ, আখণ্ডল ইন্দ্রঃ, প্রাচীনগর্ভো নাম মুনিঃ, কৌশিকো বিশ্বামিত্রঃ, পুরু প্রচুরং যথা স্যাত্তথা স্তুতঃ, পুরু প্রচুরং হুতং হোমো যস্মিন্ সঃ, বিশ্বকৃৎ জগৎস্রষ্টা, বিশ্বরূপঃ সর্ব্বাকারঃ, অনন্তা অসীমা গতিরবস্থা যস্য সঃ, অনন্তঃ অসীমো ভোগো যস্য সঃ, অনন্তঃ অনিধনঃ অনাদি অজন্মা, আদ্যন্তাভাবাদেব অমধ্যঃ, অব্যক্তমধ্যঃ অস্পষ্টমধ্যভাগঃ, অব্যক্তনিধনঃ অস্পষ্টান্তঃ। দেশেন কালেন চ ইয়ত্তারহিতস্য আদিমধ্যাবসানাভাবাদিতি ভাবঃ। তত্র সন্দংশপাতন্যায়াৎ অব্যক্তাদিরিত্যপি বোধ্যম্। ব্রতানাং ব্রহ্মচর্য্যাদীনাং আবাস আশ্রয়ঃ, সমুদ্রে প্রলয়জলধিজলে অধিবাসঃ স্থিতির্যস্য সঃ, যশসো বাস আধারঃ, তপসো বাস আশ্রয়ঃ, দমস্য ইন্দ্রিয়দমনস্য আবাস

ভারতভাবদীপঃ

বর্ণাঃ ব্রহ্মণাদয়স্তেষাং দারকঃ, পঞ্চ গার্হপত্যদক্ষিণাহবনীয়সভ্যাবসভ্যাখ্যাগ্নিরূপ, ত্রিণাচিকেত নাচিকেতাখ্যোঽগ্নিঃ ত্রিবারং চিতো যেন স ত্রিণাচিকেতসংজ্ঞ, ষড়ঙ্গানি শিক্ষাদীনি নিধীয়ন্তে-ঽস্মিন্নিতি সাঙ্গবেদরূপ, প্রাগ্‌জ্যোতিষং জ্যেষ্ঠসামেতি চ দ্বে সামনী তাভ্যাং গেয়"জ্যোতোবাহা-য়ী"তি সাম প্রাগ্‌জ্যোতিঃ; মূর্দ্ধানং দিব" ইত্যস্যামৃচি গীয়মানং সাম জ্যেষ্ঠসাম। সামিকানাং সামকানাং ব্রতং বেদব্রতং ধারয়তীতি সামিকব্রতধর, অথর্ব্বশিরঃসংজ্ঞা উপনিষৎ তদ্রূপ, পঞ্চমহা-কল্পাঃ সৌরশাক্তগাণেশশৈববৈষ্ণবাগমাস্তৎপ্রতিপাদ্য, পরিসংখ্যানং বিচারঃ, যুগনিধনং যুগান্তঃ

চন্দ্র, আপনি চক্ষুর দীপ্তি, আপনি সূর্য্য, আপনি দিগ্‌গজ, আপনি দিক্‌প্রকাশক, আপনি বিদিক্‌প্রকাশক, আপনি হয়শির, গরুড়, তাঁহার পুত্র ও তাঁহার পৌত্র আপনার বাহন, আপনি ব্রাহ্মণাদিবর্ণ ধারণ করেন, আপনি পঞ্চাগ্নিস্বরূপ, আপনি ত্রিনাচিকেতনামক বহ্নিস্বরূপ, আপনি শিক্ষা কল্পপ্রভৃতি ছয়টী বেদাঙ্গের আশ্রয়, আপনি সূর্য্যের ভর্গনামক তেজ, আপনি আদি সামগানকারী, আপনি সামবেদোক্ত ব্রতধারী, আপনি বেদান্ত, আপনি সৌর, শাক্ত, শৈব, বৈষ্ণব ও গাণপত্য উপাসনার উপাস্য, আপনি ফেণপ ও বালখিল্যমুনি, আপনি বাণপ্রস্থ, আপনি পূর্ণযোগ, আপনি পূর্ণবিচার, আপনি যুগের আদি, আপনি যুগের মধ্য, আপনি যুগের অন্ত, আপনি ইন্দ্র, আপনি প্রাচীনগর্ভ ও কৌশিকমুনি, সকলে আপনার প্রচুর স্তব করে ও বহুতর হোম করিয়া থাকে, আপনি জগতের সৃষ্টিকর্ত্তা

দমাবাস! লক্ষ্যাবাস! বিদ্যাবাস! কীর্ত্ত্যাবাস!
শ্রীবাস! সর্ব্বাবাস! বাসুদেব! সর্ব্বচ্ছন্দক!
হরিহয়! হরিমেধ! মহাযজ্ঞভাগহর!
বরপ্রদ! সুখপ্রদ! ধনপ্রদ! হরিমেধ!
যমনিয়ম! মহানিয়ম! কৃচ্ছ্র! অতিকৃচ্ছ্র!
মহাকৃচ্ছ্র! সর্ব্বকৃচ্ছ্র! নিয়মধর! নিবৃত্তভ্রম!

ভারতকৌমুদী

আধারঃ, লক্ষ্যা আবাস আশ্রয়ঃ, বিদ্যায়া আবাসঃ অধিকরণম্, কীর্ত্তেরাবাস আশ্রয়ঃ, শ্রিয়াঃ সম্পদো বাস আধারঃ, সর্ব্বেষামেব আবাস আশ্রয়ঃ, বাসুদেবঃ কৃষ্ণজন্মনি বসুদেবপুত্রঃ, সর্ব্বচ্ছন্দকঃ সর্ব্বেষামেবেচ্ছাপূরকঃ, হরির্বানরো হনুমান্ হয়ো রামাবতারে ঘোটকো বাহনং যস্য সঃ, হরিমেধাঃ অশ্বমেধযজ্ঞস্বরূপঃ, মহাযজ্ঞানাম্ অশ্বমেধাদীনাং ভাগং হরতীতি সঃ, ভক্তেভ্যো বরপ্রদঃ সুখপ্রদো ধনপ্রদশ্চ, হরিমেধঃ অশ্বমেধ এব, সকামনিষ্কামভেদান্ন পৌনরুক্ত্যম্, যমো নিয়মশ্চ যোগাঙ্গভেদৌ, মহানিয়মো ব্রহ্মচর্য্যরূপঃ কৃচ্ছ্রাতিকৃচ্ছ্রঃ প্রায়শ্চিত্তবিশেষরূপঃ, মহাকৃচ্ছ্রশ্চান্দ্রায়ণাত্মকঃ, সর্ব্বকৃচ্ছ্রঃ পরাকরূপঃ, নিয়মং জগৎপালনব্রতং ধরতীতি সঃ, নিবৃত্তভ্রমো জগদীশ্বরত্বাৎ, প্রবচনগতঃ তত্ত্বমসীত্যাদিমহাবাক্যবিষয়ঃ, পৃশ্নিরিত্যাদিভিঃ পূর্ব্বজন্মনাম

ভারতভাবদীপঃ

আখণ্ডল ইন্দ্র, প্রাচীনগর্ভকৌশিকৌ মুনী; পুরু বহু, ভোগঃ শরীরম্, সর্ব্বচ্ছন্দক সর্ব্বমনোরথপ্রদ, হরিঃ কপিঃ, স এব রামাবতারে হয়োঽশ্বো যস্য, হরিমেধ অশ্বমেধ, মহাযজ্ঞো যোগস্তত্র ভাগো ভৌমাং ভ্রব্যং জীবতত্ত্বস্য হর্ত্তঃ, হরৌ মেধা বুদ্ধির্যস্য হরিভক্ত, মহানিয়মো যমাদীনামেব পরাকাষ্ঠা, প্রবচনে গতঃ স্থিতো ব্রহ্মচারী, অধ্যয়নে মহতী বিয়দাদিসৃষ্টিরূপা বিভূতিরস্য,

আপনি বিশ্বরূপ, আপনার অবস্থার অন্ত নাই, আপনার ভোগের শেষ নাই, আপনার আদি, মধ্য ও অন্ত নাই, আপনার আদি মধ্য ও অবসান অস্পষ্ট, আপনি ব্রতের আধার আপনি সমুদ্রজলশায়ী, আপনি যশের ও তপস্যার আশ্রয়, আপনি ইন্দ্রিয়দমনশীল, আপনি লক্ষ্মীর আবাস, বিদ্যার আশ্রয়, কীর্ত্তির আধার ও সম্পদের আশ্রয়, এমন কি সকলেরই আশ্রয়, আপনি কৃষ্ণজন্মে বসুদেবের পুত্র, আপনি সমস্ত ভক্তের ইচ্ছা পূরণ করেন, রামজন্মে হনুমান্ আপনার বাহন ছিলেন, আপনি কাম্য অশ্বমেধযজ্ঞ, আপনি মহাযজ্ঞে অংশ গ্রহণ করেন, আপনি ভক্তদিগকে বর, সুখ ও ধনদান করিয়া থাকেন, আপনি নিষ্কাম অশ্বমেধযজ্ঞ, আপনি যোগাঙ্গ যম ও নিয়ম, আপনি ব্রহ্মচর্য্য, আপনি কৃচ্ছ্র ও অতিকৃচ্ছ্র ব্রত, আপনি মহাকৃচ্ছ্র পরাকব্রত, আপনি সর্ব্বকৃচ্ছ্র চান্দ্রায়ণব্রত, আপনি ব্রহ্মচর্য্যাদি নিয়ম ধারণ করেন, আপনার কোন ভ্রম নাই, আপনি বিস্তৃত বেদবাক্যের বিষয়, আপনি পৃশ্নি-

প্রবচনগত ! পৃশ্নিগর্ভপ্রবৃত্ত ! প্রবৃত্তবেদবিক্রম !
অজ ! সর্ব্বগতে ! সর্ব্বদর্শিন্ ! অগ্রাহ্য !
অচল ! মহাবিভূতে ! মাহাত্ম্যশরীর ! পবিত্র !
মহাপবিত্র ! হিরণ্ময় ! বৃহৎ ! অপ্রতর্ক্য !
অবিজ্ঞেয় ! ব্রহ্মাগ্র্য ! প্রজাসর্গকর ! প্রজানিধনকর !
মহামায়াধর ! চিত্রশিখণ্ডিন্ ! বরপ্রদ !

ভারতকৌমুদী

